শ্রীশ্রীললিত-মাধব-নাটকম্

পরমপূজ্যপাদ শ্রীশ্রীরূপ-গোস্বামি-প্রভু-বিরচিতম্

শ্রীশ্রীগৌরাঙ্গ গ্রন্থমন্দির
শ্রীপাঠবাড়ী আশ্রম

শ্রীশ্রীরাধারমণো জয়তি

শ্রীশ্রীললিত মাধব নাটকম্

পরমপূজ্যপাদ শ্রীশ্রীরূপ-গোস্বামি-প্রভু-বিরচিতম্

(সটীকম্)

অধ্যাপিকা রমা বন্দ্যোপাধ্যায় এম, এ, বেদান্ত তীর্থ

কথিকাসরস্বতীভাগবতরসভারতীকর্ত্রীকানুদিতম্

বরাহনগর শ্রীপাঠবাড়ীস্থ শ্রীশ্রীগৌরাঙ্গ গ্রন্থ মন্দিরতঃ প্রকাশিতম্

প্রকাশক—
পরমপূজ্যপাদ শ্রীল রামদাস বাবাজী মহারাজ-প্রতিষ্ঠিত
শ্রীশ্রীনিতাই গৌরাঙ্গ ট্রাষ্ট বোর্ড
শ্রীল ভাগবতাচার্য্যের পাঠবাড়ী আশ্রম
কলিকাতা-৩৫

শ্রীশ্রীগৌর জয়ন্তী

বঙ্গাব্দ—১৩৭৯, গৌরাব্দ—৪৮৮, শ্রীরাধারমণাব্দ—১১৯, শ্রীরামাব্দ – ৯৬

মুদ্রাকর—
বসাক ট্রেডিং কোং
৩০, রাজকুমার মুখার্জী রোড,
কলিকাতা-৩৫ ।
ফোন : ৫৬-৪৩৭২

বর্দ্ধিত মূল্য- ৮৲ টাকা
ভিক্ষা—৬৲ টাকা

সর্ব্বস্বত্ব সংরক্ষিত

নিবেদন

অশেষ কৃপানিধান শ্রীশ্রীগুরুগৌরাঙ্গের কৃপায় শ্রীশ্রীললিতমাধব নাটক প্রথমে শ্রীশ্রীনিতাইসুন্দর পত্রিকায় প্রকাশিত হইয়া ইদানীং গ্রন্থাকারে প্রকাশিত হইলেন। এই শ্রীগ্রন্থ প্রকাশনে আমরা শ্রীরামনারায়ণ বিদ্যারত্ন, বসুমতী সাহিত্য মন্দির ও গৌড়ীয় মঠের শ্রীপুরীদাস মহাশয় কর্ত্তৃক সম্পাদিত শ্রীশ্রীললিত মাধব নাটকের সাহায্য লইয়াছি। শ্রীশ্রীগৌরাঙ্গগ্রন্থ-মন্দিরে সংরক্ষিত গ্রন্থও আমাদের সহায়তা করিয়াছেন। অধ্যাপিকা রমা বন্দ্যোপাধ্যায় এম. এ, বেদান্ত তীর্থ কথিকা সরস্বতী ভাগবতরসভারতী মহোদয়া এই গ্রন্থের অতিসুন্দর ভাষায় সংপূর্ণ বঙ্গানুবাদ করিয়া দিয়া আমাদের কৃতজ্ঞতার ভাজন হইয়াছেন। আমরা তাঁর উত্তরোত্তর পাণ্ডিত্য প্রতিভার, লেখনী ও বাচনী শক্তির অভিবৃদ্ধির জন্য শ্রীশ্রীগুরুগৌরাঙ্গ-চরণে প্রার্থনা জানাই।

শ্রীশ্রীললিতমাধব নাটকের রচয়িতা শ্রীমন্মহাপ্রভুর সাক্ষাৎ অজস্র কৃপায় অভিষিক্ত শ্রীশ্রীরূপগোস্বামী চরণ। তাঁহার পাণ্ডিত্য, কবিত্ব ও রসানুভূতির শক্তি পণ্ডিত সমাজে বিস্ময় সৃষ্টি করিয়াছে। কাব্যের দুইটী ভাগ আছে—শ্রব্য ও দৃশ্য। যাহা কেবল শুনিতে হয় বা পড়িতে হয় এমন রসশাস্ত্রকে বলা হয় শ্রব্য কাব্য। যাহা অভিনয় করিয়া দেখান যায় তাহার নাম দৃশ্য কাব্য। দৃশ্য কাব্যেরই নামান্তর নাটক। সকলের অধিক হৃদয়গ্রাহী হয় বলিয়া শ্রব্য অপেক্ষা দৃশ্য কাব্যের অধিক গৌরব ঘোষিত হইয়াছে।

প্রেমঘন বিগ্রহ শ্রীমন্মহাপ্রভুর আজ্ঞাক্রমে অখিলরসামৃত মূর্ত্তি শ্রীকৃষ্ণ চন্দ্রকে অবলম্বন করিয়া শ্রীরূপগোস্বামী চরণ অতুলনীয় নাটক লিখিলেন তাহা দুই খণ্ডে বিভক্ত—শ্রীবিদগ্ধ মাধব নাটক, শ্রীশ্রীললিত মাধব নাটক। বিদগ্ধ মাধবে শ্রীকৃষ্ণের বৃন্দাবনীয় লীলা বর্ণনা করা হইয়াছে। ললিত মাধবে শ্রীকৃষ্ণের দ্বারকা লীলা বর্ণনা করিয়া বৃন্দাবনীয় লীলার অধিক আকর্ষণী শক্তি দেখান হইয়াছে, যাহার ফলে স্বয়ং শ্রীকৃষ্ণ দ্বারকায় নব বৃন্দাবন রচনা করিয়া বৃন্দাবন লীলার মাধুরী আস্বাদন করিলেন।

ভরত মুনি প্রভৃতি প্রাচীন আলঙ্কারিকদের মত অনুসরণ করিয়া শ্রীরূপ গোস্বামী চরণ যে নাটক চন্দ্রিকা লিখিয়াছেন তাহার পূর্ণাঙ্গ উদাহরণ তাঁহার এই ললিত মাধব নাটকে বিদ্যমান। নাটকের যত প্রকার লক্ষণ সম্ভব সবগুলিই তিনি এই নাটকে প্রকট করিয়াছেন বলিয়া ইহা এক উত্তম কাব্য মধ্যে গণ্য। বিষয়বস্তু দৃষ্টিতেও ইহা সর্ব্বোত্তম বলিয়া গৃহীত। শ্রীকৃষ্ণের লীলা এই নাটকের বিষয় বস্তু। শ্রীকৃষ্ণ হইতেছেন সকল রসের মূর্ত্ত বিগ্রহ। সেই সর্ব্বরসঘন মূর্ত্তির লীলা সকলভগবৎ স্বরূপের লীলা অপেক্ষা উৎকৃষ্ট। আবার শ্রীকৃষ্ণচন্দ্রের যত লীলা তন্মধ্যে বৃন্দাবনীয় লীলা ও দ্বারকা লীলা অধিক মাধুর্য্যপূর্ণ। এই উভয় লীলার মধ্যে ব্রজ লীলা সর্ব্বোপরি। পুনশ্চ ব্রজে দাস্য সখ্যাদি ও মধুর রসের অবলম্বনে শ্রীকৃষ্ণ যে লীলা বিস্তার করেন তাহার তুলনা নাই অখিল ব্রহ্মাণ্ডে, অখিল বৈকুণ্ঠে। তন্মধ্যে সর্ব্বোত্তম মধুর রসাত্মক লীলা মুখ্যতঃ ললিত মাধব নাটকে অভিনব কৌশলে বর্ণিত হইয়াছেন বলিয়া এবং তাহা কবিকুলমণি শ্রীরূপের এক বৈশিষ্ট্য পূর্ণ রচনা বলিয়া উক্ত নাটক সর্ব্বোত্তম নাটক রূপে স্বীকৃতি প্রাপ্ত।

অলঙ্কার কৌস্তভে শ্রীল কবিকর্ণপুর কাব্যের লক্ষণ করিয়াছেন "কবিবাঙ্ নির্মিতিঃ কাব্যং" কবি বাক্য দ্বারা যাহা নির্মাণ করেন তাহা কাব্য। "কবির বাক্যই কাব্য" ঐরূপ কাব্যের লক্ষণ করিলে ব্যবহার ক্ষেত্রে কবির যাবতীয় বাক্যেরই কাব্যত্বাপত্তি। 'কবির নির্ম্মাণ কাব্য, এরূপ বলিলে কবিকৃত অন্যান্য শিল্প কার্য্যেরও

কাব্যত্বাপত্তি।" বাক্য-দ্বারা যাহা নির্ম্মাণ করা যায় তাহাই কাব্য" এরূপ বলিলে অকবির বাক্য নির্ম্মাণকেও কাব্য বলিয়া স্বীকার করিতে হয়। সেই জন্য বলা হইল কবি যাহা বাক্য দ্বারা নির্ম্মাণ করেন তাহাই কাব্য "কবিবাঙ্ নির্ম্মিতিঃ কাব্যম্" নির্ম্মাণ বা নিম্মিতি বলিলে অসাধারণ চমৎকারকারিণী রচনাকেই বুঝায়। তাদৃশ রচনা কবির বাক্যেই প্রস্ফুটিত হয়। সুতরাং কবিকর্ণপুর যথার্থই বলিলেন—"কবিবাঙ্ নির্ম্মিতিঃ কাব্যং' তাঁহার এই লক্ষণটিকে তিনি পরিষ্কার ভাবে বুঝাইবার জন্য বলিলেন—(কবিকৃত) রসাপকর্ষকদোষরহিত যথাসম্ভব গুণালঙ্কাররসাত্মক শব্দার্থ যুগলই কাব্য।

প্রশ্ন উঠিতে পারে—তাহা হইলে কবি কে? যাহার বাক্য রচনাকে কাব্য বলা হইয়াছে। এতদুত্তরে শ্রীল কবি কর্ণপুর বলিতেছেন "সবীজো হি কবিজ্ঞেয়ঃ স সর্ব্বাগমকোবিদঃ সরসপ্রতিভাশালী যদি স্যাদুত্তমস্তদা।" যাহার তেমন সংস্কার আছে তিনি কবি। তিনি যদি আবার অলঙ্কারাদি শাস্ত্রে নিপুণ, রসানুভবী ও প্রতিভাশালী হন তবে তাহাকে উত্তম কবি বলা হয়।

শ্রীরূপগোস্বামী চরণ শ্রীশ্রীবিদগ্ধমাধব ও ললিতমাধব নাটক রচনা করিয়া উত্তম কবিত্বের পরিচয় দিয়াছেন। তাঁহার কবিত্ব কত মধুর সে বিষয়ে প্রত্যক্ষ ভাবে মন্তব্য করিলেন সুপ্রসিদ্ধ শ্রীজগন্নাথ বল্লভ নাটকের রচয়িতা নাট্যকলাবিশারদ শ্রীল রায় রামানন্দ।

"কবিত্ব না হয় এই অমৃতের ধার।
নাটক লক্ষণ সব সিদ্ধান্তের সার॥
প্রেম পরিপাটী এই অদ্ভূত বর্ণন।
শুনি চিত্ত কর্ণের হয় আনন্দ ঘূর্ণন॥ (চৈঃ চঃ)

সে এক অপ্রাকৃত অনির্ব্বচনীয় পরিবেশ।—শ্রীনীলাচলে প্রেমাবতার শ্রীগৌরহরি শ্রীল হরিদাস ঠাকুর ও শ্রীরূপের সহিত মিলিত হইতে গিয়া সপার্ষদে বসিয়াছেন শ্রীহরিদাস ঠাকুরের কুটীরের পিণ্ডার উপর। দৈন্য বশতঃ নিম্ন প্রাঙ্গণে বসিয়াছেন ঠাকুর হরিদাস ও শ্রীল রূপগোস্বামী। শ্রীল রূপগোস্বামী তাঁহার রচিত বিদগ্ধ মাধব ও ললিত মাধব পাঠ করিতেছেন—রায় রামানন্দের প্রশ্নক্রমে। শ্রীমন্ মহাপ্রভু ও তাঁহার পার্ষদেরা তাহা শ্রবণ করিয়া প্রেমের অপূর্ব্ব পারাবারে ভাসিতেছেন। মহাপ্রভুর তৎকালীন উপস্থিত পার্ষদগণের মধ্যে কেউ কম নয়। শ্রীল স্বরূপ দামোদর, শ্রীল হরিদাস ঠাকুর, শ্রীল গদাধর পণ্ডিত, পতিতপাবন শ্রীনিতাইচাঁদ, শ্রীল অদ্বৈত প্রভু, শ্রীল সার্ব্বভৌম ভট্টাচার্য্য প্রভৃতি রসিক ভাবুক শাস্ত্রনিষ্ণাত পণ্ডিতগণই সেই আসর মধ্যে শ্রোতা। পরিশেষে ইঁহাদের সকলের উপস্থিতিতেই শ্রীল রামানন্দ উপরোক্ত মন্তব্য করিয়াছেন এবং শ্রীমন্ মহাপ্রভুর চরণে নিবেদন করিয়াছেন—প্রভো! শ্রীরূপের এই যে অনির্ব্বচনীয় রচনা ইহা আপনারই কৃপার বৈভব।

"তোমার শক্তি বিনু জীবে নহে এই বাণী।
তুমি শক্তি দিয়া কহাও হেন অনুমানি॥ (চৈঃ চঃ)

ললিত মাধব নাটকের রচনায় প্রারম্ভেই এক অপূর্ব্ব ইতিহাস রহিয়াছে, শ্রীবৃন্দাবনে শ্রীরূপ চরণ প্রথমে স্থির করিয়াছিলেন—শ্রীকৃষ্ণের ব্রজলীলা ও পুর লীলা সমন্বিত করিয়া একখানি নাটক লিখিবেন। তার জন্য তিনি

নাটকের নান্দী প্রভৃতি রচনা করিতে আরম্ভ করিয়াছিলেন কিন্তু শ্রীধাম বৃন্দাবন হইতে শ্রীধাম পুরী আসিতে তিনি যখন উড়িষ্যার সত্যভামাপুর নামক গ্রামে এক রাত্রি অতিবাহিত করেন তখন নিদ্রিতাবস্থায় স্বপ্ন দেখেন—এক দিব্য রমণী তাঁহাকে বলিতেছেন—"আমার নাটক পৃথক ভাবে রচনা কর, আমার কৃপায় তোমার ঐ নাটক অপূর্ব্ব লক্ষণ-বিশিষ্ট হইবে। শ্রীরূপ বুঝিলেন শ্রীকৃষ্ণের মহিষী শ্রীমতী সত্যভামা দেবীরই এই আদেশ।

ক্রমে শ্রীনীলাচলে উপস্থিত হইয়া শ্রীরূপ যখন শ্রীমন্ মহাপ্রভুর দর্শন লাভ করেন তখন শ্রীমন্ মহাপ্রভুও তাঁহাকে আজ্ঞা করেন —

"কৃষ্ণকে বাহির নাহি করিও ব্রজ হইতে
ব্রজ ছাড়ি কৃষ্ণ কভু না যায় কাঁহাতে ।।

তখন শ্রীরূপের আর সন্দেহের অবকাশ থাকিল না ব্রজলীলা আর পুরলীলা অবলম্বনে পৃথক্ পৃথক্ দুইখানি নাটক রচনা করিতে। তারপর তিনি সেই পুরীধামে "বিদগ্ধ মাধব" নামে ব্রজ লীলা ও "ললিত মাধব" নামে দ্বারকা লীলার নাটক রচনা করিতে থাকেন

ইতিপূর্ব্বে শ্রীমন্ মহাপ্রভুর আনুগত্যে শ্রীরূপের অপূর্ব্ব রসানুভূতির চমৎকারিতা বুঝিতে পারিয়া বিমুগ্ধ হইয়া পড়িয়াছিলেন শ্রীমন্ মহাপ্রভুর ভক্তগোষ্ঠী। শ্রীমন্ মহাপ্রভু রথযাত্রায় শ্রীশ্রীজগন্নাথের রথের আগে নৃত্য করিতে করিতে এক প্রাকৃত নায়িকার উক্তি স্বরূপ এক শ্লোক পাঠ করিতে থাকেন। শ্লোকটি যথা—

যঃ কৌমারহরঃ স এব হি বরস্তা এব চৈত্রক্ষপা
স্তে চোন্মীলিত মালতীসুরভয়ঃ প্রৌঢ়াঃ কদম্বানিলাঃ।
সা চৈবাস্মি তথাপি তত্র সুরতব্যাপারলীলাবিধৌ
রেবারোধসি বেতসী তরুতলে চেতঃ সমুৎকণ্ঠতে।

শ্রীমন্ মহাপ্রভু কোন ভাবে কেন এই শ্লোক পাঠ করিতেছেন তাহার ভাবার্থ স্বরূপ গোসাঞি ব্যতীত অন্য কোন পার্ষদ জানিতে পারিলেন না। শ্রীল মহাপ্রভুর করুণায় শ্রীল রূপ গোস্বামী পাদ তাহা জানিতে পারিয়াছিলেন। তারপর তিনি এক তালপাতায় সেই শ্লোকের ভাবার্থ এক শ্লোকাকারে লিপিবদ্ধ করিয়া কুটীরের চালে গুঁজিয়া রাখিয়া সমুদ্র স্নানে চলিয়া যান। পুরীধামে আসিয়া শ্রীরূপ গোস্বামী বর্ত্তমান "সিদ্ধবকুল" নামে প্রসিদ্ধ স্থানে নামাচার্য্য শ্রীল হরিদাস ঠাকুরের সঙ্গেই অবস্থান করিতেন। শ্রীমন্ মহাপ্রভু প্রতিদিনের মত সেদিন তাহাদের সহিত মিলিত হইতে আসিয়া চালের ভিতর উক্ত তালপাতাটি দেখিতে পান এবং তাহাতে লিখিত শ্লোকটি পাঠ করিয়া প্রেমাতিশয্যে আবিষ্ট হইয়া পড়েন। শ্রীরূপ স্নানান্তে বাসায় ফিরিয়া শ্রীমন্ মহাপ্রভুকে সাষ্টাঙ্গ দণ্ডবৎ প্রণাম করিলে তিনি আনন্দাতিশয্যে শ্রীরূপকে এক চাপড় দিলেন এবং "মোর গূঢ় হৃদয়ের কথা তুই জানিলি কেমনে" বলিয়া গাঢ় আলিঙ্গন করিলেন। তৎপরে সেই শ্লোকটি লইয়া স্বরূপ গোস্বামীকে দেখাইয়া জিজ্ঞাসা করিলেন—বল স্বরূপ! আমার মনের কথা রূপ জানিল কি করিয়া? স্বরূপ সংক্ষেপে উত্তর দিলেন—তোমার কৃপা, তুমি রূপকে কৃপা করিয়াছ তাই তোমার মনের গূঢ় কথা সে জানিতে পারিয়াছে।

প্রকৃত পক্ষে মহাপ্রভু মনের ভাবকে যেভাবে আচ্ছাদিত করিয়াছিলেন তাহা তাঁহার কৃপা ব্যতীত অন্যের পক্ষে বুঝিবার উপায় ছিল না। কারণ, এই শ্লোকে একটী প্রাকৃত নায়িকা তাহার কুমারী জীবন ও বিবাহিত জীবনের মধ্যে কত তফাৎ ঘটিয়াছে তাঁহার সখীকে তাহা বলিতেছেন। তিনি যখন কুমারী ছিলেন তখন মধুযামিনীতে তাহার মিলন হইত এক কুমারের সঙ্গে রেবানদীর তটে বেতসী কুঞ্জের মাঝে। তখন প্রস্ফুটিত মালতী ফুলের গন্ধ লইয়া মলয়ানিল প্রবাহিত হইত। চাঁদের জ্যোৎস্নায় সারা বন উদ্ভাসিত হইত। এই প্রকার পরিস্থিতি ও পরিবেশের দরুণ কুমারী কুমারকে পাইয়া যৎপরোনাস্তি সুখানুভব করিতেন। দৈবযোগে শেষে সেই কুমারের সঙ্গেই সেই কুমারীর বিবাহ হয়। তাঁহারা ধনিক শ্রেণীর লোক বলিয়া তখন তাঁহাদের মিলন ঘটে পুষ্পোদ্যানের মধ্যস্থিত এক সুরম্য অট্টালিকার প্রকোষ্ঠে। সেইখানেই তাঁহারা পবিত্র পতি পত্নীভাবে জীবন যাপন করেন। বসন্তকাল উপস্থিত হইলে তেমনিভাবে মধুযামিনীর আকাশ কোলে পূর্ণিমার চাঁদ উদয় হয়। তেমনি প্রবাহিত হয় প্রস্ফুটিত মালতী ফুলের সৌরভ লইয়া মলয় অনিল। কৌমার্য্য জীবনে সেই বেতসীবনে উভয়ের মিলনে কত ছিল বাধা বিঘ্ন। এখানে সুরম্য অট্টালিকার প্রকোষ্ঠে তারা অবাধমিলনের সুযোগ পাইয়াছেন। তথাপি উক্ত নায়িকা তাহার কোন প্রিয় সখীকে খেদ করিয়া বলিতেছেন—সখী যিনি আমার কুমারী বয়সে মন হরণ করিয়াছিলেন তিনিই আজ আমার বর হইয়াছেন, সেই রূপ মধুযামিনীও উপস্থিত হইতেছে, সেই প্রকার মালতী ফুলও ফুটিতেছে। তাহার গন্ধ লইয়া মলয়ানিলও বহিতেছে। তথাপি আমার মন ভরে না। আমার মন সেই রেবানদীর তটে বেতসীতরুর কুঞ্জে মিলন সুখের জন্য উৎকণ্ঠিত হইয়া উঠে। সুতরাং আমার প্রিয় যদি এই অট্টালিকা ছাড়িয়া সেই বেতসী বনে যান, সেইখানে যদি তাঁহার সহিত আমার মিলন হয় তবে আমার সাধ মিটে।

এই রূপ অতিপ্রাকৃত অর্থব্যঞ্জক একটি শ্লোক অপ্রাকৃত প্রেমের অবতার শ্রীমন্মহাপ্রভু রথাগ্রে শ্রীজগন্নাথকে উদ্দেশ্য করিয়া কেন পাঠ করিতেছেন তাহা অন্যের পক্ষে হৃদয়ঙ্গম করা আদৌ সম্ভব নয়। কিন্তু শ্রীমন্মহাপ্রভুর কৃপা প্রেরণায় শ্রীরূপগোস্বামী তাহা হৃদয়ঙ্গম করিয়া অনুরূপ তাহার ভাবার্থ অপর এক শ্লোকে ব্যক্ত করিয়াছিলেন।—

"প্রিয়ঃ সোঽয়ং কৃষ্ণঃ সহচরি কুরুক্ষেত্র মিলিত-
স্তথাহং সা রাধা তদিদমুভয়োঃ সঙ্গমসুখম্।
তথাপ্যন্তঃখেলন্ মধুরমুরলীপঞ্চমজুষে
মনো মে কালিন্দীপুলিনবিপিনায় স্পৃহয়তি॥

শ্রীকৃষ্ণ বৃন্দাবন ছাড়িয়া মথুরায় চলিয়া আসার পর দারুণ বিরহ-বেদনায় দগ্ধ হইয়াছিলেন শ্রীরাধা, শেষে সে বেদনা সহ্য করিতে না পারিয়া বড় ক্লেশ ভোগ করিতেছিলেন। যখন শুনিতে পাইলেন শ্রীকৃষ্ণ দ্বারকা হইতে কুরুক্ষেত্রে আগমন করিয়াছেন সূর্য্যগ্রহণ উপলক্ষে তখন তিনি সহচরীদের লইয়া সেখানে উপস্থিত হইলেন। কৃষ্ণের সহিত তাঁহার মিলন হইল বটে কিন্তু মনের সাধ মিটিল না। বৃন্দাবনে কৃষ্ণমিলনে যে সুখ পাইতেন তাহার এক কণাও পাইলেন না। তাই শ্রীরাধারাণী খেদান্বিত হইয়া তাহার সহচরীকে বলিলেন—হে সহচরী। ইনি সেই আমার প্রিয় কৃষ্ণ। আমিও তাঁহার সেই প্রিয়া রাধা। আমাদের উভয়েরই মিলন ঘটিয়াছে এই কুরুক্ষেত্রে। উভয়েরই মিলন সুখ ঘটিতেছে। তথাপি যেখানে মধুর মুরলীর পঞ্চমতান খেলা করে সেই কালিন্দীর তটস্থিত বৃন্দাবিপিনের দিকেই আমার মন ছুটিতেছে। আমার প্রাণবল্লভ সেই বৃন্দাবিপিনে যদি বিরাজ করেন এবং সেইখানে তাঁহার সহিত আমার মিলন হয় তবে আমার মনের সাধ মিটিতে পারে।

যোগমায়াই বিরহ দশাতেও প্রিয় সঙ্গম সুখ লাভ করাইবার জন্য তাহাদিগকে সেখানে আচ্ছন্ন করিয়া দ্বারকারমণীদের সহিত নিজ নিজকে অভিন্ন বোধ করাইয়া দীর্ঘ স্বপ্নের মত অনুভব করাইয়াছেন।"

সুতরাং এই ললিত মাধবে দ্বারকালীলার আবরণে ফলতঃ ব্রজলীলাই বর্ণিত হইয়াছে। ইহাতে বর্ণিত বিরহ বা বিপ্রলম্ভের উৎকর্ষ বর্ণনা অন্য কুত্রাপি দৃষ্ট হয় না, এরূপ বর্ণনার সম্ভাবনাও নাই অন্যত্র। শ্রীল দাস গোস্বামী পাদ এই নাটক পাঠ করিয়া যে অভূতপূর্ব্ব উন্মাদনা গ্রস্ত হইয়াছিলেন তাহাতেই এই নাটকের অপূর্ব্ব মহিমা দৃঢতর হইয়াছে।

চতুর্থ অঙ্কে উদ্ধব ও পৌর্ণমাসীর প্রযত্নে ব্রজলীলা নাট্যের অভিনয় সময়ে নিজের রূপের মাধুরীতে স্বয়ং শ্রীভগবান্ শ্রীকৃষ্ণ বিমোহিত হন, এবং অভূতপূর্ব্ব আনন্দ অনুভব করেন। অভিমন্যুকে শ্রীকৃষ্ণ বলিয়া মনে করিয়া জটিলার নিজ পুত্রের প্রতি যে তিরস্কার তাহা দর্শকদের পক্ষে যেমন হাস্যরসের উদ্দীপক তেমনি শ্রীকৃষ্ণকে অভিমন্যু মনে করিয়া শ্রীরাধামাধবের মিলনে তৎকর্তৃক সহায়তা করাও তেমনি সকলের আনন্দ বিস্ময়জনক হইয়াছে।

পঞ্চমাঙ্কে রুক্মিণীর (চন্দ্রাবলীর) পরিণয় বৃত্তান্ত বর্ণিত হইয়াছে। ষষ্ঠাঙ্কে তীব্র বিরহ বিধুরা শ্রীরাধা (সত্যভামা) ঔদাসীন্যে ও বিয়োগ দুঃখে বিষন্না হইয়া শ্রীকৃষ্ণমিলনাকাঙ্ক্ষায় নব বৃন্দাবনে অবস্থান করেন। স্যমন্তক মণি উপাখ্যান, ললিতার (জাম্ববতীর) সংবাদ, তারপর শ্রীরাধার বিরহে শ্রীকৃষ্ণের অতিশয় বৃদ্ধি প্রাপ্ত তীব্র ব্যাকুলতা বর্ণিত হইয়াছে।

সপ্তমাঙ্কে নববৃন্দাবনচারিণী শ্রীমতী রাধা তত্রত্য দৃশ্যাবলী দর্শনে শ্রীকৃষ্ণের কথা স্মরণ হইলে নিতান্ত দুঃখ অনুভব করেন। সেই দুঃখ দূর করিবার জন্য তিনি বকুলা সখীর মারফৎ বিশ্বকর্ম্মাকে দিয়া শ্রীগোবিন্দ মূর্ত্তি নির্ম্মাণ করান এবং শ্রীবিগ্রহ দর্শন করিয়াই সাক্ষাৎ গোবিন্দ জ্ঞানে ব্যাকুল হইয়া আলিঙ্গন করিতে প্রযত্ন করেন। নব বৃন্দা ও বকুলা তাঁহাকে অন্যত্র পাঠাইয়া দিলে শ্রীকৃষ্ণ স্বয়ং সেখানে আসিয়া মধুমঙ্গলের দ্বারা বিগ্রহ অপসারিত করিয়া সেখানে অবস্থান করেন। তাহার পর শ্রীরাধা সেখানে আসিয়া কৃষ্ণরূপী প্রতিমাকে দেখিয়া বিস্মিতা হন। পরস্পর দর্শনে শ্রীরাধাকৃষ্ণ স্তম্ভভাব প্রাপ্ত হন। তীব্র মিলন আকাঙ্ক্ষায় উভয়ের উৎকণ্ঠিত অবস্থায় সহসা চন্দ্রাবলী (রুক্মিণী) সেখানে উপস্থিত হইলে সে আকাঙ্ক্ষা অপূর্ণ রহিয়া যায়।

অষ্টমাঙ্কে শ্রীকৃষ্ণ কর্ত্তৃক চন্দ্রাবলীর মান প্রশান্তি। নব বৃন্দাবনে প্রবিষ্ট শ্রীকৃষ্ণের শ্রীরাধার সহিত সংলাপ। বিশাখার কথা, সেখানকার সুষমা দেখিয়া শ্রীবৃন্দাবনস্মৃতি। শ্রীরাধার প্রসাধনের জন্য কুসুম চয়ন করিতে গিয়া শ্রীকৃষ্ণের মণিময় কুট্টিমে নিজের প্রতিবিম্ব দর্শন। তদ্দর্শনে নিজ মাধুরীর অপূর্ব্বতা জ্ঞানে তাহা উপভোগেচ্ছা, শ্রীকৃষ্ণের সহিত রাধার মিলন চিহ্ন দেখিয়া চন্দ্রাবলীর আক্ষেপ। শ্রীমতীর সবিনয়োক্তি ও কারুণ্য বর্ণনা অনির্ব্বচনীয় ভাবের উপস্থাপক।

নবমাঙ্কে চিত্রপটে ব্রজলীলা দর্শন কৌতুক এবং চন্দ্রাবলীর বাক্যদ্বারা অসূয়া প্রকাশ।

দশমাঙ্কে ব্রজপুর পরিকরগণের মিলন মাধুর্য্য, সুদীর্ঘ বিরহাবসানে পরানন্দ উচ্ছ্বাস এবং পরস্পরে আলাপ সম্ভাষণ। শ্রীনন্দ যশোদার উপস্থিতিতেই শ্রীকৃষ্ণের সহিত শ্রীরাধার বিবাহ চন্দ্রাবলী কর্তৃক অনুমোদিত হইয়া অনুষ্ঠিত হয়। নাটকের শেষে শ্রীরাধা সর্ব্ব গোপীপরিবেষ্টিত হইয়া শ্রীকৃষ্ণকে শ্রীবৃন্দাবনে নিত্যই বেণু বিহার করিবার জন্য প্রার্থনা করিলে শ্রীকৃষ্ণ তাহাতে সম্মতি জ্ঞাপন করেন। তারপর শ্রীযোগমায়া সহসা আবির্ভূত হইয়া শ্রীরাধা প্রভৃতি প্রেয়সীগণ সর্ব্বদাই শ্রীবৃন্দাবনে বিরাজ করিতেছেন এই রহস্য উদ্‌ঘাটন করিয়া দেন। তিনি বলিলেন তোমরা শ্রীমদ্ গোকুলেই বিদ্যমান আছ কিন্তু আমি কালক্ষেপণের জন্য অন্যরূপ প্রত্যায়িত করিয়াছি। তোমরা ইহা অনুভব কর, শ্রীকৃষ্ণও এখানে বিদ্যমান ইহাও বিশ্বাস কর।

এক গুহ্যতম তত্ত্ব অনুসরণ করিয়া।

গৌরীর পিতা হিমালয়ের জামাতৃগৌরব দেখিয়া বিন্ধ্যাচলের স্পর্দ্ধা হয়। সে শিবের অপেক্ষা অধিকগুণশালী জামাতা পাইবার অভিপ্রায়ে ব্রহ্মার আরাধনা করিতে বসে।

আরাধনায় তুষ্ট ব্রহ্মা তাহাকে শিববিজয়ী পতি লাভ করিতে পারে এমন কন্যা দুইটি লাভ করিবার বর দান করেন। এই সময়ে বৃষভানু ও চন্দ্রভানুর পত্নী গর্ভবতী হন। ভগবানের যোগমায়া তাহাদের গর্ভ হইতে শিশু-কন্যা দুইটি আকর্ষণ করিয়া বিন্ধ্যের পত্নীর গর্ভে সংস্থাপন করেন। তাহার পর কন্যাযুগল ভূমিষ্ঠ হইলে তাহাদের লইয়া কংসকর্ত্তৃক নিযুক্তা পুতনা রাক্ষসী পলাইয়া যায়, ইত্যবসরে বিন্ধ্যাচলের পুরোহিত এইরূপ বিপদ দেখিয়া "রাক্ষস নাশক" মন্ত্র পাঠ করিতে থাকেন। তাহাতে পুতনা অতিশয় ভীতা ও ত্রস্তা হইতে থাকিলে তাহার হাত হইতে জ্যেষ্ঠা কন্যাটি খসিয়া পড়ে বিদর্ভগামিনী নদীয় জলে। তাহার পর উক্ত কন্যা স্রোতে ভাসিতে ভাসিতে যাইতে থাকিলে বিদর্ভাধিপতি ভীষ্মক রাজা তাহাকে প্রাপ্ত হইয়া স্বগৃহে লালন পালন করেন। কালান্তরে উক্ত কন্যা চন্দ্রভানুর গৃহে আনীত হইয়া চন্দ্রভানু কন্যা রূপে চন্দ্রাবলী নামে প্রসিদ্ধি লাভ করে।

দেবী পৌর্ণমাসী উপরোক্ত কনিষ্ঠা কন্যাটিকে পুতনার ক্রোড় হইতে উদ্ধার করিয়া গোকুলে মুখরা নাম্নী বৃদ্ধাকে দান করেন এবং বলেন এ তোমার নাতনী তোমার জামাতা বৃষভানুর কন্যা। বুড়ি উক্ত কন্যাটিকে বৃষভানু রাজাকে অর্পণ করিয়া তাহাকে লালন পালনও করেন। এই কন্যা প্রথমে তারা পরে রাধা নামে প্রসিদ্ধি লাভ করে।

পুতনা এই ভাবে শ্রীকৃষ্ণের ভাবী প্রেয়সী যে সকল কন্যাহরণ করিয়াছিল দেবী পৌর্ণমাসী তাহাদিগকে উদ্ধার করিয়া গোকুলে বিভিন্ন গোপরমণী দিগকে প্রদান করেন। তাহাদের মধ্যে পাঁচটী কন্যা প্রধানা—ললিতা, পদ্মা, ভদ্রা, শৈব্যা ও শ্যামা। বিশখাও যমুনার স্রোতে ভাসিয়া ভাসিয়া আসিতে থাকিলে জটিলা তাহাকে প্রাপ্ত হন। গোবর্দ্ধন প্রভৃতি গোপ কর্তৃক চন্দ্রাবলী প্রভৃতির বিবাহ কংসকে বঞ্চন করিবার জন্যই যোগমায়া মিথ্যা প্রত্যায়িত করিয়া ছিলেন। প্রকৃত পক্ষে সেই কন্যাদের উক্ত গোপদের সহিত বিবাহই হয় নাই। প্রথম অঙ্কে এইরূপ বিষয়বস্তু রহিয়াছে।

দ্বিতীয় অঙ্কে শঙ্খচূড় বধ ও শ্যমন্তক হরণ বর্ণিত হইয়াছে।

তৃতীয় অঙ্ক হইতে কৃষ্ণ মথুরায় চলিয়া গেলে তাহার বিরহে গোপীগণের মর্ম্মন্তুদ বিরহদশা বিস্তৃত ভাবে বর্ণিত হইয়াছে। শ্রীকৃষ্ণ বিরহে শ্রীরাধা উন্মাদ দশা প্রাপ্ত হইয়া দেহ ত্যাগের জন্য বিশাখার সহিত যমুনার জলে প্রবিষ্ট হন। ললিতাও তাহার অনুগমন করেন। যমুনা আবার শ্রীরাধাকে সূর্য্যের আলয়ে লইয়া যায়। সূর্য্য স্যমন্তক মণি সহিত শ্রীরাধাকে সত্রাজিৎকে প্রদান করিলে শ্রীরাধা দ্বারকায় সত্যভামা নামে বিদিত হন। ভীষ্মক নিজ পুত্রের দ্বারা চন্দ্রাবলীকে ব্রজ হইতে আনাইয়া শ্রীকৃষ্ণের সহিত বিবাহ দেন। তিনি রুক্মিণী এই নামে পরিচিত হন। ললিতা যমুনায় প্রবেশ করিতে না পারিয়া ভৃগু পতনে প্রাণ ত্যাগ করিতে গেলে জাম্ববান্ তাহাকে প্রাপ্ত হন। ললিতা জাম্ববতী নামে প্রসিদ্ধা হইয়া কালান্তরে শ্রীকৃষ্ণের মহিষী হন। নরকাসুর কর্ত্তৃক অপহৃতা কাত্যায়নী ব্রত পরায়ণা কন্যাগুলিকে নরকাসুরকে বধ করিয়া শ্রীকৃষ্ণ বিবাহ করেন।

এই প্রকার ব্রজ মণ্ডলের গোপীবৃন্দ দ্বারকায় নববৃন্দাবনে মহিষী বলিয়া বুঝিতে হইবে শ্রীল নারদ মুনির উক্তি থেকে। শ্রীনারদ বলিয়াছিলেন—"আরে দ্বারকার শ্রীকৃষ্ণমহিষী আর ব্রজের শ্রীকৃষ্ণ প্রেয়সী একতত্ত্ব হইলেও শরীরে মাত্র ভিন্ন হইয়াছেন। যেহেতু এখনও ব্রজের সেই ব্রজ রমণীগণ ব্রজেই প্রেমমূর্চ্ছিত হইয়া বিরাজ করিতেছেন। কিন্তু

শ্রীমন্মহাপ্রভুর রাধাভাব, তিনি নিজেকে রাধা বলিয়া ভাবিতেছেন, শ্রীজগন্নাথকে কৃষ্ণ বলিয়া ভাবিতেছেন। নীলাচলধামকে ভাবিতেছেন কুরুক্ষেত্র। কুরুক্ষেত্র মিলনে শ্রীকৃষ্ণের প্রতি শ্রীরাধা যে উক্তি করিয়াছিলেন, শ্রীরাধাভাবে বিভাবিত শ্রীগৌরাঙ্গও রথে শ্রীজগন্নাথকে দেখিয়া সেই প্রকার উক্তি করিতে গিয়া অনুরূপ একটী প্রাকৃত নায়িকার উক্তির পরদায় তাহা ঢাকিয়া ফেলিতেছেন। কিন্তু শ্রীরূপগোস্বামী তাহা বুঝিতে পারিয়া প্রকাশ করিয়া দিলেন। অপ্রকাশ্য বস্তুকে প্রকাশ করিয়া দিলেন বলিয়া মহাপ্রভু তাঁহাকে প্রেমভরে চাপড় মারিলেন আবার তাঁহার মনের গূঢ়ভাব জানিতে শ্রীরূপ সমর্থ হইয়াছেন জানিতে পারিয়া আনন্দভরে তাঁহাকে গাঢ় আলিঙ্গন করিলেন। তিনি বুঝিলেন তিনি যে বস্তু জগতে প্রচার করিতে আসিয়াছেন সেই স্বাভীষ্ট প্রেমধর্ম্মের রহস্য শ্রীরূপের দ্বারা জগতে প্রতিষ্ঠিত হইবে।

প্রকৃতপক্ষে শ্রীমন্প্রভুর কৃপায় তাহাই হইল। শ্রীরূপরচিত ভক্তিরসামৃত সিন্ধু', উজ্জ্বলনীলমণি, বিদগ্ধমাধব ও ললিতমাধব নাটকই তাহার প্রমাণ। শাস্ত্রযুক্তির উপর ভক্তিরস ও প্রেমরসের এমন বৈজ্ঞানিক বিশ্লেষণাত্মক গ্রন্থ ভক্তিরসামৃতসিন্ধু ও উজ্জ্বলনীলমণির মত আর কেহ রচনা করিয়াছেন কি না আমাদের জানা নাই। শ্রীমন্মহাপ্রভুর প্রদর্শিত ভক্তিপথের পথিক সাধকের পক্ষে ভক্তিরসামৃত সিন্ধু ও উজ্জ্বল নীলমণি একান্ত উপযোগী। নাটকচন্দ্রিকার উল্লিখিত সমগ্র নাটকের লক্ষণ যেমন বিদগ্ধ মাধবে ও ললিত মাধবে দেখিতে পাওয়া যায় উজ্জ্বলে উদ্ধৃত রসতত্ত্ব সম্ভারের উদাহরণগুলিও উক্ত গ্রন্থদ্বয়ে দেখিতে পাওয়া যায়।

শ্রীরূপের উক্ত চারিখানি গ্রন্থ অধ্যয়ন না করিলে মহারাসবিলাসের পরিণতি, মহাভাব প্রেমরসঘনাকৃতি যে শ্রীগৌরাঙ্গহরি তাহা হৃদয়ঙ্গম করা যায় না। প্রকৃতপক্ষে শ্রীরূপের কৃপাতেই ব্রজরস এবং ব্রজের চরমরসের ঘনবিগ্রহ শ্রীগৌরাঙ্গের লীলারস আস্বাদন করিতে পারা যায়। তাই প্রেমভক্তি মহারাজ ঠাকুর নরোত্তম শ্রীরূপপাদের কৃপাপ্রার্থনা করিতে গিয়া বলিলেন—

শ্রীচৈতন্যমনোঽভীষ্টং স্থাপিতং যেন ভূতলে
সোঽয়ং রূপঃ কদা মহ্যং দদাতি স্বপদান্তিকম্ ॥

শ্রীবিদগ্ধ মাধব নাটকে শ্রীরাধাকৃষ্ণের মিলনলীলা মুখ্যতঃ বর্ণিত হইয়াছে, শ্রীললিতমাধবে বিরহলীলা। বিরহ ব্যতীত মিলনের মাধুরী ফুটিয়া উঠে না। "ন বিনা বিপ্রলম্ভেন সম্ভোগঃপুষ্টিমশ্নুতে"। প্রকৃত পক্ষে বিরহতেই সকল রস বিশেষ আস্বাদনীয় হয়। আবার দীর্ঘ বিরহের পর মিলনের মাধুরী অবর্ণনীয়। শ্রীললিত মাধবে তাহাই ব্যক্ত হইয়াছে। তাই বিদগ্ধ মাধব অপেক্ষা ললিতমাধব বিশেষ আস্বাদনীয়। শ্রীলরূপগোস্বামী পাদ এই গ্রন্থের প্রণয়ন সমাপ্ত করিয়া তাঁহার অভিন্ন হৃদয় শ্রীলরঘু নাথ দাস গোস্বামীকে পাঠ করিতে দেন। তিনি উহা পাঠ করিতে করিতে বিরহবর্ণনা সহ্য করিতে না পারিয়া উন্মাদদশা প্রাপ্ত হন এবং পুনঃ পুনঃ মূর্চ্ছিত হইতে থাকেন। বড় সমস্যায় পড়িলেন রূপগোস্বামী। পাণ্ডুলিপিটী তাঁর কাছ থেকে কিছুতেই তিনি আনিতে পারিতেছেন না। কারণ, দরিদ্র মহানিধি পাইবার মত শ্রীল দাস গোস্বামী সদাসর্ব্বদাই উক্ত গ্রন্থখানিকে বুকে করিয়া রহিয়াছেন। শেষে শ্রীরূপপাদ তাঁহার রচিত "দানকেলি কৌমুদী" নামে একখানি একাঙ্কিকা নাটিকা শ্রীল দাস গোস্বামীকে পড়িতে দিলে তখন তাঁহার নিকট হইতে উক্ত ললিত মাধব নাটকের পাণ্ডুলিপিটী ফিরাইয়া আনা সম্ভব হয়।

বিদগ্ধ-মাধব অপেক্ষা ললিত-মাধব আয়তনে বৃহৎ। বিদগ্ধের সাত অঙ্কে পরিসমাপ্তি, ললিতের দশ অঙ্কে। পাত্র-পাত্রীর সংখ্যাও ললিতে অধিক। এই নাটকের আরম্ভ হয় কলানিধি শ্রীকৃষ্ণচন্দ্রের বিবাহ বিষয়ে পৌর্ণমাসিক

এইভাবে শ্রীরাধা প্রভৃতির ভ্রান্তি দূর হইলে এই নাটকটী দীর্ঘ স্বপ্নের মত দর্শকদের কাছে প্রতীত হয়। *

---

* এই নাটকের রচনাকাল ১৪৫৯ শকাব্দ। ইহার টীকা লিখিয়াছেন শ্রীশ্রীজীবগোস্বামীপাদের শিষ্য শ্রীরাধাকৃষ্ণ দাস। 'প্রেমকদম্ব' নামে ইহার একখানি পদ্যানুবাদ লিখিয়াছেন শ্রীমন্নিত্যানন্দ-বংশীয় শ্রীমৎস্বরূপ গোস্বামী ১৭০৯ শকাব্দে।

এই শ্রীগ্রন্থরত্ন শ্রীগুরু-গৌরাঙ্গের কৃপায় প্রকাশিত হইয়াছেন। কিন্তু আমাদের দোষে অনেক কিছু দোষ-ত্রুটি থাকিবার সম্ভাবনা। কৃপাময় পাঠক পাঠিকাগণ কৃপা করিয়া তাহা মার্জনা করিবেন। ইতি

নিবেদক
শ্রীশ্রীনিতাই গৌরাঙ্গ ট্রাস্টি বোর্ড পক্ষে
আশ্রম সেবক
শ্রীবৈষ্ণব চরণ দাস

শ্রীশ্রীরাধারমণো জয়তি

শ্রীশ্রীললিতমাধব নাটকের

অঙ্কসূচী

অঙ্কনাম	গদ্য পদ্য সংখ্যা	পত্রাঙ্ক
১। সায়ম্ উৎসব নামক প্রথম অঙ্ক—	১৫৬	১-৩৯
২। শঙ্খচূড় বধ নামক দ্বিতীয় অঙ্ক—	১৫৬	৪০-৭২
৩। উন্মত্তরাধিক নামক তৃতীয় অঙ্ক—	১৪০	৭৩-১০৪
৪। শ্রীরাধাভিসারাখ্য গর্ভাঙ্কগর্ভ-নামক চতুর্থ অঙ্ক—	১৬১	১০৫-১৪০
৫। শ্রীচন্দ্রাবলীলাভ নামক পঞ্চম অঙ্ক—	১৫১	১৪১-১৭১
৬। শ্রীললিতোপলব্ধি নামক ষষ্ঠ অঙ্ক—	১৪৯	১৭২-২০৩
৭। নববৃন্দাবন সঙ্গম নামক সপ্তম অঙ্ক—	১৫৫	২০৪-২৩৬
৮। নববৃন্দাবন বিহার নামক অষ্টম অঙ্ক—	১২২	২৩৭-২৬৬
৯। চিত্রদর্শন নামক নবম অঙ্ক—	২১০	২৬৭-৩০৬
১০। পূর্ণমনোরথ নাম দশম অঙ্ক—	২৬৮	৩০৭-৩৪৯

শ্রীশ্রীরাধারমণো জয়তি

শ্রীশ্রীললিতমাধব নাটকের সংক্ষেপ পরিচয় সহিত

নাটকীয় পাত্রগণের সূচী

পুরুষগণ

১। সূত্রধার— .... নাটকপ্রস্তাবনাকারী, নাটকপ্রস্তাবনায় প্রথম, চতুর্থাকাঙ্কান্তর্গত শ্রীরাধাভিসারাখ্য গর্ভাঙ্ক প্রস্তাবনায় দ্বিতীয়।

২। শ্রীকৃষ্ণ— .... শ্রীযশোদানন্দন শ্রীললিতমাধব পুরনাগর নাটকনায়ক।

৩। শ্রীরাম— .... শ্রীরোহিণীনন্দন শ্রীবলরাম (শ্রীকৃষ্ণের জ্যেষ্ঠভ্রাতা প্রিয়তম।

৪। শ্রীমধুমঙ্গল— ... . শ্রীসান্দীপনি মুনির পুত্র, মুনিকর্ত্তৃক নিজ জননী পৌর্ণমাসী সেবার জন্য গোকুলে প্রেরিত, কিন্তু পৌর্ণমাসীকর্ত্তৃক শ্রীকৃষ্ণের সাহচর্য্যের জন্য নিযুক্ত, শ্রীকৃষ্ণের বিদূষক প্রিয় বয়স্য।

৫। শঙ্খচূড়— .... কংসরাজের পরমমিত্র দুষ্ট যক্ষ, শ্রীরাধাকে অপহরণ করিবার জন্য কংস কর্ত্তৃক নিযুক্ত।

৬। শ্রীউদ্ধব— .... শ্রীবৃহস্পতি শিষ্য বৃষ্ণিকুলমন্ত্রীরাজ, শ্রীকৃষ্ণের প্রিয় সখা।

৭। মাধব— .... শ্রীরাধাভিসারাখ্য গর্ভাঙ্কনায়ক শ্রীকৃষ্ণ।

৮। মাধব— .... অভিমন্যুগোপবেশী (চতুর্থাঙ্কে) এবং অষ্টমাঙ্কে বন্যবেশী শ্রীকৃষ্ণ।

৯। অভিমন্যু— .... গোপ, জটিলাপুত্র, শ্রীরাধার মায়াপ্রত্যায়িত পতি, ভারুণ্ডার পুত্র, চন্দ্রাবলীর মায়াপ্রত্যায়িত পতি গোবর্দ্ধন মল্লের প্রিয় বয়স্য, গর্ভাঙ্কে অভিনেতা।

১০। শ্রীনারদ— .... দেবর্ষি।

১১। শ্রীসুনন্দ— ... . শ্রীকৃষ্ণের সংবাদবাহক এক ব্রাহ্মণ।

১২। কঞ্চুকী— .... অন্তঃপুরাধিকৃত রাজপুরুষ।

১৩। শ্রীক্রথ ও কৌশিক— .... শ্রীকৃষ্ণভক্ত নৃপতিদ্বয়।

১৪। শ্রীসুপর্ণ— ... . শ্রীনারায়ণের সখা খগপতি।

১৫। শ্রীভীষ্মক— .... কুণ্ডিনাধিপতি, নিজের পুরে নিজ কন্যারূপে অবস্থিত চন্দ্রাবলীর প্রতিপালক পিতা।

১৬। শ্রীবিশ্বকর্ম্মা— .... দেবশিল্পী

১৭। শ্রীনন্দ— .... শ্রীব্রজরাজ, শ্রীকৃষ্ণপিতা

স্ত্রীগণ

১। নটী— .... নাটকপ্রস্তাবনায় সঙ্গীতবিদ্যাধনী নটবৃন্দেশ্বরী বৃদ্ধা প্রথমা, চতুর্থাঙ্কান্তর্গত শ্রীরাধাভিসারাখ্যগর্ভাঙ্কপ্রস্তাবনায় দ্বিতীয়া।

২। পৌর্ণমাসী— .... শ্রীসান্দীপনিমাতা, শ্রীনারদ-শিষ্যা, সমস্তব্রজবাসীগণের মাননীয়া, নিজগুরুদেবের উপদেশে নিজের অভীষ্ট শ্রীকৃষ্ণের প্রেমে অতিশয় ব্যগ্রা, শ্রীরাধাকৃষ্ণের লীলার সৌকর্য্য বিধানার্থে গোকুলে অবস্থিতা, সর্ব্বসিদ্ধি-বিধায়িকা শ্রীকৃষ্ণের দূতিকাগণের অন্তর্গতা।

৩। শ্রীগার্গী— ... ... শ্রীগর্গমুনিকন্যা, শ্রীরাধাকৃষ্ণগণের অন্তর্ভুক্ত, গর্ভাঙ্কে অভিনেত্রী।

৪। শ্রীকুন্দলতিকা— .... উপনন্দপুত্র সুভদ্রের বধূ, শ্রীরাধার কাননসখী এবং যাতা, গর্ভাঙ্কে অভিনেত্রী।

৫। শ্রীচন্দ্রাবলী— .... চন্দ্রভানুকন্যা, বিন্ধ্যপর্ব্বত সম্বন্ধে শ্রীরাধার জ্যেষ্ঠা সহোদরা, করালার নাতনী, ভারুণ্ডাপুত্র গোবর্দ্ধনমল্লের মায়াপ্রত্যায়িত পত্নী, কুণ্ডিনপুরে ভীষ্মককন্যারূপে অবস্থিতা, চণ্ডিকার উপাসনাকারিণী, দ্বিতীয়া নায়িকা রাধার প্রতিপক্ষীয়া।

৬। শ্রীপদ্মা— .... নগ্নজিৎ কন্যা, চন্দ্রাবলীর প্রধানা সখী, নিকুঞ্জগৃহিণী।

৭। শ্রীযশোদা— .... শ্রীব্রজেশ্বরী শ্রীকৃষ্ণমাতা।

৮। শ্রীরোহিণী— .... শ্রীবলরামজননী, শ্রীবসুদেবের পত্নী।

৯। শ্রীরাধা— .... শ্রীবৃষভানু কন্যা, গোপীশ্রেষ্ঠা, শ্রীকৃষ্ণের বল্লভাগণের মধ্যে প্রধানা, শ্রীবৃন্দাবনেশ্বরী, বিন্ধ্যপর্ব্বত সম্বন্ধে চন্দ্রাবলীর সহোদরা, সূর্য্যউপাসনাকারিণী, প্রধানা নায়িকা এবং গর্ভাঙ্কনায়িকা।

১০। শ্রীললিতা— .... শ্রীরাধার প্রধানা সখী, অষ্টসখীগণের অন্যতমা প্রধানা অধ্যক্ষা, গর্ভাঙ্কে অভিনেত্রী।

১১। জটিলা— .... অভিমন্যু গোপের জননী, শ্রীযশোদার মাতুলানি, শ্রীরাধার শাশুড়ী, গোবর্দ্ধনের জননী ভারুণ্ডার সখী, বৃদ্ধা গোপী, গর্ভাঙ্কে অভিনেত্রী।

১২। শ্রীবৃন্দা—	....	শ্রীবৃন্দাবনের বনদেবী, শ্রীকৃষ্ণের দূতীগণের মধ্যে মুখ্যা শ্রীরাধার কানন সখী, গর্ভাঙ্কে অভিনেত্রী।
১৩। শ্রীবিশাখা—	....	শ্রীরাধার দ্বিতীয়া সখী, অষ্ট সখীগণের অন্যতম, আলেখ্য ও সঙ্গিতাদিতে নিপুণা।
১৪। মুখরা—	....	বৃষভানুর শাশুড়ী, শ্রীরাধার মাতামহী, বৃদ্ধা গোপী।
১৫। ভারুণ্ডা—	....	গোবর্দ্ধন মল্লের জননী, শ্রীচন্দ্রাবলীর শাশুড়ী, গর্ভাঙ্কে অভিনেত্রী।
১৬। মাধবী—	... .	কুণ্ডিনপুরে ভীষ্মক কন্যারূপে স্থিতা চন্দ্রাবলীর সহচরী।
১৭। শ্রীভার্গবী—	... .	ব্রজমণ্ডলে পূজনীয়া ব্রাহ্মণী, চন্দ্রাবলীর সহগামিনী-
১৮। বৃদ্ধা—	....	ধাত্রেয়ী সত্রাজিতের মাতা।
১৯। শ্রীনববৃন্দা—	....	দ্বারকায় প্রকটিত নববৃন্দাবনের বনদেবী, সত্যভামারূপে শ্রীরাধার সখী।
২০। বকুলা—	....	শ্রীসত্যারূপে অবস্থিতা শ্রীরাধার সেবায় নিযুক্তা পুষ্পোপহারিণী পরিচারিকা।
২১। দেবী—	....	শ্রীরুক্মিণীরূপিণী শ্রীচন্দ্রাবলী।
২২। শরৎ—	....	ঋতু দেবী।
২৩। সুকণ্ঠী—	....	শ্রীসত্যারূপে স্থিতা শ্রীরাধার পরিচারিকা।
২৪। তুলসী ২৫। মালতী } —	... .	যুবতি সখী
২৬। পিঙ্গলা—	....	শ্রীসত্যারূপিণী শ্রীরাধার সখী।
২৭। রথাঙ্গী—	.... ..	প্রমদাবেশধারী শ্রীকৃষ্ণ।
২৮। একানংশা—	... ...	শ্রীযোগমায়া।

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

শ্রীশ্রীলরূপগোস্বামী-প্রভুপাদ-প্রণীতম্

শ্রীশ্রীললিতমাধব-নাটকম্

প্রথমোঽঙ্কঃ

শ্রীশ্রীকৃষ্ণচৈতন্যচন্দ্রায় নমঃ

১। সুররিপুসুদৃশামুরোজকোকান্ মুখকমলানি চ খেদয়ন্নখণ্ডঃ।
চিরমখিলসুহৃচ্চকোরনন্দী দিশতু মুকুন্দযশঃশশী মুদং বঃ ।।

শ্রীশ্রীরাধাকৃষ্ণাভ্যাং নমঃ ॥

অথ শ্রীনন্দনন্দনান্তঃপুরচরৈর্ভগবদ্ভক্তবরৈঃ শ্রীকৃষ্ণচৈতন্যকৃপাধরৈঃ শ্রীমদ্রূপগোস্বামিচরণৈর্মদেকশরণৈরুজ্জ্বলনীলমণৌ লক্ষিতং সমৃদ্ধিমদাখ্যসম্ভোগং স্ফুটং দর্শয়িতুং বিরচ্যমানস্য ললিতমাধবাখ্যস্য গ্রন্থস্য প্রথমপক্ষং ব্যাচক্ষে। সুররিপুসুদৃশামিত্যাদি। মুকুন্দযশ এব শশী বো যুষ্মভ্যং মুদং দিশতু। অখণ্ড ইত্যনেন পূর্ণচন্দ্রস্যোপমানত্বং দর্শিতম্। চন্দ্রস্য সদাতনপূর্ণত্বাভাবাদস্য তৎ সত্তাদ্যতিরেকালঙ্কারো বা। কিং কুর্ব্বন্—সুররিপুসুদৃশামুরোজ এব কোকাস্তান্ মুখান্যেব কমলানি চ খেদয়ন্। অখিলাঃ সুহৃদ এব চকোরাস্তান্নন্দিতুং শীলং যস্য সঃ। আশীর্ব্বাদস্য প্রাথমিকত্বাত্তদ্রূপমঙ্গলং প্রথমং কৃতম্। সমস্তবস্তুবিষয়রূপকালঙ্কারোঽত্র বাচ্যঃ। অপ্রস্তুতপ্রশংসা ব্যঙ্গ্যা। কংসাদিসুররিপুবিশেষে নন্দাদিসুহৃদ্বিশেষে চ বক্তব্যে সুররিপুমাত্রস্য সুহৃন্মাত্রস্য চ গ্রহণাৎ ॥ ১ ॥

শ্রীশ্রীমন্মহাপ্রভুর একান্ত কৃপাপাত্র ভক্তপ্রবর শ্রীপাদ রূপগোস্বামী তাঁর শ্রীউজ্জ্বলনীলমণি গ্রন্থে শ্রীশ্রীরাধামাধবের যে সমৃদ্ধিমান সম্ভোগ বর্ণনা করেছেন—তাই সুস্পষ্টরূপে অঙ্কন করবার জন্য শ্রীশ্রীললিতমাধব নাটকের অবতারণা করছেন—গ্রন্থকার প্রথমেই আশীর্ব্বাদরূপ মঙ্গলাচরণ করেছেন—ভগবান শ্রীমুকুন্দদেবের পূর্ণচন্দ্রের মত অখণ্ড যশোগাথা তোমাদের আনন্দ দান করুন। পূর্ণিমার চাঁদ যেমন চক্রবাক ও কমলের শুধু দুঃখই বাড়ায়, ভগবানের যশঃও তেমনি দেবতাদের শত্রু অসুরললনাদের বক্ষোরূপ চক্রবাক এবং মুখরূপ কমলের ব্যথা ও বেদনাই বাড়িয়ে দেয়। চাঁদের স্বভাব হল চকোরকে আনন্দ দেওয়া—কারণ চাঁদের সুধা পানে চকোরের জীবনধারণ হয়—শ্রীকৃষ্ণের যশঃও চাঁদের মতই বন্ধুজনকে আনন্দ দেয়।

এখানে ভগবানের যশঃ পক্ষে অসুর বলতে কংস প্রভৃতিকে এবং সুহৃদ্ বলতে নন্দমহারাজ প্রভৃতিকে বুঝান হয়েছে ॥ ১ ॥

অপি চ—

২। অষ্টৌ প্রোক্ষ্য দিগঙ্গনা ঘনরসৈঃ পত্রাঙ্কুরাণাং শ্রিয়া
কুর্ব্বন্মঞ্জুলতাভরস্য চ সদা রামাবলীমণ্ডনম্।
যঃ পীনে হৃদি ভানুজামতুলভাং চন্দ্রাকৃতিং চোজ্জ্বলাং
রুন্ধানঃ ক্রমতে তমত্র মুদিরং কৃষ্ণং নমস্কুর্ম্মহে॥

(নান্দ্যন্তে) সূত্রধারঃ—অলমতিবিস্তরেণ। (সমন্তাদবলোক্য) হন্ত ভোঃ! সন্ততবৃন্দাটবী-নিকুঞ্জবেদিকানিবাসদীক্ষারসজ্ঞস্য স্ফুরদুদ্দণ্ডপুণ্ডরীক-মণ্ডলীমণ্ডিত-ব্রহ্মকুণ্ডতীরোপান্তস্থলী-মহাভৌমিকস্য ভগবতো গোপীশ্বরতয়া প্রসিদ্ধস্য চন্দ্রার্দ্ধমৌলেঃ স্বপ্নাবির্ভূতমাদেশমাসাদ্য দীপাবলীকৌতুকারম্ভে গোবর্দ্ধনারাধনায় শ্রীরাধাকুণ্ডরোধসি মাধবী-মাধবমন্দিরস্য পূর্ব্বতঃ সঙ্গতানি বৈষ্ণববৃন্দানি স্বপ্রবন্ধেন ললিতমাধবনাম্না নাটকেনাহমুপস্থাতুং পর্য্যুৎসুকোঽস্মি।

মুদিরঃ কামুকে মেঘে হর্ষণে চ নিগদ্যতে ইত্যভিধানাৎ। কামুকং হর্ষপ্রদং বা। কৃষ্ণনামানং যশোদাস্তনন্ধয়ম্। কৃষ্ণং শ্যামং মুদিরং মেঘং বা। দিশি দিশি গতা অঙ্গনাঃ শ্রীরাধা চন্দ্রাবলী ললিতা বিশাখা পদ্মা শৈব্যা শ্যামলা ভদ্রা একত্রীকৃত্য তা ঘনরসৈরঙ্গাঙ্গিভূত নিবিড়শৃঙ্গারবিশেষৈঃ প্রোক্ষ্য নিষিচ্য তর্পয়িত্বা। কস্তুর্য্যা লিখিতপত্রভঙ্গানাং শোভয়া। মনোজ্ঞাতিশয়স্য সম্পত্যা সুন্দরীশ্রেণ্যা মণ্ডনং কুর্ব্বন্ সর্ব্বোৎকর্ষেণ বর্ত্ততে। বৃত্তর্থে ক্রমেরাত্মপদম্। চ পুনঃ। উজ্জ্বলাখ্যবতীং চন্দ্রতোপ্যুজ্জ্বলা আকৃতির্যস্যাস্তাং চন্দ্রাবলীং ধারয়ন্। পক্ষান্তরে তু যঃ কৃষ্ণো মেঘো অষ্টৌ দিশোঽঙ্গনা ইব ঘনরসৈর্মেঘপুষ্পং ঘনরস ইত্যমরাৎ জলৈঃ প্রোক্ষ্য পত্রাঙ্কুরাণাং পুনর্মঞ্জরো যা লতা স্তাসামতিশয়স্য চ শ্রিয়া শোভয়া সদা আরামাবলীনামুপবনশ্রেণীনাং মণ্ডনং কুর্ব্বন্। যঃ পীনে হৃদি ভানুজাং সূর্য্যজাতাং অতুলাভাম-তুল্যাং কান্তিম্। চ পুনরুজ্জ্বলাং চন্দ্রস্যাকৃতিং রুন্ধান্ আবৃণ্বন্ ক্রমতে তমিত্যাদি পূর্ব্ববদুন্নেয়ং নান্দী নমস্ক্রিয়ান্বিতা বস্তুনির্দ্দেশান্বিতা চ। বস্তুত্র ললিতাদিষু তত্রাপি রাধাচন্দ্রাবল্যোশ্চ কৃষ্ণস্যানুরাগস্তাসাং কৃষ্ণে চেতি জ্ঞেয়ম্॥ ২॥

নান্দ্যন্তে ইতি। নান্দী স্যান্মঙ্গলস্তুতিঃ। তত্তুক্তং নাটকলক্ষণে প্রস্তাবনায়াস্তু মুখে নান্দী কার্য্যা সুখাবহা। আশীর্নমস্ক্রিয়া বস্তুনির্দ্দেশান্যতমা মতেতি। তত্রৈব। অর্থস্য প্রতিপাদ্যস্য তীর্থং প্রস্তাবনোচ্যতে ইতি। তস্যান্তে সূত্রধার আহেতি ক্রিয়াধ্যাহার্য্যা। এবং পর পরত্র আহেত্যাদি ক্রিয়াধ্যাহারৈরৈবান্বয়ঃ কর্ত্তব্যঃ। সূত্রধারো নটো-ত্তমঃ। যথা তত্রৈব। সূত্রধারঃ স বিজ্ঞেয়ঃ কথা সূত্রার্থসূচক ইতি। নান্দ্যা অতিবিস্তারেণালং পর্য্যাপ্তম্। অলং ভূষণপর্য্যাপ্তি শক্তিবারণবাচকমিতি। সমন্তাৎ সর্ব্বতোদিশঃ। হন্ত ভোঃ ইত্যাদি বিধত্ত কুরুত। হন্ত ভো নটাঃ শৃণুত। ভগবতশ্চন্দ্রার্দ্ধমৌলেঃ শিবস্য স্বপ্ন আবির্ভূতমাদেশমাজ্ঞামাসাদ্য ললিতমাধবনাম্না স্বপ্রবন্ধেন স্বরচিতেন নাটকেন সাধনেন সেবিতে তদভিনীয়েত্যর্থঃ॥

এর পরে গ্রন্থকার নমস্কার রূপ মঙ্গলাচরণ করছেন—

আমি সেই শ্যাম নবঘনকে প্রণাম করি। মেঘ যেমন অষ্টদিককে বর্ষণের দ্বারা সিক্ত করে বনলতাকে মঞ্জরিত করে—তাতে বনের শোভা বৃদ্ধি পায়—কৃষ্ণও তেমনি শ্রীরাধা, চন্দ্রাবলী, ললিতা, বিশাখা, পদ্মা, শৈব্যা, শ্যামলা ও ভদ্রা—এই আটজন সুন্দরীকে ঘন শ্যামরস পান করিয়ে তৃপ্ত করেন—এবং তাঁদের বক্ষে কুঙ্কুম কস্তুরির পত্রাঙ্কুর রচনা করে শোভা বর্দ্ধন করেন। মেঘ যেমন সূর্যকান্তি ও চন্দ্রপ্রভাকে আবরণ করে আকাশপথে মন্দগতিতে বিচরণ করে কৃষ্ণও তেমনি বৃষভানুনন্দিনী

তদভীষ্টদৈবতমভ্যর্থয়িষ্যে,—

৩। নিজপ্রণয়িতাং সুধামুদয়মাপ্নুবন্ যঃ ক্ষিতৌ কিরত্যলমুরীকৃতদ্বিজকুলাধিরাজস্থিতিঃ।
স লুঞ্চিততমস্ততির্ম্মম শচীসুতাখ্যঃ শশী বশীকৃতজগন্মনাঃ কিমপি শর্ম্ম বিস্তন্তু তু ॥

(আকাশে) কিং ব্রবীষি ?—'ভোঃ! হন্ত! কথমত্র মহাসাহসে কৃতাধ্যবসায়োঽসি ?' ইতি। ভোঃ সত্যমিদং বিদাংকুর্বাণি, তথাপি পরবানস্মি। শ্রূয়তাম্,—

৪। কেয়ং সভা গুণবতী বত মুগ্ধরূপঃ, ক্বাহং জিতোঽস্মি গুরুণা গুরুগৌরবেণ।
আদ্যা মমাদ্য শরণং শরণং গতানাং, দত্তোৎসবস্য করুণা করুণার্ণবস্য ॥

(পুরস্তাদবলোক্য) হন্ত ভোঃ কৃষ্ণপদারবিন্দভৃঙ্গাঃ! প্রসাদং বিদধত, ভবদ্বিধানামেব কৃপাবলম্বনেনাত্র নিরাতঙ্কমুদ্যতোঽস্মি ; যতঃ,—

অভীষ্টদৈবতং শ্রীকৃষ্ণচৈতন্যনামানম্।

শ্রীরাধিকাকেও চন্দ্র অপেক্ষাও উজ্জ্বলকান্তি চন্দ্রাবলীকে তাঁর বিশাল বক্ষে আলিঙ্গন করে ধীরপদ-বিক্ষেপে এই জগতে বিহার করছেন ॥ ২ ॥

এখানে বস্তুনির্দ্দেশরূপ মঙ্গলাচরণও হয়েছে —বস্তু বলতে রাধা, চন্দ্রাবলী, ললিতা প্রভৃতি গোপরামাতে কৃষ্ণের অনুরাগ এবং গোপবালাদেরও কৃষ্ণে অনুরাগ দুই-ই বুঝান হয়েছে।

নান্দীপাঠের পর—

সূত্রধার। আর বেশী বর্ণনার প্রয়োজন নেই—

(চারিদিকে দৃষ্টিপাত করে) কি আশ্চর্য্য! যিনি নিরন্তর শ্রীবৃন্দাবনের রসমাধুর্য্য আস্বাদন করছেন - যিনি প্রস্ফুটিতকমলদলশোভিত ব্রহ্মকুণ্ডের তীরবর্ত্তী ভূমির অধীশ্বর - এবং যিনি গোপীশ্বর নামে খ্যাত সেই ভগবান চন্দ্রশেখর মহেশ্বরের স্বপ্নাদেশ লাভ করে দীপান্বিতা মহোৎসবে গিরিরাজের আরাধনার জন্য রাধাকুণ্ডতটে মাধবী-মাধব মন্দিরের পূর্ব্বদিকে যে বৈষ্ণববৃন্দ সমবেত হয়েছেন তাদের সেবার জন্য স্বরচিত ললিতমাধব নাটকখানি উপস্থাপিত করছি।

সেইজন্য প্রথমেই আমার ইষ্টদেবের চরণে প্রার্থনা করি—শ্রীশচীনন্দন শ্রীগৌরচন্দ্র আমার মনোবাসনা পূর্ণ করুন, দ্বিজরাজ চন্দ্র যেমন আকাশ উদিত হয়ে চন্দ্রিমা বিকিরণ করে অন্ধকার বিনাশ করেন গৌরচন্দ্রও তেমনি ধরাধামে অবতীর্ণ হয়ে প্রেমামৃত সিঞ্চন করে জগতের অজ্ঞানতিমির নাশ করেন। চাঁদের সৌন্দর্য্য যেমন মনোমুগ্ধকর— গোরাচাঁদের রূপরাশিও তেমনি বিশ্বের মন হরণ করে ॥ ৩ ॥

আকাশে। কি— কি বলছ ? আচ্ছা, তুমি কেন এই অসমসাহসিক কাজে প্রবৃত্ত হলে ?

সূত্রধার। আপনি যা বললেন তা সত্যিই। কিন্তু কি করব বলুন ? আমি তো স্বাধীন নই— মহাদেবের আজ্ঞাধীন আমি। তবে শুনুন।

কোথায় এইসব গুণিজনের সভা, আর কোথায় বা এই অল্পবুদ্ধি রূপ (গ্রন্থকার শ্রীরূপগোস্বামিপাদ)! তথাপি গুরু আজ্ঞা শিরোধার্য্য করেই আমি এই দুঃসাহসিক কাজে ব্রতী হয়েছি। যিনি শরণাগতকে আনন্দ দান করেন সেই কৃপাসিন্ধু দীনবন্ধুই আমার একমাত্র আশ্রয় ॥ ৪ ॥

৫। শান্তশ্রিয়ঃ পরমভাগবতাঃ সমন্তাদ্-বৈগুণ্যপুঞ্জমপি সদ্‌গুণতাং নয়ন্তি।
দোষাবলীমপরিতাপতয়া মৃদূনি জ্যোতীংষি বিষ্ণুপদভাঞ্জি বিভূষয়ন্তি ॥

(ইতি মূর্দ্ধ্নঞ্জলিমাধায়)—

৬। বক্তুং পারমহংস্যপদ্ধতিমিহ ব্যক্তিং গতানাং হি যঃ সিদ্ধানাং ভুবনে বভূব সনকাদীনাং তৃতীয়ঃ পুরা।
সাঙ্গং ভক্তিরসং রহস্যমধুনা ভক্তেষু সঞ্চরায়ন্নেকঃ সোঽবততার বিশ্বগুরবে পূর্ণায় তস্মৈ নমঃ ॥
তদহং নিরবদ্যসঙ্গীতবিদ্যায়াং বিদ্যাধরীং মাননীয়াং মে নটবৃন্দেশ্বরীং বৃদ্ধাং রঙ্গে সন্নিধাপয়িতুমিচ্ছামি।

আকাশ ইতি বাণী জায়তে ইতি। তথাপীতি। শ্রীমহাদেবাধীনোঽস্মি। শান্তশ্রিয় ইত্যাদি। শান্তা পরানুদ্বেজিনী শ্রীর্জ্ঞানাদিসম্পত্তির্যেষাং তে নয়ন্তি প্রাপয়ন্তি। জ্যোতিংষি নক্ষত্রাণি কর্ত্তৃণি দোষাবলীং রাত্রিশ্রেণীং পক্ষে দোষশ্রেণীমপরিতাপকতয়া বিভূষয়ন্তি তামপরিতাপিকাং কুর্ব্বন্তীত্যর্থঃ। মৃদুত্বেন শান্তশ্রী বিষ্ণুপদভাক্তেন পরম-ভাগবতত্বং তেষাং ব্যঞ্জিতম্। পক্ষে বিষ্ণুপদমাকাশম্। বিয়দ্বিষ্ণুপদং বাত্রিত্যমরকোষাৎ। দৃষ্টান্তনামালঙ্কারঃ। তল্ল-ক্ষণম্। দৃষ্টান্তঃ পুনরেতেষাং সর্ব্বেষাং প্রতিবিম্বনমিতি ॥ ৫ ॥

বক্তুমিত্যাদি। তৃতীয়ঃ শ্রীসনাতনঃ। সনকাদীনাং তৃতীয়ত্বেন বিশ্বগুরুত্বম্। সাঙ্গভক্তিরসসঞ্চারিত্বেনাস্য পূর্ণত্বং ব্যঞ্জিতম্ ॥ ৬ ॥

মে মাননীয়াং বৃদ্ধাং মুখরাম্। রঙ্গে রঙ্গস্থলে। সন্নিধাপয়িতুং সঞ্চারয়িতুমিচ্ছামীত্যর্থঃ ॥

(সম্মুখে দৃষ্টি নিক্ষেপ করে)

হে কৃষ্ণপাদপদ্ম-মধুপগণ! আপনারা কৃপা করুন। আপনাদের কৃপাই একমাত্র সম্বল করে আমি আজ নিঃসঙ্কোচে এই অসম্ভব কাজে উদ্যত হয়েছি। কারণ—

আকাশে (বিষ্ণুপদে) নক্ষত্ররাজির কোমল কিরণ যেমন দোষাবলী অর্থাৎ রাত্রি সকলকে তাপিত না করে শুধু বিভূষিতই করে, তেমনি শান্তস্বভাব পরমভাগবতগণ গুণহীনকেও গুণী করে তোলেন ॥ ৫ ॥

এখানে গ্রন্থকারের উক্তির তাৎপর্য্য হল—সজ্জন বৈষ্ণববৃন্দ কৃপাকরে তাঁর রচনার দোষ ত্রুটি সংশোধন করে নেবেন। এটি শুধু তাঁর বৈষ্ণবোচিত দৈন্যেরই পরিচয়।

(এই বলে করযোড়ে মস্তক স্পর্শ করে)

পুরাকালে যিনি এই পৃথিবীতে পরমহংসগণকে ধর্ম্ম উপদেশ করবার জন্য সনকাদি চারজন আত্মারামচূড়ামণির মধ্যে তৃতীয় সনাতন নামে অবির্ভূত হয়েছিলেন—অধুনা তিনিই একাকী ভাগবত-গণের মধ্যে সকল অঙ্গের সঙ্গে পরম গোপ্য ভক্তিরস সঞ্চার করবার জন্য অবতীর্ণ হয়েছেন—অতএব সেই পূর্ণস্বরূপ সনাতন নামধারী জগৎগুরুকে প্রণাম করি। সনকাদি মুনির মধ্যে তৃতীয় হিসাবে সনাতন বিশ্বগুরু আগেও ছিলেন—কিন্তু পূর্ণ ছিলেন না—আজ সাঙ্গভক্তিরস সঞ্চার করায় তাঁর পূর্ণত্ব সিদ্ধ হল ॥ ৬ ॥

এখন আমার পরম পূজনীয়া নটবৃন্দেশ্বরী বৃদ্ধা—যিনি সঙ্গীতকলায় অত্যন্ত পারদর্শিনী সেই মুখরাকে এই রঙ্গভূমিতে আনতে ইচ্ছা করি।

প্রবিশ্য নটী—বচ্ছ, রঙ্গমঙ্গলসংবিহাণেণ সম্পদং অণহিণিইট্ঠমণি-সম্হি। ৯

সূত্রধারঃ—আর্য্যে কিমিত্যেবমুচ্যতে? পশ্য পশ্য,

চকাস্তি শরদুৎসবঃ স্ফুরতি বৈষ্ণবানাং সভা
চিরস্য গিরিরুদ্গিরত্যমলকীর্ত্তিধারাং হরেঃ।
কিমন্যদিহ মাধবো মধুরমূর্ত্তিরুদ্ভাসতে
তদেষ পরমোদয়স্তব বিশুদ্ধপুণ্যশ্রিয়ঃ ॥১০

নটী—বচ্ছ! মহানুভাঅ-জনব্বসণ-সংভূদা এসা মে আদঙ্কসিঙ্খলা ণ কখু লোঅচরিয়া-সাহারণী। ১১

সূত্রধারঃ—আর্য্যে! নিয়মিতমনৈকান্তিকানি ভবন্তি মহানুভাবানাং ব্যসনানি ॥ ১২

তথাহি—

বিপিনং যদি বা দিগন্তরাণি ত্রিদিবং বা গমিতং রসাতলং বা
স্বপদান্তিকমানয়ত্যবশ্যং ভগবান্ ভক্তজনং ন মোক্তুমীষ্টে ॥ ১৩

নটী মুখরাবেশধারিণী প্রবিশ্যাহ। বৎস, রঙ্গমঙ্গলসন্নিধানে সাংপ্রতমনভিনিবিষ্টমনাস্মি। বাসনান্তরেণ চিত্তাক্রান্তত্বাদিত্যুত্তরবাক্যানুসারেণ জ্ঞেয়ম্ ॥ ৯

চকাস্তীত্যাদি। চিরস্য চিরকালং ব্যাপ্য। মাধবনামা শ্রীকৃষ্ণমূর্ত্তিঃ। উদ্ভাসতে শোভতে তত্তস্মাত্তব বিশুদ্ধ-পুণ্যশ্রিয় এষ পরমোদয়ো বর্ত্ততে। সৎসঙ্গস্তু বিশুদ্ধপুণ্যেনৈব ভবতীতি ধ্বনিতম্ ॥ ১০

নটী মুখরাহ। বৎস, মহানুভাবজনব্যসনসম্ভূতা এষা মে আতঙ্কশৃঙ্খলা ন খলু লোকচর্য্যা সাধারণী। ব্যসনং বিপত্তিঃ। ব্যসনং বিপদি ভ্রংশে দোষে কামজ-কোপজে ইতি কোষাৎ ॥ ১১

সূত্রধর আহ। নিয়তং নিশ্চিতম্। অনৈকান্তিকানি অনিত্যানি ব্যসনানি বিপত্তয়ঃ। ১২

বিপিনমিত্যাদি। তমোময়েন প্রাচীনকর্ম্মণা বিপিনং গমিতং পশুত্বং প্রাপিতম্। রজোময়েন দিগন্তরাণি গমিতং নরত্বং প্রাপিতম্। সত্ত্বময়েন ত্রিদিবং গমিতং দেবত্বং প্রাপিতম্। অতিগর্হ্যপ্রাচীন-কর্ম্মণা রসাতলং গমিতং নারকিত্বং প্রাপিতম্। ভক্তজনং ভগবান্ স্বপদান্তিকমবশ্যমানয়তি। ন মোক্তুং ন

(নটীর প্রবেশ)

নটী। বৎস, এখন আমি রঙ্গমঙ্গল অনুষ্ঠানের জন্য মন স্থির করতে পাচ্ছি না। ৯

সূত্রধার। আর্য্যে এমন বলছেন কেন? দেখুন! দেখুন! এই শারদ উৎসব শোভা পাচ্ছে। বৈষ্ণবগণের সভাও তেমনি শোভিত হয়েছে। এই গিরি শ্রীকৃষ্ণের অমল কীর্ত্তিধারা উদ্গীরণ করছে। অন্য কথা আর কি বলব এখানে মধুর মূর্ত্তি মাধবও উদ্ভাসিত হয়েছেন, অতএব এই শুভক্ষণ আপনার বিশুদ্ধ পুণ্যশ্রীর মহা উদয় বলিয়া মনে হয় ॥ ১০

নটী। বৎস, কোনও মহানুভব ব্যক্তির বিপদের জন্যই আমার এই আতঙ্কশৃঙ্খলা আমাকে বেষ্টন করেছে তাহা না হলে ইহা সাধারণ লোকাচারের জন্য নয়। ১১

সূত্রধর। আর্য্যে, মহানুভবদিগের বিপদ সব সময়ের জন্য থাকে না, ইহাই জগতের নিয়ম ॥ ১২

যেহেতু ভক্তজন যদি বনে অথবা দিগন্তরে কিম্বা আকাশে বা পাতালে গমন করেন ভগবান তাঁকে অবশ্যই স্বকীয় চরণতলে আনয়ন করেন, কখনও তাঁহাকে পরিত্যাগ করতে পারেন না। (অথবা

নটী—পুত্ত ! সচ্চং ভণাসি, তহবি সিণেহাণং ক্খু বিবেঅহারিণী পইদি ত্তি মুদ্ধম্হি ॥ ১৪

সূত্রধারঃ—আর্য্যে, কথয় কুত্র নিবদ্ধস্নেহাসি ?

নটী—পুত্ত ! অত্থি চারণউলনন্দনো কোবি কলাণিহী ণাম ॥ ১৫

সূত্রধারঃ—কস্তং ন জানীয়াৎ ? যতঃ—

বরতাণ্ডববীথিপণ্ডিতো গুণশালী নবযৌবনোন্মুখঃ ।
প্রথিতো ভুবি সঙ্গরাঙ্গনে রিপুভঙ্গোদ্ধুরধীঃ কলানিধিঃ ॥ ১৬

ত্যক্তুমীষ্টে। মুক্তিং দাতুং বা নেষ্টে ন বাঞ্ছতীত্যর্থঃ। কিন্তু নিজসেবকং করোতীত্যর্থঃ। অত্রাপ্যপ্রস্তুতপ্রশংসালঙ্কারঃ। শ্রীরাধিকাদিভক্তানাং চরিতে বক্তব্যে সামান্যভক্তানাং চরিতবর্ণনাৎ। অত্র সামান্যভক্তানাং চরিতং ব্যাখ্যাতম্। শ্রীরাধিকাদিভক্তবৃন্দস্ত বিপিনং খাণ্ডবাদিবনং দিগন্তরাণি প্রাগ্জ্যোতিষপুরাদীনি ত্রিদিবং সূর্য্যমণ্ডলম্। রসাতলং জাম্ববদ্গৃহং বা গমিতং হরিমায়য়া প্রাপিতং ভগবান্ স্বপদান্তিকমবশ্যমানয়তি তন্মোক্তুং নেষ্টে ইতি বিশেষো জ্ঞেয়ঃ ॥ ১৩

নটীতি। পুত্র, সত্যং ভণসি, তথাপি স্নেহানাং খলু বিবেকহারিণী প্রবৃত্তিরিতি মুগ্ধাস্মি ॥ ১৪

নটীতি মুখরাহ। পুত্র, অস্তি চারণকুলনন্দন. কোঽপি কলানিধির্নাম। চারণা অত্র নটাঃ পক্ষে আভীরাশ্চ উপদেবে চারণঃ স্যাদাভীরে চ নটেঽপি চেতি বিশ্বকোষাৎ। চারণকুলেত্যাদিকং ভারতীবৃত্ত্যঙ্গানাং মুখান্তর্গতবীথ্যঙ্গভূতমুদ্‌ঘাত্যকমিদম্। তল্লক্ষণং যথা—পদানীত্যগতার্থানি তদর্থগতয়ে নরাঃ যোজয়ন্তি পদৈরন্যৈস্তদুদ্‌ঘাত্যকমুচ্যতে ইতি। অত্র চারণকুলনন্দনপদং আভীরকুলনন্দনপদেন কলানিধিপদং শ্রীকৃষ্ণপদেন যোজিতম্। সতু কৃষ্ণোঽপি চতুঃষষ্টিকলানাং নিধিরাশ্রয়ঃ ॥ ১৫

বীথিঃ শ্রেণী। বীথ্যালিরাবলিঃ পঙ্‌ক্তিঃ শ্রেণী লেখাস্তু রাজয়ঃ ইত্যমরঃ। সঙ্গরাঙ্গনং যুদ্ধস্থানম্ ॥ ১৬

ভক্তজন যদি তমোময়অতীত কর্ম্মফলে বনে গমন করেন অর্থাৎ পশুযোনি প্রাপ্ত হন অথবা রজোময় কর্ম্ম নিবন্ধন দিগন্তরে যান অর্থাৎ নরত্ব প্রাপ্ত হন অথবা সত্ত্বময় কর্ম্ম করে স্বর্গে গমন করেন অর্থাৎ দেবত্ব প্রাপ্ত হন অথবা অতি গর্হিত কর্ম্ম হেতু রসাতলে গমন করেন অর্থাৎ নরকে গমন করেন) তথাপি ভগবান নিজের ভক্তজনকে কদাপি পরিত্যাগ করেন না, তাহাকে তিনি নিজ চরণকমলে আনয়ন করেন ॥ ১৩

নটী। পুত্র, তুমি ঠিক বলেছ, তবু স্নেহের মোহে মানুষেরা বিচারবুদ্ধি হারিয়ে ফেলে। সেই স্নেহাতিশয্যে আমি মুগ্ধ হয়েছি ॥ ১৪

সূত্রধার। আর্য্যে, বলুন ত আপনি কোথায় স্নেহযুক্ত হয়ে পড়েছেন ?

নটী। পুত্র, চারণকুলনন্দন কলানিধি নামে কোনও এক ব্যক্তি আছেন অর্থাৎ গোপকুলের আনন্দদায়ক সকল কলায় কুশল কোনও এক লোক অর্থাৎ শ্রীকৃষ্ণ আছেন ॥ ১৫

সূত্রধার। তাহাকে কে না জানে ! কারণ, তিনি বহু প্রকার উত্তম নৃত্যকলায় সুশিক্ষিত, তিনি গুণশালী, নবকিশোর, জগতে প্রসিদ্ধ, যুদ্ধক্ষেত্রে শত্রুবিজয়ে দৃঢ় বুদ্ধিসম্পন্ন, সকল কলায় পারদর্শী ॥ ১৬

নটী—বিহিণো আণুউল্লেণ উবত্থিদা ণত্তিণী বুড্ঢিআএ মএ সংভাবিদা, তারা ণাম লোওত্তরা কণ্ণআ তস্স দাদুং সঙ্কপ্পিদা।১৭

সূত্রধারঃ—　　লোকে ধিক্কারভিয়া বিধিস্তথা সাধুবাদলোভেন।
মিথুনং মিথোঽনুরূপং ঘটয়তি দুর্ঘটমপি প্রসভম্ ॥১৮

নটী—ণং কৃখু অহিলসন্তেণ দেসাহিআরিণা কিরাদরাএণ ণচ্চণবিলোঅণছলাদো কলাণিহিং আআরিঅ ইমস্স পরাহবো অজ্ঝবসীঅদিত্তি। ১৯

সূত্রধারঃ—আর্য্যে! মাং জ্যোতির্বিদং বিদ্ধি। তদদ্য বর্ত্তমান-লগ্নানুসারেণ তত্ত্বং তে বর্ণয়ামি। (ইতি বিমৃশ্য সহর্ষম্) হন্ত! মা তে চিন্তা ভূৎ।

তথাহি—　　নটতা কিরাতরাজং নিহত্য রঙ্গস্থলে কলানিধিনা।
সময়ে তেন বিধেয়ং গুণবতি তারাকরগ্রহণম্॥ ২০

নটীতি মুখরাহ। বিধেরানুকূল্যেনোপস্থিতা নপত্রী বৃদ্ধয়া ময়া সম্ভাবিতা। তারা নাম লোকোত্তরা কন্যকা তস্মৈ দাতুং সঙ্কল্পিতা। নপ্ত্রী তু দুহিতুঃ সুতা। সম্ভাবিতা লব্ধা। তারাপদং রাধাপদেন যোজিতম্। তস্মৈ কলানিধয়ে। ১৭

সূত্রেতি। প্রসভং বলাৎ। প্রসভং স্যাদ্বলাৎকার ইতি কোষাৎ। ১৮

নটীতি। এতাং খলু অভিলষতা দেশাধিকারিণা কিরাতরাজেন নর্ত্তনবিলোকনচ্ছলাৎ কলানিধিমাহূয় ইমস্য কৃষ্ণস্য পরাভবোঽধ্যবসীয়তে॥ ১৯

সময় ইতি। তেন কলানিধিনা গুণবতি পূর্ণমনোরথ-নাম্নি সময়ে। নটতেত্যাদ্যপ্যুদ্ঘাত্যকতয়া সূত্রধারেণ যোজিতম্। ২০

নটী। বয়স আমার অনেক হয়েছে। বিধাতার বরেই এই নাতনীকে পেয়েছি। নাম তার তারা অর্থাৎ রাধা। কিন্তু এ তারা ত সাধারণ মেয়ে নয়—তাই সেই কলানিধি অর্থাৎ কৃষ্ণ ছাড়া তার যোগ্য পাত্র তো আর কাউকে দেখছি না—এই জন্য কৃষ্ণের হাতে এ কন্যাকে সমর্পণ করবার বাসনা করেছি॥ ১৭

সূত্রধার। পরস্পর যোগ্য পাত্রপাত্রীর মিলন এ জগতে দুর্ঘট কিন্তু লোকে যাতে নিন্দা না করে শুধু প্রশংসাই করে এই জন্যই বিধাতা পুরুষ এখানে পরস্পর অনুরূপ পাত্র-কন্যার মিলন জোর করেই ঘটাচ্ছেন। ১৮

নটী। দেশাধিপতি কিরাত রাজ অর্থাৎ নৃশংস কংস এই কন্যাকে লাভ করবার জন্য নৃত্যদর্শনচ্ছলে কলানিধি কৃষ্ণকে আহ্বান করে তাঁকে পরাজিত করবার চেষ্টা করছে। ১৯

সূত্রধার। আর্য্যে! আমি একজন জ্যোতিষী। তাই বর্ত্তমান লগ্ন বিচার করে আপনার কাছে খাঁটি কথাটাই বলছি। (ক্ষণকাল চিন্তা করে সানন্দে) বড়ই আনন্দের কথা। আপনি কিছুমাত্র চিন্তিত হবেন না।

কারণ—

কলানিধি নৃত্য করতে করতে এই খল কিরাত রাজকে (কংসকে) বধ করে শুভ লগ্নে তারার (শ্রীরাধার) পাণি গ্রহণ করবেন॥ ২০

(নেপথ্যে) হন্ত ! রাধামাধবয়োঃ পাণিবন্ধং কংসভূপতের্ভয়াদভিব্যক্তমুদাহর্ত্তুমসমর্থো 'নটতাকিরাতরাজম্' ইত্যপদেশেন বোধয়ন্ ধন্যঃ. কোঽয়ং চিন্তাবিক্লবাং মামাশ্বাসয়তি ?

সূত্রধারঃ—(নেপথ্যাভিমুখমবলোক্য)—পশ্য, পশ্য,—

অম্বা সান্দীপনিমুনিপতেরত্র শিষ্যেতি সাধ্বী
যাতা লোকে পরিচয়মৃষের্বল্লকীবল্লভস্য।
কাশশ্রেণীধবলচিকুরা ব্যাহরন্তীহ গার্গীং
রঙ্গে ধন্যা প্রবিশতি পুরঃ সম্ভ্রমাৎ পৌর্ণমাসী ॥ ২১

তদেহি, তূর্ণমুত্তরভূমিকাং গ্রহীতুং প্রযাব : (ইতি নিষ্ক্রান্তৌ।) ॥ ২২

প্রস্তাবনা

—০—

(ততঃ প্রবিশতি যথানির্দ্দিষ্টা পৌর্ণমাসী।)

পৌর্ণমাসী। ('হন্ত রাধামাধবয়োঃ' ইতি পঠিত্বা) বৎসে গার্গি! শ্রূয়তাম্,—

কৃষ্ণাপাঙ্গতরঙ্গিতত্ত্যমণিজাসম্ভেদবেণীকৃতে
রাধায়াঃ স্মিতচন্দ্রিকাসুরধুনীপূরে নিপীয়ামৃতম্।
অন্তস্তোষতুষারসংপ্লবলবব্যালীঢ়তাপোচ্চয়াঃ
ক্রান্ত্বা সপ্ত জগন্তি সম্প্রতি বয়ং সর্ব্বোর্দ্ধমধ্যাস্মহে ॥ ২৩

নারদস্য শিষ্যেতি পরিচয়ং যাতা। কাশপদেনাকাশপুষ্পাণি লক্ষ্যন্তে। গার্গীং নান্দীমুখীম্। সম্ভ্রমাৎ সম্ভ্রমং প্রাপ্য।২১

প্রস্তাবনা প্রসঙ্গেন ভবেৎ কার্য্যস্য কীর্ত্তনম্। অর্থস্য প্রতিপাদ্যস্য তীর্থং প্রস্তাবনোচ্যতে ॥ ২২

মুখসন্ধেরুপক্ষেপ নাম সন্ধ্যঙ্গমিদম্। উপক্ষেপলক্ষণম্,—উপক্ষেপস্তু বীজস্য সূচনং কথ্যতে বুধৈরিতি। অত্র

(নেপথ্যে) কি আশ্চর্য্য ! কংসরাজের ভয়ে স্পষ্ট করে বলতে না পেরে কে গো তুমি—ছলে এ কথা উচ্চারণ করলে যে কিরাতরাজকে (কংসকে) বধ করে কৃষ্ণ রাধার পাণিগ্রহণ করবেন ? আমি এ বিষয়ে চিন্তিত ছিলাম—তোমার বাক্যে আশ্বস্ত হলাম—তাই তোমাকে অজস্র ধন্যবাদ দিই।

সূত্রধার। (নেপথ্যের দিকে দৃষ্টিপাত করে) দেখ, দেখ—

ঐ যে ভাগ্যবতী দেবী পৌর্ণমাসী নান্দীমুখীর সঙ্গে কথা কইতে কইতে বেশ সম্ভ্রমের সঙ্গে এদিকে এগিয়ে আসছেন। ইনি সান্দীপনি মুনির জননী, বীণাবল্লভ দেবর্ষিপাদ নারদের শিষ্যা—জগতে সতী সাধ্বী বলে এঁর খ্যাতি আছে—মাথার চুলগুলি তাঁর কাশফুলের মত সাদা হয়ে গেছে। ২১

এখন চল আমরা পরবর্ত্তী বেশভূষা রচনা করার জন্য যাই। (এই বলে উভয়ের প্রস্থান)

প্রস্তাবনা অর্থাৎ প্রতিপাদ্য বিষয়ের সূচনা ॥ ২২

—০—

(তারপর যথা নির্দ্দিষ্টা পৌর্ণমাসীর প্রবেশ)

পৌর্ণমাসী। ('কি আশ্চর্য্য ! রাধামাধবের'—এইটুকু মাত্র উচ্চারণ করে) বৎসে নান্দীমুখি ! শোন—

শ্রীকৃষ্ণের অপাঙ্গ তরঙ্গ স্বরূপ শ্রীযমুনার সঙ্গে শ্রীরাধার হাস্যচন্দ্রিমারূপ সুরধুনীর মিলনে আজ

গার্গী—অজ্জে! অহিমন্নুণা রাহীএ উব্বাহো তুএ চ্চেঅ কারিদো। তহবি কিংত্তি পুণো বি হরিণা সমং অহিলসিজ্জই? ২৪

পৌর্ণমাসী—পুত্রি! মায়াবিবর্ত্তোঽয়ম্; নচেদ্বিরিঞ্চের্বরামৃতেন সমৃদ্ধৈর্বিন্ধ্যানগস্য তপঃপ্রসূনৈর্গুম্ফিতাং মাধবহৃন্মেদুরতাকারি-মাধুরী-মকরন্দাং রাধিকাবৈজয়ন্তীং কথং পৃথগ্‌জনঃ পাণৌ কুর্ব্বীত? ॥ ২৫

গার্গী—কেরিসং তং বরামিঅং? ২৬

পৌর্ণমাসী—　　তদভীষ্টমেব ধূর্জ্জটি-জিত্বরজামাতৃকং বিন্ধ্য।
গুণবিস্মাপিতভুবনং ভবিতা তব বালিকাযুগলম্ ॥২৭

রাধাকৃষ্ণয়োরনুরাগবীজসূচনমুপক্ষেপঃ। দ্যুমণিজা যমুনা। সম্ভেদবেণীকৃতে মিলনেন যুগ্মত্বং প্রাপিতে। সংপ্লবং মজ্জনম্। ২৩

গার্গীতি। আর্য্যে! অভিমন্যুনা সহ রাধিকায়া উদ্বাহস্ত্বয়া এব কারিতঃ। তৎ কিমপি পুনরপি হরিণা সমম্ অভিলষ্যতে? ২৪

মায়াবিবর্ত্তঃ (অন্যধর্মস্যান্যত্রারোপো বিবর্ত্তঃ)। সাদৃশ্যজ্ঞানেন শুক্তৌ রজতবন্মায়ায়াং শ্রীরাধায়া আরোপোঽয়ং কৃতঃ। চেদ্ যদি মায়াবিবর্ত্তো ন স্যাত্তর্হি কথং পৃথগ্‌জনো রাধিকাবৈজয়ন্তীং পাণৌ কুর্ব্বীত। পৃথগ্‌জনঃ পামরঃ। পাণিগৃহীত্রীং কুর্য্যাৎ। শ্লেষেণ পাণাবপি কথং কুর্ব্বীত। বিবর্ণঃ পামরো নীচঃ প্রাকৃতশ্চ পৃথগ্‌জন ইত্যমরাৎ। পক্ষে মাধবাৎ পৃথগ্‌জনোঽন্যো জনঃ। ২৫

গার্গীতি। কীদৃশং তৎ বরামৃতম্? ২৬

পৌর্ণ ইতি। বিন্ধ্যং প্রতি বিরিঞ্চের্বরামৃতং পৌর্ণমাস্যোক্তং ধূর্জটির্নীললোহিত ইত্যমরাৎ। ধূর্জটিজিত্বরো জামাতা যস্মাত্তস্মাৎ। জামাতা দুহিতুঃ পতিঃ। জামাতা বল্লভে সূর্য্যাবর্ত্তে চ দুহিতুঃ পতাবিত্যভিধানাৎ। ২৭

অপূর্ব্ব অমৃত তরঙ্গিণী প্রবাহিত হয়েছে—সে অমৃত প্রাণভরে পান করে আমরা অন্তরে এত সন্তোষ লাভ করেছি যে আমাদের সমস্ত তাপ দূরীভূত হয়ে গেছে—সপ্তভুবনে আমাদের মত শান্তি ও আনন্দভোগী আর যেন কেউ নেই॥ ২৩

গার্গী? আর্য্যে! অভিমন্যুর (আয়ানের) সঙ্গে শ্রীরাধার বিয়ে তো আপনি ঘটিয়েছেন—তবে এখন আবার কেন শ্রীকৃষ্ণের সঙ্গে রাধার মিলন ঘটাবার ইচ্ছে করছেন? ॥ ২৪

পৌর্ণমাসী। পুত্রি! এ কেবল মায়ার বিবর্ত্তমাত্র অর্থাৎ যেমন সাদৃশ্য বশে রজ্জুতে সর্প ভ্রম হয়, শুক্তিতে রজত ভ্রম হয়, ঠিক তেমনি মায়াতে শ্রীরাধার আরোপ মাত্র করা হয়েছে। তা না হলে শ্রীরাধাকে কি অন্য কোন সাধারণ জন (নীচ লোক) স্পর্শমাত্রও করতে পারে? এ রাধা তো সাধারণ নন—তাঁর পরিচয় বলি শোন—ব্রহ্মার বর লাভ করে বিন্ধ্য পর্ব্বত বহু তপস্যা করে এই রাধা কন্যাকে লাভ করেজেন—শ্রীরাধিকা মাধবের হৃদয়কে স্নিগ্ধ করেন—মাধবমনোমোহিনী—পরমমাধুরীপরিপূর্ণা বৈজয়ন্তী তুল্য॥ ২৫

গার্গী। ব্রহ্মা বর দিয়েছিলেন—সে কেমন বর? ॥ ২৬

পৌর্ণমাসী। ব্রহ্মা বিন্ধ্য পর্ব্বতকে এই বর দিয়ে ছিলেন,—বিন্ধ্য! তুমি তোমার মনোমত দুটি কন্যা লাভ করবে—তাঁদের পতি এমন হবেন যে তিনি যুদ্ধে দেবাদিদেব শঙ্করকে পরাজিত করে নিজের গুণমহিমায় জগৎকে বিস্মিত করবেন। ২৭

গার্গী—পুত্তং মুক্কিঅ কণ্ণআ কহং বিঞ্ঝস্স অহিট্ঠা সংবুত্তা ? ২৮

পৌর্ণমাসী—জামাতৃসম্পদ্‌গর্ব্বিতস্য গৌরীপিতুর্গিরীন্দ্রস্য বিস্পর্দ্ধয়া। ২৯

গার্গী—অম্মহে, সগোত্তুক্করিসং সোঢ়ুং এসো ণ ক্খমো, জং পুরা মেরুং জেতুকামো বি কুম্ভজোণিং সম্মাণিঅ উণ ণ বড্‌ডিদো। ৩০

পৌর্ণমাসী—বাঢ়মীদৃগেব স্বভাবো মনস্বিনাম্।

গার্গী—কেণ রাহী বিঞ্ঝাদো গোউলং লম্ভিদা ? ৩১

পৌর্ণমাসী—জাতহারিণ্যা পূতনয়া।

গার্গী—(সভয়ম্) অজ্জে ! জাদহরিণীহিং ক্খু বালআ ভূঞ্জীঅন্তি, তা দিট্ঠিআ উব্বরিদা কল্লাণী। ৩২

গার্গীতি। পুত্রং মুক্ত্বা কন্যকা কথং বিন্ধ্যস্যাভীষ্টা সংবৃত্তা ? ২৮

পৌর্ণ ইতি। গৌরীপিতৃত্বেন গিরীন্দ্রস্য হিমালয়ত্বং ব্যঞ্জিতম্। বিস্পর্দ্ধয়া মাৎসর্য্যেণেত্যর্থঃ। ২৯

গার্গীতি। আশ্চর্য্যম্, স্বগোত্রোৎকর্ষং সোঢ়ুম্ এষ ন ক্ষমো যৎ পুরা মেরুং জেতুকামোঽপি অগস্ত্যং সম্মান্য পুনর্ন বর্দ্ধিতঃ। ৩০

কেন রাধিকা বিন্ধ্যতো গোকুলং লম্ভিতা ? ৩১

গার্গীতি। আর্য্যে ! জাতহারিণীভিঃ খলু বালকা ভুঞ্জ্যন্তে তদ্দিষ্ট্যা উদ্ধরিতা কল্যাণী। ৩২

গার্গী। পুত্র কামনা না করে বিন্ধ্য কন্যা প্রাপ্তির বাসনা করলেন কেন ? ॥ ২৮

পৌর্ণমাসী। গৌরীপিতা হিমালয় তাঁর জামাতৃ সম্পদে অত্যন্ত গর্বিত—সেই হিমালয়ের প্রতি স্পর্দ্ধা করেই বিন্ধ্যের এই কন্যা প্রার্থনা ॥ ২৯

গার্গী। কি আশ্চর্য্য ! এই বিন্ধ্য নিজ বংশের উৎকর্ষ কোনদিনই সহ্য করতে পারে না। এর আগেও একবার সুমেরুকে জয় করবার ইচ্ছে করে নিজের মস্তক উন্নত করেছিল। অবশেষে কুম্ভযোনি ঋষি অগস্ত্য তার গর্ব খর্ব করবার জন্য সামনে উপস্থিত হলে বিন্ধ্য মস্তক অবনত করে প্রণাম জানাল—তখন অগস্ত্য তাকে বললেন—তিনি যত- দিন আবার ফিরে না আসেন ততদিন পর্য্যন্ত যেন বিন্ধ্য মাথা না তোলে। অগস্ত্য ঋষি আর ফিরে আসেন নি—বিন্ধ্যও আর মাথা তুলতে পারে নি। এই ভাবে বিন্ধ্যের গর্ব্ব খর্ব্ব হয়েছিল ॥ ৩০

পৌর্ণমাসী। হ্যাঁ, ঠিকই—মনস্বী ব্যক্তির স্বভাব এই রকমই হয়ে থাকে।

গার্গী। বিন্ধ্যের নিকট হতে শ্রীরাধিকাকে গোকুলে নিয়ে এল কে ? ॥ ৩১

পৌর্ণমাসী ! পুত্রহারিণী পূতনা।

গার্গী। (সভয়ে) দেবি ! জাতহারিণী রাক্ষসী তো সাধারণতঃ বালকদের ভক্ষণ করে ফেলে—তার হাত থেকে এ কন্যা যে উদ্ধার পেয়েছে—এইটিই বড় সৌভাগ্যের বিষয় ॥ ৩২

পৌর্ণমাসী—পুত্রি ! লোকোত্তরাণাং কুমারাণাং সংহারায় কুমারীণাং পুনরপহারায়ৈব কংসেন সা নিযুক্তা।

গার্গী—কধং এত্থ উহঅস্সিং রণ্ণা পউত্তং ? ॥ ৩৩

পৌর্ণমাসী—দেব্যা দেবকীবালিকায়া ব্যাহারেণ।

গার্গী—কেরিসো ব্বাহারো ? ॥ ৩৪

পৌর্ণমাসী—যস্তুঙ্গেন পুরোত্তমাঙ্গমহরচ্চক্রেণ তে সঙ্গরে

যং বৃন্দারকবৃন্দবন্দিতপদদ্বন্দ্বারবিন্দং বিদুঃ।
আনন্দামৃতসিন্ধুভিঃ প্রণয়িণাং সন্দোহমান্দোলয়ন্
প্রাদুর্ভাবমবিন্দদেষ জগতীকন্দোঽদ্য চন্দ্রোদয়ে ॥ ৩৫

কিঞ্চ—

মত্তঃ সত্তমমাধুরীভিরধিকাঃ শ্বো বা পরশ্বোঽথবা
গন্তারঃ ক্ষিতিমণ্ডলে প্রকটতামষ্টৌ মহাশক্তয়ঃ।
বৃন্দিষ্ঠে গুণবৃন্দমন্দিরতয়া তত্র স্বসারাবুভে
রাজেন্দ্রো ভবিতা হরস্য চ জয়ী পাণিগ্রহীতা যয়োঃ ॥ ৩৬

গার্গীতি। কথমত্র উভয়স্মিন্ রাজ্ঞা প্রবৃত্তম্ ? ৩৩

পৌর্ণ ইতি। ব্যাহার উক্তির্লপিতং ভাষিতং বচনং বচ ইত্যমরাৎ।

গার্গীতি। কীদৃশো ব্যাহারঃ ? ৩৪

পক্ষে—সাতাশটি মুক্তায় গাঁথা নক্ষত্রমালা শ্রীরাধার বক্ষে শোভা পাচ্ছে। সদ্‌গুণৌ পুষ্পবন্তৌ বলতে গুণবান্ চন্দ্রসূর্য্যের একত্র উদয়কে বুঝাচ্ছে। পক্ষে সুন্দর সূতায় গাঁথা মালাবিশেষকে বুঝাচ্ছে। ১০২

কুন্দলতা। (বেশ গৃহের দিকে দৃষ্টিপাত করে) বৃন্দে ! সূর্য্য চন্দ্র—এই দুটির মাত্র পরাভবের কথা বলছ,—তুমি তারার (শ্রীরাধার) মহিমার কথা জান না তাই এরকম বলছ। কারণ এই রাধা তারা তাঁর নিজ তেজে লক্ষ লক্ষ সূর্য্যকে পরাভূত করেছেন এবং চন্দ্রাবলীনাথের ওপরেও তাঁর পৌরুষের সুস্পষ্ট পরিচয় পাওয়া গেছে চন্দ্রাবলীনাথ বলতে এখানে শ্রীকৃষ্ণচন্দ্রকে বুঝান হয়েছে। ১০৩

ললিতা ও বিশাখা। ওগো কুটিলে ! মিছামিছি হেসে প্রিয়সখিকে লজ্জা দিচ্ছ কেন ? ১০৪

কুন্দলতা। (সংস্কৃত ভাষায়)

রাধে ! লজ্জা ছেড়ে এবার কুঞ্জে প্রবেশ কর—এতে তোমার মঙ্গলই হবে। তুমি কন্দর্পযুদ্ধে জয়ী হবে। প্রাতঃকালে শ্রীকৃষ্ণের কাছে সখীরা তোমার এ বিজয় কীর্ত্তিগাথা উদাত্তকণ্ঠে গান করুক। ১০৫

শ্রীকৃষ্ণঃ—(স্মিতং কৃত্বা)

অন্তস্তর্ষং জগতি তৃষিতৈঃ কামমাচম্যমানঃ
শৈত্যাধারঃ সুমধুররসো বিচ্ছিনত্যেব সর্ব্বঃ।
কেয়ং রাধাবদনশশিনঃ কান্তিপীযূষধারা
যা ভূয়িষ্ঠাং প্রথয়তি মুহুঃ পীয়মানাপি তৃষ্ণাম্ ? ১০৬

শ্রীরাধা—(অপবার্য্য সংস্কৃতেন)—

চলাক্ষি গুরুলোকতঃ স্ফুরতি তাবদন্তর্ভয়ং
কুলস্থিতিরলঞ্চ মে মনসি তাবদুন্মীলতি।
চলন্মকরকুণ্ডলস্ফুরিতফুল্লগণ্ডস্থলং
ন যাবদপরোক্ষতামিদমুপৈতি বক্ত্রাম্বুজম্॥ ১০৭

কুন্দলতা—সুন্দর ! এত্থ রঅণসীহাসনে রাহিঅং আরোহেহি। ১০৮

(শ্রীকৃষ্ণস্তথা করোতি।)

শ্রীকৃষ্ণ ইতি। অন্তস্তর্ষমিত্যাদি। জগতি শৈত্যাধারো যো মধুররসঃ স সর্ব্বস্তৃষিতৈরাচম্যমানঃ সন্ কামমন্তস্তর্ষং বিচ্ছিনত্যেব। রাধিকাবদনশশিনঃ কেয়ং কান্তিপীযূষধারা। যা পীয়মানাপি মুহুর্ভূয়িষ্ঠাং তৃষ্ণাং প্রথয়তীত্যন্বয়ঃ। বিশেষোক্তিনামালঙ্কারঃ। ১০৬

শ্রীরাধেতি। চলাক্ষীত্যাদি। উদ্ভেদনাম মুখসন্ধ্যঙ্গমিদম্। তল্লক্ষণং,—বীজস্য তু য উদ্ঘাটঃ স উদ্ভেদ ইতি স্মৃত ইতি। অত্র অনুরাগবীজস্য স্বমুখেনৈবোদ্ঘাটাদুদ্ভেদঃ। যাবদিদং বক্ত্রাম্বুজমপরোক্ষতাং নোপৈতি তাবদন্তর্ভয়ং স্ফুরতীত্যন্বয়ঃ। ১০৭

কুন্দেতি। সুন্দর ! অত্র রত্নসিংহাসনে রাধিকাম্ আরোপয়। ১০৮

শ্রীকৃষ্ণ। (একটু হেসে)—

আহা ! জগতে যত শীতল মধুর রসবস্তু আছে সেই সমস্ত রস যদি অতি তৃষ্ণার্ত্ত ব্যক্তিরা পান করে তাহলে তাদের অন্তরের তৃষ্ণাও চিরতরে নিবৃত্ত হয়ে যায়—কিন্তু শ্রীরাধার বদনচাঁদের চন্দ্রিমারূপ অমৃতধারা কেমন তা জানি না—যা মুহুর্মুহু পান করলেও পুনরায় তা তৃষ্ণার মাত্রা বেশী করে বাড়িয়েই দেয়। ১০৬

শ্রীরাধা। (চুপি চুপি সংস্কৃতভাষায়)

ওগো চপলাক্ষি ! আমি যতক্ষণ পর্য্যন্ত সেই পঙ্কজনয়নের চঞ্চল-মকরকুণ্ডলস্ফুরিতগণ্ডস্থল শোভী মুখপদ্মখানি দেখতে না পাই ততক্ষণ আমার মনে গুরুজন থেকে আন্তরিক ভয় স্ফুর্ত্তি পায় —আর কুলমর্য্যাদা লঙ্ঘনের আশঙ্কাও হৃদয়ে উদিত হতে থাকে। (অভয়কে না পাওয়া পর্য্যন্ত ভয় থাকা তো স্বাভাবিক।) ১০৭

কুন্দলতা। সুন্দর ! এই রত্নসিংহাসনে শ্রীরাধাকে আরোহণ করাও। ১০৮

শ্রীকৃষ্ণ। (তাই করলেন)

ললিতা—হলা ! তক্কিস্সদি জণো তা থম্হেহি সংখউড়ারঅং। ১০৯

(প্রবিশ্য) শঙ্খচূড়ঃ—(লতান্তরে স্থিত্বা) গোঅড্ঢণবণ্ণিদলক্খণা কুমরী এসা রঅণসীহাসনে রেহই, তা ওসরং জানিঅ অপ্পণো কম্মং অনুচিট্ঠিস্সং। ১১০

শ্রীকৃষ্ণঃ—প্রিয়ে ! ক্ষণমলঙ্কিয়তাং মদূরুগারুত্মতপীঠম্। ১১১

শ্রীরাধা—গোউলজুঅরাঅ ! তুম্হাদিসাণং পুরিসুত্তমাণং ণ জুত্তং কুলবালিআণং ধম্মবিদ্ধংসণং। ১১২

(নেপথ্যে) হা ণত্তিণি রাহিএ ! চিরং কহিং গদাসি ? ১১৩

শ্রীকৃষ্ণঃ। কুন্দলতে ! কথমিয়ং মুখরা বিলপতি ? ১১৪

ললিতেতি। সখি ! তর্কিষ্যতি জনো তস্মাৎ স্তম্ভয় শঙ্খচূড়ারবম্। শঙ্খস্য চূড়াশ্চূড়ীতি প্রসিদ্ধা বলয়াস্তাসাং রবম্। পক্ষে তন্নামযক্ষস্য রবম্। ১০৯

শঙ্খচূড় ইতি। গোবর্দ্ধনবর্ণিতলক্ষণা কুমারী এষা রত্নসিংহাসনে রাজতে ; তৎ অবসরং জ্ঞাত্বা কর্মানুষ্ঠানং করিষ্যামি।

শ্রীকৃষ্ণ ইতি। গারুত্মতপীঠম্ ইন্দ্রনীলমণিপীঠম্। ১১১

শ্রীরাধেতি। গোকুলযুবরাজ ! যুষ্মদ্দৃশানাং পুরুষোত্তমানাং ন যুক্তং কুলবালিকানাং ধর্মবিধ্বংসনম্। ১১২

(নেপথ্যে) হা নষ্টি রাধে ! চিরং কুত্র গতাসি ? ১১৩

ললিতা। সই ! পাছে লোকে কিছু বলে তাই শঙ্খচূড় অর্থাৎ শাঁখার (চুড়ী) শব্দকে নীরব কর। পক্ষে শঙ্খচূড় নামক যক্ষের রব। ১০৯

(শঙ্খচূড়ের প্রবেশ)

শঙ্খচূড়। (লতান্তর থেকে) গোবর্দ্ধনমল্ল যে লক্ষণ বলেছিল—ঠিক সেই লক্ষণই তো দেখতে পাচ্ছি এই রত্নসিংহাসনে উপবিষ্টা কুমারীর মধ্যে রয়েছে—তাহলে অবসর বুঝে আমার কর্ত্তব্য করি। ১১০

(এই বলে লতাজালের মধ্যে লুকিয়ে রইল)

শ্রীকৃষ্ণ। প্রিয়ে ! কিছুক্ষণের জন্য আমার উরুরূপ মরকতমণির আসন গ্রহণ করে তাকে শোভিত কর। ১১১

শ্রীরাধা। ওহে গোকুল যুবরাজ ! তোমাদের মত পুরুষোত্তমদের কি আমাদের মত কুলবালাদের ধর্ম নষ্ট করা সাজে ? ১১২

(নেপথ্যে) হায় ! হায় ! ও নাত্নি রাধিকে ! তুমি এতক্ষণ ধরে কোথায় গিয়ে রইলে ? ১১৩

শ্রীকৃষ্ণ। কুন্দলতে ! মুখরা বিলাপ করছে কেন ? ১১৪

কুন্দলতা—(বিহস্স) মোহন! জহিং তুম্হাদিসো ণিউঞ্জণাঅরো লীলাবাঙ্গং তরঙ্গেদি, তহিং বুড্ঢিআণং বিলাবস্স কা কৃখু দরিদ্দদা? ১১৫

(প্রবিশ্য) মুখরা—(পুরো রাধামাধবৌ পশ্যন্তী স্বগতম্) হা হদ দেবব! ণং হরিঅন্দণং উজ্ঝিঅ এসা কপ্পলদা কীস তুএ এরণ্ডং লম্ভিদা? (প্রকাশম্) হা বচ্ছে! ইমস্স জেব্ব লম্পডচূড়ামণিণো কীলাকুরঙ্গী সংবুত্তাসি। ১১৬

ললিতা—(সালীকম্) অজ্জে! পেক্খ, এসো কণ্হো মোট্টিমং অম্হবিড়ম্বণং করেদি। ১১৭

মুখরা—অরে রঅণারীঅ! চিট্ঠ চিট্ঠ। ১১৮

শ্রীকৃষ্ণঃ—(স্বগতম্) কঠোরেয়ং জরতী, তদহমন্তর্হিতো ভবেয়ম্। ১১৯

কুন্দেতি। মোহন! যস্মিন্ ত্বাদৃশো নিকুঞ্জনাগরো লীলাপাঙ্গং তরঙ্গয়তি, তস্মিন্ বৃদ্ধানাং বিলাপস্য কা খলু দরিদ্রতা। ১১৫

মুখরেতি। স্বগতং মনসি ব্রবীতীত্যর্থঃ। হা হত দৈবং! এতং হরিচন্দনং ত্যক্ত্বা এষা কল্পলতা কস্মাৎ ত্বয়া এরণ্ডং লম্ভিতা প্রাপিতা। হা বৎসে! অস্যৈব লম্পটচূড়ামণেঃ ক্রীড়াকুরঙ্গী সংবৃত্তাসি, এরণ্ডমভিমন্যুরিত্যর্থঃ। কৃষ্ণস্বস্যাঃ স্নেহপাত্রম্ অতঃ স্নেহেনেদমুক্তং কৌতুকং প্রকাশয়িতুমাহ বৎসে। ১১৬

ললিতেতি। আর্য্যে! পশ্য এষ কৃষ্ণো বলাদস্মদ্বিড়ম্বনং করোতি। দাক্ষিণ্যনাম নাটকভূষণমিদম্, তল্লক্ষণং,—দাক্ষিণ্যন্তু ভবেদ্বাচা পরচিত্তানুবর্তনমিতি। অত্র ললিতায়া মুখরাচিত্তানুবৃত্তির্দক্ষিণ্যম্। ১১৭

মুখরেতি। অরে রতনারীক! তিষ্ঠ তিষ্ঠ। ১১৮

কুন্দলতা। (হেসে) মোহন! যেখানে তোমার মত নিকুঞ্জনাগরেন্দ্র লীলমাধুর্য্যে অপাঙ্গ তরঙ্গ বিস্তার করছেন—সেখানে বৃদ্ধাদের আর বিলাপকরা ছাড়া কি গতি আছে বল? ১১৫

(মুখরার প্রবেশ)

মুখরা। (সামনে রাধামাধবকে দেখে মনে মনে)

হা বিধাতঃ তোমার পোড়া কপাল! এই হরিচন্দনকে ত্যাগ করে কেন তুমি এরণ্ডবৃক্ষে কল্পলতাকে সমর্পণ করলে? অর্থাৎ হরিচন্দনরূপকৃষ্ণকে ত্যাগ করে শ্রীরাধাস্বরূপ কল্পলতাকে এরণ্ড বৃক্ষরূপ অভিমন্যুর সঙ্গে কেন মিলিত করালে? (প্রকাশ্যে বললেন) ওগো বাছা! লম্পটচূড়ামণির ক্রীড়াপুতলী হলে কেন? (কৃষ্ণ মুখরার বিশেষ স্নেহের পাত্র তাই মুখরা স্নেহে এ কথা বলছেন) ১১৬

ললিতা। (মিছামিছি বললেন) আর্য্যে দেখুন। দেখুন! এই শ্রীকৃষ্ণ জোর করে আমাদের সঙ্গে এইরকম ব্যবহার করছেন। ১১৭

মুখরা। ওরে লম্পট! থাম্ থাম্। ১১৮

শ্রীকৃষ্ণ। (মনে মনে) এই বৃদ্ধা ভারি নিষ্ঠুর—যাই, আমি লুকিয়ে থাকি। (এই বলে গোপনভাবে রইলেন) ১১৯

মুখরা—(সাক্রোশম্) ললিদে ! ধরেহি ধরেহি ণং ধুত্তঅং। ১২০

ললিতা—হুঁ, এণ্‌হিং কিংত্তি পলাএসি ? ১২১

মুখরা—(ধাবন্তী পুরঃ কুঞ্জমাসাদ্য সতর্জ্জনম্) দিট্‌ঠিআ লদ্ধোসি, রে কুরুঙ্গাঅলী-ভুঅঙ্গ ! দিট্‌ঠিআ লদ্ধোসি। ১২২

শ্রীকৃষ্ণঃ (সাতঙ্কমাত্মগতম্) হন্ত ! ঘনান্ধকারে কথমন্ধকল্পয়াপি জরত্যা দৃষ্টোঽস্মি ? ১২৩

(মুখরা শিরঃ সঞ্চাল্য সঞ্চাল্য মুহুর্নিভালয়তি।) ১২৪

শ্রীকৃষ্ণঃ—(স্বগতম্) নূনমাকাশকুসুমদৃষ্টিরেবাসৌ জরত্যাঃ। ১২৫

মুখরা – অম্মো ! তিমিরপুঞ্জো জেব্ব এসো। ১২৬

(শ্রীকৃষ্ণঃ স্মিতং করোতি) ১২৭

মুখরা—(অন্যতো গত্বা) হুঁ দাণিং জেব্ব লদ্ধোসি। (পুনর্নিভাল্য সশঙ্কম্) রে ধুত্তআ ! বারাহ-ণারসীহাদিবহুরূবোসি ত্তি সচ্চং পোণ্ণমাসীএ কহিজ্জসি, জং ইমিণা ভাণুভাসুরেণ ভীসণরূবেণ মং ভীসঅন্তো নিক্কমসি। ১২৮

মুখরেতি। ললিতে ! ধারয় ধারয় এনং ধূর্তকম্। ১২০

ললিতেতি। হুঁ ইদানীং কিমিতি পলায়সি। হুঁমুঙ্গিশ্যাহ হুঁমিতি স্বীকারে। মুখরাবাক্যং স্বীকৃত্য কৃষ্ণং প্রত্যাহেত্যর্থঃ। ১২১

মুখরেতি। তিমিরপুঞ্জং কৃষ্ণং মত্বা। কুরঙ্গাবলী-ভুজঙ্গ ! দিষ্ট্যা লব্ধোঽসি। কুরঙ্গাবলীভুজঙ্গ কোটরাবলী-সর্পঃ। কুরঙ্গঃ কোটরোঽস্ত্রিয়ামিতি কোষঃ। পক্ষে কুঞ্জাবলীস্থাসু কামুক। মঞ্চাঃ ক্রোশন্তীবল্লক্ষাণা, কামুকে সর্পে ইতি কোষঃ। ১২২

মুখরা। (আক্রোশের সঙ্গে) ললিতে ! এই ধূর্ত্তকে ধরত ধরত। ১২০

ললিতা। (মুখরার মুখের কথা কেড়ে নিয়ে) হুঁ, এখন কোথায় পালাচ্ছ ? ১২১

মুখরা। (দৌড়ে গিয়ে সামনের কুঞ্জে প্রবেশ করে তর্জ্জন করে বললেন) ভাগ্যগুণে পেয়ে গেছি। আরে কুরঙ্গাবলীভুজঙ্গ ! অর্থাৎ কোটরাবলী-সর্প ! কুরঙ্গ অর্থে কোটর। অপরপক্ষে কুঞ্জে থাকা কামুক ! এইবার তোকে ভাগ্যক্রমে পেয়েছি। ১২২

শ্রীকৃষ্ণ। (ভয় পেয়ে মনে মনে) বুড়ী তো প্রায় চোখে দেখতেই পায় না। হায় ! হায় ! সে কেমন করে আমাকে এই অন্ধকারে দেখতে পেল ? ১২৩

মুখরা। (মাথা ঘুরিয়ে ঘুরিয়ে বার বার দেখতে লাগল) ১২৪

শ্রীকৃষ্ণ। (মনে মনে) বৃদ্ধার দৃষ্টি তো আকাশ কুসুমের মত মনে হচ্ছে। ১২৫

মুখরা। ওমা ! এ যে দেখছি ঘন অন্ধকার। ১২৬

শ্রীকৃষ্ণ। (মৃদু মৃদু হাসতে লাগলেন) ১২৭

মুখরা। (অন্যদিকে গিয়ে) হ্যাঁ, হ্যাঁ, এবারে ঠিক ধরেছি। (আর একবার দেখে শঙ্কার সঙ্গে) আরে ধূর্ত্ত ! তুই বরাহ, নৃসিংহ প্রভৃতি অনেক অনেক রূপ ধারণ করে থাকিস্ পৌর্ণমাসী

শঙ্খচূড়ঃ—দিট্‌ঠিআ মুত্তীভূদবিক্কমচক্কবালস্‌স বালস্‌স দিট্‌ঠীবঞ্চিদা। ১২৯

সর্ব্বাঃ—(সমীক্ষ্য সত্রাসম্) অজ্জে! পরিত্তাহি পরিত্তাহি। ১৩০

মুখরা—(সরোষম্) রে সামলা! ন জুত্তং কৃথু এদং। ১৩১

ললিতা—হা হদবুদ্ধিএ! ঈদিসং দারুণং বি কণ্‌হং আসংকেসি? ১৩২

শঙ্খচূড়ঃ—সুহিত্তমস্‌স কংসভূবইণো কামং অবঞ্‌ঝং কাদুং ণং সসীহাসণং জেব্ব পোমিণিঅং সিরে ঘেত্তূণ নইস্‌সং। ১৩৩

সর্ব্বাঃ।—(সব্যামোহম্) হা কণ্‌হ! কুদোসি? ১৩৪

মুখরেতি। শঙ্খচূড়ং কৃষ্ণং মত্বাহ। হুঁমিদানীমেব লব্ধোঽসি। রে ধূর্ত! বরাহনরসিংহাদিবহুরূপোঽসীতি, সত্যং পৌর্ণমাস্যা কথ্যতে, যৎ অনেন ভানুনা ভীষণরূপেণ ভীষয়ন্তো নিষ্ক্রমসি।

শঙ্খচূড়েতি। দিষ্ট্যা মূর্তীভূতবিক্রমচক্রবালস্য কৃষ্ণাখ্যবালকস্য দৃষ্টি র্বঞ্চিতা। ১২৯

সর্ব্বেতি। আর্য্যে! পরিত্রাহি পরিত্রাহি। ১৩০

মুখরেতি। রে শ্যামলা! ন যুক্তং খলু এতৎ। ১৩১

ললিতেতি। হা হতবুদ্ধিকে। ঈদৃশং দারুণমপি কৃষ্ণম্ আশঙ্কসে। ১৩২

শঙ্খচূড় ইতি। সুহৃত্তমস্য কংসভূপতেঃ কামম্ অবন্ধ্যং কর্ত্তুং এনাং সসিংহাসনামেব পদ্মিনীং শিরসি গৃহীত্বা নয়িষ্যে। ১৩৩

সর্ব্বা ইতি। হা কৃষ্ণ! কুতোঽসি? ১৩৪

দেবী এ কথা ঠিকই বলেছেন—কারণ এখন সূর্য্যের মত ভীষণ তেজস্বী রূপ ধারণ করে আমাকে ভয় দেখিয়ে পালিয়ে গেলি। ১২৮

শঙ্খচূড়। আমার কি সৌভাগ্য! এই বালক কৃষ্ণ যেন মূর্ত্তিমান বিক্রম--কিন্তু আমি তার দৃষ্টি থেকে বঞ্চিত হয়েছি। অর্থাৎ শ্রীকৃষ্ণ আমাকে দেখতেই পায়নি। (এই বলে কুমারী হরণ করবার জন্য যেতে লাগল) ১২৯

সকলে। (দেখে, ভয় পেয়ে) আর্য্যে! রক্ষা কর, রক্ষা কর। ১৩০

মুখরা। (ক্রোধের সঙ্গে) ওরে শ্যামলা! এমন কাজ তো ভাল নয়। ১৩১

ললিতা। হায় বৃদ্ধে! তোমার বুদ্ধি কি লোপ পেল? এমন নিষ্ঠুর ব্যক্তিকেও কৃষ্ণ বলে মনে করছ? ১৩২

শঙ্খচূড়। প্রিয়বন্ধু কংসরাজার বাসনা পূরণ করবার জন্য সিংহাসনসমেতই এই পদ্মিনীকে মাথায় করে নিয়ে যাই। ১৩৩

(এই বলে ঠিক সেই কাজ করবার জন্য চলে গেল)

সকলে। (আর্ত্তভাবে) হায় হায়! কৃষ্ণ! তুমি কোথায় আছ? ১৩৪

শ্রীকৃষ্ণঃ—(কুঞ্জান্নিষ্ক্রম্য সবিষাদম্)—

আনীতাসি ময়া মনোরথশতব্যগ্রেণ নির্ব্বন্ধতঃ
পূর্ণং শারদপূর্ণিমাপরিমলৈ র্বৃন্দাটবীকন্দরম্।
সদ্যঃ সুন্দরি শঙ্খচূড়কপটপ্রাপ্তোদয়েনাধুনা
দৈবেনাদ্য বিরোধিনা কথমিতস্ত্বং হন্ত দূরীকৃতা ?

(ইতি সংরম্ভেণ পরিক্রামন্)—আর্য্যে ! মা ভৈষীঃ, এষ নেদীয়ানস্মি। ১৩৫

মুখরা। (সাস্রম্) চন্দমুহ ! বিজয়লচ্ছীএ সঅংবরিদো হোহি। ১৩৬

শ্রীকৃষ্ণঃ। (সাটোপম্)—রে রে দুষ্ট !

রাধাপরাধিনি মুহুস্ত্বয়ি যন্ন শাস্তিং শক্নোমি কর্ত্তুমখিলাং গুরুরেষ খেদঃ।
সর্ব্বাঙ্গীণেয়মভিধাবতি লুপ্তধর্ম্মা ত্বাং মুক্তিকালরজনী বত কিং করিষ্যে ?

(ইতি নিষ্ক্রান্তঃ।) ১৩৭

কৃষ্ণ ইতি। আনীতাসীত্যাদি। নির্ব্বন্ধত আগ্রহাৎ, শারদপূর্ণিমায়াং যে পরিমলা মনোহরগন্ধাস্তৈঃ। বিমর্দ্দোত্থে পরিমলে গন্ধে জনমনোহরে ইত্যমরঃ। শঙ্খচূড়স্য কপটেন ছলেন প্রাপ্ত উদয়ো যেন সংতেন। সংরম্ভেণ ক্রোধোদ্ভূতমাটোপেন। এষ নেদীয়ান্ অহং নিকটোঽস্মি। ১৩৫

মুখরেতি। চন্দ্রমুখ ! বিজয়লক্ষ্ম্যা স্বয়ংবরিতো ভব।

কৃষ্ণ ইতি। রাধাপরাধিনীত্যাদি। মুখাদিসন্ধিস্বঙ্গানামশৈথিল্যায় সর্ব্বতঃ। সন্ধ্যন্তরাণি যোগ্যানি তত্র তত্রৈকবিংশতিঃ। সন্ধ্যন্তরৈকবিংশত্যন্তরে দণ্ডনাম সন্ধ্যন্তরমিদম্। তল্লক্ষণং,—দণ্ডস্ত্ববিনয়াদীনাং দৃষ্ট্যা শ্রুত্বা চ তর্জ্জনমিতি। অত্র শঙ্খচূড়তর্জ্জনং দণ্ডঃ। অখিলাং সমগ্রাং মুক্তিরূপা কালরজনী। ১৩৭

শ্রীকৃষ্ণ। (কুঞ্জ থেকে বেরিয়ে এসে বিষণ্ণভাবে)

প্রিয়ে ! আজ আমি বড় আশা করে বড় আগ্রহে এই শারদপূর্ণিমার চন্দ্রিমা বাসিত শ্রীবৃন্দাবনের নিকুঞ্জ মন্দিরে তোমাকে নিয়ে এসেছিলাম কিন্তু বিধাতা আজ বাম তাই কপট শঙ্খচূড়ের বেশে সে-ই যেন এসে হঠাৎ তোমাকে এই স্থান থেকে সরিয়ে নিয়ে গেল—এটি কেমন করে সম্ভব হল আমি তো বুঝতে পারছি না।

(এই বলে সক্রোধে ভ্রমণ করতে লাগলেন)

আর্য্যে ! ভয় পেও না, ভয় পেও না—এই আমি এসে পড়েছি। ১৩৫

মুখরা। (রোদন করতে করতে) ওগো চন্দ্রবদন ! বিজয়লক্ষ্মী স্বয়ং তোমাকে বরণ করুন। ১৩৬

শ্রীকৃষ্ণ। (গর্ব্বভরে) ওরে দুষ্ট ! রাধাকে অপহরণ করে তুই যে অপরাধ করেছিস্—সেই অত্যন্ত দুরাচার তোর যতক্ষণ প্রচণ্ড শাস্তিবিধান করতে না পারছি ততক্ষণ আমার অন্তরের খেদ মিটবে না। সর্ব্বধর্মবিনাশী কালরাত্রির কবলে তুই পড়েছিস্ -আমি আর এ বিষয়ে কি করব ? ১৩৭

(এই বলে শঙ্খচূড়ের কাছে গেলেন)

কুন্দলতা—ললিদে ! পেক্খ পেক্খ, এসো হদাসো রাহিঅং উজ্ঝিঅ কণ্হেণ জোদ্ধুং বিক্কমেদি। ১৩৮

(নেপথ্যে) স্থূলস্তালভুজোন্নতির্গিরিতটীবক্ষাঃ ক্ব যক্ষাধমঃ
ক্বায়ং বালতমালকন্দলমৃদুঃ কন্দর্পকান্তঃ শিশুঃ ?
নাস্ত্যন্যঃ সহকারিতাপটুরিহ প্রাণী ন জানীমহে
হা গোষ্ঠেশ্বরি কীদৃগদ্য তপসাং পাকস্তবোন্মীলতি ॥ ১৩৯

(সর্ব্বাঃ সমাকর্ণ্য ব্যামোহং নাটয়ন্তি।)

(প্রবিশ্যাপটীপেক্ষপেণ পৌর্ণমাসী) ১৪০

পৌর্ণমাসী—পুত্রি ললিতে ! মা ব্যথিষ্ঠাঃ, ক্ষিপ্রং খলস্ফুলিঙ্গমেতং লব্ধনির্ব্বাণং জানীহি। ১৪১

(নেপথ্যে) দোর্দণ্ডাটোপভঙ্গীবিকটরিপুবপুর্ঘট্টনা-দর্দ্দুরূঢ়ঃ
ক্রীড়ন্নুদ্দণ্ডদংষ্ট্রাঙ্কুরকুটিলতটোচ্চণ্ডতুণ্ডান্তরস্থ।
দিব্যচ্চণ্ডাংশুবিম্বপ্রতিভটমটবীমণ্ডলে দণ্ডকোট্যা
ব্যাকর্ষন্ পিঞ্ছচূড়ো হরতি মুকুটতঃ শঙ্খচূড়স্য রত্নম্ ॥ ১৪২

কুন্দেতি। ললিতে ! পশ্য পশ্য, এষ হতাশো রাধিকাং ত্যক্ত্বা কৃষ্ণেন যোদ্ধুং ক্রামতি। সংশয়নাম নাটক-ভূষণমিদম্। তল্লক্ষণম্,—অনিশ্চয়ান্তং তদ্বাক্যং সংশয়ঃ স নিগদ্যতে ইতি। অত্র সংশয়েনৈব বাক্যসমাপ্তেঃ সংশয়নাম নাটকভূষণম্। ১৩৮

পৌর্ণেতি। পুত্রি ললিতে ! স্ফুলিঙ্গম্ অগ্নিকোণম্। স্ফুলিঙ্গপক্ষে নির্ব্বাণঃ শান্তিঃ, খলপক্ষে মুক্তিঃ। ১৪১

(নেপথ্যে) দোর্দণ্ডেত্যাদি। পিঞ্ছচূড়ঃ শ্রীকৃষ্ণোঽটবীমণ্ডলে শঙ্খচূড়স্য মুকুটতো রত্নং দণ্ডকোট্যা ব্যাকর্ষন্ সন্ হরতীত্যন্বয়ঃ। দর্দ্দুরূঢ়ঃ প্রগল্‌ভঃ, জম্বুকাঃ শৃগালাঃ। ১৪২

কুন্দলতা—ললিতে ! দেখ, দেখ, এই হতাশ যক্ষ (শঙ্খচূড়) শ্রীরাধাকে ত্যাগ করে শ্রীকৃষ্ণের সঙ্গে যুদ্ধ করবার জন্য শক্তি প্রকাশ করছে। ১৩৮

(নেপথ্যে)

কোথায় এই স্থূলতালবৃক্ষের মত উন্নতবাহু ও পর্ব্বততটের মত বিস্তৃতবক্ষঃস্থল অধম যক্ষ শঙ্খচূড় আর কোথায়ই বা এই কিশোর তমালবৃক্ষের মত কোমল ও কামদেবের মত কমনীয় শিশু ! তার ওপর আবার এখানে এর কোন উপযুক্ত সাহায্যকারীকেও তো দেখতে পাচ্ছি না—হায় গোষ্ঠেশ্বরি ! জানি না, আজ তোমার তপস্যার ফল কেমন ফলবে ! ১৩৯

(সকলে এ কথা শুনে বিষণ্ণ হলেন)

(বসন-আবৃতা হয়ে পৌর্ণমাসীর প্রবেশ) ১৪০

পৌর্ণমাসী। পুত্রি ললিতে ! আর দুঃখ করো না—এই খল স্ফুলিঙ্গ শীঘ্রই নির্ব্বাপিত হবে। ১৪১

(নেপথ্যে)

ময়ূরপুচ্ছধারী শ্রীকৃষ্ণ নিজের বাহুবলে শত্রুধ্বংস করে গর্ব্বিত হয়েছিলেন—বনের মাঝে ভ্রমণ

পৌর্ণমাসী—দিষ্ট্যা রত্নাকৃষ্টিমিষাদয়মাকৃষ্টজীবো ব্যধায়ি। তেনাদ্য বৃন্দাটবীজম্বূকানাং পারণোৎসবায় সম্পৎস্যতে। (পুনর্নিরূপ্য সহর্ষম্) পশ্যত পশ্যত, বিচ্যুতরক্ষোঽয়ং যক্ষো ভঙ্গমঙ্গীচকার। ১৪৩

(পুনর্নেপথ্যে) মুষ্টিনা ঝটিতি পুণ্যজনোঽয়ং হন্ত পাপবিনিবেশিতচেতাঃ।
পুণ্ডরীকনয়নেন সখেলং দণ্ডিতঃ সকলজীবিতবিত্তম্॥ ১৪৪

পৌর্ণমাসী—(পুরো দৃষ্ট্বা সানন্দম্)—
বিকটসমরধাটী-ধৃষ্টতাধ্বংসিতারি র্বিলুঠদমলচূড়শ্চণ্ডিমাড়ম্বরেণ।
কৃতকুসুমবিসর্গৈঃ স্বর্গিভিঃ শ্লাঘ্যমানো মধুরিপুরয়মস্মোর্মোদমাবিষ্করোতি॥ ১৪৫

পৌর্ণেতি। মিষাৎ ছলাৎ আকৃষ্টজীবঃ আকৃষ্টপ্রাণঃ কৃষ্ণেন ব্যধায়ি। সম্পৎস্যতে সম্যক্ ভবিষ্যতি। বিচ্যুতা রক্ষা রক্ষারূপমণির্যস্মাৎ সঃ। ১৪৩

(পুনর্নেপথ্যে) মুষ্টিনেত্যাদি বধনাম সন্ধ্যন্তরমিদম্। তল্লক্ষণম্,—বধস্তু জীবিতদ্রোহক্রিয়া স্যাদাততায়িন ইতি, অত্র শঙ্খচূড়বধঃ। পুণ্ডরীকনয়নেনায়ং পুণ্যজনঃ সকলজীবিতবিত্তং মুষ্টিনা দণ্ডিতঃ দণ্ডির্দ্বিকর্মকঃ। পুণ্যজনো গৌণকর্ম জীবিতরূপবিত্তং মুখ্যকর্ম। পুণ্যজনাৎ জীবিতবিত্তমাকৃষ্টমিত্যর্থঃ। ১৪৪

পৌর্ণেতি। বিকটা যা সমরধাটী সমরে আক্রমণং, বলাদাক্রমণং ধাটীত্যমরঃ। তস্যা যা ধৃষ্টতা প্রাগল্‌ভ্যং তয়া ধ্বংসিতো হরির্যেন সঃ। চণ্ডিমাড়ম্বরেণ ক্রোধারম্ভেণ বিলুঠন্ত্যমলা চূড়া যস্য সঃ। ১৪৫

করতে করতে শঙ্খচূড়ের মুকুট থেকে সূর্য্যের তেজের মত তেজোময় রত্নটি দণ্ডের অগ্রভাগ দিয়ে আকর্ষণ করে হরণ করলেন। সুদীর্ঘ দন্তাঙ্কুরে ও বিরাট মুখগহ্বরে শঙ্খচূড়কে ভয়ানক দেখাচ্ছিল। ১৪২

পৌর্ণমাসী। আহা কি সৌভাগ্য! শ্রীকৃষ্ণ রত্ন আকর্ষণ করবার ছলে যে শঙ্খচূড়ের জীবনও আকর্ষণ করলেন দেখছি! যাই হোক্, আজ তাহলে বৃন্দাবনের শৃগালদলের মহাসমারোহে পারণোৎসব হবে।

(পুনরায় ভালকরে দেখে সহর্ষে)

দেখ, দেখ, রক্ষামণি ছাড়া হওয়ায় এই যক্ষের মৃত্যু হয়ে গেল। ১৪৩

(পুনরায় নেপথ্যে)

কি আশ্চর্য্য! পুণ্ডরীকাক্ষ খেলাচ্ছলে শুধু মুষ্টি আঘাতে কত তাড়াতাড়ি এই পাপ যক্ষের সমস্ত জীবন নিঃশেষ করে দিলেন। ১৪৪

পৌর্ণমাসী। (সামনে দৃষ্টিপাত করে আনন্দের সঙ্গে)—

আহা! শ্রীকৃষ্ণ সমরাঙ্গনে বিশেষ পারদর্শী—তার প্রভাবে শত্রুকে বিনাশ করে ক্রোধে উন্মত্ত হওয়ায় তাঁর সুন্দর চূড়া ভূমিতে লুটিয়ে পড়েছে। স্বর্গবাসী দেবতারাও পুষ্পবর্ষণ করে শ্রীকৃষ্ণের বন্দনা করছেন। ইনি আমার নয়নযুগলকে আনন্দে আপ্লুত করলেন। ১৪৫

বিশাখা—ভঅবদি ! পেক্খ সুগহিদণামং রামং অগ্‌গে কদুঅ সব্বে সহঅরা সমাঅদা। ১৪৬

পৌর্ণমাসী—পুরুষোত্তমেন দত্তোঽয়ং রামায় রমণীয়ো মণীন্দ্রঃ। ১৪৭

ললিতা—পেক্খ, বঅস্‌সউলং পত্থাবিঅ এক্কো জেব্ব মাহবো রাহিঅং অণুসপ্পদি। ১৪৮

পৌর্ণমাসী—পশ্য, পশ্য—

ভয়বাধিততরাধিকোপগূঢ়ঃ প্রচলাগ্রপ্রচলাক-চারুচূড়ঃ।
বদনোল্লসিত-শ্রমাম্বুবৃন্দঃ সবিধং সুন্দরি বিন্দতে মুকুন্দঃ॥ ১৪৯

(প্রবিশ্য যথানির্দ্দিষ্টঃ শ্রীকৃষ্ণঃ)

হা নেত্রনিন্দিত-কলিন্দসুতারবিন্দ গোবিন্দ গোকুলপুরন্দরনন্দনাদ্য।
মাং রক্ষ রক্ষ তরসেতি কৃতার্ত্তনাদাং রাধামধীরনয়নাং ন হি বিস্মরামি॥ ১৫০

পৌর্ণমাসী—(পরিক্রম্য) যশোদামাতরুৎখাতচিন্তাশল্যাস্মি কৃতা। (ইতি সরাধং মাধবমালিঙ্গতি)। ১৫১

বিশাখেতি। ভগবতি ! পশ্য সুগৃহীতনামানং রামমগ্রে কৃত্বা সর্ব্বে সহচরাঃ সমাগতাঃ। অসৌ সুগৃহীতনামা স্যাৎ প্রাতরুত্থায় যং স্মরেদিতি কোষঃ। ১৪৬

ললিতেতি। পশ্য বয়স্যকূলং প্রস্থাপ্য এক এব মাধবো রাধিকাম্ অনুসর্পতি। ১৪৮

পৌর্ণেতি ! হে সুন্দরি ! মুকুন্দঃ সবিধং নিকটং বিন্দতি প্রাপ্নোতি ভয়েন বাধিতা যা রাধিকা তয়োপগূঢ়ঃ প্রচলাগ্রেণ প্রচলাকেন ময়ূরপুচ্ছেন চারুশ্চূড়া যস্য সঃ। ১৪৯

শ্রীকৃষ্ণ ইতি। নেত্রাভ্যাং নিন্দিতে কলিন্দসুতায়া অরবিন্দে কমলে যেন তৎ সম্বোধনম্। ১৫০

বিশাখা। ভগবতি ! দেখুন দেখুন—সুগৃহীত নামক বলদেবকে অগ্রে করে সখাগণ উপস্থিত হয়েছেন। (প্রাতঃকালে যাঁর পবিত্র নাম স্মরণ করে শয্যাত্যাগ করা হয়—তাঁকে সুগৃহীতনামা বলে ১৪৬

পৌর্ণমাসী। এই যে রমণীয় মণিটি দেখছ—এটি পুরুষোত্তম (শ্রীকৃষ্ণ) বলরামকে দিয়েছেন। ১৪৭

ললিতা। দেখুন—মাধব সখাদের বিদায় দিয়ে একাই শ্রীরাধার অনুসরণ করছেন। ১৪৮

পৌর্ণমাসী। সুন্দরি ! দেখ, দেখ ! ভয়কাতরা শ্রীরাধাকে আলিঙ্গন করে মুকুন্দ আমাদের দিকেই আসছেন। তাঁর মাথার ময়ূরপাখার চূড়াটি ইতস্ততঃ বিস্রস্ত হয়েছে—শ্রান্তির ফলে তাঁর বদনে বিন্দু বিন্দু ঘাম দেখা দিয়েছে তাতে ভারি চমৎকার দেখাচ্ছে। ১৪৯

(যথানির্দ্দিষ্ট শ্রীকৃষ্ণের প্রবেশ)

শ্রীকৃষ্ণ। হায়, হায় ! ভয়বিহ্বলা শ্রীরাধার সেই অবস্থাটি আমি কিছুতেই ভুলতে পারছি না—হা প্রস্ফুটিতপঙ্কজনয়ন ! হা গোবিন্দ ! হা গোকুল-রাজনন্দন—আমাকে শীঘ্র রক্ষা কর ! রক্ষা কর—শ্রীরাধার কণ্ঠের এই আকুল আর্ত্তনাদ আজও আমার কাণে বাজছে। ১৫০

পৌর্ণমাসী। (পরিক্রমা করে) ওগো যশোদানন্দন ! এতক্ষণে আমি চিন্তামুক্ত হলাম। (এই বলে শ্রীরাধার সঙ্গে মাধবকে আলিঙ্গন করলেন।) ১৫১

মুখরা—(পাণিভ্যাং হরিং নির্মঞ্ছ্য) বীর ! আরাহিআ দে রাহিআ দিট্‌ঠিআ রক্‌খিদা। ১৫২

(প্রবিশ্য) মধুমঙ্গলঃ—পিঅবঅস্‌স এসো মণিন্দো রামেণ রাহিআএ দিণ্ণো। ১৫৩

শ্রীকৃষ্ণঃ—কৌস্তভস্য কুটুম্বং মণীনাং গ্রামণীরয়ং রাধাগ্রেবেয়কতামর্হতি। ১৫৪

ললিতা—জধা দিসদি ভবং। ১৫৫

শ্রীকৃষ্ণঃ—তদাগচ্ছত, দুষ্টবিজয়েনামুনা পিতরাবানন্দয়াম। (ইতি নিষ্ক্রান্তঃ) ১৫৬

(ইতি নিষ্ক্রান্তাঃ সর্ব্বে।)

ইতি শ্রীশ্রীললিতমাধবনাটকে শঙ্খচূড়বধো
নাম দ্বিতীয়োঽঙ্কঃ॥

মুখরেতি। বীর ! আরাধিতা তে রাধিকা দিষ্ট্যা রক্ষিতা। ১৫২

মধু ইতি। প্রিয়বয়স্য ! এষ মণীন্দ্রো রামেন রাধিকায়ৈ দত্তঃ। ১৫৩

শ্রীকৃষ্ণ ইতি। কৌস্তভতুল্যমণীনাং মধ্যে শ্রেষ্ঠোঽয়ম্, রাধাগ্রেবেয়কতাং কণ্ঠভূষণতাম্। ১৫৪

ললিতেতি। যথা দিশতি ভবান্। ১৫৫

ইতি শ্রীশ্রীললিতমাধবনাটকে শঙ্খচূড়বধো নাম দ্বিতীয়োঽঙ্কঃ।

মুখরা। (হাত দুখানি দিয়ে শ্রীহরির মুখারবিন্দ মার্জন করে) বীর ! বড় ভাগ্যগুণে আজ শ্রীরাধা তোমার দ্বারা রক্ষিতা হয়েছে। ১৫২

(মধুমঙ্গলের প্রবেশ)

মধুমঙ্গল। প্রিয়বয়স্য ! বলরাম শ্রীরাধাকে এই মণিটি উপহার দিয়েছেন। ১৫৩

শ্রীকৃষ্ণ। কৌস্তভের মতই মূল্যবান এই মণিটি শ্রীরাধার কণ্ঠভূষণ হলে তার উপযুক্ত সার্থকতা হবে। ১৫৪

ললিতা। তোমার আদেশ যথাযথ পালিত হবে। ১৫৫

শ্রীকৃষ্ণ। তবে চল—আমরা সবাই ঘরে ফিরে যাই। দুষ্ট যক্ষের বিনাশ হয়েছে—এই সংবাদ দিয়ে পিতামাতাকে আনন্দিত করি। (এই বলে প্রস্থান করলেন) ১৫৬

(সকলের প্রস্থান)

শ্রীশ্রীললিতমাধব নাটকে শঙ্খচূড়বধ নামক
দ্বিতীয় অঙ্কের বঙ্গানুবাদ সমাপ্ত।

তৃতীয়োঽঙ্কঃ

(ততঃ প্রবিশতি বৃন্দয়া সহ সঙ্কথয়ন্তী পৌর্ণমাসী) ১

পৌর্ণমাসী—হন্ত, কথমুপক্রান্তোঽয়মন্তিমস্তামসীমুহূর্ত্তঃ ? পশ্য পশ্য—

দূরাৎ খরাংশু-শরভস্য পরিস্ফুরন্তীং বিস্ফূর্জ্জিতৈরুদয়শৈলতটীং বিলোক্য।
ত্রাসাদসৌ বিশতি চন্দনপিণ্ডপাণ্ডুরস্তাচলং মৃগকলঙ্কমৃগাধিরাজঃ॥ ২

বৃন্দা—ভগবতি! মথ্যমানস্যেব মহাম্ভোনিধের্গম্ভীরং কমপি কোলাহলসংরম্ভমাকর্ণ্য সম্ভ্রমেণাগতাস্মি। তৎ কথ্যতাং কিমেতদিতি। ৩

পৌর্ণমাসী—পুত্রি বৃন্দে! নেদঞ্চ তে কর্ণয়োঃ প্রাঙ্গণমধিরূঢ়ম্ ? ৪

বৃন্দা—ভগবতি! কিং তন্নাম ? ৫

পৌর্ণেতি। বিন্দুপ্রকৃতি-যত্নাবস্থাভ্যাং যোগঃ প্রতিমুখসন্ধিঃ। স চাত্র তৃতীয়চতুর্থয়োরঙ্কয়োর্দর্শিতঃ। তত্র বিন্দুলক্ষণং,—ফলে প্রধানে বীজস্য প্রকৃষ্টৈক্তৈঃ ফলান্তরৈঃ বিচ্ছিন্নে যদবিচ্ছেদকারণং বিন্দুরিষ্যতে। যথাত্র কৃষ্ণস্য পুরগমনাদিনা মুখ্যফলবিচ্ছিন্নে তেনৈব সমাশ্বাসনম্। এতাস্তূর্ণং ন যাত কিয়তীত্যাদি। অথ যত্নাবস্থালক্ষণম্,—যত্নাবস্থাফলপ্রাপ্তাবৌৎসুক্যেন তু বর্ণনং—যথা—তৃতীয়েঽঙ্কে রাধায়া কৃষ্ণান্বেষণম্। চতুর্থেঽঙ্কে চ কৃষ্ণস্য গন্ধর্ব্বকৃত-নৃত্যাদৌ রাধাবলোকনোদ্যমঃ। প্রতিমুখসন্ধিলক্ষণম্—যথা—ভবেৎ প্রতিমুখম্ দৃশ্যাদৃশ্যং বীজপ্রকাশনম্। বিন্দু-প্রয়োগোপগমাদঙ্গান্তস্য ত্রয়োদশ। বীজং প্রেমা। তৎ কদাচিদ্দৃশ্যং কদাচিৎ অদৃশ্যং ভবতি। অঙ্গানি যথা—বিলাসঃ পরিসর্পশ্চ বিধূতং শমনর্ম্মণী। নর্ম্মদ্যুতিঃ প্রগয়নম্ বিরোধাঃ পর্য্যুদাসনম্। পুষ্পং বজ্রং পরিন্যাসো বর্ণসংহার ইত্যপি। আগতোঽয়ং ব্রাহ্ম্য মুহূর্ত্ত ইত্যর্থঃ। ত্রাসহেতুমাহ, দূরাদিতি। খরাংশুঃ সূর্য্যঃ স এব শরভঃ অষ্টপদী সিংহজয়ি-জন্তুবিশেষঃ, তস্য বিস্ফূর্জিতৈঃ প্রকাশৈঃ। মৃগকলঙ্কশ্চন্দ্রঃ স এব সিংহঃ। ২

বৃন্দেতি। তৎ কথ্যতামিতি এতৎকোলাহলকারণং কিম্। ৩

(তারপর বৃন্দার সঙ্গে আলাপ করতে করতে পৌর্ণমাসী দেবী প্রবেশ করলেন।) ১

পৌর্ণমাসী। হায়, হায়! এখনি কেন ব্রাহ্ম্য মুহূর্ত্ত উপস্থিত হল ? দেখ, দেখ—পূর্ব্বদিকে উদয়াচলে সিংহবিজয়ী শরভজন্তুর মত সূর্য্য উদিত হয়ে কিরণমালা বিস্তার করেছেন—তার ফলে সকল দিক্ আলোকিত হয়েছে—তাই দেখে সিংহরূপী চন্দ্র ভয় পেয়ে শ্বেতচন্দনের মত পাণ্ডুবর্ণ ধারণ করে অস্তাচলে প্রবেশ করেছেন। ২

বৃন্দা। কি এক গভীর কোলাহল শুনলাম—তাতে মনে হচ্ছিল বুঝি সাগর মন্থন হচ্ছে—তাই তো আমি ভয়ে ছুটে এলাম—ভগবতি! কৃপা করে বলুন না—এ কিসের শব্দ ? ৩

পৌর্ণমাসী। পুত্রি বৃন্দে! এ বৃত্তান্ত এখনও তোমার কর্ণগোচর হয় নি। ৪

বৃন্দা। ভগবতি! সে কি বৃত্তান্ত ? ৫

পৌর্ণমাসী—বলীবর্দ্দদানবমর্দ্দনবর্দ্ধিতরোষপর্ব্বতং পূর্ব্বেদ্যুরপূর্ব্ববিক্রমেণ কেশিনমুৎপাট্য গোষ্ঠমধিতিষ্ঠতি শিখণ্ডাবতংসে কংসেনানুশিষ্টঃ স খলু গান্ধিনেয়ো নন্দস্য মন্দিরমাসেদিবান্, স চ রাজোপজীবী রাজীববন্ধৌ পূর্ব্বপর্ব্বতমধিরূঢ়ে সপূর্ব্বজং পূর্ব্বদেবারিং পুরং নেষ্যতি। ৬

বৃন্দা—(ক্ষণং তুষ্ণীং স্থিত্বা দীর্ঘমুষ্ণং নিশ্বস্য চ সবৈক্লব্যম্।—)

বনভুবি নবকুঞ্জং কস্য হেতোর্বিধাস্যে, ধৃতরুচি রচয়িষ্যাম্যত্র বা পুষ্পতল্পম্।
সুরভিসময়ে বা বল্লিমুৎফুল্লয়িষ্যে, যদি নয়তি মুকুন্দং গান্ধিনেয়ঃ পুরায়॥ ৭

পৌর্ণমাসী—(সব্যথম্)—

ক্রন্দন্তীনাং প্লুতবিরুতিভির্বিভ্যতীনাং বিভাতাৎ
কুপ্যন্তীনামসকৃদসকৃদ্গান্ধিনীনন্দনায়।
হা ধিগ্ দৈবং কুবলয়দৃশাং জাগ্রতীনাং সমগ্রা
ব্যগ্রাক্ষীণাং ক্ষণবদভিতস্তামসীয়ং ব্যরংসীৎ॥ ৮

পৌর্ণেতি। পূর্ব্বেদ্যুঃ পূর্ব্বদিবসে, গোষ্ঠং গোকুলম্। অনুশিষ্ট আজ্ঞপ্তঃ গান্ধিনেয়ঃ অক্রূরঃ। রাজোপজীবী রাজদূতঃ। রাজীববন্ধৌ সূর্য্যে। সপূর্ব্বজং সরামং পুরং মথুরাম্। ৬

বৃন্দেতি। অত্র নবকুঞ্জে সুরভিং সুগন্ধম্, অসময়ে অকালে। ৭

পৌর্ণেতি। প্লুতবিরুতিভির্দীর্ঘশব্দৈঃ। বিভাতাৎ তামসী নিশা। নিশা দুর্গা চ তামসীতি কোষঃ। তমিস্রা তামসী রাত্রিরিত্যমরশ্চ। ব্যরংসীৎ বিরতাভূৎ। ৮

পৌর্ণমাসী। বৃষাসুরের বধ শ্রবণ করে কেশিদানব ভয়ঙ্কর ক্রোধে উন্মত্ত হয়েছিল। গতকল্য শিখণ্ডচূড় কৃষ্ণ সেই কেশিদানবকে নিহত করে যেই গোকুলে প্রবেশ করেছেন অমনি কংসরাজার আদেশে গান্ধিনীনন্দন অক্রূর রথে চড়ে নন্দমহারাজের মন্দিরে এসে উপস্থিত হয়েছে। অক্রূর তো রাজদূত—পূর্ব্বাচলে সূর্য্যদেব আরোহণ করলেই—অর্থাৎ প্রভাত হওয়ার সঙ্গে সঙ্গে অগ্রজ বলরামের সঙ্গে দানবারি শ্রীকৃষ্ণকে নিয়ে সে মধুপুরে চলে যাবে। ৬

বৃন্দা। (কিছুক্ষণ নীরব থেকে তারপর দীর্ঘ উষ্ণ নিঃশ্বাস ত্যাগ করে বিহ্বলভাবে বললেন।)

হায়, হায়! অক্রূর যদি শ্রীকৃষ্ণকে মধুপুরে নিয়ে যায়—তাহলে আর কিসের জন্য বনভাগে নূতন কুঞ্জ রচনা করব? আর কেনই বা তাতে মনমোহন কুসুম শয্যা বিস্তার করব? আর অসময়ে সুরভি লতাকে প্রফুল্লিত করেই বা কি লাভ? ৭

পৌর্ণমাসী। (ব্যথাভরা কণ্ঠে)

কি যে বেদনা! প্রভাত হবে এই আশঙ্কা করে গোপরামাগণ উচ্চকণ্ঠে রোদন করতে করতে বার বার অক্রূরের প্রতি আক্রোশ করছেন। অরে বিধাতঃ! তোকে ধিক্! কমলনয়নাগণ উৎকণ্ঠিত লোচনে জেগে থাকতে থাকতেই যেন মুহূর্ত্তকালের মত সর্ব্বতোভাবে এই রাত্রি প্রভাত হয়ে গেল! ৮

বৃন্দা—(সাস্রম্)

লব্ধভ্রমেণ হরতা হরি-শর্ব্বরীশং, বিন্যস্যতা চ বিরহক্লমকালকূটম্।
হা গান্ধিনীতনুজমন্দরভূধরেণ বিক্ষোভিতঃ পৃথুলগোকুলসাগরোঽয়ম্॥ ৯

পৌর্ণমাসী—বৎসে! তদিতো গোপেন্দ্রগোপুরমেবানুসরাবঃ।

(ইতি পরিক্রম্য পুরঃ পশ্যন্তী সবাষ্পম্)—

যত্রামঙ্গলসম্পদং ন কুরুতে ব্যগ্রা তদাত্বোচিতাং
বাৎসল্যোপয়িকঞ্চ নোপনয়তে পাথেয়মুদ্‌ভ্রান্তধীঃ।
ধূলীজালমসৌ বিলোচনজলৈর্জম্বালয়ন্তী পরং
গোবিন্দং পরিরভ্য নন্দগৃহিণী নীরন্ধ্রমাক্রন্দতি॥ ১০

বৃন্দা—শৈব্যায়াঃ সখিজল্পিতং কিমাকর্ণিতমার্য্যয়া? ১১

পৌর্ণমাসী—পুত্রি! কীদৃশমিদম্? ১২

বৃন্দা—

ন নির্ঘোষান্মন্যে নিশময়সি ঘোষস্য করুণান্
বিমুগ্ধে ত্বং দগ্ধামিহ যদনুবধ্নাসি মথনম্।
জপন্ কর্ণোৎসঙ্গে সখি কিমপি দূতঃ ক্ষিতিপতে
র্মুকুন্দং মন্দাত্মা নগরগমনায় ত্বরয়তি॥ ১৩

পৌর্ণেতি। যাত্রেতি, তৎকালন্তু তদা তৎ। ঔপয়িকং যোগ্যং, পাথেয়ং পথিভোগ্যং, জম্বালয়ন্তী পঙ্কিলং কুর্ব্বন্তী। নন্দগৃহিণী যশোদা নিরন্তরং রোদিতি। ১০

বৃন্দেতি। মন্যেঽহং ঘোষস্য নির্ঘোষান্ উচ্চশব্দান্ করুণান্ করুণরসকার্য্যান্ ন নিশময়সি ন শৃণোষি। যদ্‌যস্মাদ্দগ্ধাং মথনমনুবধ্নাসীত্যন্বেয়ম্। ১৩

বৃন্দা। (অশ্রু বিসর্জ্জন করতে করতে)

হায়, হায়! ভ্রমণযুক্ত অক্রূররূপ মন্দর পর্ব্বত বিস্তৃত গোকুল সমুদ্রকে বিক্ষুব্ধ করে চিরবিরহবেদনাময় কালকূট গরল ঢেলে দিয়ে কৃষ্ণচন্দ্র হরণ করে নিয়ে গেল। ৯

পৌর্ণমাসী। বৎসে! চল, এখান থেকে গোপরাজের পুরদ্বারে যাই।

(এই বলে ফিরে এসে সামনের দিকে দেখে অশ্রু বিসর্জ্জন করে)

এই যে নন্দরাণী কৃষ্ণের ভাবী বিরহে এতই আকুল হয়েছেন যে যাত্রার কোন মঙ্গল অনুষ্ঠানই করতে পারছেন না—বিভ্রান্ত হয়ে বাৎসল্য স্নেহে কোন পাথেয় সঞ্চয়ও করে দিতে পারছেন না—শুধু নয়নের অবিরল ধারায় ধূলিকে পঙ্কিল করছেন—আর গোবিন্দকে আলিঙ্গন করে নিরন্তর রোদন করছেন। ১০

বৃন্দা। আর্য্যে! শৈব্যাকে সখী যা বলেছে—তা কি আপনি শুনেছেন। ১১

পৌর্ণমাসী। পুত্রি! সে আবার কি? আমি তো কিছু শুনি নি। ১২

বৃন্দা। শৈব্যার প্রতি সখীর উক্তি—বিমুগ্ধে! আমার মনে হচ্ছে—তুমি গোপপল্লীর করুণ-

পৌর্ণমাসী—বৎসে ! শৈব্যাবিমোহতস্ত্বং বিক্লবা শ্যামলাবিলাপে নাভিজ্ঞাসি। ১৪

বৃন্দা—তথ্যং ব্রবীষি, তদেতং বর্ণয়। ১৫

পৌর্ণমাসী—　　ভানোর্বিম্বে ত্বরিতমুদয়প্রস্থতঃ প্রস্থিতেঽস্মৌ
যাত্রানান্দীং পঠতি মুদিতঃ স্যন্দনে গান্ধিনেয়ঃ।
তাবত্তূর্ণং স্ফুট খুরপুটৈঃ ক্ষৌণীপৃষ্ঠং খনন্তো
যাবন্নামী হৃদয় ভবতো ঘোটকাঃ স্ফোটকাঃ স্যুঃ॥ ১৬

বৃন্দা—শৃণুবঃ কিং পরিদেবয়তি ভদ্রা। ১৭

(নেপথ্যে)—　　তুবরন্তো তুহ দইদো, সঅঙ্গণীড়ং পুরো সমারুহই।
তহবি ণ পরাণসউণে, হদঙ্গণীড়ং পরিচ্চঅসি॥ ১৮

পৌর্ণেতি। উদয়প্রস্থতঃ উদ্গতে। হে হৃদয়! খুরপুটৈঃ ক্ষৌণীপৃষ্ঠং খনন্তঃ সন্তোঽমী ঘোটকা যদ্ভবতঃ স্ফোটকা ন স্যুস্তাবৎ স্বয়ং স্ফুটং বিদীর্ণং ভবেত্যর্থঃ। স্ফুটধাতোস্তৌদাদিকত্বাচ্চ, অত্র বিশেষণনামালঙ্কারস্য তৃতীয়ভেদঃ। অন্যৎ প্রকুর্ব্বতঃ কার্য্যমশক্যস্যান্যবস্তুনস্তথৈব করণং চেতি বিশেষস্ত্রিবিধঃ স্মৃত ইতি স্মরণাৎ। ক্ষৌণীপৃষ্ঠং খননং কুর্ব্বতাং ঘোটকানামশক্যস্য হৃদয়স্ফোটনস্য কারকতয়োক্তত্বাচ্চ। ১৬

বৃন্দেতি। পরিদেবয়তি বিলপতি। ১৭

(নেপথ্যে) তুবরন্তঃ ত্বরমাণঃ তব দয়িতঃ রথাঙ্গস্থানং পুরঃ সমারোহতে। তথাপি ন প্রাণশকুনে হতাঙ্গনীড়ং পরিত্যজসি। শতাঙ্গস্য রথস্য নীড়মুপবেশনস্থানম্। প্রাণশকুনে পরাণপক্ষিন্ হতং সুখরাহিত্যান্মৃতকতুল্যং যদঙ্গং তদেব নীড়ং পক্ষিনিবাসস্থানম্। ১৮

-রসবিলাপ শুনতে পাচ্ছ না—তোমার চিত্ত শুধু দধিমন্থনেই নিবিষ্ট হয়ে আছে। সখি! কংসরাজার দূত পাপাত্মা অক্রূর শ্রীকৃষ্ণের কানে কানে কি কথা বলে তাঁকে মথুরা নিয়ে যাবার জন্য প্রস্তুত হয়েছে? ১৩

পৌর্ণমাসী। বৎসে! শৈব্যার মোহ শুনে তো তুমি বিহ্বলা হয়েছ! শ্যামলার বিলাপ বিষয়ে কিছু শুনেছ কি? ১৪

বৃন্দা। আপনি যদি সত্যি সত্যি তা জানেন—তাহলে বর্ণন করুন। ১৫

পৌর্ণমাসী। শ্যামলা বলছেন—ওগো হৃদয়! যে পর্য্যন্ত উদয়াচলে সূর্য্যদেব উদিত না হন, যে পর্য্যন্ত অক্রূর রথে আরোহণ করে যাত্রামঙ্গল গাথা পাঠ করতে আরম্ভ না করেন—এবং যে পর্য্যন্ত রথের ঘোড়াগুলি খুর দিয়ে ভূমি বিদীর্ণ করতে আরম্ভ না করে—তার আগে তুমি শীঘ্র বিদীর্ণ হও। ১৬

বৃন্দা। ওদিকে ভদ্রা আবার কি বিলাপ করছে—আসুন আমরা শুনি। ১৭

(নেপথ্যে ভদ্রার উক্তি)

ওগো প্রাণপাখী! তোমার প্রিয় তো দ্রুতগতিতে রথনীড়ে অর্থাৎ রথের উপর আরোহণ করেছেন, তবু তুমি কেন এই মৃতপ্রায় দেহনীড় ত্যাগ করছ না? ১৮

পৌর্ণমাসী—(বামতো দৃষ্ট্বা) বৎসে ! মাধবস্য মাধ্যাহ্নিকং দাম নির্মিমাণায়াং চন্দ্রাবল্যাং শল্যার্পিণী পদ্মাব্যাহৃতিরাকর্ণ্যতাম্। ১৯

(নেপথ্যে)　　অধ্যারূঢ়ো রহমিহ পুরা সঙ্গরঙ্গী রহঙ্গী
হা পুপ্ফাণং তহবি চটুলে গণ্ঠণুক্কণ্ঠিদাসি।
আহীরীণং বহিরি গহিরুক্কোসদীহা বিলাবা
কিং দে চন্দাঅলি ণ পরিদো কণ্ণকূঅং বিসন্তি ? ২০

পৌর্ণমাসী—(সোদ্বেগম্)

আলীব্যলীকবচনেন মুহুর্বিহস্তা হস্তারবন্দিবিগলদ্গ্রথিতার্দ্ধমাল্যা।
হা হন্ত হন্ত কিমপি প্রতিপন্নতন্দ্রা চন্দ্রাবলী কিল দশান্তরমারুরোহ ॥ ২১

বৃন্দা—পশ্য, পশ্য, বিবশামেব চন্দ্রাবলীং স্যন্দনাগ্রতো নিধায় শোচতি পদ্মা। ২২

পৌর্ণেতি। শল্যার্পিণী শল্যার্পণকারিণী। ব্যাহৃতিঃ উক্তিঃ। ১৯

(নেপথ্যে)। অধ্যারূঢ়ো রথমিহ পুরা সঙ্গরঙ্গী রথাঙ্গী, হা পুষ্পাণাং তদপি চটুলে! গ্রন্থনোৎকণ্ঠিতাসি। আভীরীণাং বধিরি! গভীরোৎক্রোশদীর্ঘা বিলাপাঃ কিন্তে চন্দ্রাবলি! ন পরিতঃ কর্ণকূপং বিশন্তি। ২০

পৌর্ণেতি। ব্যলীকবচনেন অপ্রিয়-বচনেন। বিহস্তা অনবস্থিতা। দশান্তরং মূর্চ্ছা। ২১

বৃন্দেতি স্যন্দনাগ্রতঃ রথাগ্রে। ২২

পৌর্ণমাসী ! (বামদিকে দৃষ্টিপাত করে) বাছা ! চন্দ্রাবলী শ্রীকৃষ্ণের মধ্যাহ্নকালের অঙ্গ-ভূষণের জন্য ফুলমালা রচনা করছিলেন—এমন সময় পদ্মা এসে তাকে যে বাক্যবাণে বিদ্ধ করেছে—তা বলি শোন—১৯

(নেপথ্যে পদ্মার উক্তি)

ওগো চটুলে ! চক্রপাণি শ্রীকৃষ্ণ যে মথুরা যাবার জন্য উৎসুক হয়ে রথে উঠেছেন—হায় ! হায় ! এখনও তুমি পুষ্পমালা গাঁথায় ব্যস্ত আছ ? হায় ! বধিরে চন্দ্রাবলী ! আহীরীদের অন্তরের গভীর শোকের মূর্চ্ছনা যে দীর্ঘ-বিলাপ—তা কি তোমার কর্ণকুহরে প্রবেশ করে নি ? ২০

পৌর্ণমাসী। (উদ্বেগের সঙ্গে)

আহা ! পদ্মার মুখে বার বার এইরকম অপ্রিয় মর্মভেদী বাক্য শুনে চন্দ্রাবলী এতই ব্যাকুল হয়ে পড়লেন যে তাঁর পদ্মহস্ত থেকে অর্দ্ধগ্রথিতা পুষ্পমালা খসে পড়ল। হায় ! হায় ! চন্দ্রাবলী যে আকুলা হয়ে কোন এক অনির্ব্বচনীয় অবস্থায় উপস্থিত হলেন—অর্থাৎ মূর্চ্ছিতা হয়ে ভূতলে পতিত হলেন। ২১

বৃন্দা। দেখুন, দেখুন ! বিবশাঙ্গী চন্দ্রাবলীকে রথের সামনে রেখে পদ্মা কেমন শোক করছে। ২২

(নেপথ্যে) ক্ষণবধেহি হদাসে তিলং বি ণঅণঞ্চলং পআসেহি।
হন্ত তুবরেই তুরঅং ণিক্করুণো গান্দিণীপুত্তো ॥ ২৩

পৌর্ণমাসী—হন্ত বৎসে! রাধিকামপশ্যন্তী বাঢ়মাকুলাস্মি। ২৪

বৃন্দা—(দক্ষিণতঃ প্রেক্ষ্য) হা ধিক্, পশ্য, পশ্য,—
ন বক্তুং নাবক্তুং পুরগমনবার্ত্তাং মুরভিদঃ
ক্ষমন্তে রাধায়ৈ কথমপি বিশাখাপ্রভৃতয়ঃ।
সমন্তাদাক্রান্তা নিবিড়জড়িমশ্রেণিভিরিমাঃ
পরং কর্ণাকর্ণিব্যবহৃতিমধীরং বিদধতি ॥ ২৫

পৌর্ণমাসী—(সখেদম্)
যস্যালোকসুখে কৃতেন নিমিষৈরাক্ষিপ্যমাণে মনাক্
প্রত্যূহেন বরাক্ষি সদ্বিরহিতাস্ত্বং নৌষি মীনীরপি।
তস্মিন্ বিন্দতি মাধবে মধুপুরীং দৈবান্ন জানীমহে
হা রাধে প্রণয়ানুবিদ্ধমনসঃ কা তে গতির্ভাবিনী ॥ ২৬

(নেপথ্যে)। ক্ষণমবধারয় হতাশে! তিলমপি নয়নাঞ্চলং প্রকাশয়।
হন্ত! ত্বরয়তি নিষ্করুণো গান্ধিনীপুত্রঃ। ২৩

বৃন্দেতি। ন বক্তুমিত্যাদি। কেচিত্তু নাম প্রতিমুখসন্ধ্যঙ্গমপঠিত্বা তৎস্থানে তাপনং পঠন্তি। তল্লক্ষণং,—উপায়দর্শনং যত্তু তাপনং ন ন তদ্ভবেদিতি। অত্র রাধা-সখীনামুপায়দর্শনং তাপনম্। ২৫

পৌর্ণেতি। যস্যেতি। প্রত্যূহেন বিঘ্নেন। নিমেষরহিতাঃ মীনপত্ন্যঃ। ২৬

(নেপথ্যে পদ্মার উক্তি)

ওগো আমার ভাগ্যবিড়ম্বিতে! কিছুক্ষণের জন্যও অন্ততঃ চেতন হয়ে চোখ মেলে তাকাও। আহা কি বেদনা! নিষ্ঠুর অক্রূর আবার যে রথের ঘোড়াগুলিকে তাড়াতাড়ি সাজাচ্ছে। ২৩

পৌর্ণমাসী। হায় বাছা! আমি যে শ্রীরাধাকে না দেখতে পেয়ে অত্যন্ত ব্যাকুল হয়েছি। ২৪

বৃন্দা। (ডানদিকে দৃষ্টিপাত করে) হায় ধিক্! দেখুন, দেখুন! বিশাখা প্রভৃতি সখীরা শ্রীরাধাকে শ্রীকৃষ্ণের মথুরাগমন সম্পর্কে কিছু বলতে পারছে না—অথচ হতবাক্ হয়ে কেবল ধীরে ধীরে চুপি চুপি কথা বলছে। ২৫

পৌর্ণমাসী। (সখেদে)
ওগো সুনয়নে! শ্রীকৃষ্ণদর্শন সুখের পথে নিমেষের ব্যাঘাত সৃষ্টি হলে তাকে তুমি সহ্য করতে পার না—তখন নিমেষশূন্য মৎসীর ভাগ্যকে তুমি প্রশংসা কর—হে রাধে! আজ তোমার সেই প্রিয়তম মাধব মধুপুরী চলে গেলে তোমার ভাগ্যে যে ভবিষ্যৎ দশা কি ঘটবে তা আমি বুঝে উঠতে পারছি না। ২৬

বৃন্দা—পশ্য, পশ্য, সমন্তাদাকস্মিকেন কোলাহলেন কুরঙ্গীব তরঙ্গিতদৃষ্টিরেষা বহির্বীথীমাসসাদ রাধা। ২৭

পৌর্ণমাসী—হা কষ্টম্! স্ফুটং দিব্যোন্মাদময়ীমুদ্‌ঘূর্ণামাপদ্যতে রাধিকা যদিয়মসম্বন্ধভূয়িষ্ঠামনেক-ভাষাময়ীং ভারতীমুদ্গিরতি। ২৮

(নেপথ্যে)　　বঅণরবইণন্দণং সবন্ধুং রহপবরোবরি পেক্‌খিঅ প্‌ফুরন্তং।
স্খলতি মম বপুঃ কথং ধরিত্রী ভ্রমতি কুতঃ কিমমী নটন্তি নীপাঃ? ২৯

পৌর্ণমাসী—শৃণুবঃ কিমাহ ললিতা। ৩০

(নেপথ্যে) সহি রাহে! মা বিসীদ্, পব্বদপরিক্কমোবক্কমো এসো। ৩১

পৌর্ণমাসী—শ্রূয়তাং বৎসায়া ব্যাহৃতিঃ। ৩২

পৌর্ণেতি। দিব্যোন্মাদস্য লক্ষণমুজ্জ্বলনীলমণাবুক্তম্, এতস্য মোহনাখ্যস্য গতিং কামপ্যুপেয়ুষঃ। ভ্রমাভা কাপি বৈচিত্রী দিব্যোন্মাদ ইতি স্মৃতঃ। উদ্ঘূর্ণা চিত্রজল্পাদ্যাস্তদ্ভেদা বহুধা মতা ইতি। উদ্‌ঘূর্ণালক্ষণং তত্রৈবোক্তং স্যাদ্বিলক্ষণমুদ্ঘূর্ণা নানাবৈবশ্যচেষ্টিতমিতি। দিব্যোন্মাদময়ীং দিব্যোন্মাদকৃতাম্। তৎপ্রকৃতবচনে ময়ট্। অসম্বন্ধভূয়িষ্ঠাসম্বন্ধবহুলাম্। অনেকভাষাময়ীং প্রাকৃতসংস্কৃতরূপাম্। ২৮

(নেপথ্যে)। ব্রজনরপতিনন্দনং সবন্ধুং রথপ্রবরোপরি প্রেক্ষ্য স্ফুরন্তম্। স্খলতীত্যাদিকাং সংস্কৃতময়ীমিতি জ্ঞেয়ম্। প্রাগয়নং নাম প্রতিমুখসন্ধ্যঙ্গমিদম্। তল্লক্ষণং, উত্তরোত্তরবাক্যস্তু ভবেৎ প্রাগয়নং পুনরিতি॥ ২৮

(নেপথ্যে)। সখি রাধে! মা বিষীদ পর্ব্বতপরিক্রমোপক্রমঃ এষঃ। এষঃ পর্ব্বতঃ পরিক্রান্তমারব্ধ ইত্যর্থঃ। ২৯

বৃন্দা। দেখুন, দেখুন। হঠাৎ চারিদিকে কোলাহলধ্বনি শুনে শ্রীরাধা হরিণীর মত চকিত-দৃষ্টিতে বাইরের পথে এসে উপস্থিত হয়েছেন। ২৭

পৌর্ণমাসী। হায়, হায়! এ যে দেখছি—শ্রীরাধার দিব্যোন্মাদময়ী উদ্‌ভ্রান্ত দশা উপস্থিত হল। কারণ শ্রীরাধা এখন নানারকম অসম্বদ্ধ সংস্কৃত ও প্রাকৃত ভাষায় কথা বলতে আরম্ভ করেছেন। ২৮

(নেপথ্যে শ্রীরাধার উক্তি)

সই! বন্ধুর সঙ্গে ব্রজরাজনন্দনকে রথের ওপরে শোভা পেতে দেখে আমার অঙ্গ কেন স্ফুরিত হচ্ছে? আর কেনই বা পৃথিবীটা ঘুরতে আরম্ভ করেছে? আবার কদমগাছগুলিই বা কেন সঙ্গে সঙ্গে নাচতে লাগল। ২৯

পৌর্ণমাসী। এখন ললিতা কি বলছে, চল একবার শুনে আসি। ৩০

(নেপথ্যে ললিতার উক্তি)

রাই সখি! দুঃখ করো না! পর্ব্বত অতিক্রম করার এই তো সবে সুরু। ৩১

পৌর্ণমাসী। ললিতার কথা শুনে শ্রীরাধা কি বলছেন—শোন। ৩২

(নেপথ্যে) সহচরি পরিজ্ঞাতং সদ্যঃ সমস্তমিদং ময়া
পটিমপটলৈস্ত্বং নিহ্নোতুং কিয়ৎ প্রভবিষ্যসি ?
বিরম কৃপণে ভাবী নায়ং হরের্বিরহক্রমো
মম কিমভবন্ কণ্ঠে প্রাণা মুহুর্নিরপত্রপাঃ ? ৩৩

বৃন্দা—ভগবতি ! বিবক্ষুরিব বিশাখা লক্ষ্যতে। ৩৪

(নেপথ্যে) তং বিদ্ধংসিঅ কংসং রত্তিমুহে তুহ মেলিস্সই প্পণই।
সহি মা ঘুম্ম বিলক্খা ক্খমাবদীণং ধুরীণাসি ॥ ৩৫

পৌর্ণমাসী—সমাকর্ণয় বরবর্ণিনীবর্ণিতম্। ৩৬

(নেপথ্যে) নাশ্বাসনং বিরচয় ত্বমিদং হতাশে শুষ্যন্মুখী মম গুণং পরিকীর্ত্তয়ন্তী।
দূরাদমার্দ্দবভৃতোঽপি মুহুঃ ক্ষমায়াঃ কুক্ষিং বিদারয়তি পশ্য রথাঙ্গনেমিঃ ॥ ৩৭

(নেপথ্যে রাধাহ)। পটিমপটলৈঃ চাতুরীসমূহৈঃ। নিহ্নোতুং গোপয়িতুম্। কৃপণে জনে ইতি সম্বোধনং সপ্তম্যন্তং বা। ৩৩

(নেপথ্যে) তং বিধ্বংস্য কংসং রাত্রিমুখে মিলিষ্যতি প্রণয়ী। সখি! মা ঘূর্ণর বিলক্ষা ক্ষমাবতীনাং ধুরীণাসি। অত্র বিলক্ষা বিস্ময়ান্বিতা, বিলক্ষো বিস্ময়ান্বিত ইত্যমরঃ। ৩৫

পৌর্ণেতি। বরবর্ণিন্যা শ্রীরাধায়া বর্ণিতং ভাষিতম্। ৩৬

(নেপথ্যে)। মার্দ্দবভৃতোঽপি কঠিনায়া অপি ক্ষমায়া ধরিত্র্যাঃ। পক্ষে ক্ষমায়া ধৈর্য্যস্য। কুক্ষিম্ উদরং, রথাঙ্গনেমিঃ চক্রধারঃ। ৩৭

(নেপথ্যে শ্রীরাধার উক্তি)

সই ! এখন আমি তো সব কথাই জানতে পেরেছি। চালাকি করে তুমি কি আর কিছু গোপন করতে পারবে ? ওগো অকরুণ ! ভয় পেওনা হরি-বিরহ ব্যাথা আমাকে স্পর্শ করতে পারবে না—কারণ আমার যে প্রাণ কণ্ঠাগত হয়েছে তারা কি এতই নির্লজ্জ হবে যে আমার এই দেহত্যাগ করে যাবে না ? অর্থাৎ হরি-বিরহে আমার এই দেহত্যাগ-ব্যাথা আমাকে আর ভোগ করতে হবে না। ৩৩

বৃন্দা। ভগবতি ! বিশাখাকে দেখে মনে হচ্ছে—ইনি যেন কিছু বলবেন। ৩৪

(নেপথ্যে বিশাখার উক্তি)

সখি ! ক্ষমশীলা নারীদের তুমি মুকুটমণি—তাই অধীর হয়ো না। প্রেমাস্পদ তোমার অসুর কংসকে বধ করে সন্ধ্যাকালে আবার তোমার কাছেই ফিরে আসবেন—এ বিষয়ে নিশ্চিন্ত থেকো। ৩৫

পৌর্ণমাসী। বৃন্দে ! শ্রীরাধা কি বলছেন—শোন। ৩৬

(নেপথ্যে শ্রীরাধার উক্তি)

হায় আশাহতে বিশাখে ! এমনিতর আমার গুণ গেয়ে গেয়ে শুষ্কমুখে আমাকে আর প্রবোধ দিও না—দেখ, দেখ ! ঐ রথের চাকা ধরণীর বুকে চিরে চিরে চলেছে। ৩৭

পৌর্ণমাসী—অহহ রাজীবনেত্রযাত্রা-বিত্রাসিতচেতাঃ কামপ্যধৈর্য্যদীক্ষামুরীচকার চকোরাক্ষী। ৩৮

বৃন্দা— ক্ষণং বিক্রোশন্তি বিলুঠতি শতাঙ্গস্য পুরতঃ
ক্ষণং বাষ্পগ্রস্তাং কিরতি কিল দৃষ্টিং হরিমুখে।
ক্ষণং রামস্যাগ্রে পততি দশনোত্তম্ভিততৃণা
ন রাধেয়ং কং বা ক্ষিপতি করুণাম্ভোধিকুহরে ? ৩৯

পৌর্ণমাসী—(সাস্রম্) হা হন্ত ! হন্ত !
ন হি ন্যস্তা দৃষ্টিঃ ক্ষণমধরপালীপরিমলে
যয়া কংসারাতেঃ প্রিয়সহচরীণামপি পুরঃ।
গুরূণামপ্যগ্রে যদকলিতলজ্জাবলিরভূ—
দিয়ং রাধা সদ্যস্তদিহ মম চেতো গ্লপয়তি ॥ ৪০

(পুনর্নিরূপ্য)— রথিনঃ পথি পশ্যতঃ সখেদং বত রাধাবদনং মুরান্তকস্য।
কিরতো নয়নে ঘনাশ্রুবিন্দূনরবিন্দে মকরন্দবৎ ক্রমেণ ॥ ৪১

বৃন্দেতি। শতাঙ্গস্য রথস্য। পুরতঃ অগ্রে। বাষ্পগ্রস্তাম্ অশ্রুযুক্তাম্। দশনোত্তম্ভিততৃণা দশনৈরুত্তম্ভিতানি তৃণানি যয়া সা। করুণাম্ভোধিকুহরে কারণ্যসমুদ্রবিলে। কুহরং শুষিরম্। শুষিরং বিবরং বিলমিত্যমরঃ। ৩৯

পৌর্ণেতি পালীরশ্রুঙ্কপঙক্তিষু। অকলিতলজ্জাবলিঃ অস্বীকৃতলজ্জাশ্রেণী। ৪০

পৌর্ণেতি। পুনরিতি। রথিনো রথমারূঢ়স্য সখেদং যথা স্যাত্তথা রাধাবদনং পশ্যতো মুরান্তকস্য নয়নে অরবিন্দ-মকরন্দবৎ ঘনাশ্রুবিন্দূন্ কিরত ইত্যন্বয়ঃ। ৪১

পৌর্ণমাসী। আহা ! পঙ্কজনয়ন শ্রীকৃষ্ণের মথুরা যাত্রায় ব্যাকুলহৃদয়ে চকোরনয়নী শ্রীরাধা যে কোন্ এক অনির্ব্বচনীয় অবস্থায় পড়লেন—অর্থাৎ মূর্চ্ছিত হয়ে ভূলুণ্ঠিতা হয়েছেন ! ৩৮

বৃন্দা। আহা। শ্রীরাধা মাঝে মাঝে আর্ত্তনাদ করতে করতে রথের সামনে গিয়ে লুটিয়ে পড়ছেন। আবার কিছুক্ষণ বা সজলনয়নে শ্রীহরির মুখের পানে চেয়ে আছেন—আবার কথনও কখনও বা বলরামের সামনে দন্তে তৃণ ধরে দৈন্য প্রকাশ করছেন। হায়, হায় ! এঁর এই উদভ্রান্ত অবস্থা দেখে কার না হৃদয় দুঃখে গলে যাচ্ছে ! ৩৯

পৌর্ণমাসী। (জলভরা চোখে) আহা কি দুঃখ, কি কষ্ট রে !

যে লজ্জাশীলা শ্রীরাধা আগে সখীদের সামনেও কখনও শ্রীকৃষ্ণের মুখের পানে চাইতেন না—সেই রাধিকা আজ কিনা সব শালীনতা হারিয়ে গুরুজনের সামনেও শ্রীকৃষ্ণের বদনকমলে একদৃষ্টে নিরীক্ষণ করছেন। হায়, হায় ! এ দৃশ্য দেখে আজ আমার চিত্ত ব্যথায় ভরে যাচ্ছে। ৪০

(পুনরায় দেখে)

রথে যেতে যেতে পথের মাঝে শ্রীকৃষ্ণ শ্রীরাধার ব্যাথাতুর মুখকমলখানি দর্শন করে বার বার অশ্রুপাত করতে লাগলেন—ঠিক যেন মনে হচ্ছে পদ্ম থেকে মধু ক্ষরণ হচ্ছে। ৪১

বৃন্দা—ভগবতি! নূনং কুমারীণাং প্রাণাঃ প্রাণেশ্বরেণ সার্দ্ধমেবাদ্য প্রযাস্যন্তি। ৪২

পৌর্ণমাসী—পুত্রি! হরেঃ সন্দেশহরং পশ্য, পশ্য,

এতাস্তূর্ণং নয়ত কিয়তীরার্ত্তি মিশ্রাস্তমিস্রা
ভাবী ভব্যাঃ পুনরপি ময়া মঙ্গলঃ সঙ্গমো বঃ।
ইত্থং দীর্ঘৈরঘবিজয়িনা হন্ত সন্দানিতোঽভূ—
দাশাপাশৈঃ সরসিজদৃশাং প্রাণসারঙ্গসঙ্ঘঃ॥ ৪৩

বৃন্দা—(সব্যথম্)—

ন পিবতি মকরন্দং বৃন্দমিন্দিন্দিরাণাং বনমপি ন ময়ূরাস্তাণ্ডবৈর্মণ্ডয়ন্তি।
বিদধতি চ রথাঙ্গাঃ স্বাঙ্গনাভির্ন সঙ্গং সরতি সরসিজাক্ষে গোষ্ঠতঃ পত্তনায়॥ ৪৪

পৌর্ণেতি। হে ভব্যাঃ। এতাস্তমিস্রা রাত্রীস্তূর্ণং নয়ত ক্ষিপত। বাষ্পমিশ্রত্বেন দিবসানামপি রাত্রিতয়াধ্যবসানং কৃতম্। পুনর্ময়া সহ বো যুষ্মাকং মঙ্গলঃ সঙ্গমো ভাবী ভবিষ্যতীত্যর্থঃ। সন্দানিতো বদ্ধঃ। সারঙ্গসঙ্ঘঃ মৃগসমূহঃ। ৪২

বৃন্দেতি। ইন্দিন্দিরাণাং ভ্রমরাণাম্। রথাঙ্গাঃ চক্রবাকাঃ। পত্তনায় পুরায়। ৪৩

পৌর্ণেতি। অদ্বীপে দ্বীপরহিতে। স্যন্দননেমিনা নির্মিতো যো মহাসীমন্তো রেখাবিশেষস্তস্য দন্তাৎ। সর্ব্বং সহয়াপি ভুবা দূরং ব্যাপ্যেদং নির্ভরং বিদীর্ণমভূৎ। ভাবে ক্তঃ। ৪৪

বৃন্দা। ভগবতি। অবস্থা দেখে মনে হয়, শ্রীরাধা প্রভৃতি গোপবালাদের প্রাণ আজ নিশ্চয়ই তাদের প্রাণনাথ শ্রীকৃষ্ণের সঙ্গেই চলে যাবে। ৪২

পৌর্ণমাসী। পুত্রি! শ্রীকৃষ্ণের বার্ত্তাবহ দূতের দিকে একবার চেয়ে দেখ—চেয়ে দেখ—

ওহে শান্তস্বভাবা ব্রজবালার দল! তোমরা কোনওরকমে কষ্ট স্বীকার করে এই বিরহরজনী কাটিয়ে দাও। ভবিষ্যতে আবার আমার সঙ্গে তোমাদের শুভ মিলন হবে। আহা! এইভাবে পাপহারী মধুসূদন আশাজাল বিস্তার করে পদ্মলোচনা গোপবালাদের প্রাণরূপ মৃগকে যেন বেঁধে রাখলেন। ৪৩

বৃন্দা। (অন্তত দুঃখিত হয়ে)

আজ গোবিন্দবিরহে ব্রজভূমির কি অবস্থা হয়েছে—গোকুল ছেড়ে মাধব আজ মধুপুরে (মথুরায়) গেছেন—তাই ভ্রমর আজ মধুপানে বিরত হয়েছে—ময়ূরেরা আজ আর নেচে নেচে বনের শোভা বাড়াচ্ছে না আহা কি দুঃখ। চকোরও চকোরীর সঙ্গে আর মিলিত হচ্ছে না। ৪৪

পৌর্ণমাসী—(নেমিবর্ত্মানুসৃত্য সখেদম্) অহহ !

অদ্বীপে ক্ষিপতী সমস্তজগতীমস্তোকশোকাম্বুধৌ
রাধা সংভৃতকাকুরাকুলমসৌ চক্রে তথা ক্রন্দনম্।
যেন স্যন্দননেমিনির্মিতমহাসীমন্তদম্ভাদিদং
হা সর্ব্বংসহয়াপি নির্ভরমভূদ্দূরাদ্বিদীর্ণং ভুবা ॥ ৪৫

বৃন্দা—হা কষ্টম্ ! হা কষ্টম্ !

পুরঃ ক্বচন ধাবতি স্ফুরতি চিত্রিতেব ক্বচিৎ
তনোতি হসিতং ক্বচিৎ ক্বচন তীব্রমাক্রন্দতি।
ইয়ং প্রলপতি ক্বচিৎ ক্বচন মৌনমালম্বতে
মুকুন্দবিরহোদ্গতৈর্মুহুরধীরধীরাধিভিঃ ॥ ৪৬

(নেপথ্যে) ক্ব নন্দকুলচন্দ্রমাঃ ক্ব শিখিচন্দ্রকালঙ্কৃতিঃ
ক্ব চন্দ্রমুরলীরবঃ ক্ব নু সুরেন্দ্রনীলদ্যুতিঃ ?
ক্ব রাসরসতাণ্ডবী ক্ব সখি জীবরক্ষৌষধি-
র্নিধির্মম সুহাত্তমঃ ক্ব বত হন্ত হা ধিগ্বিধিম্ ॥ ৪৭

বৃন্দেতি। মুকুন্দবিরহাদুদ্গতৈরাধিভি র্মনঃপীড়াভিরধীরধীঃ সতী ক্বচন ধাবতীত্যাদ্বয়ঃ। চিত্রিতেব স্তব্ধেব আক্রন্দতি রোদিতি। ৪৫

নেপথ্যে রাধাহ, অত্যৎকণ্ঠয়া পুনঃ পুনঃ প্রশ্নঃ। উত্তরমনবাপ্য বিয়োগজনকং বিধিং নিন্দতি। ৪৬

পৌর্ণেতি। মূর্ত্তং মূর্ত্তিমৎ। কারুণ্যড়ম্বরং কারুণ্যাধিক্যম্। পথ্যা হিতকারিণী। ৪৭

পৌর্ণমাসী। (রথের চাকার দাগ দেখতে দেখতে সখেদে)

হায়! শ্রীরাধা কাতরভাবে এমনই উচ্চৈঃস্বরে ক্রন্দন করছেন যে তাতে নিখিল বিশ্ব যেন তাঁর দুঃখে শোকসাগরে নিমগ্ন হয়েছে। আহা-হা! আর বেশী কি বলব, রথের চাকাগুলি যে গভীর দাগ কেটে কেটে চলে গেছে তা যেন মেদিনীর বুকে বহুদূর পর্য্যন্ত বিদীর্ণ করে দিয়ে গেছে। ৪৫

বৃন্দা। আহা! এ কি হল! এ কি হল!

মুকুন্দ বিরহব্যথায় শান্তস্বভাবা শ্রীরাধাও ধৈর্য্যহারা হয়ে কখনও সামনে দৌড়ে যাচ্ছেন আবার কখনও বা নিশ্চয় নিস্তব্ধ হয়ে রয়েছেন! আহা কি যে দুঃখ! কখনও হাসছেন, কখনও বা কাঁদছেন, আবার কখনও বা প্রলাপ বকছেন আবার কখনও বা মৌন হয়ে আছেন। ৪৬

(নেপথ্যে শ্রীরাধার উক্তি)

ওগো সখি! বল, বল—নন্দকুল-চন্দ্রমা আজ কোথায়? কোথায় সেই ময়ূরপুচ্ছধারী? যাঁর বেণুনিনাদ মন্ত্রের মত রমনীকুলকে আকর্ষণ করে তিনি কোথায়? অঙ্গকান্তিতে যাঁর ইন্দ্র-

পৌর্ণমাসী – ধিক্ কষ্টম্ ! মূর্ত্তমেতদ্দুর্নিবারং কারণ্যডেম্বরং পরিলম্বতে, তদিতস্তূর্ণং মে প্রস্থিতিঃ পথ্যা। ৪৮

বৃন্দা—ভগবতি ! মুখরামত্র সন্নিধাপয়িতুমিচ্ছামি। (ইত্যুভে নিষ্ক্রান্তে।) বিষ্কম্ভকঃ ৪৯

(ততঃ প্রবিশতি সখীভ্যামাশ্বাস্যমানা রাধা)

শ্রীরাধা। (সক্রেন্দম্) নিপীতা ন স্বৈরং শ্রুতিপুটিকয়া নর্ম্মভনিতি
র্ন দৃষ্টা নিঃশঙ্কং সুমুখি মুখপঙ্কেরুহরুচঃ।
হরের্বক্ষঃ পীঠং ন কিল ঘনমালিঙ্গিতমভূ-
দিতি ধ্যায়ং ধ্যায়ং স্ফুটতি লুটদন্তর্ম্মম মনঃ॥ ৫০

বিষ্কম্ভেতি। ভবেদ্বিষ্কম্ভকো ভূতভাবিবস্তুংশসূচক ইতি। ৪৮

রাধেতি। নিপীতেতি। প্রথমং বিধূতং নাম মুখসন্ধ্যঙ্গমিদম্। তল্লক্ষণম্ বিধূতং কথিতং দুঃখমভীষ্টার্থানবাপ্তিত ইতি। অত্র শ্রীকৃষ্ণস্য দর্শনালিঙ্গনাদ্যনবাপ্ত্যা দুঃখং 'বিধূতম্'। ঘনং নিবিড়ং যথা স্যাত্তথা মমান্তর্মনো লুঠৎ সৎ স্ফুটতি বিদীর্য্যতি। ৪৯

বিশাখেতি। সখি! কৃষ্ণস্য প্রত্যাগমনসন্দেশং জানন্ত্যপি ঈদৃশে বেদনানল-ঝলৎকারে আত্মানং পরিক্ষিপন্তী কস্মাৎ সখীনাং প্রণান্ কারীষেণ রন্ধয়সি। কারীষ উৎপলিকাগ্নিঃ। ৫০

নীলমণির ছটা কোথায় তিনি ? সখি, বল বল—রাসরসে নৃত্যচপল সেই রাসবিহারী আজ কোথায় ? কোথায় আমার সেই প্রাণসঞ্জীবনী—আমার প্রিয়তম অমূল্যনিধি—তিনি আজ কোথায় ? হে বিধাতঃ ! তোমাকে ধিক্ ! ধিক্ ! ৪৭

পৌর্ণমাসী। হায় ! এ যে শোকের পাথার বয়ে যাচ্ছে—আমি আর সইতে পারছি না—তাই এখনই আমাকে এখান থেকে চলে যেতে হবে। ৪৮

বৃন্দা। ভগবতি ! এখানে মুখরাকে আনতে ইচ্ছা করি। ৪৯

(এই বলে দুজনেই চলে গেলেন)

বিষ্কম্ভক অর্থাৎ অতীত ও ভবিষ্যৎ কাজের অংশমাত্র সূচনা)

(তারপর ললিতা ও বিশাখা শ্রীরাধাকে সান্ত্বনা দিতে দিতে প্রবেশ করলেন।)

শ্রীরাধা। (রোদন করতে করতে)

সুমুখি ! কেবলই মনে হচ্ছে আমি যেন প্রাণভরে শ্রীকৃষ্ণের প্রেমমধুর রসালাপ শুনি নি—নিঃসঙ্কোচে তাঁর মুখকমলের সৌন্দর্য্যসুধা পান করি নি—আর প্রেমভরে তাঁর বিশাল বক্ষঃ আলিঙ্গণ করি নি—তাই সখি গো ! এই ভাবনা ভাবতে ভাবতে আমার মর্ম্মস্থল যেন ফেটে চৌচির হয়ে যাচ্ছে। ৫০

বিশাখা। হলা! কণ্হস্স পচ্চাঅমণসন্দেসং জানন্তী বি ঈরিসে বেঅণাণল-ঝলক্কারে অপ্পাণং পক্খিবন্তী কীস সহীণং পরাণং করীসেণ রন্ধেসি? ৫১

শ্রীরাধা। (সংস্কৃতমাশ্রিত্য)

চেতঃ খিন্নজনে হরেঃ পরিণতং কারুণ্যবীচীভরৈ-
রিত্যাভীর-নতভ্রুবাং সখি ভবেদালোকসম্ভাবনা।
মর্ম্মগ্রন্থি-নিকৃন্তনব্যসনিনী তং তাদৃশং বৈরিণী
ক্রূরেয়ং বিরহব্যথা ন সহতে মদ্ভাগধেয়োৎসবম্॥ ৫২

(ইত্যার্ত্তিং নাটয়ন্তী)

উত্তাপী পুটপাকতোঽপি গরলগ্রামাদপি ক্ষোভণে
দম্ভোলেরপি দুঃসহঃ কটুরলং হৃন্মগ্নশল্যাদপি।
তীব্রঃ প্রৌঢ়বিসূচিকানিচয়তোঽপ্যুচ্চৈর্মমায়ং বলী
মর্ম্মাণ্যদ্য ভিনত্তি গোকুলপতের্বিশ্লেষজন্মা জ্বরঃ॥ ৫৩

শ্রীরাধেতি। হরেশ্চেতঃ কারুণ্যবীচীভরৈঃ খিন্নজনে পরিণতং সদয়ত্বম্ ইতি। ইতীতি পাঠে ক্রিয়াপদমুহ্যম্। উন্মত্তায়াস্তস্যা অসম্বন্ধবাক্যত্বাৎ। এতীতি পাঠে ইতি পদমুহ্যম্। তাদৃশং মদ্ভাগ্যোৎসবম্ ইয়ং বিরহব্যথা ন সহতে ইত্যন্বয়ঃ। বিরোধনাম প্রতিমুখসন্ধ্যঙ্গমিদম্। তল্লক্ষণং,—যত্তু ব্যসনমায়াতি বিরোধঃ স নিগদ্যতে ইতি। অত্র ষষ্ঠ এব বিরোধাগমনেন বিরোধঃ। দর্শনসম্ভাবনা চেত্তদা কথং শোচসীত্যত্রাহ মর্ম্মেত্যাদি॥ ৫২

শ্রীরাধেতি। উত্তাপীতি। তৈজসদ্রবীকরণপাত্রম্। তস্য পাকোইর্ভকঃ পুটাদ্যুৎক্ষিপ্তো যঃ কশ্চিদবয়বস্তস্মাৎ। ক্ষোভণো মোহকারী। দম্ভোলেঃ বজ্রাৎ। বিসূচিকা ব্যাধিবিশেষঃ। ৫৩

বিশাখা। সখি রাধে! তুমি তো জান, শ্রীকৃষ্ণ আবার ফিরে আসবেন তবে কেন এমন করে বেদনানলে আত্মাহুতি দিয়ে সখীদেরও ঘুঁটের আগুনে পুড়িয়ে মারছ? ৫১

শ্রীরাধা। সখি! শ্রীকৃষ্ণের হৃদয়খানি করুণায় ভরা—তাই ব্রজসুন্দরীদের কখনও শ্রীকৃষ্ণ-দর্শন সম্ভাবনা হতে পারে। কিন্তু সই! বিরহবেদনা বড়ই ক্রুরস্বভাবা—সে মর্মস্থলকে ছেদন করে দেয়—তাই সে পরম শত্রুর মত আমার সৌভাগ্যের আতিশয্য সহ্য করিতে পারছে না। ৫২

(এই বলে অত্যন্ত অনুতাপ প্রকাশ করতে লাগলেন।)

আহা কি কষ্ট! শ্রীকৃষ্ণের বিরহভোগে যে বেদনা, তার তাপ পুটপাকের চেয়েও বেশী—(পুটপাক—মাটির হাঁড়ির মুখে সরা ঢাকা দিয়ে চারিপাশে প্রলেপ দেওয়া হয়—ভিতরে কবিরাজী ভেষজ বা ধাতুঘটিত ঔষধ সিদ্ধ হয়—এতে তাপ একটুও বাইরে প্রকাশ পায় না অথচ ভিতরে তাপ অত্যন্ত তীব্র হয়—একে পুটপাক বলে) এ বিরহযাতনা কালকূট বিষ অপেক্ষাও মোহজনিকা, বজ্র অপেক্ষাও কঠিন—তীক্ষ্ণ অস্ত্র অপেক্ষাও মর্মকে তীব্রভাবে ছেদন করে—বিসূচিকা রোগবিশেষের চেয়েও জ্বালাময়। তাই বলি হে সখি! ঐ ব্যথা তার নিজের জোরেই আমার মর্মছেদন করছে। ৫৩

(ইতি মুক্তকণ্ঠং রোদিতি ।)

(নেপথ্যে) অদ্য প্রাণপরার্দ্ধতোঽপি দয়িতে দূরং প্রযাতে হরৌ
হা ধিগ্ দুঃসহশোকশঙ্কুভিরভূদ্‌বিদ্ধান্তরা রাধিকা ।
তেনাস্যাঃ প্রতিষেধমার্য্যচরিতে ত্বং মা কৃথা মা কৃথাঃ
ক্ষীণেয়ং ক্ষণমত্র সুষ্ঠু বিলুঠত্যার্ত্তস্বরং রোদিতু ॥ ৫৪

ললিতা । (নেপথ্যাভিমুখমালোক্য স্বগতম্) বৃন্দে ! সাহু সাহু, জং ণিবারণুম্মুহী মুহরা তুএ ণিবারিদা । ৫৫

শ্রীরাধা । (পুনশ্চক্রবাকীং বিলোক্য সাভ্যর্থনম্)—

ইয়মুপগতা প্রাচীতস্থং রথাঙ্গি ততো হরি-
স্তব পদমগাদক্ষ্ণোরস্য প্রবৃত্তিমুদীরয় ।
বিলয়তি রথক্লান্তিং হন্ত প্রভোঃ পথি তস্য কঃ
প্রণয়তি জনঃ কো বা পত্রাঙ্কুরাদিপরিক্রিয়াম্ ? ৫৬

(নেপথ্যে) বৃন্দাহ, হে আর্য্যচরিতে মুখরে ! উপন্যাসনাম প্রতিমুখসন্ধ্যঙ্গ-মিদম্ । তল্লক্ষণং-যুক্তিভিঃ সন্ধিতো যোঽর্থ উপন্যাসঃ স উচ্যতে ইতি । অত্র যুক্তিমদর্থঃ প্রকট এব । ৫৪

ললিতেতি । বৃন্দে ! সাধু, সাধু, যন্নিবারণোন্মুখী মুখরা ত্বয়া নিবারিতা ॥ ৫৫

শ্রীরাধেতি । ইয়মিতি । রথাঙ্গি হে চক্রবাকি ! প্রবৃত্তিং বার্ত্তাম্ উদীরয় কথয় । বিলয়তি নাশয়তি । ক্লান্তিং শ্রান্তিং,—প্রণয়তি করোতি ॥ ৫৬

(এই বলে মুক্তকণ্ঠে রোদন করতে লাগলেন)

(নেপথ্যে বৃন্দার উক্তি)

ওগো সুশীলে মুখরে ! হায় ! হায় ! আজ প্রাণ অপেক্ষাও প্রিয়তম হরি দূরে চলে যাওয়ায় শ্রীরাধা অন্তরে দুঃসহ শোক ভোগ করছেন । শোক-শলাকা তাঁর হৃদয়কে বিদীর্ণ করে দিচ্ছে । তুমি তাকে আর নিষেধ করোনা । এই তন্বী কিছুক্ষণ অন্তত ভূমিতে লুণ্ঠিত হয়ে আর্ত্ত হয়ে রোদন করুন্ । ৫৪

ললিতা । (নেপথ্যে দৃষ্টিপাত করে) বৃন্দে ! তুমি যে মুখরাকে নিবারণ করার কাজ হতে নিবৃত্ত করলে সেজন্য তোমাকে ধন্যবাদ দিই । ৫৫

শ্রীরাধা । (পুনরায় চক্রবাকী দেখে সাদরে বললেন)

ওগো চক্রবাকী ! এই তো তুমি পূর্বদিক থেকে আসছ, তাহলে মনে হচ্ছে তুমি হরিকে দর্শন করে এসেছ—তাই বল না লক্ষ্মীটি, হরি-এখন কি করছেন ? পথের মাঝে তাঁর রথশ্রান্তি কে দূর করে দিচ্ছে ? আর কেই বা তাঁর শ্রীমুখমণ্ডলের অলকা তিলকের সংস্কার করে দিচ্ছে ? ৫৬

ললিতা। পিঅসহি! বিওইণী-ণিউরম্ব কুড়ুম্বং কড়ম্বসাহিসিহরে মহুরাপত্থাণুক্কণ্ঠিদং বিঅ পেক্খ বলিপুট্ঠরাঅং। ৫৭

শ্রীরাধা। (সশ্লাঘম্)—

ভ্রাতর্বায়সমণ্ডলীমুকুট হে নিষ্ক্রম্য গোষ্ঠাদিতঃ
সন্দেশং বদ বন্দনোত্তরমমুং বৃন্দাটবীন্দ্রায় মে।
দগ্ধুং প্রাণপশুং শিখী বিরহভূরিন্ধে মদঙ্গালয়ে
সান্দ্রং নাগরচন্দ্র ভিন্ধি রভসাদাশার্গলাবন্ধনম্॥ ৫৮

(সব্যতঃ শারিকামবেক্ষ্য)—

ন বেদ্মি সখি শারিকে যদসি তস্য দূতী হরে-
রিদং প্রথমতঃ স্ফুটং কথয় মুঞ্চ বার্ত্তাং পরাম্।
স পিষ্টকটুকণ্টকঃ সখিভিরাবৃতো বর্ত্ততে
রথো রথ ইতি ব্রুবন্ কিমধুনা প্রতীচীমুখঃ? ৫৯

ললিতেতি। প্রিয়সখি! বিয়োগিনী-নিকুরম্বকুটম্বং কদম্বশাখি-শিখরে মথুরাপ্রস্থানোৎকণ্ঠিতমিব পশ্য বালপুষ্ট-রাজম্। বলিপুষ্টাঃ কাকাস্তেষাং রাজানম্॥ ৫৭

শ্রীরাধেতি। ভ্রাতরিতি। বন্দনাদুত্তরং বিরহজন্মনা বহ্নিঃ দীপ্যতে। ভিন্ধি ছিন্ধি রভসাৎ শীঘ্রম্॥ ৫৮

শ্রীরাধেতি। ন বেদ্মি ইতি। পিষ্টঃ চূর্ণীকৃতঃ কটুকণ্টকঃ উগ্রশত্রুঃ ক্ষুদ্রশত্রৌ চ কণ্টকঃ ইতি কোষঃ। অধুনা কিং প্রতীচী মুখঃ সন্ রথোরথ ইতি ব্রুবন্ বর্ত্তত ইত্যন্বেয়ম্॥ ৫৯

ললিতা। প্রিয়সখি! কদম্বগাছের অগ্রভাগে কেমন করে কাক-রাজটি বসে আছে, দেখ দেখ! তাকে দেখে মনে হচ্ছে সে যেন বিরহিণীদের আত্মীয়স্বরূপ হয়ে মথুরা যাবার জন্য উৎকণ্ঠিত হয়ে আছে। ৫৭

শ্রীরাধা। (প্রশংসাধ্বনি করে) ওগো ভাই বায়স-মুকুটমণি!

তুমি গোষ্ঠ থেকে গমন করে বৃন্দাবনচন্দ্রকে বন্দনা করে আমার এই কথা ক'টি তাঁকে বলো—"ওগো নগরচূড়ামণি! তোমার বিরহাগ্নি প্রাণপশুকে দগ্ধ করবার জন্য আমার অঙ্গরূপ আলয়ে আশ্রয় নিয়ে প্রজ্জ্বলিত হয়েছে—কিন্তু প্রাণপশুটি আশাপাশময় অর্গল বন্ধনে আবদ্ধ হয়ে পড়েছে—তাই বাইরে আসতে পারছে না—তুমি তাড়াতাড়ি গিয়ে সেই আশাপাশরূপ অর্গলটি ছেদন করে দাও। (অর্থাৎ রসিকশেখর কৃষ্ণ ফিরে আসবেন এই আশা বুকে নিয়ে আজও প্রাণধারণ করা সম্ভব হয়েছে।) ৫৮

(বামদিকে শারিকা পক্ষিণীকে দেখে)

ওগো সখি শারিকে! তুমি যে হরির দূতী—আমি তাতো জানি না। যাই হোক্! এখন অন্য সব কথা ছেড়ে সত্যি কথা বলত—শ্রীকৃষ্ণ কি এখন ক্ষুদ্র শত্রু বধ করে সখাদের মাঝে রথ রথ—এই কথা বলতে বলতে এখনও কি পশ্চিম দিকে মুখ করে আছেন? ৫৯

ইতি বিক্রোশন্তী সশঙ্কম্)—

কিং জল্পি স্সদি সম্পদং গুরুঅণো হা বৈণবং ক্কামৃতং
জুত্তিং সোঅহরং সুণামি ণ কহং হা নর্ম্মভঙ্গী ক্ক সা ?
কিং ধারেমি ণ ধেরিঅং ক্খণমহং হা প্রাণনাথঃ ক্ক মে
কণ্ঠং মুঞ্চধ রে পরাণহদআ হা ধিঙ্ ন দৃষ্টো হরিঃ ॥ ৬০

বিশাখা। (অপবার্য্য) ললিদে ! তুরিঅং কুণ কম্পি উবাঅং জেণ এসোপরাণবিদ্দোহী পিঅসহীএ বেঅণাতরঙ্গো ক্খণং বি সিঢ়িলীঅদি। ৬১

ললিতা। (রাধামুপেত্য সংস্কৃতেন)—

আশঙ্কেমহি পঙ্কজাক্ষি কুতুকী নির্মায় মায়াং ক্রমা-
দক্রূরাদিময়ীং হরিঃ পরিহসত্যস্মান্ কলাবানলম্।
মোক্তুং ন ক্ষমতে কদাপি যদয়ং বৃন্দাটবীকন্দরং
শক্যঃ প্রেক্ষিতুমঞ্জসা সখি স চেৎ কুঞ্জান্তরে মৃগ্যতে ॥ ৬২

শ্রীরাধেতি। কিং জল্পিষ্যতি সাম্প্রতং গুরুজনো হা বৈণবম্। ক্কামৃতং যুক্তিং শোকহরং শৃণোমি ন কথং হা নর্ম্মভঙ্গী ! ক্ক সা। ধৈর্যং কিং ন ধারয়ামি। হন্ত হৃদয়ে হা প্রাণনাথঃ ! ক্ক মে কণ্ঠং মুঞ্চত রে প্রাণহতকা ! হা ধিঙ্ ! ন দৃষ্টো হরিঃ। পন্থস্থাস্যানেকময়ত্বং দীব্যোন্মাদ-জনিতত্বাৎ। ৬০

বিশাখেতি। কর্ণে লগিত্বাহ্, ললিতে ! ত্বরিতং কুরু কমপি উপায়ং যেন এষঃ প্রাণবিদ্রোহী প্রিয়সখ্যা বেদনাতরঙ্গঃ ক্ষণমপি শিথিলায়তে। ৬১

ললিতেতি। আশঙ্কেতি। কুতকী হরিঃ ক্রমাদক্রূরাদিময়ীং মায়াং নির্ম্মায়াস্মাকমলং পরিহসতি যস্মাদয়ং কদাপি বৃন্দাটবীকন্দরং মোক্তুং ন ক্ষমতে যদি কুঞ্জান্তরে মৃগ্যতে তর্হ্যঞ্জসা প্রেক্ষিতুং শক্যঃ স্যাদিত্যন্বেয়ম্॥ ৬২

(এই বলে রোদন করতে করতে ভয়ের সঙ্গে)

উদ্ধব। বজ্রপাণি ইন্দ্র প্রভৃতি দেবতাগণ অসুরদের কাছে ভয় পেয়ে যাঁর চরণে অভয়-প্রার্থনা করে থাকেন, কি আশ্চর্য্যের কথা—সেই শ্রীকৃষ্ণ আজ একটা অতি ক্ষুদ্র জরাসন্ধের ভয়ে সমুদ্রের মধ্যে দুর্গ নির্মাণ করে তাতে বাস করতে লাগলেন—আর যাঁর বুদ্ধিতে জগৎ জীবন ধারণ করে সেই সর্ব্বেশ্বর প্রভু মন্ত্রণাবিষয়ে আমাকে আহ্বান করেন—এ দুর্জ্ঞেয় শ্রীকৃষ্ণের লীলা কে জানতে পারে?

(চিন্তা করে)

ওগো! এখন চিত্ত আমার বড় চিন্তাকুল—দেবর্ষিকে দেখবার বড় বাসনা হয়েছে।

আকাশে! কি বলছ! ভগবান্ নারদ সুধর্মা দেবসভায় আছেন—তা থাকুন—আমি সেখানেই যাচ্ছি।

(এই বলে ফিরে এসে)

আরে! সত্যই যে দেবর্ষিপাদ সামনে আসছেন—১

(প্রবিশ্য) নারদঃ—　　ঊরীকর্ত্তুং দামোদরহৃদি নবামোদলহরীং
বরীয়স্যঃ প্রেম্নাং জগতি বিবিধাঃ সন্তু গতয়ঃ।
স্তুমস্তং যস্তাসাং স্ফুরতি হৃদি ভাবস্য গরিমা
হৃষীকাণাং হন্ত প্রভুরপি ন যত্র প্রভবতি ॥ ২ ॥

(পুরো বিলোক্য সানন্দম্)—

অয়ং চক্রাঙ্কস্ফুরিত-ভুজমূলস্তিলকবান্
দধৎ কণ্ঠে মালামতুল-তুলসী-কাষ্ঠমণিজাম্।
হরেঃ শেষামঙ্গে শিরসি চ বহন্নুদ্ধবতয়া
গতঃ খ্যাতিং ভক্তিপ্রসর ইহ মূর্ত্তো বিহরতি ॥ ৩ ॥

উদ্ধবঃ। ভগবন্নভিবাদয়ে ॥ ৪

নারদঃ। (শুভাশিষা সভাজয়ন্) মন্ত্রিরাজ! কথং বিষণ্ণ ইব বীক্ষ্যমাণোঽসি ? ॥ ৫ ॥

নারদ ইতি। ঊরীতি। তাসাং ব্রজদেবীনাং প্রভুরপি প্রেরকোঽপি। যত্র ভাবগরিমণি। ন প্রভবতি ন প্রভুর্ভবতি ॥ ২ ॥

মূর্ত্তো ভক্তিপ্রসর উদ্ধবতয়া খ্যাতিং গতঃ সন্ বিহরতি। শেষঃ প্রসাদে মাল্যে চ স্ত্রিয়াং শেষো হলায়ুধ ইতি ধরণিঃ ॥ ৩ ॥

উদ্ধব ইতি। দেবর্ষে! নমস্করোমি ॥ ৪ ॥

নারদ ইতি। (সভাজয়ন্ প্রশংসয়ন্।) ॥ ৫ ॥

(নারদের প্রবেশ)

নারদ। দামোদরের হৃদয়ের আনন্দলহরী অনুভবের জন্য জগতে প্রেমের কত না পন্থা প্রকাশ পেয়েছে কিন্তু ব্রজরামাদের হৃদয়ের ভাবগরিমা গ্রহণ করতে পারে এমন সাধ্য কারও নেই—আরও আশ্চর্য্যের কথা—যিনি ইন্দ্রিয়বর্গকে চালনা করেন সেই হৃষীকেশও যাঁদের ভাবগাম্ভীর্য্যের নাগাল পান না—তাহলে অন্যের সম্বন্ধে আর কি বলব ? আমরা শুধু সে ভাবমাধুর্য্যের স্তুতি গান করি। ২

(সামনে দেখে আনন্দ ভরে)

আহা! বাহুমূলে চক্রচিহ্ন, ললাটে তিলক, কণ্ঠে মনোরম তুলসীকাষ্ঠমালা, এবং অঙ্গে ও মস্তকে হরিনির্ম্মাল্য বহন করে উদ্ধব নামে খ্যাতিলাভ করেছেন—মনে হচ্ছে যেন ভক্তিবিস্তারই মূর্ত্তিমান হয়ে প্রকাশ পাচ্ছেন। ৩

উদ্ধব। দেবর্ষে! প্রণাম জানাই। ৪

নারদ। (শুভাশংসন করে প্রশংসা করলেন) মন্ত্রিরাজ! তোমাকে বিষাদগ্রস্ত দেখছি কেন ? ৫

উদ্ধবঃ। ভগবন্! দেবপাদেষু কৃতেনাপরাধেন ॥ ৬ ॥

নারদঃ। ঊষরভূমিরসি ত্বং সন্ততমপরাধবীজস্য, দৈবাদ্‌বিরূঢ়মপি তদ্‌বিন্দতি সত্তাং ন গোবিন্দে ॥ ৭॥

উদ্ধবঃ। ভগবন্! মদীয়া রভসকারিতৈব দেবস্য ভীমারণ্য সীমায়ামবগাহনে হেতুরভূৎ ॥ ৮ ॥

নারদঃ। কীদৃশী সা? ॥ ৯ ॥

উদ্ধবঃ। ক্ষুদ্রে সত্রাজিতি দেবার্থমভ্যর্থনা ॥ ১০ ॥

নারদঃ। কিং তদভ্যর্থিতম্? ॥ ১১ ॥

উদ্ধবঃ। লোকোত্তরং কন্যারত্নং চিন্তারত্নঞ্চ ॥ ১২ ॥

নারদঃ। (স্বগতম্) চিত্রং চিত্রম্! অসমীক্ষ্যকারিতাপি শিষ্ঠানামিষ্টারম্ভপর্য্যবসায়িতামেব ধত্তে! (প্রকাশম্) স্ফুটমভ্যর্থিতং তে সার্থকং নাভূৎ? ॥ ১৩ ॥

উদ্ধবঃ। অথ কিম্। প্রত্যুত কষ্টদমেব বৃত্তম্ ॥ ১৪ ॥

নারদ ইতি। তদপরাধবীজং গোবিন্দবিষয়ে সত্তাং ন বিন্দতি। ৭

উদ্ধব ইতি। রভসকারিতা কৌতুককারিতা। অবগাহনে প্রবেশে। ৮

নারদ ইতি। অসমীক্ষ্যকারিতা অবিমৃষ্যকারিতা। ১৩

উদ্ধব। দেবর্ষে! শ্রীকৃষ্ণচরণকমলে অপরাধ করেছি বলে। ৬

নারদ। অপরাধবীজ কখনও তোমার চিত্তভূমিতে অঙ্কুর উদ্গম করবে না—যদি বা কখনও অপরাধবীজ সঞ্জাত হয়ও তাহলেও ভগবান্ গোবিন্দে তা কখনও স্থায়ী হবে না—কারণ ভগবান্ কখনও তোমার অপরাধ গ্রহণ করবেন না। ৭

উদ্ধব। দেবর্ষে! আমার কৌতুকপ্রিয়তাই দেবোত্তমের মহারণ্য সীমা প্রবেশের কারণ হয়েছে। ৮

নারদ। সে আবার কেমন? ৯

উদ্ধব। শ্রীকৃষ্ণের জন্য ক্ষুদ্র সত্রাজিতকে প্রার্থনা। ১০

নারদ। সে প্রার্থনা কি? ১১

উদ্ধব। অলৌকিকী কন্যারত্ন ও চিন্তারত্ন। ১২

নারদ। (মনে মনে) আশ্চর্য্য আশ্চর্য্য! অবিবেকিতাই সাধুজনের মঙ্গলারম্ভকে বিনাশ করে।

(প্রকাশ্যে)

বোধহয় তোমার প্রার্থনা সফল হয় নি। ১৩

উদ্ধব। হ্যাঁ ঠিকই, সার্থক না হয়ে কষ্টকরই হল। ১৪

নারদঃ। নায়মগৃহীত-শাসনোঽপি বাচ্যতামর্হতি সত্রাজিতঃ। যতঃ—
বিমলহৃদয়ঃ খ্যাতো লোকে সতামুপদেশতো
গুণয়তি গুণশ্রেণীং নাল্পো মলীমসমানসঃ।
মুকুলপটলীং সারঙ্গাক্ষী-মুখার্পিত-সীধুভি-
র্বকুল ইব কিং ধত্তে মূর্দ্ধ্না হঠাদটরূষকঃ ? ॥ ১৫ ॥

উদ্ধবঃ। অনর্পিতেন রত্নেন কন্যারত্নেন চাচ্যুতে।
ভ্রাতরং সাধুবাদঞ্চ স স্বকীয়মঘাতয়ৎ ॥ ১৬ ॥

নারদঃ। শ্রুতমাখেটকে স দিষ্টান্তমবাপ প্রসেনঃ ॥ ১৭ ॥

উদ্ধবঃ। অথ কিম্ ॥ ১৮ ॥

নারদঃ। স্ফটং প্রসেনমন্বেষ্টুং প্রস্থিতো রথাঙ্গী ॥ ১৯ ॥

নারদ ইতি। অয়ং কৃষ্ণঃ, ন গৃহীতং শাসনং যস্য। বাচ্যতাং নিন্দ্যতাম্। বিমলেতি। গুণয়তি বিস্তারয়তি। সারঙ্গাক্ষী অর্থাৎ পদ্মিনীমুখার্পিত-মধুভিঃ। বকুলঃ কেশরঃ। অটরূষকঃ বাসকবৃক্ষবিশেষঃ। ১৫

উদ্ধব ইতি। কন্যারত্নস্য কৃষ্ণেঽদানতঃ সত্রাজিৎভ্রাতরং প্রসেনং লোকসাধুবাদঞ্চ অনাশয়ৎ। তেনৈব প্রসেনস্য নাশঃ নিন্দা চ অভূদিত্যর্থঃ। ১৬

নারদ ইতি। আখেটকে মৃগয়ায়াং স প্রসেনঃ দিষ্টান্তং মৃত্যুমবাপ প্রাপ্তবান্ ইতি শ্রুতম্। ১৭

নারদ ইতি। রথাঙ্গী কৃষ্ণঃ। ১৯

নারদ। সত্রাজিৎ যদিও শ্রীকৃষ্ণের আজ্ঞা গ্রহণ করলেন না—তথাপি শ্রীকৃষ্ণ সত্রাজিতের কাছে নিন্দার পাত্র হতে পারেন না। কারণ—যাঁর হৃদয়ের স্বচ্ছতার খ্যাতি আছে তিনিই সাধু উপদেশ গ্রহণ করে গুণরাজি বিস্তার করেন—ক্ষুদ্র ও মলিনচেতা ব্যক্তি কখনও সতের উপদেশ গ্রহণ করে না যেমন মৃগনয়না সুন্দরীদের মুখার্পিত মধুধারায় বকুলতরুই মঞ্জুরিত হয় বাসকবৃক্ষের কখনও মুকুল উদ্গম হয় না—এও ঠিক সেই রকম। ১৫

উদ্ধব। সত্রাজিৎ শ্রীকৃষ্ণকে কন্যারত্ন ও রত্ন প্রদান না করে নিজের ভাই এবং সুখ্যাতি—এই দুটিই নষ্ট করেছে। ১৬

নারদ। আমি শুনেছি—প্রসেন মৃগয়া করতে গিয়ে মৃত্যু-কবলে পড়েছে। ১৭

উদ্ধব। হ্যাঁ ঠিকই বলেছেন। ১৮

নারদ। আমার মনে হয় শ্রীকৃষ্ণ প্রসেনকে অন্বেষণ করতে গিয়েছেন। ১৯

উদ্ধবঃ। অথ কিম্, যদেষ জগত্তমঃ-প্রমাথি-চরিত্রবিরোচনে চানূরদ্বিষি কাঞ্চিত্তমঃ-কলামুদীরয়তি; তেনাদ্য খিন্নো ভবন্তঃ ক্ষেমমাশংসে ॥ ২০ ॥

নারদঃ। হন্ত! পুণ্ডরীকাক্ষ-ভক্তিমঞ্জরী-চঞ্চরীক! রভসারব্ধোঽপি ভক্তিমদ্ভিরর্থঃ কংসহরস্য হর্ষহেতুতামেব প্রতিপদ্যতে, কিমুত প্রেষ্ঠেন ভবাদৃশা; তদদ্য মহোৎসবঃ ক্রিয়তাম্। তেষাং লোকোত্তর-চমৎকৃতীনাং বৃন্দাটবীবিলাসানাং বিলোকনায় রমণীয়স্তে সময়োঽয়মুপস্থিতবান্ ॥ ২১ ॥

উদ্ধবঃ। ভগবন্! জানন্নপি কিং মাং মুধা প্রলোভয়সি? যদদ্য কেনাপি শোকশঙ্কুলা-সঙ্কুলস্য দেবস্য কুতো নববৃন্দাবনাবগাহনেঽপি সম্ভাবনা? ॥ ২২ ॥

নারদঃ। কঃ শোকশঙ্কোরুপাধিঃ? ॥ ২৩ ॥

উদ্ধবঃ। কনিষ্ঠা—। (ইত্যর্দ্ধোক্তে বাক্স্তম্ভং নাটয়তি।) ॥ ২৪ ॥

নারদঃ। (বিহস্য)—

অপি লব্ধাঙ্গুলীসঙ্গাং যদি নষ্টেতি দৃষ্টিমান্।
মুদ্রাং শোচতি রোচিষ্ণুং তত্র কিং করবামহে? ॥ ২৫ ॥

উদ্ধব ইতি। এষঃ সত্রাজিৎ, আশংসে পৃচ্ছামি। বিরোচনে সূর্য্যে। ২০

নারদ ইতি। চঞ্চরীকঃ ভ্রমরঃ। রভসা কৌতুকেন। ২১

নারদ ইতি। উপাধিঃ কারণম্। ২৩

উদ্ধব ইতি। রাধেতি বক্তব্যে কনিষ্ঠা ইত্যর্দ্ধোক্তে সতি ॥ ২৪

নারদ ইতি। দৃষ্টিমান্ চক্ষুষ্মান্। ২৫

উদ্ধব। হ্যাঁ তাই হবে। কারণ—এই সত্রাজিৎ যাঁর চরিত্রে জগতের অন্ধকার বিনাশ পায়—সেই চানূর শত্রু শ্রীকৃষ্ণে কলঙ্ক লেপন করেছে - তার ফলে ব্যথা পেয়ে আমি আপনার কাছে মঙ্গল প্রার্থনা করছি। ২০

নারদ। কি আশ্চর্য্য! হে উদ্ধব! তুমি পুণ্ডরীকাক্ষের ভক্তিমঞ্জরীতে ভ্রমরের মত—ভক্তের কৌতুকবশে আরব্ধ যে কোন কাজ যখন কংসারির হর্ষের কারণ হয়—তখন তোমার মত প্রিয়তমের আর কথা কি? যাই হোক্! আজ মহোৎসব করবার জন্য প্রস্তুত হও—কারণ অলৌকিক বৃন্দাবন-বিলাস দর্শনের জন্য এখন চমৎকার সময় উপস্থিত হয়েছে। ২১

উদ্ধব। ভগবন্! কেন আমাকে মিছামিছি লুব্ধ করছেন—কারণ আজ এমন শোকশেলে শ্রীকৃষ্ণের হৃদয় বিদ্ধ হয়েছে—যে কোনরূপে নববৃন্দাবনীয় লীলাস্বাদনের সম্ভাবনা নেই। ২২

নারদ। এ শোকশঙ্কুর কারণ কি? ২৩

উদ্ধব। কনিষ্ঠা অর্থাৎ শ্রীরাধা—এইটুকু বলবার পর—বাক্যকে স্তব্ধ করলেন। ২৪

উদ্ধবঃ। (সবিস্ময়ানন্দম্)—ভগবন্! কিঞ্চিদুচ্ছ্বসিতা তে বাগ্বল্লরী ব্যাকুলয়তি মে মনোমধুপম্; তদভিব্যক্তীক্রিয়তাম্, সত্যমেব কিমায়ুষ্মতী কনিষ্ঠাদেবী? ॥ ২৬ ॥

নারদঃ। আয়ুষ্মতীতি কিমুচ্যতে? সা দ্বারবতীমেবালঙ্কুর্ব্বতী বর্ত্ততে ॥ ২৭ ॥

উদ্ধবঃ। (সরোমাঞ্চম্) কথমিয়মত্রাগতা? ॥ ২৮ ॥

নারদঃ। অক্ষীণং বিভবং প্রজাঞ্চ পরমামভ্যর্থ্য সর্ব্বাত্মনা
কুর্ব্বাণায় নিষেবণং বিরহিতাপত্যায় সত্যার্চ্চনঃ।
সাদ্ধং দুর্দ্ধরশঙ্খচূড়মণিনা তাং সত্যভামাখ্যয়া
বিখ্যাতাং প্রণয়ন্ দদৌ দিনমণির্মিত্রায় সত্রাজিতে ॥ ২৯ ॥

সস্নেহমব্রবীচ্চৈনম্,—

প্রণেষ্যতি যশঃ পরং জগতি নারদানুজ্ঞয়া
বরায় বরকীর্ত্তয়ে সুতনুরর্পিতেয়ং তব।
স্যমন্তকমণিশ্চ তে মহিতমূর্ত্তিরষ্টৌ মহান্
প্রসোষ্যতি দিনং দিনং ননু হিরণ্যভারানয়ম্ ॥ ৩০ ॥

উদ্ধব ইতি। উচ্ছ্বসিতা বিকশিতা। ২৬

নারদ ইতি। বিভবং স্যমন্তকং। দুর্দ্ধরঃ দুর্দ্দান্তঃ। তাং রাধাম্, প্রণয়ন্ কুর্ব্বন্ ॥ ২৯ ॥ প্রণেষ্যতি করিষ্যতি ॥ ৩০ ॥

নারদ। (হেসে) চক্ষুষ্মান্ ব্যক্তি যদি ভাল করে না দেখে আঙ্গুলে অঙ্গুরী থাকা সত্ত্বেও অঙ্গুরীর জন্য শোক করে তাহলে সে বিষয়ে আর কি বলা যায়? ২৫

উদ্ধব। (বিস্ময় ও আনন্দের সঙ্গে) ভগবন্! আপনার বাক্যলতা প্রকাশিত হয়ে আমার মনোরূপ মধুকরকে ব্যাকুল করেছে—তাই ভাল করে খুলে বলুন—সত্যই কি কনিষ্ঠাদেবী জীবিত আছেন? ২৬

নারদ। বেঁচে আছেন কি না—এ কথা জিজ্ঞাসা করছ কেন? তিনি দ্বারাবতী শোভা করে রয়েছেন। ২৭

উদ্ধব। (রোমাঞ্চের সঙ্গে) কেমন করে তিনি এখানে এলেন? ২৮

নারদ। অপুত্রক সত্রাজিৎ রাজা অসীম ঐশ্বর্য্য ও সর্ব্বোৎকৃষ্ট সন্তান কামনা করে যথাযথ-ভাবে সূর্য্যদেবের উপাসনা করে—তার ফলে দেব দিবাকর সন্তুষ্ট হয়ে দুর্দ্ধর্ষ শঙ্খচূড়ের স্যমন্তকমণি ও সেই কনিষ্ঠার অর্থাৎ শ্রীরাধার সত্যভামা বলে নামকরণ করে অত্যন্ত প্রীতিভরে নিজের পরম মিত্র সত্রাজিৎকে সমর্পণ করেছিলেন। ২৯

এবং পরম স্নেহে সত্রাজিৎকে বললেন—

উদ্ধবঃ। কথমম্বরমণির্ম্মণীন্দ্রেঽস্মিন্নধিকারী সংবৃত্তঃ ? ॥ ৩১ ॥

নারদঃ। রবিলোকলব্ধয়া রাধিকয়ৈব তস্মৈ পুষ্পাঞ্জলিতয়া কল্পিতঃ ॥ ৩২ ॥

উদ্ধবঃ। কথমস্যাস্তরণিলোকস্যাধিরোহণমাসীৎ ? ॥ ৩৩ ॥

নারদঃ। মোক্ষত্যদ্য তনূমনীক্ষিত-হরিঃ সন্ধ্যামুখে তে সখী
তূর্ণং পুত্রি ততঃ সমানয় মমাভ্যর্ণে বিশীর্ণামিমাম্।
ইত্যাজ্ঞাং পিতুরাকলয্য চতুরা সা চণ্ডধাম্নঃ সুতা
সৌরং বিম্বমলম্ভয়দ্বিলপিতোদ্গারাধিকাং রাধিকাম্ ॥ ৩৪ ॥

উদ্ধবঃ। বিশাখায়াঃ কা বার্ত্তা ? ॥ ৩৫ ॥

নারদঃ। গোবিন্দেন সমং সম্বন্ধাদাত্মানং পূর্ণকামং কর্ত্তুকামস্য তামরসবন্ধোরিচ্ছয়া ধর্ম্মরাজানুজৈব গোকুলে বিশাখাখ্যামবাপ ॥ ৩৬ ॥

উদ্ধবঃ। ন্যূনং বিশাখায়াঃ সখ্যেন রাধিকায়ামধিকমন্বরজ্যত ধর্ম্মরাজমাতা ॥ ৩৭ ॥

উদ্ধব ইতি। অম্বরমণিঃ সূর্য্যঃ। কল্পিতঃ দত্তঃ। ৩১

নারদ ইতি অনীক্ষিতঃ ন ঈক্ষিতো হরির্যয়া সা। বিশীর্ণাং অতিক্ষীণাম্। চণ্ডধাম্নঃ সূর্য্যস্য। বিলাপিতোদ্গারাধিকাং বিলপিতস্যোদ্গারেণাধিকাম্। ৩৪

নারদ ইতি। তামরসবন্ধোঃ সূর্য্যস্য। ৩৬

তুমি নারদের আদেশে অতিশয় কীর্ত্তিমান পাত্রের হাতে এই কন্যাকে সম্প্রদান করো—তার ফলে এই কন্যাই জগতে তোমার বিপুল যশঃ বিস্তার করবেন—আর—এই স্যমন্তকমণি ঘরে রেখে পূজা করবে—তাহলে এই মণি প্রতিদিন আটভার সোণা প্রসব করবে। ৩০

উদ্ধব। দেব প্রভাকর কেমন করে এই স্যমন্তকমণি লাভ করলেন ? ৩১

নারদ। শ্রীরাধা সূর্য্যলোকে গিয়ে তাঁকে পুষ্পাঞ্জলি দিয়েছিলেন। ৩২

উদ্ধব। শ্রীরাধা কেমন করে সূর্য্যলোকে গিয়েছিলেন ? ৩৩

নারদ। সূর্য্যদেব নিজ-কন্যা কালিন্দীকে (শ্রীযমুনা) বললেন—পুত্রি! তোমার সখী শ্রীরাধা শ্রীকৃষ্ণ অদর্শনে আজই সন্ধ্যাকালে দেহ ত্যাগ করবেন—তাই যত তাড়াতাড়ি পার ক্ষীণতনু শ্রীরাধাকে আমার কাছে নিয়ে এস—বুদ্ধিমতী কালিন্দী পিতার আজ্ঞা শুনে শোকার্ত্তা শ্রীরাধাকে সূর্য্যমণ্ডলে নিয়ে গিয়েছিলেন। ৩৪

উদ্ধব। বিশাখার কি খবর ? ৩৫

নারদ। গোবিন্দের সঙ্গে সম্বন্ধ থাকায় আপনার মনোবাসনা সফল করব বলে পদ্মপ্রিয় সূর্য্যদেবের ইচ্ছায় ধর্ম্মরাজের কনিষ্ঠা ভগ্নীই গোকুলে বিশাখা নাম ধারণ করে এসেছেন। ৩৬

নারদঃ। অথ কিম্। সংজ্ঞায়া বিজ্ঞাপনাদেব তৎপিত্রা শিল্পাচার্য্যেণ নববৃন্দাবনং দ্বারবত্যামাবিষ্কৃতম্। তথা হি—

কালিন্দীকলিতোপকণ্ঠমভিতঃ শৈলশ্রিয়ালঙ্কৃতং
ভাণ্ডীরোজ্জ্বলমাবৃতং ব্রততিভিস্তাভির্দ্রুমৈস্তৈরপি।
সাঙ্গং দ্বারবতীপুরে জগদলঙ্কর্ম্মীণ নির্ম্মীয়তাং
রাধামাধবমাধুরীসরিদুপস্যন্দায় বৃন্দাবনম্ ॥ ৩৮ ॥

উদ্ধবঃ। শিল্পীন্দ্রনন্দিনী কথমত্র প্রবৃত্তা ? ॥ ৩৯ ॥

নারদঃ। রাধিকানিবেদনেন ॥ ৪০ ॥

উদ্ধবঃ। কীদৃশমিদম্ ? ॥ ৪১ ॥

নারদঃ। পশ্যন্তী পশুপালমণ্ডলশিরোমাল্যস্য লীলাস্থলী-
র্যত্রাহং নিরবাহয়িষ্যমভিতঃ স্বান্তস্য সন্তর্পণম্।
সদ্যঃ পামরকর্ম্মণো হতবিধেরুদ্দামবিস্ফূর্জিতৈ-
র্নির্ধূতাস্মি ততোঽপি দূরমধুনা হা হন্ত বৃন্দাবনাৎ ॥ ৪২ ॥

নারদ ইতি। সংজ্ঞায়াঃ সূর্য্যস্ত্রিয়ঃ। শিল্পাচার্য্যেণ বিশ্বকর্ম্মণা।

কালিন্দীতি। কালিন্দ্যা কলিতমুপকণ্ঠং সামীপ্যং যস্য তৎ।
হে পিতঃ বিশ্বকর্ম্মন্! কর্ম্মক্ষমেঽলঙ্কর্ম্মীণঃ। রাধামাধবমাধুরী সরিতো রূপস্য শ্রবায়। ৩৮

উদ্ধব ইতি। শিল্পীন্দ্রনন্দিনী সংজ্ঞা, অত্র বৃন্দাবননির্ম্মাণে। ৩৯

নারদ ইতি। নিরবাহয়িষ্যং নির্ব্বাহং করিষ্যামি, নির্ধূতাস্মি ক্ষিপ্তাস্মি। ৪২

উদ্ধব। বিশাখার সঙ্গে সখ্যতা থাকায় ধর্মরাজের মাতা শ্রীরাধাকে অত্যন্ত প্রীতি করতেন। ৩৭

নারদ। হ্যাঁ ঠিক কথা। সূর্য্যপত্নী সংজ্ঞার প্রার্থনায় তাঁর পিতা বিশ্বকর্ম্মা শিল্পপতি দ্বারকায় নববৃন্দাবন আবিষ্কার করেছেন।

সংজ্ঞা এইভাবে প্রার্থনা জানিয়েছিলেন—

হে পিতঃ! আপনি জগতের নির্মাণকাজে অত্যন্ত কুশল, শ্রীরাধামাধবের লীলামাধুরী-নদী যাতে অক্ষুণ্ণভাবে প্রবাহিতা থাকে সেজন্য লতা ও লতায় ঘেরা তরুরাজিদ্বারা দ্বারকায় সেইরকম বৃন্দাবন তৈরী করুন—যাতে শ্রীযমুনার তীর, পর্ব্বতশোভা আর ভাণ্ডীর-তরুরাজিতে বিভূষিত হয়। ৩৮

উদ্ধব। বিশ্বকর্ম্মার কন্যার এই বৃন্দাবন-নির্ম্মাণ করবার কারণটি কি ? ৩৯

নারদ। শ্রীরাধা এটি প্রার্থনা করেছিলেন। ৪০

উদ্ধব। প্রার্থনাটি কেমন ? ৪১

উদ্ধবঃ। দেবি! দিষ্ট্যা রক্ষিতাঃ স্মো বয়ং ত্রিলোকীচক্ষুষা মিত্রেণ। যতঃ,

কথমপি নিবসন্ত্যাস্তত্র বৃন্দাবনাঙ্কে, বিস্মর-হরিলীলা-পূরগাম্ভীর্য্যভাজি।
অপি তব নিবিড়াশা-সেতুবন্ধানুবন্ধৈরলঘুভিরভবিষ্যজ্জীবনং দুর্নিবন্ধম্ ॥

ততস্ততঃ? ॥ ৪৩ ॥

নারদঃ। ততশ্চ শনৈশ্চর-জননী শনৈরবাদীৎ,—

ন ব্যাকুলীভব জগত্রয়-সৌখ্যসারে নব্যারবিন্দ-বদনে সদনে সদাত্র।
ধ্যেয়ঃ সতাং সবিতৃমণ্ডল-মধ্যবর্ত্তী দেবঃ স এব দয়ং যদয়িতস্তবাস্তি ॥ ৪৪ ॥

উদ্ধবঃ। কিমত্র বিশাখয়া নোত্তরিতম্? ॥ ৪৫ ॥

নারদঃ। কথং নোত্তরয়িতব্যম্? যদেতয়া বিহস্যোক্তম্,—মাতঃ সবর্ণে! বর্ণয়ামি, সমাকর্ণয়,—

গোপীনাং পশুপেন্দ্রনন্দনজুষো ভাবস্য কস্তাং কৃতী
বিজ্ঞাতুং ক্ষমতে দুরূহপদবীসঞ্চারিণঃ প্রক্রিয়াম্।
আবিষ্কুর্ব্বতি বৈষ্ণবীমপি তনুং তস্মিন্ ভুজৈর্জিষ্ণুভি-
র্যাসাং হন্ত চতুর্ভিরদ্ভুতরুচিং রাগোদয়ঃ কুঞ্চতি ॥ ৪৬ ॥

উদ্ধব ইতি। ভাবনয়া শ্রীরাধাং প্রত্যক্ষীকৃত্যাহ। ৪৩
নারদ ইতি। শনৈশ্চর-জননী ছায়া। ৪৪
নারদ ইতি। গোপীনামিতি। কৃতী নিপুণঃ, তস্মিন্ পশুপেন্দ্রনন্দনে। ৪৬

নারদ। শ্রীরাধা বললেন—মাগো! মন্দকর্ম্মা ভাগ্যহত বিধির বিধানে আমি এখন বৃন্দাবন থেকে অনেক দূরে এসে পড়েছি—অতএব যাতে গোপালকসকলের শিরোভূষণরূপ লীলাস্থলী দর্শন করে মন সুস্থ করতে পারি এমনটি করুন। ৪২

উদ্ধব। চিন্তায় শ্রীরাধাকে প্রত্যক্ষ করে বললেন—দেবি! ভাগ্যক্রমে ত্রিলোকের নয়নস্বরূপ সূর্য্যদেব আমাদের রক্ষা করলেন।

কারণ লীলাময় হরির মধুময়ী লীলাগঙ্গা যেখানে প্রবাহিত হচ্ছেন সেই বৃন্দাবনের মাঝে আপনি যে অত্যন্ত কষ্টে বাস করছিলেন—তাতে আপনার জীবন দুর্ব্বিষহ হয়ে উঠেছিল—অর্থাৎ আপনার জীবন ধারণের সম্ভাবনা ছিল না।

স্পষ্টকরে বললেন—তারপর—তারপর—৪৩

নারদ। তারপর শনিজননী ছায়া বলেছিলেন—

উদ্ধবঃ— কিন্নাম ভগবতা সত্রাজিদনুশিষ্টোঽস্তি ? ৪৭

নারদঃ— অথ কিম্। তথাহি,—

মণীন্দ্রং পারীন্দ্রঃ প্রবরমহরন্নিঘ্নতনয়ং
বিনিঘ্নন্নেতঞ্চ প্রবলমথ ভল্লূক-নৃপতিঃ।
পরাভূয় স্বৈরী তমপি মুরবৈরী তব ধনং
তদা হর্ত্তা পাপস্ত্বমসি পতিতস্তাপজলধৌ ॥ ৪৮

উদ্ধবঃ— ততস্ততঃ ? ৪৯

নারদঃ— ততস্তেনোক্তম্,—

জ্বলিতো জনঃ কৃশানৌ, শাম্যতি তপ্তঃ কৃশানুনৈবায়ম্।
ভগবতি কৃতাগসো মে ভগবানেবাধুনা শরণম্ ॥ ৫০

নারদ ইতি। মণীন্দ্রমিতি। পারীন্দ্রঃ সিংহঃ নিঘ্নতনয়ং প্রসেনং। নিঘ্ননামা সত্রাজিতঃ পিতা, এতং পারীন্দ্রম্। ৪৮

নারদ ইতি। তপ্তঃ তাপং নীতঃ সন্। ৫০

ওগো! নবকমলাননে শ্রীরাধে! তুমি ত্রিভুবনের সুখসাররূপা। সাধুরা সর্ব্বদা যাঁকে সূর্য্যমণ্ডলের মধ্যবর্ত্তী দেবতা বলে ধ্যান করেন—তিনিই তোমার প্রিয়—এই সূর্য্যমণ্ডলে বাস করছেন—তাই আর চিন্তিত হবার কোন কারণ নেই। ৪৪

উদ্ধব। এ বিষয়ে বিশাখা কি কোন উত্তর দেন নি ? ৪৬

নারদ। উত্তর দেবেন না কেন ? তিনি হেসে বলেছেন—ওগো মাতঃ ছায়ে! বলি শুনুন—এমন কোন সামর্থ্যবান ব্যক্তি আছে—যে গোপবালাদের গোপেন্দ্রনন্দন সেবার যে দুর্গম পথ—তার ক্রিয়াকৌশল বুঝতে পারে ? কি আশ্চর্য্য! একদিন যখন নন্দনন্দন চতুর্ভুজ প্রকাশ করে নারায়ণ-মূর্ত্তিতে প্রকট হলেন—তা দর্শন করে গোপবালাদের অনুরাগ সঙ্কুচিত হয়েছিল। ৪৬

উদ্ধব। ভগবন্! আপনি সত্রাজিৎকে কোন শিক্ষা দেন নি কেন ? ৪৭

নারদ। তাতো বটেই!

কারণ—আমি তাকে বলেছিলাম—সত্রাজিৎ! তুমি পাপের মূর্ত্তি। যখন এই স্যমন্তকমণি হরণের জন্য সিংহ প্রসেনকে বধ করবে—পরে জাম্ববান যখন সিংহ সংহার করে ঐ মণি গ্রহণ করবেন তখনই শ্রীকৃষ্ণ জাম্ববানকে পরাজিত করে তোমার এই মণি হরণ করে নেবেন—যাই হোক, তুমি এখন দুঃখসাগরে নিমজ্জিত হলে। ৪৮

উদ্ধব। তারপর—তারপর—৪৯

নারদ। তারপর সত্রাজিৎ বলেছিল—

অগ্নিজ্বালায় তাপিত ব্যক্তি যেমন অগ্নির উত্তাপেই শান্তি লাভ করে—তেমনি আমি শ্রীকৃষ্ণ-চরণে অপরাধী—তাই শ্রীকৃষ্ণই আমার পরম আশ্রয় অর্থাৎ শ্রীকৃষ্ণ ছাড়া আমার অন্য কোন আশ্রয় নেই—তিনিই আমাকে রক্ষা করবেন। ৫০

উদ্ধবঃ— ততঃ কিমুক্তং ভগবতা ? ৫১

নারদঃ— ন যাবদুপসর্পতি প্রতিভটেভকণ্ঠীরবঃ
পিনাকিমুখনাকিভির্ম্মুকুটিতানুশিষ্টির্বিভুঃ।
মুদা তদবরোধনে কুটিলভাব তাবদদ্রুতং
ত্বয়াত্ত কুলনন্দিনী চিরধৃতাধিরাধীয়তাম্॥ ৫২

ততশ্চাবরোধনে রাধায়াঃ প্রবেশায় তেন জননী নিযুক্তা।

উদ্ধবঃ—(সানন্দম্) ত্বয়া কারুণ্যসিন্ধুনা সন্ধুক্ষিতোঽয়ং পবনব্যাধিরনেন মহারসায়নেন। ৫৩

নারদঃ—হন্ত ! সন্ত্রস্ত-গম্ভীর-শোকশূলয়া গোকুলং ব্রজন্ত্যা নেদমাস্বাদিতং পৌর্ণমাস্যা। ৫৪

উদ্ধবঃ—তামন্তরেণ কা খল্বত্র লালয়িষ্যতি দেবীং যবীয়সীম্ ? ৫৫

নারদঃ—ত্বষ্টুরন্তেবাসিনীমত্রাভিরূপাং নিরূপয়ামি। ৫৬

উদ্ধবঃ।—কেয়ং পুণ্যবতী ? ৫৭

নারদ ইতি। প্রতিভটা এবেভাস্তেষু সিংহঃ। পিনাকী শিবঃ। মুকুটবন্মস্তকে ধৃতা আজ্ঞা যস্য সঃ। অবরোধনে অন্তঃপুরে, চিরং ধৃতা আধির্যয়া সা আধীয়তাং স্থাপ্যতাম্। ৫২

উদ্ধব ইতি। সন্ধুক্ষিতস্তর্পিতঃ। পবনব্যাধিঃ বাতুলঃ। ৫৩

উদ্ধব ইতি। যবীয়সীং কনিষ্ঠাম্। ৫৫

নারদ ইতি। ত্বষ্টুর্বিশ্বকর্মণঃ। ৫৬

উদ্ধব। তারপর আপনি কি বলেছিলেন ? ৫১

নারদ। হে কুটিলচিত্ত ! প্রতিযোদ্ধা হস্তীর পক্ষে যিনি সিংহস্বরূপ, যাঁর আজ্ঞা শিব প্রভৃতি দেবতাগণ মাথায় বহন করেন—সেই পরমেশ্বর যতক্ষণ পর্য্যন্ত না আসেন ততক্ষণ তুমি সানন্দে চিরদুঃখিনী কুলকমলিনীকে অন্তঃপুরে রক্ষা কর।

তারপর সত্রাজিৎ অন্তঃপুরে শ্রীরাধাকে প্রবেশ করাবার জন্য নিজের জননীকে নিযুক্ত করল। ৫২

উদ্ধব। (আনন্দের সঙ্গে) প্রভো ! আপনি করুণার সাগর। শ্রীকৃষ্ণলীলা রসায়ন দিয়ে এই বায়ুরোগাক্রান্ত আমাকে পরিতৃপ্ত করলেন। ৫৩

নারদ। হায়, হায় ! শোকশূলে বিদ্ধা হয়ে পৌর্ণমাসী গোকুলে গমন করেছেন—তিনি এ বিষয় আস্বাদন করতে পারলেন না। ৫৪

উদ্ধব। তিনি ছাড়া কনিষ্ঠা ভগ্নী শ্রীরাধাকে এখানে কে লালন করবে ? ৫৫

নারদ। বিশ্বকর্ম্মার শিষ্যাই এ বিষয়ে যোগ্যা বলে মনে করি। ৫৬

উদ্ধব। এই গুণবতী কে ? ৫৭

নারদঃ—কুসুমরচনচুঞ্চুর্নিষ্কুটানামকালে পরিণতমতিরায়ুর্ব্বেদতন্ত্রে তরূণাম্।
কলয়িতুমপি ভাবং স্থাবরাণাং সমর্থা নিবসতি নববৃন্দা দ্বারবত্যাং প্রসিদ্ধা॥ ৫৮

উদ্ধবঃ—কিন্নাম, তত্ত্বমস্যাঃ কাননদেবীয়ং জানাতি ? ৫৯

নারদঃ—অথ কিম্, যদিয়ং নববৃন্দেতি যথার্থসংজ্ঞা, তত্রাপি সংজ্ঞয়া নিদেশেনানুগৃহীতা। ৬০

উদ্ধবঃ— কীদৃগেষ নিদেশঃ ? ৬১

নারদঃ— প্রেয়স্যঃ পশুপালিকা বিহরতো যাস্তত্র বৃন্দাবনে
লক্ষ্মী-দুর্ল্লভচিত্র-কেলিকলিকাকাণ্ডস্য কংসদ্বিষঃ।
রাধা তত্র বরীয়সীতি নগরীং তামাশ্রিতা যা ক্ষিতৌ
সেবাং দেবি ! সমস্তমঙ্গলকরীমস্যাস্ত্বমঙ্গীকুরু॥ ৬২

উদ্ধবং—(সাস্রম্) ভগবন্ ! তাঃ পশুপালকিশোরিকাঃ স্মৃতিমারূঢ়াঃ স্বান্তমস্মাকং সন্তাপয়ন্তি। ৬৩

নারদঃ— মা ভজ সন্তাপম্ ; যতঃ—
দৃষ্ট্বা কামপি কংসবৈরিবিরহাদাসাদয়ন্তীর্দশাং
কামাখ্যা নরকাসুরেণ ললনারাজীঃ কিলাজীহরৎ।

নারদ ইতি। নিষ্কুটা গৃহারামাঃ। গৃহারামাস্তু নিষ্কুটা ইত্যমরঃ। পরিণতমতিঃ নৈপুণ্যং প্রাপ্তা মতির্যস্যাঃ সা। ৫৮

নারদ ইতি। লক্ষ্যা দুর্লভায়াশ্চিত্র-কেলয় এব কলিকাস্তাসাং কাণ্ডস্যাশ্রয়স্য। কাণ্ডস্তু প্রথমাঙ্কুর ইত্যমরঃ। অত্র প্রেয়সীষু রাধাবরীয়সীতি হেতোরস্যাঃ সেবামঙ্গীকুর্ব্বিত্যন্বয়ঃ। ৬২

নারদ। যিনি ঘরের কাছে বাগিচায় অকালে ফুল ফোটাতে পারেন, তরুরাজির আয়ুর্ব্বেদ গুণটি ভালভাবে জানেন—এমন কি স্থাবরে রভাব বুঝতে যিনি বিশেষ নিপুণা সেই বিশ্ববিখ্যাতা নববৃন্দা দ্বারকায় বাস করছেন। ৫৮

উদ্ধব। এই বনদেবী কি শ্রীরাধার তত্ত্ব জানেন ? ৫৯

নারদ। হ্যাঁ জানেন বৈ কি। কারণ এঁর নাম যে নববৃন্দা, এটি সার্থক—তাতে আবার তিনি সূর্য্যপত্নী সংজ্ঞার দ্বারা বিশেষ অনুগৃহীতা হয়েছেন। ৬০

উদ্ধব। এই নিদেশটি কেমন ? ৬১

নারদ। যিনি বৃন্দাবনে বিহারশীল, যিনি লক্ষ্মীর দুর্লভ চরিত্রকেলিকলিকার প্রথম অঙ্কুর স্বরূপ, সেই কংসরিপুর যত গোপবালা প্রেয়সী আছেন তারমধ্যে শ্রীরাধাই সর্ব্বশ্রেষ্ঠা—এখন তিনি পৃথিবীর মধ্যে দ্বারকায় বাস করছেন—তাই হে দেবি ! আপনি গিয়ে তাঁর মঙ্গলময়ী সেবাকাজে নিযুক্ত হোন্। ৬২

উদ্ধব। (অশ্রু বিসর্জ্জন করতে করতে) ভগবন্ ! সেই গোপকিশোরীদের মনে করে আমার অন্তর সন্তপ্ত হচ্ছে। ৬৩

এতাভির্ম্মধুরৈর্গিরাং পরিমলৈরাশ্বাসিতাভিস্তয়া
তুঙ্গারাধনতুষ্টয়া মণিগিরিদ্রোণীষু তত্রোষ্যতে ॥ ৬৪

উদ্ধবঃ—(সানন্দম্) ভগবন্ ! পশ্য পশ্য, মুদ্রিতাং পল্যঙ্কিকামনুসরন্তী সত্রাজিতঃ সবিত্রী পুরান্তরকক্ষামবগাহতে। ৬৫

নারদঃ—তদেহি, সুধর্ম্মামধ্যমধ্যাস্য মাধবেন্দ্রং প্রতিপালয়াবঃ। ৬৬ (ইতি নিষ্ক্রান্তৌ।)

বিষ্কম্ভকঃ *

—০—

(ততঃ প্রবিশতি সত্রাজিন্মাতরমনুসরন্তী রাধা।) ৬৭

শ্রীরাধা—(সব্যথমাকাশে সংস্কৃতেন)—

বিচিত্রায়াং ক্ষৌণ্যামজনিষত কন্যাঃ কতি ন বা
কঠোরাঙ্গী নান্যা নিবসতি ময়া কাপি সদৃশী।

নারদ ইতি। যত ইতি। অজীহরৎ হারয়ামাস। ৬৪

উদ্ধব ইতি। মুদ্রিতামিতি। পল্যঙ্কিকাং দোলাং সত্রাজিতঃ সবিত্রী। সত্রাজিন্মাতা। ৬৫

শ্রীরাধেতি। বিচিত্রায়ামিতি। তদ্বিপর্য্যয়-নাম নাটকভূষণমিদম্। যথা বিচারস্যান্যথা ভাবো বিজ্ঞেয়স্তদ্বিপর্য্যয়ঃ। অত্র উদ্বেগাতিশয়েন প্রত্যাশা, ধিক্করণাদ্বিপর্য্যয়ঃ।

নারদ। সন্তপ্ত হয়ো না।

কারণ—শ্রীকৃষ্ণবিরহে আকুল হয়ে পশুপালকিশোরী সকল কোন অনির্ব্বচনীয় দশা প্রাপ্ত হয়েছিল—তাই দেখে দেবী কামাখ্যা নরকাসুর দ্বারা ঐ সব রমণীদের হরণ করিয়েছিলেন—তাঁরা কামাখ্যাদেবীর আরাধনা করায় দেবী সন্তুষ্টা হয়ে তাঁকে মধুর বাক্যে আশ্বাস দেন—তার ফলে ঐ গোপবালার দল আশ্বস্ত হয়ে মণি পর্ব্বতের দ্রোণীতে অবস্থিতি করতেন। ৬৪

উদ্ধব। (সানন্দে) ভগবন্ দেখুন দেখুন, সত্রাজিতের জননী বস্ত্রাবরণে আবৃত হয়ে দোলায় চড়ে অন্তঃপুরে প্রবেশ করছেন। ৬৫

নারদ। তবে এস—সুধর্মা সভায় প্রবেশ করে মাধবেন্দ্রের অপেক্ষা করি। ৬৬

(এই বলে উভয়ের প্রস্থান।)

বিষ্কম্ভক অর্থাৎ ভূত ভবিষ্যৎ কাজের সূচনা।*

তারপর সত্রাজিৎ জননীর পশ্চাতে শ্রীরাধার প্রবেশ। ৬৭

শ্রীরাধা। (ব্যথার সঙ্গে আকাশে দৃষ্টি নিক্ষেপ করে সংস্কৃত ভাষায়)

এই পৃথিবীতে কত কত কন্যা জন্মগ্রহণ করেছে কিন্তু আমার মত নিষ্ঠুরা কোন কন্যাই জন্মগ্রহণ করে নি। কারণ আমি মুকুন্দকে পরিত্যাগ করে আজ পর্য্যন্ত দিন যাপন করছি। হায়, হায়! আমার প্রত্যাশাকে ধিক্! প্রাণসকলকে ধিক্। আর আমার বুদ্ধিকেও ধিক্!

মুকুন্দং যন্মুক্ত্বা সময়মহমদ্যাপি গময়ে
ধিগস্তু প্রত্যাশামহহ ! ধিগসূন্ ধিঙ্মম ধিয়ম্ ॥

(পরিবৃত্য) অজ্জে ! কীস এসো জণো এত্থ অন্তেউরে নীঅদি ? ৬৮

বৃদ্ধা—ণত্তিণি ! তস্স মহাতবোধণস্স দেএসিণো ণিদেসেণ। ৬৯

শ্রীরাধা—(স্বগতম্) সো ভঅবদীএ আচারিও অম্হ সিণিদ্ধোত্তি সুনীঅদি ; তদো জেব্ব ভঅবন্তেণ ভাণুণা তাদো সত্তাজিদো তস্সবঅণে থাবিদো। ৭০

বৃদ্ধা—ণত্তিণি ! এহি, দেঈত্র রুপ্পিণীএ হত্থে তুমং সমপ্পইস্সং। ৭১

(ততঃ প্রবিশতি সপরিজনা চন্দ্রাবলী।) ৭২

চন্দ্রাবলী—সহি মাহবি ! সমন্তঅমণিং মগ্গিদুং পত্থিদো অজ্জউত্তো কীস বিলম্বেদি ? ৭৩

মাধবী—ভট্টিদারিএ। পরংপি তত্থ কিংপি কজ্জন্তরং হুবিস্সদি। ৭৪

আর্য্যে ! কস্মাদেষ জনোঽন্তান্তঃপুরে নীয়তে। ৬৮

বৃদ্ধেতি। হে নপ্ত্রি ! তস্য মহাতপোধনস্য দেবর্ষের্নিদেশেন। ৬৯

শ্রীরাধেতি। ভগবত্যাঃ পৌর্ণমাস্যা ইত্যর্থঃ। আচার্য্যঃ গুরুরিতি যাবৎ, অস্মাৎ স্নিগ্ধ ইতি শ্রূয়তে। অতএব ভগবতা ভানুনা তাতঃ সত্রাজিৎ তস্য নারদস্য ইত্যর্থঃ। বচনে স্থাপিতঃ। ৭০

বৃদ্ধেতি। হে নপ্ত্রি ! এহি দেব্যা রুক্মিণ্যা হস্তে ত্বাং সমর্পয়িষ্যামি। ৭১

চন্দ্রাবলীতি। সখি মাধবি ! স্যমন্তকমণিং মার্গয়িতুং প্রস্থিত আর্য্যপুত্রঃ কস্মাদ্বিলম্বতে। ৭৩

মাধবীতি। ভর্তৃদারিকে। পরমপি তত্র কিমপি কার্য্যান্তরং ভবিষ্যতি। ৭৪

(পিছনে যেতে যেতে)

আর্য্যে ! কেন আমাকে এই অন্তঃপুরে নিয়ে যাচ্ছেন ? ৬৮

বৃদ্ধা। নাত্‌নি ! দেবর্ষি নারদের আদেশে। ৬৯

শ্রীরাধা। (মনে মনে) দেবর্ষিই তো ভগবতীর গুরু হন বলে শুনেছি। তিনি আমাদের অত্যন্ত স্নেহ করেন—অতএব মুনির আজ্ঞায় সূর্য্যদেব আমার পিতা সত্রাজিৎকে স্থাপন করেছেন। ৭০

বৃদ্ধা। নাত্‌নি। এস, দেবী রুক্মিণীর হাতে তোমাকে সমর্পণ করি। ৭১

(অনন্তর পরিবার বর্গের সঙ্গে চন্দ্রাবলীর প্রবেশ) ৭২

চন্দ্রাবলী। সখি মাধবি ! আর্য্যপুত্র স্যমন্তকমণি অন্বেষণ করতে গিয়ে এত দেরী করছেন কেন ? ৭৩

মাধবী। রাজকন্যে ! বোধহয় সেখানে অন্য কোন কাজ উপস্থিত হয়েছে। ৭৪

শ্রীরাধা—(স্বগতম্) ভণিদম্হি ভাণুণা,—বচ্ছে ! জাব সমন্তও মাহবেণ তুহ মণিবন্ধে ণ বন্ধীঅদি, তাব সরহস্সং পঢ়মং দে ণাম সম্বরণিজ্জং ত্তি। ৭৫

চন্দ্রাবলী—(বিলোক্য) হলা ! কা এসা জরদী মুত্তিমদীএ অউরুব্বরূবলচ্ছীএ সমং এত্থ আঅচ্ছদি ? ৭৬

শ্রীরাধা—(চন্দ্রাবলীমালোক্য স্বগতম্) সাহু, মাহুরীপূরভরিদা এসা রাইন্দমহিসী গোউলকিসোরী-সোরব্ভং বিঅ ধারেদি ! ৭৭

বৃদ্ধা—(উপসৃত্য) দেই রুপ্পিণি ! সমন্তঅপ্পসঙ্গে কিদাবরাহেণ মহ পুত্তেণ সত্তজিদেণ অপ্পণো পুত্তী এসা সচ্চভামা রাইন্দস্স উবহারীকিদা ; তা পিঅসহীসাহারণসিণেহমাহুরী-সোহগগাহিআরিণী তুএ করণিজ্জা। ৭৮

শ্রীরাধা—(স্বগতম্) কামং বুড্ঢী পলবেদু, কেঅলং দিণেসস্স ণিদেস-বিস্সম্ভেণ এত্থ পইট্ঠম্হি। ৭৯

শ্রীরাধেতি। ভণিতাস্মি ভানুনা, বৎসে ! যাবৎ স্যমন্তকো মাধবেন তব মণিবন্ধে ন বধ্যতে তাবৎ সরহস্যং তে প্রথমং নাম রাধেতি নামেত্যর্থঃ। সম্বরণীয়মিতি। ৭৫

চন্দ্রাবলীতি। সখি ! কা এষা জরতী-মূর্ত্তিমত্যা অপূর্ব্বরূপ লক্ষ্ম্যা সমং অত্রাগচ্ছতি ? ৭৬

শ্রীরাধেতি। সাধু, মাধুরীপূরভৃতা এষা রাজেন্দ্র-মহিষী, গোকুলকিশোরীসৌরভ্যমিব ধারয়তি। ৭৭

বৃদ্ধেতি। দেবি রুক্মিণি ! স্যমন্তকপ্রসঙ্গে কৃতাপরাধেন মম পুত্রেণ সত্রাজিতা আত্মনঃ পুত্রী এষা সত্যভামা রাজেন্দ্রায় উপহারীকৃতা, তৎ প্রিয়সখী সাধারণস্নেহমাধুরী-সোভাগ্যাধিকারিণী ত্বয়া কর্ত্তব্যা। ৭৮

শ্রীরাধেতি। কামং বৃদ্ধা প্রলপতু, কেবলং দিনেশস্য নিদেশবিস্রম্ভেণাত্র প্রবিষ্টাস্মি। ৭৯

শ্রীরাধা। (মনে মনে) সূর্য্যদেব আমাকে বলেছিলেন—বাছা ! যতদিন পর্য্যন্ত মাধব তোমার মণিবন্ধে স্যমন্তকমণি বন্ধন না করেন ততদিন পর্য্যন্ত প্রথমে তুমি নিজের শ্রীরাধা বলে নামটি গোপনে রেখো। ৭৫

চন্দ্রাবলী। (দেখে) অপূর্ব্ব রূপলক্ষ্মী যেন মুর্ত্তি ধারণ করে এদিকে আসছেন—এ বৃদ্ধাটি কে ? ৭৬

শ্রীরাধা। (চন্দ্রাবলীকে দেখে মনে মনে) মনোমোহন মাধুর্য্যে ভরা এই রাজেন্দ্রমহিষী যেন গোকুলকিশোরীর সৌরভ ধারণ করেছে। ৭৭

বৃদ্ধা। (কাছে গিয়ে) দেবি রুক্মিণি ! স্যমন্তকমণি সম্বন্ধে আমার পুত্র সত্রাজিৎ রাজেন্দ্রের কাছে অপরাধ করেছিল—তাই সে তার নিজের কন্যা এই সত্যভামাকে তাঁর কাছে উপহার দিয়েছেন আপনি একে নিজ সখী মনে করে স্নেহ মাধুরী সৌভাগ্যের অধিকারিণী করবেন। ৭৮

শ্রীরাধা। (মনে মনে) বৃদ্ধার যা মনে হয় বলুক না কেন—আমি কিন্তু দিনেশর) সূর্য্যের) নির্দ্দেশে এখানে এসে প্রবেশ করেছি। ৭৯

চন্দ্রাবলী—অজ্জে ! ধণ্ণম্হি, জাএ ঈদিসো সহীজণো উবত্থিদো ; তা তুমং অপ্পণো ঘরং জাহি, অহং কখু সচ্চভামং পড়িবালইস্সং। ৮০

বৃদ্ধা—জহ ভণই দেঈ। (ইতি নিষ্ক্রান্তা।) ৮১

চন্দ্রাবলী—(জনান্তিকম্) সহি মাহবি ! পেক্খ, পেক্খ, এসো অজ্জউত্তস্স সচ্চ-সংকপ্পিদা-সেতুবিমদ্দণো সচ্চভামাএ সুন্দেরপূরো ধীরং বি মং অন্দোলেদি। ৮২

মাধবী—ভট্টিদারিএ ! সচ্চং ভণাসি, এসা তুম্হ বিব্ভমং উপ্পাদেদি। ৮৩

চন্দ্রাবলী—হলা ! মুঞ্চ মে সলাহণং ণং কখু অসারুপ্পং রূবং এদং ॥ ৮৪

(পুনর্নিভাল্য সংস্কৃতেন)

দৃষ্টির্ব্বহত্যুপরতিং শ্বসিতানুপূর্ব্বী, নম্রীকরোত্যধরপল্লবতাম্রতাঞ্চ।
গণ্ডদ্বয়ী চ পরিচুম্বতি কম্বুকান্তিং মদ্বিস্ময়ং স্থিতিরিয়ং, সুতনোস্তনোতি ॥ ৮৫

চন্দ্রাবলীতি। আর্য্যে ! ধন্যাস্মি, যস্যা মম ঈদৃশঃ সখীজন উপস্থিতঃ, তৎ ত্বমাত্মনো গৃহং যাহি, অহং খলু সত্যভামাং প্রতিপালয়িষ্যামি। ৮০

বৃদ্ধেতি। যথা ভণতি দেবী। ৮১

চন্দ্রাবলীতি। (জনান্তিকং) অর্থাৎ চন্দ্রাবলী মাধব্যাঃ কর্ণে লগিত্বাহ) সখি মাধবি ! পশ্য, এষ আর্য্যপুত্রস্য সত্যসঙ্কল্পতাসেতুবিমর্দ্দনঃ সত্যভামায়াঃ সৌন্দর্য্যপূরো ধীরামপি মামান্দোলয়তি। ৮২

মাধবীতি। ভর্তৃদারিকে ! সত্যং ভণাসি, এষা তব বিভ্রমমুৎপাদয়তি। ৮৩

চন্দ্রাবলীতি। সখি ! মুঞ্চ মে শ্লাঘনং, নূনং খলু অসারূপ্যং রূপমেতৎ। ৮৪

দৃষ্টিরিতি। উপরতিং শান্তিং বিষয়গ্রহণাভাবেন চাঞ্চল্যকটাক্ষাদ্যভাবতো শ্বসিতানুপূর্ব্বী শ্বাসপরম্পরা। পরিচুম্বতি চুম্বনবৎ সংযুনক্তি সুতনোঃ সত্যভামায়াঃ। ৮৫

চন্দ্রারলী। আর্য্যে, আমি কৃতার্থ হলাম—যে আমার এ রকম একজন সখী লাভ হল। আপনি গৃহে যান—আমি নিশ্চয়ই সত্যভামাকে দেখাশুনা করব। ৮০

বৃদ্ধা। যে আজ্ঞা দেবী। ৮১

(এই বলেপ্রস্থান)

চন্দ্রাবলী। (মাধবীর কাণে কাণে) সখি মাধবী ! দেখ, দেখ, সত্যভামার এই অপরূপ লাবণ্য আর্য্যপুত্রের ধৈর্য্যচ্যুতি ঘটাবে - তাতে আর সন্দেহ নেই— যদিও আমি স্বভাবত ধীরা তবু আমার চিত্তকেও বিক্ষুব্ধ করেছে। ৮২

মাধবী। রাজকন্যে ! ঠিক বলেছ—ইনি তোমারও বিভ্রম সৃষ্টি করেছেন। ৮৩

চন্দ্রাবলী। সখি ! আমার প্রশংসা ছেড়ে দাও। আমার মনে হয় এ রূপের তুলনা নেই। ৮৪

(পুনরায় ভাল করে দেখে সংস্কৃতভাষায়)

আহা ! এর দৃষ্টি দেখছ—কেমন শান্ত স্থির—কোনও রকম চাঞ্চল্য কটাক্ষ নেই। নিঃশ্বাসদ্বারা অধরপল্লবের তাম্রতা নষ্ট হয়েছে—আর কপোলদ্বয় দেখে মনে হচ্ছে যেন কম্বুশোভা ধারণ করেছে। যাই হোক্—এ সুন্দরীর মাধুর্য্যরাশি আমাকে মুগ্ধ করেছে। ৮৫

মাধবী—নূণং কাসিরাঅ-কন্নআ অম্মা বিঅ এসা কস্সিং বি পুরিসে বদ্ধরাআ হুবিস্সদি। ৮৬

চন্দ্রাবলী—(সংস্কৃতেন)

সাধর্ম্ম্যং মধুরিপুবিপ্রয়োগভাজাং তন্বঙ্গী মুহুরিয়মঙ্গকৈস্তনোতি।
প্রাকৃত্যঃ প্রিয়পখি মাধুরীং কিমেতাং দৈন্যেঽপি প্রথয়িতুমার্ত্তয়ঃ ক্ষমন্তে ?

তা এহি পরিক্খমহ সে চিত্তবুত্তিং। (ইত্যুপসৃত্য) সহি সচ্চভামে! এসা অপ্পণোসবামি এদং তুহ্মং সিণিদ্ধাদি মে হিঅঅং।

শ্রীরাধা—(স্বগতম্) ণাসচ্চং ভণাদি, জং মহ বি চিত্তং তধা। (প্রকাশম্) দেই! তদো ধণ্ণম্হি। ৮৯

চন্দ্রাবলী—বহিণি! কীস তুমং দুম্মণা লক্খীঅসি ? ৯০

মাধবীতি। নূনং কাশিরাজকন্যকা অম্বা ইব এষা কস্মিন্নপি পুরুষে বদ্ধরাগা ভবিষ্যতি। ৮৬

চন্দ্রাবলীতি। অঙ্গকৈঃ আঙ্গিকভাবৈঃ। তদেহি পরীক্ষাবহে অস্যাশ্চিত্তবৃত্তিম্।

সখি সত্যভামে! এষা আত্মনঃ শপামি, এতৎ তুভ্যং স্নিহ্যতি মে হৃদয়ম্।

রাধেতি। নাসত্যং ভণতি, যৎ মমাপি চিত্তং তথা।

হে দেবি। ততো ধন্যাস্মি।

চন্দ্রাবলীতি। ভগিনি! কস্মাত্ত্বং দুর্ম্মনা লক্ষ্যসে।

মাধবী। বোধহয় কাশীরাজের কন্যা অম্বার মত ইনি কোন পুরুষে অনুরাগিণী হয়ে থাকবেন। ৮৬

চন্দ্রাবলী। (সংস্কৃত ভাষায়)

শ্রীকৃষ্ণবিরহিণীর অঙ্গে যে মাধুর্য্য দেখা যায়—এই কৃশতনুর অঙ্গেও বার বার সেই লাবণ্যই প্রকাশ পাচ্ছে—ওগো প্রিয়সখি! এ মদনপীড়া যদি প্রাকৃত হত, তাহলে বিরহদৈন্যে কি এমন মাধুরী প্রকাশ পায় ? অতএব এস—এঁর মনটি পরীক্ষা করে দেখি। ৮৭

(এই বলে কাছে গিয়ে)

সখি সত্যভামে! আমি নিজের শপথ করে বলছি—তোমার প্রতি আমার হৃদয় স্নেহাতুর হচ্ছে।

শ্রীরাধা। (মনে মনে) ঠিকই বলেছেন—কারণ আমার চিত্তও ঐ রকম। ৮৮

(প্রকাশ্যে)

দেবি! আমি কৃতার্থ হলাম।

চন্দ্রাবলী। ভগিনি! তোমাকে বিমনা দেখছি কেন ? ৮৯

শ্রীরাধা। দেবি! আমার পিতা জোর করে আমাকে এখানে পাঠিয়েছেন—এইটিই আমার বিমনা হওয়ার কারণ। ৯০

শ্রীরাধা—দেই ! এত্থ অহং তাদেণ পসহং পেসিদম্হি ত্তি, মে দোম্মণস্সং। ৯১

চন্দ্রাবলী—হলা ! মা উত্তম্হ, অজ্জউত্তস্স হত্থে তুমং সমপ্পইস্সং। ৯২

শ্রীরাধা—(সদৈন্যম্) দেই ! সচ্চং জেব্ব জই সিণিদ্ধাসি, তদো এব্বং সব্বধা পুণো ণ কত্থু বাহরিস্সসি। (ইতি কাকুভির্নমস্যতি) ॥ ৯৩

চন্দ্রাবলী—সহি ! তদো ভণাহি, কধং এত্থ ণিবসিদুং ইচ্ছসি ? ৯৪

শ্রীরাধা - দেই ! জত্থ পুরিসণামং বি ণ সুণীঅদি, তত্থ জেব্ব এসো জণো রক্খীঅদু জধা তহিং অপ্পণো ব্বদসেসং সমাবেদি। ৯৫

চন্দ্রাবলী—(সানন্দমপবার্য্য) মাহবি ! অম্হ-কাদব্বং ইমাএ চ্চেঅ দিট্ঠিআ অত্তত্থিদং, তা গদুঅ দিন্নপসাদং ণঅবুন্দং এত্থ আণেহি। ৯৬

রাধেতি। দেবি! অত্রাহং তাতেন প্রসভং প্রেষিতাস্মীতি মে দৌর্মনস্যম্। ৯১

চন্দ্রাবলীতি। সখি! মা উত্তম, আর্য্যপুত্রস্য হস্তে ত্বাং সমর্পয়িষ্যামি। ৯২

রাধেতি। দেবি! সত্যমেব যদি স্নিগ্ধাসি তদা এবং সর্ব্বথা পুনর্ন খলু ব্যাহরিষ্যসি। ৯৩

চন্দ্রবলীতি। সখি! তদা ভণ, কথমত্র নিবস্তুমিচ্ছসি। ৯৪

রাধেতি। যত্র পুরুষ-নাম অপি ন শ্রূয়তে, তত্রৈব এষ জনো রক্ষ্যতাং, যথা তত্র আত্মনো ব্রতশেষং সমাপয়তি। ৯৫

চন্দ্রাবলীতি। মাধবি! অস্মৎকর্ত্তব্যমনয়ৈব দিষ্টাভ্যর্থিতম্, তদ্ গত্বা দত্তপ্রসাদাং নববৃন্দামত্রানয়। ৯৬

শ্রীরাধা। দেবি! আমার পিতা জোর করে আমাকে এখানে পাঠিয়েছেন—এইটিই আমার বিমনা হওয়ার কারণ। ৯১

চন্দ্রাবলী। সখি! কাতর হয়ো না, আর্য্যপুত্রের হাতে তোমাকে সমর্পণ করব। ৯২

শ্রীরাধা। (দৈন্যের সঙ্গে) দেবি! সত্যই যদি আপনি আমার প্রতি স্নেহশীলা হয়ে থাকেন তবে এরকম কখন আর বলবেন না। ৯৩

(এই বলে মিনতিভরে প্রণাম করলেন।)

চন্দ্রাবলী। সখি! তবে বল দেখি, এখানে তুমি কেন বাস করিতে ইচ্ছা করেছ ? ৯৪

শ্রীরাধা। দেবি! যেখানে পুরুষের নাম পর্য্যন্ত শুনতে পাওয়া যায় না—সেখানে এই ব্যক্তিকে রক্ষা করুন যাতে সেখানে আমার ব্রত উদ্‌যাপন হতে পারে। ৯৫

চন্দ্রাবলী। (আনন্দের সঙ্গে কাণে কাণে) মাধবি! আমরা যা করা উচিত বলে মনে করেছিলাম—ভাগ্যগুণে ইনি তাই প্রার্থনা করেছেন—তবে এখুনি গিয়ে প্রসাদসৌভাগ্যবতী নববৃন্দাকে এখানে নিয়ে এস। ৯৬

মাধবী—(স্বগতম্) সাহু মন্তিদং, জং তথ ণঅবুন্দাবণে রাইন্দস্স পবেসসম্ভাবণা বি ণত্থি। তা জধা রহস্সভেদো ণ হোদি, তধা ভট্টিদারিআ ণিদেসমিসেণ দিব্বং করাবিঅ ণঅবুন্দং আণিস্সং। ৯৭

(ইতি নিষ্ক্রান্তা) ॥

শ্রীরাধা—(স্বগতম্)কধং সা এসা বহিণী চন্দাঅলীব্ব ইঅং দেঈ মে পড়িভাদি। ৯৮

(প্রবিশ্য নববৃন্দয়া সহ মাধবী)

মাধবী—দেই। আঅদা এসা ণঅবুন্দা। ৯৯

চন্দ্রাবলী—ণঅবুন্দে। পেক্খীঅদু এসা মে সহী সচ্চভামা। ১০০

নববৃন্দা— (বিলোক্য সখেদমাত্মগতম্)—

প্রসাদীকৃত্য দেবস্য ময়ি নির্ম্মাল্যমম্বরম্।
দেব্যা কারিতদিব্যায়াং রাধৈব কথমর্প্যতে ॥ ১০১

শ্রীরাধা—(স্বগতম্) কধং সা এসা ণঅবুন্দা? (ইত্যুপসর্পতি) ১০২

মাধবীতি। সাধু মন্ত্রিতম্, যত্তত্র নববৃন্দাবনে রাজেন্দ্রস্য প্রবেশসম্ভাবনাপি নাস্তি। তদ্ যথা রহস্যভেদো ন ভবতি, তথা ভর্তৃদারিকা নিদেশমিষেণ দিব্যং কারয়িত্বা নববৃন্দামানয়িষ্যামি। ৯৭

রাধেতি। ভগিনী চন্দ্রাবলী ইব ইয়ং দেবী মে প্রতিভাতি। ৯৮

মাধবীতি। আগতা এষা নববৃন্দা। ৯৯

চন্দ্রাবলীতি। নববৃন্দে! প্রেক্ষ্যতামেষা মে সখী সত্যভামা। ১০০

নববৃন্দেতি। কারিতদিব্যায়াং কারিতশপথায়াম্। ১০১

রাধেতি। কথং সা এষা নববৃন্দা? ১০২

মাধবী (মনে মনে) ভাল যুক্তি করেছেন। কারণ নববৃন্দাবনে তো—রাজেন্দ্রের প্রবেশের সম্ভবনা নেই—তাই যাতে কেউ জানতে না পারে সেইভাবে রাজকন্যার আদেশ ছলে একটা প্রতিজ্ঞা করিয়ে নববৃন্দাকে নিয়ে আসব। ৯৭

(এই বলে প্রস্থান)

শ্রীরাধা (মনে মনে) এই দেবীকে কিন্তু ভগ্নী চন্দ্রাবলীর মত মনে হচ্ছে। ৯৮

(নববৃন্দার সঙ্গে মাধবীর প্রবেশ)

মাধবী। দেবি! এই যে নববৃন্দা এসেছেন। ৯৯

চন্দ্রাবলী। নববৃন্দে! দেখ, দেখ—ইনি আমার সখী সত্যভামা। ১০০

নববৃন্দা। (দেখে মনে মনে)

দেবী চন্দ্রাবলী পুরুষোত্তম শ্রীগোবিন্দের প্রসাদী নির্মাল্য বসন দিয়ে অনুগ্রহ করে আমাকে শপথ করিয়েছিলেন—এখন আবার শ্রীরাধাকেই সমর্পণ করছেন। ১০১

শ্রীরাধা (স্বগত) ইনিই কি তাহলে নববৃন্দা! ১০২

(এই বলে নিকটে যেতে লাগলেন।)

নববৃন্দা—(স্বগতম্) হা ধিক্ ! কষ্টম্ ! রভসেনাদ্য কৃতশপথা হতাস্মি। ১০৩

শ্রীরাধা—(সাস্রমাত্মগতম্) অহ্মহে ! ইদং তং চ্চেঅ কিংপি পীদম্বরং। (ইতি সবৈক্লব্যং বিলোকয়তি।) ১০৪

নববৃন্দা—(স্বগতম্)

জনিত-কনকলক্ষ্মী-বিভ্রমে দৃষ্টিমস্মিন্, গতবতি চিরকালাদংশুকে কংসহন্তুঃ।
অলঘুভিরপি যত্নৈর্যস্তরাং সংবরীতুং, বিকৃতিমতুলবাধাং হন্ত রাধা দধাতি॥ ১০৫

চন্দ্রাবলী—(সশঙ্কম্ ণঅবুন্দে ! পুচ্ছীঅদু, কীস সচ্চা দুউলং পেক্খন্তী বিম্হলেদি ? ১০৬

নববৃন্দা— দুকূলেঽস্মিন্ কার্ত্তস্বরমহসি বিস্তারিতদৃশো
বপুঃ কিং তে ফুল্লৈর্বহতি তুলনাং নীপকুসুমৈঃ ?
ক্ষুটন্তীভিঃ কিংবা স্ফটিকমণিমালাভিরুপমাং
ভজন্তেঽমী ক্ষামোদরি নয়নয়োস্তোয়পৃষতাঃ ? ১০৭

নববৃন্দেতি। রভসেন অবিচারেণ। ১০৩

রাধেতি। অহো ! ইদং তদেব কিমপি পীতাম্বরম্। ১০৪

নববৃন্দেতি। ক্রম-নাম গর্ভসন্ধ্যঙ্গমিদম্। তথাচ ভাবজ্ঞানং ক্রমো যদ্বা চিন্ত্যমানার্থসঙ্গতিঃ। অত্র নববৃন্দায়া রাধায়া ভাবনাৎ। চিন্ত্যমানহরিচিহ্নস্য তস্যাং দর্শনাচ্চ ক্রমঃ। কনকস্য লক্ষ্মীবদ্বিভ্রমঃ সাদৃশ্যং যস্য তস্মিন্ কংসহন্তুরংশুকে দৃষ্টিং গতবতি সতি রাধাঽতুলবাধাং বিকৃতিং দধাতি। ১০৫

চন্দ্রাবলীতি। নববৃন্দে ! পৃচ্ছ্যতাং, কস্মাৎ সত্যা দুকূলং পশ্যন্তী বিহ্বলেতি বিহ্বলা ভবতি। ১০৬

নববৃন্দেতি। কার্ত্তস্বরং সুবর্ণং তোয়পৃষতাঃ জলবিন্দবঃ। ১০৭

নববৃন্দা। (মনে মনে) হায় হায় ! আজ আমি অবিচারে শপথ করে হত হলাম। ১০৩

শ্রীরাধা। (অশ্রু বিসর্জ্জন করে মনে মনে) আহা ! এ কি সেই পীতাম্বর ! ১০৪
(এই বলে ব্যাকুলতার সঙ্গে তাকাতে লাগলেন।)

নববৃন্দা। (মনে মনে)

অনেকদিন পরে সোণার লক্ষ্মী প্রতিমা অপেক্ষাও সুন্দর শ্রীকৃষ্ণের পীতবসন দর্শন করে শ্রীরাধার এমনই গুরুতর বিকার উপস্থিত হয়েছে যে হায় হায়, তিনি বহু চেষ্টা সত্ত্বেও তার থেকে নিজেকে সংবরণ করতে না পেরে অত্যন্ত বিহ্বলা হয়ে পড়লেন। ১০৫

চন্দ্রাবলী। (শঙ্কার সঙ্গে) নববৃন্দে ! জিজ্ঞাসা কর তো, সত্যা বস্ত্র দেখে বিহ্বল হলেন কেন ? ১০৬

নববৃন্দা। ওগো ক্ষীণতনু ! এই স্বর্ণবসন দেখে তোমার শরীরে প্রফুল্লিত কদম্বকুসুমের মত পুলক সঞ্চার হল কেন ? আর কেনই বা তোমার নয়নের জলবিন্দুগুলিকে ছড়ান স্ফটিকমণিমালার মত দেখাচ্ছে ? ১০৭

শ্রীরাধা—(সাবহিত্থম্) ণঅবুন্দে ! মহ বহিণী বিঅ তুমং দীসসি, তদো পজ্জুস্সুঅম্হি। ১০৮

নববৃন্দা—(স্বগতম্) বন্ধ্যোঽয়ং রাধিকাসঙ্গোপনে দেব্যাঃ প্রয়াসভরঃ। ন হি কৌস্তুভমণীন্দ্র-মরীচি-মণ্ডলী পুণ্ডরীকাক্ষবক্ষস্তটীমন্তরেণান্যতস্তিষ্ঠতি। ১০৯

চন্দ্রাবলী—(রাধাহস্তমাদায়) ণঅবুন্দে ! এসা অপ্পণো বহিণী, তুহ হত্থে সমপ্পিদা। ১১০

নববৃন্দা—দেবি ! বাঢ়মনুকম্পিতাস্মি। ১১১

চন্দ্রাবলী—বহিণি সচ্চে ! জাহি ণঅবুন্দাএ সমং অপ্পণো অহিরুইদং বাসন্তীচউস্সালং, তত্থ পুপ্ফোবহারিণী মে বউলা তুমং পরিচরিস্সদি। ১১২

শ্রীরাধা—দেই ! মন্দভাইণী এসা রাহিআ সমএ সুমরিদব্বা। ১১৩

চন্দ্রাবলী—(সাশঙ্কম্) হলা ! কিং ভণিদং তুএ ? ১১৪

রাধেতি। (সাবহিত্থং আকারং গোপয়িত্বাহ) নববৃন্দে ! মম ভগিনীব ত্বং দৃশ্যসে, ততঃ পর্য্যুৎসুকাঽস্মি। ১০৮

নববৃন্দেতি। দেব্যাশ্চন্দ্রাবল্যাঃ প্রয়াসভরঃ। কৃষ্ণস্যান্যানায়িকাবিবাহঃ। ১০৯

চন্দ্রাবলীতি। নববৃন্দে ! এষা আত্মনো ভগিনী, তব হস্তে সমর্পিতা। ১১০

চন্দ্রাবলীতি। ভগিনি সত্যে ! যাহি নববৃন্দয়া সমং আত্মনোঽভিরুচিতং বাসন্তীচতুঃশালম্, তত্র পুষ্পোপহারিণী মে বকুলা ত্বাং পরিচরিষ্যতি। ১১২

রাধেতি। দেবি ! মন্দভাগিনী এষা রাধিকা সময়ে স্মর্ত্তব্যা। ১১৩

চন্দ্রাবলীতি। সখি ! কিং ভণিতং ত্বয়া। ১১৪

শ্রীরাধা। (ভাব সংবরণ করে) নববৃন্দে ! তোমাকে ঠিক আমার ভগ্নীর মত দেখাচ্ছে—সেইজন্য আমার আনন্দের সীমা নেই। ১০৮

নববৃন্দা। (মনে মনে) শ্রীরাধাকে গোপন করবার জন্য চন্দ্রাবলী যে প্রাণপণে চেষ্টা করছেন—সে চেষ্টা কিন্তু মিথ্যা। কৌস্তুভমণির প্রভা কি শ্রীকৃষ্ণের বক্ষঃস্থল ছাড়া অন্য কোথাও বিরাজ করে ? ১০৯

চন্দ্রাবলী। (শ্রীরাধার হাত ধরে) নববৃন্দে ! ইনি আমার ভগ্নী, এঁকে তোমার হাতে সমর্পণ করলাম। ১১০

নববৃন্দা। অত্যন্ত অনুগৃহীত হলাম। ১১১

চন্দ্রাবলী। ভগিনি সত্যভামে ! নববৃন্দার সঙ্গে বাসন্তী চতুঃশালায় চল—সেখানে আমার ফুলসখী বকুলা তোমার পরিচর্য্যা করবে। ১১২

শ্রীরাধা। দেবি ! এই হতভাগা রাধাকে সময়ে স্মরণ করবেন ॥ ১১৩

চন্দ্রাবলী। (শঙ্কার সঙ্গে) সখি ! তুমি এ কি বললে ? ১১৪

শ্রীরাধা—(সাতঙ্কমাত্মগতম্) হদ্ধী হদ্ধী। গরুও পমাদো! (প্রকাশম্) দেই। আরাহিআ এসা ত্তি। ১১৫

নববৃন্দা—(রাধয়া সহ পরিক্রামন্তী স্বগতম্)—

বসন্তী শুদ্ধান্তে মধুরিমপরীতা মধুরিপো-
রিয়ং তন্বী সদ্যঃ স্বয়মিহ ভবিত্রী করগতা।
বৃতাঙ্গীমুত্তুঙ্গৈরবিকলমধূলীপরিমলৈঃ
প্রফুল্লাং রোলম্বে নবকমলিনীং কঃ কথয়তি ? ১১৬

(ইতি রাধয়া সহ নিষ্ক্রান্তা।)

মাধবী—ভট্টিদারিএ ! কা কৃখু অস্মাণং সঙ্কা ? জং সো কিদণিবন্ধো উদ্দিপ্পদি। ১১৭

চন্দ্রাবলী—সহি ! কা কৃখু কুলবদী ভত্তুণো অরদিং পি জাণন্তী কাঠিণ্ণং রক্খিদুং পহবেদি ? ১১৮

রাধেতি। হা ধিক্, হা ধিক্, ! গুরুঃ প্রমাদঃ।

দেবি ! আরাধয়তি ইতি আরাধিকা ব্রতপরা ইত্যর্থঃ। এষা ইতি। ১১৫

নববৃন্দেতি। শুদ্ধান্তে অন্তঃপুরে। প্রসিদ্ধ-নাম নাটকভূষণমিদং। তথাচ প্রসিদ্ধির্লোকবিখ্যাতৈরর্থৈঃ স্বার্থপ্রধানং। অত্র লোকবিখ্যাতস্য ফুল্লকমলিনীরোলম্বপ্রসঙ্গস্য কথনে স্বার্থস্য রাধামাধবসঙ্গমস্য প্রধানং প্রসিদ্ধেঃ॥ ১১৬

মাধবীতি। ভর্তৃদারিকে ! কা খলু অস্মাকং শঙ্কা ? যৎ স কৃতনিবন্ধ উদ্দীপ্যতে। ১১৭

চন্দ্রাবলীতি। সখি ! কা খলু কুলবতী ভর্তুররতিমপি জানতী কাঠিন্যং রক্ষিতুং প্রভবতি। ১১৮

শ্রীরাধা। (আতঙ্কের সঙ্গে মনে মনে) হায়, হায়—এ কি ভুল করলাম।

(প্রকাশ্যে)

দেবি ! এ ব্যক্তি আপনার আরাধিকা—তাই বললাম। ১১৫

নববৃন্দা। (শ্রীরাধার সঙ্গে ফিরে এসে মনে মনে।)

মাধুর্য্যমণ্ডিতা এই শ্রীরাধা অন্তপুরে যদি বাস করেন—তাহলে অতি শীঘ্রই তিনি কংসারির করতলগতা হবেন এতে কোন সন্দেহ নেই—যেমন নবকমলিনী যখন নব মধুর মনোমুগ্ধকর পরিমলে ভরপূর হয়ে থাকে তখন ভ্রমরকে কে আর খবর দিতে যায়—ভ্রমর নিজেই সেখানে এসে উপস্থিত হয়। এখানে ফুল্লকমলিনী ও ভ্রমরের প্রসঙ্গ শ্রীরাধামাধবের সঙ্গমকেই সূচনা করছে। ১১৬

(এই বলে শ্রীরাধার সঙ্গে প্রস্থান)

মাধবী। রাজকুমারি ! আর আমাদের ভয় কি—তোমার অনুমতি ছাড়া যদুনন্দন অন্য নারী স্পর্শ করতে পারবেন না—শ্রীকৃষ্ণের এই শপথ পুনরায় উদ্দীপ্ত হবে। ১১৭

চন্দ্রাবলী। সখি ! এমন কোন কুলবতী রমণী আছে যে স্বামীর আসক্তিশূন্যতা জেনেও নিজের কঠিনতা বজায় রাখতে পারে ? ১১৮

(নেপথ্যে) রম্ভাস্তম্ভাবলীনাং রচয়ত পদবীসীম্নি বিন্যাসবন্ধং
গন্ধান্তঃশীকরাণাং বিকিরত নিকরং সত্বরং চত্বরেষু।
দেবীভির্দিব্যপুষ্পাবলিভিরকলিতস্থৈর্য্যমাকীর্য্যমাণো
বিশ্বেষাং নেত্রবীথীমুদময়মুদগাদুদিগরন্ বৃষ্ণিচন্দ্রঃ॥ ১১৯

মাধবী—ভট্টিদারিএ! দিট্ঠিআ বিজঅদি দুআরবদী-ণাধো, তা ণেবচ্ছঘরং পবিসেহি। (ইতি নিষ্ক্রান্তে) ১২০

(ততঃ প্রবিশতি মধুমঙ্গলেনানুগম্যমানঃ কৃষ্ণঃ।)

শ্রীকৃষ্ণঃ—(সখেদম্)

বিদ্যোতিন্যকলঙ্ক-কুঙ্কুমময়ী চর্চ্চা মমাঙ্গস্য যা
মালা কণ্ঠতটস্য চম্পককৃতা যা সৌরভোদ্গারিণী।
যা সিদ্ধাঞ্জনচূর্ণশীতলতরা হৈমী শলাকাদৃশো-
স্তাং রাধাং কথমন্তরাপি ধিগসূংস্ত্রুট্যন্তি মে রাত্রয়ঃ॥ ১২১

মধুমঙ্গলঃ—(কৃষ্ণস্য করে মণিং পশ্যন্) পিঅবঅস্স! রাহিআ-কণ্ঠালঙ্কারো মণিন্দো কহং দিআকরেণ লদ্ধো? ১২২

মাধবীতি। ভর্তৃদারিকে! দিষ্ট্যা বিজয়তে দ্বারবতীনাথঃ। তন্নেপথ্যগৃহং প্রবিশ॥ ১২০॥
মধুমঙ্গল ইতি। প্রিয় বয়স্য! রাধিকা-কণ্ঠালঙ্কারো মণীন্দ্রঃ কথং—দিবাকরেণ লব্ধঃ॥ ১২২॥

(নেপথ্যে)

ওহে। তোমরা রাজপথের দুধারে মঙ্গলচিহ্ন কদলীবৃক্ষ রোপণ কর—আর তাড়াতাড়ি করে প্রাঙ্গণে সুবাসিত জল সেচন কর—দেবীরা বারবার পুষ্পবর্ষণ করছেন—এরই মাঝে নয়নের আনন্দ যদুকুলচাঁদের উদয় হল। ১১৯

মাধবী। রাজকন্যে! সৌভাগ্যক্রমে দ্বারকানাথ সকল উৎকর্ষ নিয়ে বিরাজ করছেন—অতএব বেশগৃহে প্রবেশ কর। ১২০

(এই বলে উভয়ের প্রস্থান)

(তারপর মধুমঙ্গলের সঙ্গে শ্রীকৃষ্ণের প্রবেশ)

শ্রীকৃষ্ণ। (খেদের সঙ্গে)

যে সুন্দরী আমার অঙ্গের অকলঙ্ক কুঙ্কুমময়ী চর্চ্চারমত, যিনি আমার কণ্ঠের সুবাসে ভরা চম্পকমালার মত, আর যিনি আমার নয়নযুগলের সিদ্ধ অঞ্জনচূর্ণে সুশীতল স্বর্ণশলাকা—হায়, হায়—সেই শ্রীরাধাকে ছাড়া এ সব রাত্রি যেন আমার প্রাণকে বিনাশ করছে। ১২১

মধুমঙ্গল। (শ্রীকৃষ্ণের হাতে মণি দেখে) প্রিয় বয়স্য! শ্রীরাধার কণ্ঠভূষণ মণি কেমন করে দিবাকর পেলেন? ১২২

শ্রীকৃষ্ণঃ—সখে !

অনুদিনমতিনম্রা কুর্ব্বতী পূর্ব্বমাসীৎ, পিতৃপতিপিতুরর্ঘ্যং গর্গবাক্যেন রাধা।
ইতি বহুলরুচীনাং বীচিভিঃ সংপরীতং, মণিবরমুপহারং নূনমস্মৈ চকার ॥ ১২৩

মধুমঙ্গলঃ—পেক্খ পেক্খ, এসো কিরণকন্দলীহিং কিংপি বেলক্খণ্ণং ধারেই মণিন্দো। ১২৪

শ্রীকৃষ্ণঃ—সখে ! ঘনচৈতন্যবিবর্ত্তোঽয়ং ন প্রাকৃতরত্নসাধারণীং ধুরমারোঢুমর্হতি।

(ইতি স্যমন্তকং বক্ষস্তটে নিধায় সবাষ্পম্।)

ধন্যঃ সোঽয়ং মণিরবিরলধ্বান্তপুঞ্জে নিকুঞ্জে
স্মিত্বা স্মিত্বা ময়ি কুচপটীং কৃষ্টবত্যুন্মদেন।
গাঢ়ং গূঢ়াকৃতিরপি তয়া মন্মুখাকূতবেদী
নিষ্ঠীবন্ যঃ কিরণলহরীং হ্রেপয়ামাস রাধাম্ ॥ ১২৫

মধুমঙ্গলঃ—পিঅবঅস্স ! সুদং ময়া, জাম্ববন্তস্স সআসাদো এসো মণিন্দো তুএ লদ্ধো। ১২৬

কৃষ্ণ ইতি। পিতৃপতিঃ যমঃ। ধর্ম্মরাজঃ পিতৃপতিঃ সমবর্ত্তী পরেতরাট্ ইত্যমরঃ। ১২৩

মধুমঙ্গল ইতি। পশ্য, পশ্য, এষ কিরণকন্দলীভিঃ কিমপি বৈলক্ষণ্যম্ ধারয়তি মণীন্দ্রঃ। ১২৪

কৃষ্ণ ইতি। ঘনানন্দঃ স্বরূপঃ। ধুরং ভারম্। ধুরঃ স্যাদ্ভারচিন্তয়োরিতি কোষঃ।

ধন্য ইতি। অবিরলঃ নিবিড়ঃ। তয়া রাধয়া কুচপট্যা বা গূঢ়াকৃতির্যস্য সঃ। ষ্ঠীবন্ নিক্ষিপন্ ষ্ঠীবু নিরসনে ইতি পাঠাৎ প্রকাশয়ন্নিত্যর্থঃ ॥ ১২৫

মধুমঙ্গল ইতি। প্রিয়বয়স্য ! শ্রুতং জাম্ববতঃ সকাশাৎ এষ মণীন্দ্রস্ত্বয়া লব্ধঃ। ১২৬

শ্রীকৃষ্ণ। (খেদের সঙ্গে) পূর্ব্বে গর্গমুনির কথামত শ্রীরাধা প্রতিদিন বিনীতভাবে সূর্য্যদেবকে অর্ঘ্য দিতেন। তাই বোধহয় তিনি এই তেজোদীপ্ত শ্রেষ্ঠমণি সেই সূর্য্যদেবকে উপহার প্রদান করে থাকবেন। ১২৩

মধুমঙ্গল। দেখ, দেখ—এই মণীন্দ্রে কোন বৈলক্ষণ্য দেখা যাচ্ছে। ১২৪

শ্রীকৃষ্ণ। সখে ! এ মণিরাজ আনন্দময়স্বরূপ—একে কখনই প্রাকৃতরত্নের সঙ্গে তুলনা করা যেতেপারে না।

(এই বলে স্যমন্তকমণিটি বক্ষঃস্থলে ধারণ করে অশ্রু মোচন করতে করতে) ধন্য ধন্য এই মণি—কারণ আমি যখন বৃন্দাবনে গাঢ় তমোময় নিকুঞ্জ মধ্যে বিলাসপরায়ণ হয়ে হাসতে হাসতে শ্রীরাধার বস্ত্রাঞ্চল আকর্ষণ করেছিলাম—সেই সময়ে শ্রীরাধা তার বক্ষঃস্থলে এই স্যমন্তকমণিকে বস্ত্রের দ্বারা অতি সযতনে আবৃত করেছিলেন - কিন্তু সেই বসনের মাঝে লুকিয়ে থেকেও আমার মুখের অভিপ্রায় জেনে কিরণমালা বিচ্ছুরিত করে এই মণি শ্রীরাধাকে লজ্জিত করেছিল। ১২৫

মধুমঙ্গল। প্রিয়সখে ! আমি শুনেছি—তুমি জাম্ববানের কাছ থেকে এই মণি পেয়েছ। ১২৬

শ্রীকৃষ্ণঃ—অথ কিম্। ১২৭

মধুমঙ্গলঃ—কথং লব্ধো? ১২৮

শ্রীকৃষ্ণঃ—সখে! স ভল্লুকমল্লঃ স্ববিলান্তরে মাং বিলোমচেষ্টং বিলোক্য শঙ্কিতরত্নাপহারঃ সম্প্রহারমারেভে। ১২৯

মধুমঙ্গলঃ—তদো তদো? ১৩০

শ্রীকৃষ্ণঃ—ততশ্চিরায় মদ্বিজ্ঞানতঃ সমাপ্তে তু তস্মিন্ মহাসংগ্রামতন্ত্রে যন্ত্রিতঃ স মন্ত্রী মাং সামোদমবাদীৎ—

কচ্চিদ্ভীমে স্মরসি জলধৌ সেতুবন্ধানুবন্ধং
কচ্চিত্ত্বং বা দশমুখশিরঃকন্দুকোৎক্ষেপকেলিম্?
তদ্বিস্মর্ত্তুং চরিতমথবা নাসি শক্তো যদেষ
প্রাঞ্চং রত্নাহরণমিষতঃ কিঙ্করং সংস্করোষি॥ ১৩১

মধুমঙ্গলঃ—তদো তদো? ১৩২

মধুমঙ্গল ইতি। কথং লব্ধঃ। ১২৮

কৃষ্ণ ইতি। বিলোমচেষ্টং প্রতিকূলচেষ্টম্। সংপ্রহারম্ যুদ্ধম্। ১২৯

মধুমঙ্গল ইতি। ততস্ততঃ। ১৩০

কৃষ্ণ ইতি। যন্ত্রিতঃ সঙ্কুচিতঃ।

কচ্চিদিতি। প্রাঞ্চং প্রাচীনং কিঙ্করং মাং শং সুখরূপং করোষি সংস্করোষীতি পাঠান্তরম্। ১৩১

মধুমঙ্গল ইতি। ততস্ততঃ। ১৩২

শ্রীকৃষ্ণ। হ্যাঁ, ঠিক বলেছ। ১২৭

মধুমঙ্গল। কেমন করে পেলে? ১২৮

শ্রীকৃষ্ণ। সখে! সেই বীরশ্রেষ্ঠ ভল্লুক (জাম্ববান্) নিজের গর্ত্তের মধ্যে আমাকে বিরুদ্ধ আচরণ করতে দেখে রত্ন অপহরণের আশঙ্কায় আমার সঙ্গে যুদ্ধ করেছিল। ১২৯

মধুমঙ্গল। তারপর, তারপর? ১৩০

শ্রীকৃষ্ণ। তারপর বহুদিন পরে যখন মন্ত্রিরাজ জাম্ববান্ আমার পরিচয় জানতে পারল—তখন যুদ্ধ হতে বিরত হয়ে কৌতুক করে আমাকে বলেছিল—প্রভো! উত্তালতরঙ্গসঙ্কুল সমুদ্র মধ্যে সেতুবন্ধনের কথা কি আপনার স্মরণ আছে? কিংবা দশানন রাবণের আনন নিয়ে আপনি যে কন্দুকক্রীড়া করেছিলেন—তা কি আপনার মনে আছে—? অথবা সেই লীলার কথা ভুলতে পারেন নি বলেই কি এই মণিহরণ ছলে সেই পুরাতন দাসের প্রতি অনুগ্রহ করছেন? ১৩১

মধুমঙ্গল। তারপর, তারপর? ১৩২

কৃষ্ণ—ততো হেমকুট্টিমার্পিতায়াং রত্নখট্টায়াং মাং নিবেশ্য মণীন্দ্রমানেতুং প্রকোষ্ঠান্তরং প্রবিষ্টে ভল্লূকচক্রবর্ত্তিনি মুহূর্ত্ততঃ কাপি জরতী মদভ্যর্ণমাসাদ্য নিবেদিতবতী,—'তাত! তস্মিন্ হঠাদাকৃষ্যমাণে মণীন্দ্রে জাম্ববতঃ কুমারী বিপদ্যতে, অনাকৃষ্যমাণে খল্বিষ্টদৈবতস্য তে বিপ্রলম্ভঃ সম্ভবতীতি মহাসঙ্কট-জম্বালমগ্নস্য জাম্ববতঃ করাবলম্বং ভবন্তমন্তরেণ নান্যং পশ্যমি। ততস্তামবোচম্,—'বৃদ্ধে! তস্মিন্নবষ্টম্ভকদম্বোদ্গারিণি মণৌ ধনতৃষ্ণোপাধিঃ কিমস্যা গৌরবোন্নাহঃ?'

ধাত্রী—'তাত! নহি নহি;

রত্নং যদা দিনকরপ্রতিমল্লরোচির্ভল্লূকমণ্ডলপতিঃ স্বয়মাজহার।
এতত্তদা ক্ষণমবেক্ষ্য সরোরুহাক্ষী সা ক্ষীণধৈর্য্যনিকরা বিকলা বভূব॥

সাম্প্রতমপি বৎসা—

খিদ্যন্তী ঘটীকাং ক্রমেণ ঘটয়ত্যক্ষামবক্ষোজয়ো—
র্জিঘ্রন্তী চ মুহুর্মুহূর্ত্তমুপরি ঘ্রাণস্য বিন্যস্যতি।
ধত্তে নিশ্বসতী চ নীর-কণিকাকীর্ণান্তয়োর্নেত্রয়ো—
রিত্থং বন্ধুমিব স্যমন্তকমসৌ ধূতাঙ্গমালিঙ্গতী॥ ১৩৩।

কৃষ্ণ ইতি। বিপদ্যতে প্রাণং ত্যজতি। বিপ্রলম্ভঃ বিরোধঃ। জম্বালঃ কর্দ্দমঃ। করাবলম্বং সহায়ম্।

বৃদ্ধে ইতি। সুবর্ণস্য সমূহমুদ্গারিতুং শীলং যস্য তস্মিন্। ধনতৃষ্ণা উপাধিঃ কারণং যত্র সঃ। অস্যা জাম্ববত্যা আগ্রহাধিক্যম্।

ধাত্রীতি। দিনকরস্য প্রতিমল্লতুল্যং রোচির্যস্য তৎ। আজহার আনীতবান্। এতৎ রত্নম্। সরোরুহাক্ষী জাম্ববতী।

সাম্প্রতমিতি। ঘটিকাং ব্যাপ্য ধূতাঙ্গম্। ১৩৩

শ্রীকৃষ্ণ। তারপর স্বর্ণমন্দিরে রত্নখট্টায় আমাকে বসিয়ে ভল্লুকরাজ মণি আনবার জন্য গৃহান্তরে গেলে ক্ষণকালের মধ্যে একজন বৃদ্ধা আমার কাছে এসে নিবেদন করল—বাছা, জাম্ববান যদি হঠাৎ মণি আনে তাহলে জাম্ববানের কুমারী প্রাণত্যাগ করবে—আর মণি না নেয়--তাহলে তুমি তার ইষ্টদেব তোমার সঙ্গে তার বিরোধ হবে—অতএব জাম্ববান মহা সঙ্কটে পড়েছে এমন এ বিপদে তুমিই তার একমাত্র আশ্রয়। বৃদ্ধা এই কথা বললে আমি তাকে বললাম বৃদ্ধে! সেই স্বর্ণপ্রসবকারী মণিতে যে প্রবল লোভ সেইটিই তাকে না—ত্যাগ করার প্রধান কারণ—এর জন্য জাম্ববতী প্রাণত্যাগ করবে—এ কৌশল অবলম্বনের কি প্রয়োজন ছিল?

ধাত্রী। বাছা! তা নয় তা নয়।

ভল্লুকরাজ যখন সূর্য্যসম রত্ন স্বয়ং নিয়ে এলেন—সেই থেকে মণি দেখতে না পেয়ে পদ্ম-পলাশলোচনা জাম্ববতী ধৈর্য্য ধারণ করতে না পেরে ব্যাকুল হয়ে পড়েছেন। এখনও বাছা কখনও সেই স্যমন্তকমণি ঘর্মাক্ত কলেবরে বক্ষে স্থাপন করে কখনও বা নাসিকায় তার পুনঃ পুনঃ আঘ্রাণ গ্রহণ করে—কখনও বা দীর্ঘশ্বাস ত্যাগ করতে করতে জলভরা নয়ন যুগলের উপর সে মণি ধারণ করছে—এই ভাবে জাম্ববতী কম্পিতকলেবরে ক্ষণকাল বন্ধুর মত স্যমন্তকমণিকে আলিঙ্গন করছে। ১৩৩

মধুমঙ্গলঃ—তদো তদো ? ১৩৪।

শ্রীকৃষ্ণঃ—ততশ্চ কৌতুকেনাহমাক্রান্তমনাস্তামবাদিষম্,—'ধাত্রিকে! কিমত্র কারণম্, যদেষা তত্র রত্নে প্রাজ্যং রজ্যতি ? ধাত্রী—'তাত। কস্তদ্বিজ্ঞাতুমীষ্টে ? যতঃ।

রত্নে রতিস্তে মহতী কিমত্র, সা ভঙ্গুরভ্রূরিতি পৃচ্ছ্যমানা।
নিশ্বস্য নিশ্বস্য তনোতি বাষ্পং মুখেন্দুমাবৃত্য পটাঞ্চলেন॥

ততস্তামভ্যধাম্,—'ধাত্রি! কিমেষা ব্যবহরন্তী তিষ্ঠতি ?' ধাত্রী—

কল্যাণীভির্দ্যুতিভিরধিকং রাধিকামাধবাখ্যং
যৎ পঞ্চালীমিথুনমতুলং নির্মমে নির্মলাঙ্গী।
তস্যান্যোন্য-প্রণয়-মধুরৈঃ সঙ্গমালাপরঙ্গৈঃ
খেলন্তী সা ক্ষপয়তি গলদ্বাষ্পধারং দিনানি॥

ততস্তদাকর্ণ্য—গম্ভীরবিস্ময়ারম্ভসংবীতচিত্তস্তামেবাহং সসাম্ভ্রমবাদিষম্'—'ধাত্রিকে! কীদৃশং পঞ্চালিকাদ্বন্দ্বং তদবলোকে কৌতুহলবানস্মি। ধাত্রী—'তাত! তদদ্ভুতং জগন্মণ্ডলোত্তংসয়োঃ স্ত্রীপুংসয়োর্যুগ্মম্। তয়োর্হি—

ত্বদালোকে সদ্যঃ স খলু তব তুল্যাকৃতিধরঃ
পুমান্ মে স্মেরাস্যঃ স্মরণপদবীমভ্যুপগতঃ।
ন জানে সা ধন্যা ক্ব নু বসতি পুণ্যে জনপদে
যদীক্ষারম্ভে সা স্মৃতিমুপজিহীতে বরতনুঃ॥ ১৩৫।

মধুমঙ্গল ইতি। ততস্ততঃ। ১৩৪

শ্রীকৃষ্ণ ইতি। প্রাজ্যং প্রচুরম্।

ধাত্রীতি। ইতি পৃচ্ছমানা সা ভঙ্গুরভ্রূঃ সতী বাষ্পং তনোত্যঘয়ঃ॥

তত ইতি। অভ্যধাম্ অপৃচ্ছম্।

ধাত্রীতি। পঞ্চালিকা পুত্রিকা স্যাদ্বস্ত্র দন্তাদিভির্বৃতা। মিথুনযুগলং প্রতিমাযুগ্মম্। সঙ্গমো মিলনমালাপং কথনঞ্চ তত্র যে রঙ্গাঃ কৌতুকানি তৈঃ।

ততঃ ধাত্রীবচনং, সসাম্ভ্রম্ সমধুরম্।

ত্বদালোকে ইতি। যস্যা রাধায়াঃ প্রতিমূর্ত্তের্দর্শনারম্ভে। উপজিহীতে উপগচ্ছতি। ওহাঙ্ গতৌ। ১৩৫

মধুমঙ্গল। তারপর তারপর ? ১৩৪

শ্রীকৃষ্ণ। তারপর কৌতুকবশে আমি তাকে জিজ্ঞাসা করলাম—ধাত্রিকে! ইনি যে এই রত্নে অত্যন্ত আসক্ত হয়েছেন—এর কারণ কি ?

ধাত্রী। বাছা! এর কারণ কে বা জানবে—বল ?

কারণ—এ রত্নে তোমার এত প্রীতি কেন—এ কথা জাম্ববতীকে জিজ্ঞাসা করলে সে দীর্ঘ দীর্ঘ নিশ্বাস ত্যাগ করে কাপড়ের আঁচল দিয়ে মুখ ঢেকে ভ্রূভঙ্গি করে অশ্রু বিসর্জ্জন করতে থাকে।

মধুমঙ্গলঃ—তদো তদো ? ১৩৬।

শ্রীকৃষ্ণঃ—ততশ্চ সা কক্ষান্তরমাসাদ্য জাম্ববতীচিত্তমুত্তম্ভয়ামাস,—'বৎসে! তবায়ং পঞ্চালিকয়োর্যঃ শ্যামঃ পুমান্, স কৌতুকী বিগ্রহান্তরেণ জঙ্গমীভাবমঙ্গীকৃত্য পর্য্যঙ্কিকামধ্যমধ্যাস্তে; তদদ্ভুতং দৃষ্টেরপরোক্ষীক্রিয়তাম্। ইত্যাকর্ণ্য চ,—

রাধায়াঃ প্রতিমাং মণিপ্রণয়িনীং বিন্যস্য ধাত্রীকরে
সা সদ্যস্তরুণা তিরোহিততনুর্মাং বীক্ষ্য পর্য্যোৎসুকা।
ক্রোশন্তী শিথিলীকৃতত্রপমপধ্বস্তাঙ্গ-বর্ণোন্নতিঃ
সাতঙ্কং নিপপাত মচ্চরণয়োরঙ্কে কুরঙ্গেক্ষণা॥

(ইতি বৈবশ্যং নাটয়তি।)। ১৩৭।

মধুমঙ্গল ইতি। ততস্ততঃ। ১৩৬

শ্রীকৃষ্ণ ইতি। কক্ষান্তরং প্রকোষ্ঠান্তরম্। উত্তম্ভয়ামাস উৎসুকয়ামাস। রাধায়া ইতি। মণিপ্রণয়িনীং মণিরচিতামিত্যর্থঃ। তরুণা বৃক্ষেণ তিরোহিতা তনুর্যস্যাঃ সা। অঙ্কে নিকটে। ১৩৭

তারপর আমি তাঁকে জিজ্ঞাসা করলাম—জাম্ববতী এখন কিভাবে দিন যাপন করছেন ?

ধাত্রী। সুন্দরী জাম্ববতী শ্রীরাধামাধবের ভুবনভুলান রূপমাধুর্য্যে প্রতিমাযুগল নির্মাণ করেছেন—আর সেই প্রতিমা দুটির পরস্পর মধুময় প্রণয়, সঙ্গ, আলাপ ও কৌতুকবশে খেলা করতে করতে নয়নধারায় ভাসতে ভাসতে দিন যাপন করছেন।

তারপর ধাত্রীর এই কথা শুনে আমার মনে অত্যন্ত বিস্ময়ের সঞ্চার হল—পরে ধাত্রীকে সুমধুর বাক্যে বললাম—ধাত্রি! সেই প্রতিমাযুগল কেমন ? তা দেখবার জন্য আমার বড় কৌতুহল হচ্ছে।

ধাত্রী। বাছা—ব্রহ্মাণ্ডে উৎকৃষ্ট স্ত্রীপুরুষের মধ্যে এই প্রতিমা দুটি সত্যই—বড় অদ্ভুত। সেই দুটি প্রতিমার মধ্যে যেটি পুরুষ প্রতিমা—তোমাকে দেখবার পর থেকে মনে হচ্ছে সে প্রতিমা যেন তুমিই— তোমার হাস্যবদন দেখে আমার মনে কেবল সেই পুরুষ প্রতিমার স্মৃতিই উদিত হচ্ছে। আর যেটি স্ত্রী প্রতিমা তিনি অত্যন্ত ধন্যা—তিনি কোন পুণ্য দেশে বাস করছেন জানি না—যাঁকে দেখবামাত্র বরতনু শ্রীরাধা আমার স্মরণ পথে এসে উপস্থিত হলেন। ১৩৫

মধুমঙ্গল। তারপর তারপর ? ১৩৬

শ্রীকৃষ্ণ। তারপর ধাত্রী অন্তঃপুরের মধ্যে গিয়ে জাম্ববতীর চিত্তে উৎসাহ দিয়ে বলতে লাগল—বাছা, তোমার এই দুটি প্রতিমার মধ্যে যিনি শ্যামসুন্দর তিনি বড় কৌতুকপ্রিয়। দেহান্তরে জঙ্গম-ভাব অঙ্গীকার করে পালঙ্কের মধ্যে অবস্থিত আছেন—অতএব এই অদ্ভুত মূর্ত্তি দর্শন কর।

(জাম্ববতী এই কথা শুনে।)

শ্রীরাধার মণিময়ী প্রতিমা ধাত্রীর হাতে ন্যস্ত করে গাছের আড়ালে নিজেকে লুকিয়ে রেখে আমাকে দেখতে লাগলেন—পরে অত্যন্ত উৎসুক চিত্তে ঐ মৃগনয়নী কি করবেন কিছু ঠিক করতে না

মধুমঙ্গলঃ—(সসম্ভ্রমং পাণিং প্রসার্য্য) পিঅবঅস্স ! মহ ইত্থংওলম্বেহি । ১৩৮

শ্রীকৃষ্ণঃ—(তথা কৃত্বা সগদ্‌গদম্)—

উপতরু ললিতাং তাং প্রত্যভিজ্ঞায় সদ্যঃ, প্রকৃতি-মধুররূপাং বীক্ষ্য রাধাকৃতিঞ্চ ।
মণিমপি পরিচিন্বন্ শঙ্খচূড়াবতংসং, মুহুরহমুদ্‌ঘূর্ণং ভূরিণা সম্ভ্রমেণ ॥ ১৩৯ ।

মধুমঙ্গলঃ—হী হী পিঅবঅস্স ! এসো কঞ্জিঅং পত্থঅন্তস্স সিহরিণীলাহো । (ইত্যুৎকূজন্)
ভো ! এদং মহাসোক্‌খ-বিক্‌খোহেণ পপ্‌ফুডই মে হিঅঅং তা ধারেহি মং । ১৪০ ।

শ্রীকৃষ্ণঃ—সখে ! ক্ষণমব্যগ্রঃ সমাকর্ণয় । ১৪১ ।

মধুমঙ্গলঃ—সধৈর্য্যং তদো তদো । ১৪২ ।

মধুমঙ্গল ইতি । প্রিয়বয়স্য ! মম হস্তং অবলম্বস্ব । ১৩৮

শ্রীকৃষ্ণ ইতি । উপতরু তরোঃ সমীপে, সেয়ং ললিতা ইতি জ্ঞাত্বা । সিদ্ধি নাম নাটকভূগণমিদম্ । অতর্কিতোপপন্নঃ স্যাৎ সিদ্ধিরিষ্টার্থসঙ্গমঃ । অত্র ইষ্টস্য ললিতাদিসঙ্গমস্যাতর্কিতত্বাৎ সিদ্ধিঃ । ১৩৯

মধুমঙ্গল ইতি । আশ্চর্য্যং ! প্রিয়বয়স্য ! কাঞ্জিকাং প্রার্থ্যমানস্য শিখরিণীলাভঃ । ভো ! এতৎ মহাসৌখ্যবিক্ষোভেন প্রস্ফুটতি মে হৃদয়ং তৎ ধারয় মাম্ । ১৪০

মধুমঙ্গল ইতি । ততস্ততঃ । ১৪২

পেরে লজ্জাকেও জলাঞ্জলি দিয়ে বিবর্ণ দেহে ভয়ে ভয়ে আমার চরণোপান্তে উপস্থিত হলেন ।

(এই কথা বলতে বলতে শ্রীকৃষ্ণ একেবারে বিবশ হয়ে পড়লেন । ১৩৭)

মধুমঙ্গল । (সসম্ভ্রমে হাত বাড়িয়ে) প্রিয়সখা ! আমার হাত ধর । ১৩৮

শ্রীকৃষ্ণ । (তাই ধারণ করে গদ্‌গদস্বরে ।)

সখে । গাছের আড়ালে অবস্থিতা জাম্ববতীকে হঠাৎ যেন মনে হল ললিতা—আর সেখানে স্বভাবমধুরা রাধা প্রতিমা দর্শন করে শঙ্খচূড়ের মস্তক ভূষণ স্যমন্তক মণিকে ভাল করে জেনে আমি অত্যন্ত সম্ভ্রমে বিভ্রান্ত হয়েছিলাম । ১৩৯

মধুমঙ্গল । কি আশ্চর্য্য ! প্রিয়বয়স্য ! এতো দেখছি—যে ব্যক্তি কাঞ্জিকা প্রার্থনা করেছেল—তার পক্ষে শিখরিণী লাভ হয়ে গেল ।

(এই বলে উচ্চৈস্বরে)

সখে ! অত্যন্ত সুখের উল্লাসে আমার হৃদয় প্রফুল্লিত হয়েছে আমাকে তাড়াতাড়ি ধর । ১৪০

শ্রীকৃষ্ণ । সখে ! ব্যস্ত হয়ো না । শোন । ১৪১

মধুমঙ্গল । (ধৈর্য্য ধারণ করে) তারপর, তারপর ? ১৪২

শ্রীকৃষ্ণঃ—ততঃ শান্তিহেতুভিঃ কোমলালাপমাধুরীভিঃ সান্ত্বিতাপি সুকণ্ঠী মুক্তকণ্ঠং ক্রন্দন্তী মামবাদীৎ—

'অলিন্দে কালিন্দীকমলসুরভৌ কুঞ্জবসতে—
র্ব্বসন্তীং বাসন্তীনবপরিমলোদ্গারি-চিকুরাম্।
ত্বদুৎসঙ্গে নিদ্রাসুখমুকুলিতাক্ষীং পুনরিমাং
কদাহং সেবিষ্যে কিশলয়কলাপ-ব্যজনিনী ?

ততঃ প্রগাঢ়তরোৎকণ্ঠাপরীতেন হৃদ্বাষ্পমুদ্রা ময়াপি চিরাত্তস্যামুদ্ঘাটিতা, হন্ত ললিতে !

সবিধমনৃতনিদ্রামুদ্রিতাক্ষস্য যান্তী, মুহুরিয়মধুনা মে বক্ত্রবিম্বং চুচুম্ব।

ইতি সখি পুরতস্তে হ্রেপিতায়া ময়োচ্চৈর্ভ্রুকুটিমধুরমাস্যং রাধিকায়াঃ স্মরামি ॥ ১৪৩।

মধুমঙ্গলঃ—তদো তদো ? ১৪৪।

শ্রীকৃষ্ণ ইতি। অলিন্দে অঙ্গনে। নবীনপত্রাণাং সমূহো ব্যজনমস্তি যস্যাঃ সা। কলাপো ভূষণে বর্হে তূণীরে সংহতে চেতি কোষঃ।

তত ইতি। স্বীয়-বাষ্পমুদ্রা।

মুদ্রিতাক্ষস্য মিথ্যাভূতয়া নিদ্রয়া মুদ্রিতে অক্ষিণী যেন তস্য। ১৪৩

মধুমঙ্গল ইতি। ততস্ততঃ। ১৪৪

শ্রীকৃষ্ণ। শান্তির প্রলেপ স্বরূপ কোমল মধুর আলাপের দ্বারা সান্ত্বনা দান করলেও সেই মধুরকণ্ঠী মুক্তকণ্ঠে ক্রন্দন করতে করতে আমাকে বলেছিলেন—

যে কুঞ্জকুটীর শ্রীযমুনাজাত কমল সৌরভে আমোদিত হয়েছে—সেই কুঞ্জে তোমার ক্রোড়ে শায়িতা বসন্তকালীন পুষ্পের সুবাসে সুবাসিতকেশা সেই নিদ্রাভরে নিমীলিতনয়নাকে কবে আমি পত্র দ্বারা ব্যজন করে সেবা করব ?

তারপর আমি অত্যন্ত উৎকণ্ঠায় আকুল হয়ে বহুক্ষণ পরে নিজের হৃদয় খুলে বললাম—
আহা ললিতে !

আমি কাছে থেকে কপট নিদ্রায় নয়ন দুটি মুদ্রিত করলে ইনি আমার বদনবিম্ব চুম্বন করেছেন—হে সখি ! তোমার কাছে এই কথা উচ্চৈস্বরে বলতে শ্রীরাধা লজ্জিত হয়ে তাঁর মধুর বদনে যে ভ্রূকুটি প্রকাশ করেছিলেন—তাই আমি স্মরণ করছি। ১৪৩

মধুমঙ্গল। তারপর, তারপর ? ১৪৪

শ্রীকৃষ্ণ—ততশ্চ বিজ্ঞাতাখিলবৃত্তান্তঃ স জাম্ববান্ সানন্দং তত্রাগত্য মামব্রবীৎ,—

সুগ্রীব-প্রণয়িতয়া মুহুঃ সমগ্রং কারুণ্যং ময়ি কুরুতে সরোজবন্ধুঃ।
তস্যাহং ত্বরিতমধারয়ং নিদেশান্নিঃশঙ্কং গিরিশিখরাদিমাং পতন্তীম্॥

ততশ্চ জাম্বূনদালঙ্কৃতা জাম্ববতী তেন ভল্লুকশিরোমাল্যেন শিরোমণিনা সহ মম পাণৌ বিন্যস্তা। ময়াপি বিদর্ভেন্দ্রমর্য্যাদাভঙ্গভীরুণা রৈবতকন্দরায়াং সা সুন্দরী রক্ষিতা। তদিদং রহস্যকথারত্নং যত্নতশ্চিত্তকোষান্তরে ধারণীয়ম্, যথা কস্যাপি বিতর্কপদবীমপি নাধিরোহতি। ১৪৪

মধুমঙ্গলঃ—এব্বং ণেদং। ১৪৬।

শ্রীকৃষ্ণঃ—(সবৈক্লব্যম্)—

নিখিলসুহৃদামর্থারম্ভে বিলম্বিতচেতসো
মসৃণিতশিখো যঃ প্রাপ্তোঽভূন্মনাগিব মার্দ্দবম্।
স খলু ললিতাসান্দ্র-স্নেহপ্রসঙ্গ-ঘনীভবন্
পুনরপি বলাদিন্ধে রাধাবিয়োগময়ঃ শিখী॥

(ইতি বিরহার্ত্তিং নাটয়ন্)

ললাটে কাশ্মীরৈঃ কুরু মম দৃশং পাবকময়ীং
দধীথা ভোগীন্দ্রদ্যুতিমুরসি মুক্তামণিসরম্।
তনোঃ কণ্ঠং মুক্ত্বা জনয় ঘনসারৈর্ধবলতাং
হরভ্রান্ত্যা ভীতস্তুদতি ন যথা মাং মনসিজঃ॥ ১৪৭।

শ্রীকৃষ্ণ ইতি। সুগ্রীবেতি। সুগ্রীবস্য সূর্য্যপুত্রতয়া খ্যাতিঃ পুরাণপ্রসিদ্ধা।

সরোজবন্ধুঃ সূর্য্যঃ। তস্য সূর্য্যস্য।

ময়াপীতি। বিদর্ভেন্দ্রেণ ভীষ্মকেন কৃতা বা মর্য্যাদা তৎপুত্র্যাজ্ঞামৃতেঽন্যস্যা অস্বীকাররূপা তস্যা ভঙ্গে ভীরুণা। ১৪৫

মধুমঙ্গল ইতি। যথা কথয়সি, তথা করোমি। ১৪৬

শ্রীকৃষ্ণ ইতি। মসৃণিতঃ কোমলঃ শীতলো বিরহাগ্নিঃ মনাক্ অল্পতরং মার্দবং মৃদুত্বং প্রাপ্তঃ। আক্ষেপ-নাম সন্ধ্যঙ্গমিদং। তথাচ গর্ভবীজসমুৎক্ষেপমাক্ষেপং পরিচক্ষতে। অত্র সকৃদর্থসম্পাদনেন গর্ভিতরস্য রাধানুরাগস্য পুনর্ললিতাদর্শনাদুৎক্ষেপাদাক্ষেপঃ॥

ললাটে ইতি। কাশ্মীরৈঃ কুঙ্কুমৈঃ। মণিসরং মণিহারং কণ্ঠং ত্যক্ত্বা তনোঃ শরীরস্য কর্পূরৈর্ধবলতাং জনয়। তুদতি পীড়য়তি। মনসিজঃ কন্দর্পঃ। ১৪৭

শ্রীকৃষ্ণ। তারপর সেই জাম্ববান্ সব বৃত্তান্ত জেনে এসে আনন্দ করে আমাকে বলল—সুগ্রীবের সঙ্গে আমার বন্ধুত্ব আছে বলে পদ্মবন্ধু সূর্য্যদেব বার বার আমার—প্রতি করুণা করে থাকেন। এই জন্যই আমি তাঁর আদেশানুযায়ী তাড়াতাড়ি নির্ভয়ে—গিয়ে পর্ব্বতচূড়া হতে পতিতা এই কন্যাকে ধারণ করেছিলাম।

মধুমঙ্গলঃ—সচ্চং গরুও কৃখু এসো সন্তাবো, তা কো এত্থ পড়িআরো ত্তি ণ কৃখু ওধারেমি ! ১৪৮।

শ্রীকৃষ্ণঃ—সখে ! প্রিয়াবিহার-সমভিহার-সাক্ষিণঃ কুঞ্জবৃন্দস্য বৃন্দাবনস্য বিলোকনমন্তরেণ নাত্র পরঃ প্রতীকারঃ, তদেষ মণীন্দ্রস্ত্বয়া সত্রাজিতায় সমর্প্যতাম্, ময়াপ্যবরোধায় গন্তব্যম্। ১৪৯।

(ইতি নিষ্ক্রান্তৌ)

(ইতি নিষ্ক্রান্তাঃ সর্ব্বে।)

ইতি শ্রীশ্রীললিতমাধবনাটকে ললিতোপলব্ধির্নাম ষষ্ঠোঽঙ্কঃ ॥ ৬

মধুমঙ্গল ইতি। সত্যং গুরুঃ এষ সন্তাপঃ, তৎ কোঽত্র প্রতীকার ইতি ন খলু অবধারয়ামি। ১৪৮

শ্রীকৃষ্ণ ইতি। সমভিহারসাক্ষিণঃ কথনসাক্ষিণঃ। অবরোধায় অন্তর্গৃহায়। ১৫০

ইতি শ্রীশ্রীললিতমাধবনাটকে ষষ্ঠোঽঙ্কঃ ॥

এই বলে সেই ভল্লুকরাজ জাম্ববান্ স্যমন্তকমণির সঙ্গে জাম্বনদভূষিতা (সুবর্ণভূষিতা) জাম্ববতীকে আমার হাতে সমর্পণ করল।

আমিও বিদর্ভাধিপতি ভীষ্মকের নিয়মভঙ্গের ভয়ে অন্য কোন কন্যার পাণিগ্রহণ করব না—এই প্রতিজ্ঞা করায়—রৈবতক পর্ব্বতের গুহায় ঐ সুন্দরীকে রেখেছি তাই বলছি সখে ! তুমি এই গোপন কথারত্নটি যত্ন করে তোমার চিত্তকোষে ধারণ করে রেখো—যেন এ বিষয়টি কেউ জানতে না পারে। ১৪৫

মধুমঙ্গল। যা বললে তাই করব। ১৪৬

শ্রীকৃষ্ণ। (ব্যাকুলতার সঙ্গে)

সকল সুহৃদের প্রয়োজনে আমার চিত্ত করুণা বিগলিত হয়—সেই আমার সম্বন্ধে রাধার বিরহাগ্নি যেন কিছু শীতল হয়েছিল—এখন কিন্তু আবার ললিতার স্নেহ প্রসঙ্গে গাঢ়তর হয়ে পুনরায় জোর করে ঐ বিরহাগ্নি প্রজ্জ্বলিত হয়ে উঠল।

(এই বলে বিরহবেদনা প্রকাশ করে)

সখে ! কুঙ্কুম দিয়ে আমার ললাটে অগ্নিময় চক্ষু রচনা করে দাও—বক্ষে সর্পরাজ বাসুকীর কান্তিশালী মুক্তামালা পরিয়ে দাও—আর কেবল কণ্ঠদেশটি—বাদ দিয়ে সর্ব্বাঙ্গে কর্পূরের অঙ্গরাগ দিয়ে সাদা করে দাও—যেন মদন শিব—মনে করে ভয় পেয়ে আমাকে আর কষ্ট না—দেয়। ১৪৭

মধুমঙ্গল। সত্যিই, এ সন্তাপ তো বড়ই তীব্র কিন্তু এর প্রতিকার যে কি—তা-তো আমি বুঝে উঠতে পারছি না। ১৪৮

শ্রীকৃষ্ণ। সখে ! প্রিয়তমার বিহার কথনের সাক্ষী স্বরূপ সেই কুঞ্জে ঘেরা শ্রীবৃন্দাবন দর্শন ছাড়া এ বিরহ বেদনা উপশমের অন্য কোন প্রতিকার তো—দেখতে পাই না। অতএব তুমি এই মণিরত্নটি সত্রাজিৎকে সমর্পণ করো—আমি অন্তঃপুরে যাই। ১৪৯

(এই বলে উভয়ের প্রস্থান)

(তারপর সকলে চলে গেলেন।)

ইতি শ্রীললিত মাধব নাটকে ললিতাপ্রাপ্তি নামক ষষ্ঠ অঙ্ক।

সপ্তমোঽঙ্কঃ

(ততঃ প্রবিশতি বকুলয়ারাধ্যমানা শ্রীরাধা)

শ্রীরাধা (সংস্কৃতেন)— মমাসীদ্ দূরে যা দিগপি হরিগন্ধপ্রণয়িনী
প্রপেদে খেদেন ত্রুটিরপি মহাকল্পপদবীম্ ।
দহত্যাশা-সর্পির্বিরচিত-পদঃ প্রাণ-দহনো
বলান্মাং দুর্লীলিঃ কিমিহ করবৈ হন্ত শরণম্ । ১ ।

বকুলা— হলা সচ্চে ! সিণিহেণ ণঅবুন্দাএ বগ্গিদতুম্হরহস্সম্হি, তধাবি কিংপি বিণ্ণবিস্সং । ২ ।

শ্রীরাধা—কামং বিণ্ণবেহি । ৩ ।

বকুলা—অম্হ রাইন্দো সুন্দরসেহরো তিল্লোঅং সংসেদি, তা জই আণবেসি, তদো দেঈএ রুক্মিণীএ বি পড়িউলা ভবিঅ, তস্স তুমং বিণ্ণবেমি । ৪ ।

শ্রীরাধেতি । মমেতি গতা স্থিতেত্যর্থঃ । মমাসীদ্দূরে যা দিগপীতি পাঠান্তরম্, ত্রুটিঃ ত্রসরেণুত্রয়ঃ । আশৈব সর্পিস্তেন বিরচিতং পদং স্থিতি র্যেন সঃ । পদং ব্যবসিতত্রানস্থাণলক্ষ্যাঙ্ঘ্রিবস্তুঘিতি কোষাৎ । প্রাণা এব দাহকত্বাৎ দহনঃ । ১

বকুলেতি । সখি সত্যে ! স্নেহেন নববৃন্দয়া বর্ণিতং তব রহস্যম্ তথাপি কিমপি বিজ্ঞাপয়িষ্যামি । ২

শ্রীরাধেতি । বিণ্ণবেহি বিজ্ঞাপয় । ৩

বকুলেতি । অস্মদ্রাজেন্দ্র সুন্দরশেখর স্ত্রিলোকং শাস্তি, তৎ যদি আজ্ঞাপয়সি, তদা দেবীরুক্মিণ্যা অপি প্রতিকূলা ভূত্বা, তস্মৈ ত্বাং বিজ্ঞাপয়ামি । ৪

বকুলা কর্তৃক পরিষেবিতা শ্রীরাধিকার প্রবেশ

শ্রীরাধা (সংস্কৃত ভাষায়) শ্রীকৃষ্ণের গাত্রগন্ধে যে দিকটী সুরভিত তাহা আমার নিকট দূরে। তাঁহাব বিরহ বেদনায় অতি অল্প সময়ও আমার কাছে মহাকল্পের মত মনে হচ্ছে। আশারূপ ঘৃতপাত্রে অবস্থিত দুষ্ট প্রাণরূপ অগ্নি আমাকে জোর করে দগ্ধ করছে, হায় আমি কি করি কাহার শরণ গ্রহণ করি। ১

বকুলা। সখি সত্যে! যদিও স্নেহ বশে নববৃন্দা তোমার রহস্য আমার নিকট জানিয়েছেন, তথাপি আমি কিছু বলতে ইচ্ছা করি। ২

শ্রীরাধা। যেমন ইচ্ছা তেমন বল। ৩

বকুলা। আমাদের রাজেন্দ্র সুন্দরের শিরোমণি এবং তিনি নিজের প্রভাবে ত্রিলোক শাসন করছেন, যদি আদেশ কর তবে রুক্মিণীর প্রতিকূলো হয়ে তাঁহার নিকট তোমার সম্বন্ধে জানাই। ৪

শ্রীরাধা (সংস্কৃতেন)— শাস্তু দ্বারবতীপতিস্ত্রিজগতীং সৌন্দর্য্যপর্য্যাচিতঃ
কিন্নস্তেন বিরম্যতাং কথমসৌ শাপাগ্নিরুজ্জ্বাল্যতে।
যুষ্মাভিঃ স্ফুটযুক্তিকোটিগরিমব্যাহারিণীভির্বলা-
দাক্রষ্টুং ব্রজরাজনন্দনপদাম্ভোজান্ন শক্যা বয়ম্। ৫।

বকুলা—সহি! পুচ্ছ হিদং ণঅবুন্দং। ৬।

শ্রীরাধা—কহিং গদা ণঅবুন্দা? ৭

বকুলা—দেঈএ আহূদা অন্তেউরে। ৮।

শ্রীরাধা—হন্ত পরতন্তম্হি কিদা হদদেব্বেণ। ৯।

(প্রবিশ্য) নববৃন্দা—সখি সত্যে! মা বিষাদং কৃথাঃ। পশ্য পশ্য,
পাদে নিপত্য বদরীমবলম্বমানা, কান্তং রসালমনুবিন্দতি মাধবীয়ম্।
প্রাণেশসঙ্গমবিধৌ বিনিবিষ্টচিত্তা, ন পারবশ্যকদনং মনুতে হি সাধ্বী। ১০।

শ্রীরাধেতি। শাপনিমিত্তোঽগ্নিঃ ক্রোধরূপ উজ্জ্বাল্যতে। সংফেটং নাম বিমর্শসন্ধ্যঙ্গমিদম্। তথাচ—সংফেটো রোষভাষণম্। অত্র বকুলাঃ প্রতি গূঢ়রোষোক্ত্যা সংফেটঃ॥ ৫

বকুলেতি। সখি! পৃচ্ছ হিতং নববৃন্দাম্। ৬

শ্রীরাধেতি। কুত্র গতা নববৃন্দা? ৭

বকুলেতি। দেব্যা আহূতা অন্তঃপুরে। ৮

শ্রীরাধেতি॥ হন্ত, পরতন্ত্রাস্মি কৃতা হতদৈবেন। ৯

নববৃন্দেতি। পাদে ইতি। রসালঃ আম্রম্, পক্ষে রসিকম্। মাধবী অতিমুক্তা পক্ষে স্বাধীন-পতিকা। কশ্চিত্তু ছলনা নাম বিমর্শসন্ধ্যঙ্গমপঠিত্বা তৎস্থানে ছাদনং পঠতি। তথাচ কার্য্যার্থমপমানাদেঃ সহনং ছলনং মতম্। অত্র স্পষ্টম্॥ ১০

শ্রীরাধা। (সংস্কৃতে) সৌন্দর্য্যে বিভূষিত হয়ে দ্বারকাধিপতি ত্রিলোক শাসন করুন, তাঁকে আমার কোনই প্রয়োজন নাই। কেন আমার ক্রোধের আগুন জ্বালিয়ে দিচ্ছ। বিরত হও। তোমরা প্রকাশ্যে কোটি কোটী যুক্তি দিয়া নানা প্রকার বুঝাতে পার। তথাপি কোন প্রকার বল প্রয়োগে আমাকে ব্রজরাজ নন্দনের পাদপদ্ম থেকে আকর্ষণ করতে পারবে না। ৫

বকুলা। সখি কি করিলে ভাল হবে এ সম্বন্ধে নববৃন্দাকে জিজ্ঞাসা কর। ৬

শ্রীরাধা। নববৃন্দা কোথায় গেল? ৭

বকুলা। দেবী রুক্মিণী ডেকেছেন, অন্তঃপুরে গেছে। ৮

শ্রীরাধা। হায়! হত দৈব আমায় পরাধীন করে রাখল। ৯

নববৃন্দার প্রবেশ

নববৃন্দা। সখি সত্যে! বিষণ্ণ হও না, দেখ, দেখ এই মাধবী পদে নিপতিত হয়ে বদরীকে অবলম্বন করে কান্ত রসালকে পরে প্রাপ্ত হয়েছে। যে সাধ্বী প্রাণেশ্বরের সহিত মিলন বিষয়ে একাগ্রচিত্তা সে পরাধীনতারূপ দুঃখ অনুভব করতে পারে না। ১০

শ্রীরাধা—কা কখু তুহ হথে ণেবচ্ছসামগ্গী ? ১১

নববৃন্দা—শচ্যোপহারীকৃতানি দেব্যৈ দিব্যানি মাল্যদুকুলাদীনি ; তান্যেষা সখীভ্যো বিভজন্তী ত্বামপি বণ্টকেন পুরশ্চকার। ১২।

শ্রীরাধা—কিং মে দুক্খাণলস্স ইন্ধণেণ ইমিণা পসাহণেণ। ১৩।

নববৃন্দা—সখি ! ভানুদেবস্য সেবায়ামুপযোক্ষ্যতে। ১৪।

শ্রীরাধা—হলা ! ভণিদম্হি ভাণুণা,—"বচ্ছে ! সাঅরকচ্ছে ণিবিট্ঠাএ দুআরবদী-পুরীএ গব্ভে ণিম্মিদং নঅবুন্দাঅণং পবিসিঅ তিণা অপ্পণো পরাণণাধেণ সদ্ধং বিহরেহি। ১৫।

নববৃন্দা—চারুলোচনে ! ব্যভিচারপরাচীনানি খলু ভবন্তি দৈবতবরাণাং বচাংসি। ১৬।

শ্রীরাধা—(সংস্কৃতেন)—

মথুরামধিরাজতে হরিঃ, সখি রাজেন্দ্রপুরেঽত্র সংবৃতা।
নিবসাম্যহমিত্যসম্ভবঃ, প্রিয়সঙ্গঃ প্রতিভাসতে মম। ১৭।

শ্রীরাধেতি। কা খলু তব হস্তে নেপথ্যসামগ্রী ? ১১

নববৃন্দেতি। শচ্যা পৌলোম্যা। দেব্যৈ রুক্মিণ্যৈ। এষা রুক্মিণী। ১২

শ্রীরাধেতি। কিং মে দুঃখানলস্য ইন্ধনেন অনেন প্রসাধনেন। ১৩

নববৃন্দেতি। উপযোক্ষ্যতে উপযুক্তং ভবিষ্যতি। ১৪

শ্রীরাধেতি। সখি ভণিতাস্মি ভানুনা, বৎসে ! সাগরকচ্ছে নিবিষ্টায়া দ্বারাবতীপূর্য্যা গর্ভে নির্ম্মিতং নববৃন্দাবনং প্রবিশ্য তেন আত্মনঃ প্রাণনাথেন সার্দ্ধং বিহর। ১৫

নববৃন্দেতি। ব্যভিচারাৎ পরাঙ্মুখানি সত্যানীত্যর্থঃ। ১৬

শ্রীরাধেতি। রাজেন্দ্রপুরে দ্বারকাপুরে। ১৭

শ্রীরাধা। তোমার হাতে এ কিসের বেশসামগ্রী ? ১১

নববৃন্দা। স্বর্গের শচীদেবী দেবী রুক্মিণীকে স্বর্গীয় যে মালা এবং বস্ত্রাদি দিয়েছেন তাহা তিনি অন্যান্য সখীদিগকে যেমন ভাগ করে দিয়েছেন তোমার জন্যও তেমনি পাঠিয়ে দিয়েছেন। ১২

শ্রীরাধা। এতে আমার দুঃখের আগুন আরও জ্বলে উঠবে। সুতরাং দুঃখানলের কাষ্ঠ স্বরূপ এরূপ প্রসাধনে আমার কি প্রয়োজন ? ১৩

নববৃন্দা। সখি। এগুলি তোমার সূর্য্য পূজার কাজে লাগবে। ১৪

শ্রীরাধা ! সূর্য্যদেব আমায় বলেছেন, বাছা ! সাগর প্রান্তে দ্বারকা পুরীর ভেতর নির্ম্মিত যে নববৃন্দাবন তাতে প্রবেশ করে তুমি নিজ প্রাণনাথের সঙ্গে বিহার কর। ১৫

নববৃন্দা। চারুলোচনে ! শ্রেষ্ঠ শ্রেষ্ঠ দেবতাদের কথা সত্য ব্যতীত কখন মিথ্যা হয় না। ১৬

শ্রীরাধা। (সংস্কৃত ভাষায়) সখি ! শ্রীকৃষ্ণ মথুরাপুরে বিরাজ করছেন আর আমি দ্বারকাপুরে অবরুদ্ধ হয়ে বাস করতে থাকলাম। এই জন্য সেই প্রিয়তমের সহিত মিলন আমার পক্ষে অসম্ভব বলে মনে হচ্ছে। ১৭

নববৃন্দা— অলং বিলাপৈঃ সময়ক্রমস্য, দুরূহরূপা গতয়ো ভবন্তি।
শরন্মুখে পশ্য সরস্তটীষু, খেলন্ত্যকস্মাৎ খলু খঞ্জরীটাঃ। ১৮।

শ্রীরাধা—অহিহাণে খঞ্জরীড়ো বিঅ অসাহীণে কখু পদেসে মহাপুরিসো ন রমেদি। ১৯।

নববৃন্দা—(বিহস্য) বিভ্রমাকুলে! ব্রজেন্দ্রস্যাত্র কথমস্বাধীনতাবধারিতা? ২০।

শ্রীরাধা—(সের্ষ্যম্) —অয়ি রাইন্দস্স কীলাবণমক্কড়ি! চিট্ঠ চিট্ঠ। ২১।

নববৃন্দা—(বিহস্য)—সরলে! ব্রজেন্দ্রমেব রাজেন্দ্রং বিদ্ধি। ২২।

শ্রীরাধা—(সৌৎসুক্যম্)—অবি সচ্চং এদং? ২৩।

নববৃন্দা—(স্বগতং) হন্ত! কথং যদৃচ্ছয়া বিস্মৃতশপথাস্মি সংবৃত্তা? (প্রকাশং) ন কেবলং রাজেন্দ্রমেব, রামচন্দ্রমুপেন্দ্রঞ্চ ব্রজেন্দ্রং বদন্তি। ২৪।

বকুলা—হলা! অদো ভণামি, ণিব্বন্ধং মুক্কিঅ ণন্দেহি রাইন্দম্। ২৫।

নববৃন্দেতি। দুরূহরূপা দুর্বিতর্ক্যাঃ। দুরূহত্বং দর্শয়তি শরন্মুখ ইত্যাদি। প্ররোচনা নাম সন্ধ্যঙ্গমিদম্—তথাচ—সিদ্ধি তদ্ভাবিনোহর্থস্য সূচনা স্যাৎ প্ররোচনা। অত্র খঞ্জরীটস্য দৃষ্টান্তেন ভাবিকৃষ্ণসঙ্গমসূচনা। ১৮

শ্রীরাধেতি॥ অপ্রণিধানে খঞ্জরীট ইব অস্বাধীনে খলু প্রদেশে মহাপুরুষো ন রমতি। ১৯

নববৃন্দেতি। বিভ্রমাকুলে ভ্রান্তে। ২০

শ্রীরাধেতি। অয়ি রাজেন্দ্রস্য ক্রীড়াবনমর্কটি! তিষ্ঠ তিষ্ঠ। ২১

শ্রীরাধেতি। অপি সত্যমেতৎ। ২২

নববৃন্দেতি। যদৃচ্ছয়া হেতুশূন্যেচ্ছয়া। ২৩

বকুলেতি। সখি! অতো ভণামি নির্ব্বন্ধং মুক্ত্বা নন্দয় রাজেন্দ্রম্। ২৪

শ্রীরাধেতি। উত্তংসঃ মুকুটঃ। ততস্তস্মাৎ হরে রূপাদন্যরূপং মে চেতো নাঙ্গীকরোতীত্যঘয়ঃ। ব্যবসায় নাম সন্ধ্যঙ্গস্য দ্বিতীয়প্রকারমিদম্। কশ্চিত্ ব্যবসায়স্তু বিজ্ঞেয়ঃ প্রতিজ্ঞাহেতুসম্ভবঃ। অত্র স্ফুটমেব প্রতিজ্ঞা। ২৫

নববৃন্দা। বিলাপ করো না, সময়ের গতি কোন দিকে যাবে তা কি বলা যায়? শরৎ কাল আসা সঙ্গে সঙ্গেই সরোবরের তীরে হঠাৎ খঞ্জন পাখীরা এসে খেলা করে। ১৮

শ্রীরাধা। অপ্রণিধানে খঞ্জরীটা যেমন ক্রীড়া করে না তেমনি অস্বাধীন প্রদেশে মহাপুরুষেরা রমণ করেন না। ১৯

নববৃন্দা। (একটু হেসে) অয়ি ভ্রান্তে! এ স্থানে ব্রজেন্দ্রের অস্বাধীনতা কিরূপ স্থির করলে? ২০

শ্রীরাধা। ওগো রাজেন্দ্রের ক্রীড়াবনের বানরী, তুমি চুপ করে থাক। ২১

নববৃন্দা। অয়ি সরলে ব্রজেন্দ্রকেই রাজেন্দ্র বলে জেনো। ২২

শ্রীরাধা (ঔৎসুক্যের সঙ্গে) একি সত্য? ২৩

নববৃন্দা (মনে মনে) হায় হায় হঠাৎ কি করে প্রতিজ্ঞা ভুলে গেলাম? (প্রকাশ্যে) ইনি যে কেবল রাজেন্দ্র তা নয় সেই ব্রজেন্দ্রকে রামচন্দ্র ও উপেন্দ্রও বলা হয়। ২৪

বকুলা। সখি! এই জন্যই বলি অন্য নির্ব্বন্ধ ত্যাগ করে রাজেন্দ্রকেই আনন্দিত কর। ২৫

শ্রীরাধা—(সংস্কৃতেন)

যস্যোত্তংসঃ স্ফুরতি চিকুরে কেকিপুচ্ছপ্রণীতো
হরিঃ কণ্ঠে বিলুঠতি কৃতঃ স্থূলগুঞ্জাবলিভিঃ ।
বেণুর্বক্ত্রে রচয়তি রুচিং হন্ত চেতস্ততো মে
রূপং বিশ্বোত্তরমপি হরের্নান্যদঙ্গীকরোতি । ২৬ ।

বকুলা—সহি ! উজ্জু অবুদ্ধিআসি, জং কঢোরে বি তস্সিং সুট্ঠু রজ্জসি । ২৭ ।

শ্রীরাধা—সসম্ভ্রমং (সংস্কৃতেন) মুগ্ধে মৈবং ব্রবীঃ ।

ঔদাসীন্য-ধুরাপরীতহৃদয়ঃ কাঠিন্যমালম্বতাং
কামং শ্যামলসুন্দরো ময়ি সখি স্বৈরী সহস্রং সমাঃ ॥
কিন্তু ভ্রান্তিভরাদপি ক্ষণমিদং তত্র প্রিয়েভ্যঃ প্রিয়ে
চেতো জন্মনি জন্মনি প্রণয়িতাদাস্যং ন মে হাস্যতি । ২৮ ।

নববৃন্দা—বকুলে ! সুব্রতেয়ম্, তদ্‌বিরম্যতাম্ । ২৯ ।

বকুলেতি । সখি ! ঋজুকবুদ্ধিকাসি, যৎ কঠোরেঽপি তস্মিন্ সুষ্ঠু রজ্যসি । ২৬

শ্রীরাধেতি । সমাঃ বৎসরান্ ব্যাপ্নোতি কালে দ্বিতীয়া । প্রিয়েভ্যঃ দেহপ্রাণজীবেভ্যঃ । প্রণয়িতা প্রণয়িতরা । ২৭

নববৃন্দেতি । সুব্রতেয়ং সুষ্ঠু পাতিব্রত্যধর্ম্মা । ২৮

শ্রীরাধেতি । সেবিতচরী পূর্ব্বসেবিতা । অটিতপূর্ব্বা গমনপূর্ব্বাঃ । গোকুলপতিং বিনা এতে ক্রূরা মে ব্যথাং বিদধতীত্যনেনাঘয়ঃ । ২৯

শ্রীরাধা । (সংস্কৃত ভাষায়) যাঁহার কেশ কলাপে শিখিপুচ্ছের মুকুট শোভা পাচ্ছে, স্থূল গুঞ্জাবলীর হার যাঁর কণ্ঠে দুলছে, যাঁহার বদনে বেণু বিরাজ করছে সেই শ্রীকৃষ্ণের সেই প্রকার রূপ ভিন্ন অন্য কোন রূপ যত অলৌকিক হলেও আমার মন তা অঙ্গীকার করতে চায় না । ২৬

বকুলা । সখী ! তুমি অতি সরলমতি, তাই তুমি সেই কঠোরের প্রতি আবার অনুরক্ত হয়েছ । ২৭

শ্রীরাধা । (সংস্কৃত ভাষায়) মুগ্ধে ! এরূপ কথা আর বলো না । স্বেচ্ছাতন্ত্র সেই শ্যামল সুন্দর যৎপরো নাস্তি ঔদাসীন্য দেখিয়ে যদি ইচ্ছাপূর্ব্বক সহস্র বৎসর যাবৎ আমার প্রতি কঠোর আচরণ করেন তথাপি আমি ভুলেও তাঁর প্রণয় দাস্য ক্ষণকালের জন্যও ত্যাগ করবো না । কারণ, সেই শ্রীকৃষ্ণ আমার অতি প্রিয় দেহ প্রাণ ও জীবন থেকেও প্রিয়তম । ২৮

নববৃন্দা । বকুলে ! ইনি বড়ই পতিব্রতা অতএব ক্ষান্ত হও । ২৯

শ্রীরাধা—(সংস্কৃতেন)—

লতাশ্রেণী সেয়ং সহচরি চিরং সেবিতচরী
পুরস্তেঽমী ভূয়ো ধৃতপরিচয়াঃ কুঞ্জনিচয়াঃ।
অমূস্তা যামুন্যো মুহুরটিতপূর্ব্বাস্তটভুবো
ব্যথামেব ক্রূরাং বিদধতি বিনা গোকুলপতিম্। ৩০।

নববৃন্দা—বকুলে! বিলোক্যতামস্যা বলীয়ঃ সন্তাপমণ্ডলম্; তদত্র কালিন্দীকুলাবলম্বিনি কদম্বমূলে নলিনী সংবর্ত্তিকাভিঃ কল্পয় তল্পম্। ৩১।

বকুলা—　　জধা ভণাদি পিঅসহি। (ইতিনিষ্ক্রান্তা)। ৩২।

শ্রীরাধা—(সংস্কৃতেন)—

সোঢ়া গোষ্ঠভুবাং বিয়োগজনিতাঃ প্রাণচ্ছিদো বেদনাঃ
প্রেষ্ঠানাং নিজজীবিতাদপি ময়া তাসাং সখীনামপি।
সেয়ং হন্ত ন পদ্মবান্ধববচো বিশ্রম্ভগম্ভীরিতাং
কং বা সম্প্রতি মামসীষহদিহ ক্লেশং দুরাশাবলী। ৩৩।

শ্রীরাধেতি। সেবিতচরী পূর্ব্বসেবিতা। অটিতপূর্ব্বা গমনপূর্ব্বাঃ। গোকুলপতিং বিনা এতে ক্রূরা মে ব্যথাং বিদধতীত্যনেনান্বয়ঃ। ৩০।

নববৃন্দেতি। বলীয়ঃ বলবত্তরম্। সম্বর্ত্তিকাভিঃ নবদলৈঃ। ৩১।

বকুলেতি। যথা ভণতি প্রিয়সখী। ৩২।

শ্রীরাধেতি। গোষ্ঠভুবাং ব্রজবাসিনাম্। সূর্য্যস্য বচসি যো বিশ্রম্ভো বিশ্বাসস্তেন গম্ভীরিতাম্। অসীষহৎ সহয়ামাস। ৩৩।

শ্রীরাধা। (সংস্কৃত ভষায়) সহচরি! দীর্ঘকাল ধরে পূর্ব্বে যাহাদের সেবা করেছি, সেই লতাশ্রেণী, সামনের দিকে পূর্ব্বপরিচিত সেই এই কুঞ্জ সমূহ রয়েছে, এই সেই যমুনার তটস্থিত ভূমি, যেখানে পূর্ব্বে পুনঃ পুনঃ ভ্রমণ করেছিলাম। কিন্তু হায়! গোকুলপতি ব্যতীত এই সকল আমাকে অতিশয় বেদনা প্রদান করছে। ৩০

নববৃন্দা। বকুলে! দেখ এঁর কিরূপ বিরহতাপ উপস্থিত হয়েছে। এঁকে শীতল করতে কালিন্দীকুলস্থিত কদম্ববৃক্ষের মূলে নব-নলিনীদলে শয্যা রচনা কর। ৩১

বকুলা। প্রিয় সখি! যা বল্লে তাই করবো। এই বলে প্রস্থান। ৩২

শ্রীরাধা। (সংস্কৃত ভাষায়) ব্রজবাসীগণের এবং নিজের প্রাণ হতেও প্রিয়তম সেই সকল সখীগণের প্রাণোচ্ছেদকারী বিয়োগ ব্যথা সহ্য করলাম। হায় সূর্য্য-বাক্যের প্রতি বিশ্বাস করতে অতিশয় আগ্রহ করাতে এখন আমাকে এইসব দুরাশা কতই না ক্লেশ সহ্য করাইতেছে। ৩৩

নববৃন্দা—ক্ব তে প্রিয়সখী বিশাখা ? ৩৪

শ্রীরাধা—সাক্খু কুসলিণী পিদরং আপুচ্ছিঅ পুহবীতলে আঅদখি। কেঅলং ললিদা জ্জেব মং দুক্খাবেদি। (ইতি রোদিতি)। ৩৫।

নববৃন্দা—ললিতায়াঃ সা দশা কুতস্ত্বয়া শ্রুতা। ৩৬ ॥

শ্রীরাধা—সগ্গারোহণসমএ খেঅরেহিন্তো। ৩৭।

নববৃন্দা—রাধে ত্বয়াদ্য নিশীথে ললিতামাভাষ্য কিমপি স্বপ্নায়িতম্। ৩৮।

শ্রীরাধা—কীদিসং তং। ৩৯।

নববৃন্দা—

শ্বাফল্কেঃ সফলী বভুর ললিতে হৃল্লালসাবল্লরী
হা ধিক্ পশ্য মুরান্তকোঽয়মুররীচক্রে রথারোহণম্।
ইত্থং তে করুণস্বরস্তবকিতং স্বপ্নায়িতং শৃণ্বন্তী
মন্যে তদ্বি পতত্তুষারকপাটচ্চক্রন্দ যামিন্যপি ॥ ৪০।

শ্রীরাধেতি। সা খলু কুশলিনী পিতরম্ আপৃচ্ছ্য পৃথিবীতলে আগতাস্তি, সূর্য্যলোকাদিতি শেষঃ। কেবলং ললিতয়ৈর মাং দুঃখাপয়তি। ৩৫।

নববৃন্দেতি। সা দশা ভৃগুপাতদশা। ৩৬।

শ্রীরাধেতি। স্বর্গারোহণসময়ে খেচরেভ্যঃ ॥ ৩৭।

শ্রীরাধেতি। কীদৃশং তম্। ৩৯।

নববৃন্দেতি। স্বপ্ননাম সন্ধ্যঙ্গমিদম্ - স্বপ্নো নিদ্রান্তরে, কিঞ্চিজ্জল্পিতং পরিচক্ষতে। অত্র রাধায়াঃ স্বপ্নায়িতম্। ৪০।

নববৃন্দা। তোমার প্রিয়সখী বিশাখা কোথায় ? ৩৪

শ্রীরাধা। এখন সেই মঙ্গলময়ী বিশাখা পিতাকে জিজ্ঞাসা করে পৃথিবীতে আগমন করেছে, কেবল ললিতাই আমাকে দুঃখ দিল। এই বলে রোদন করতে লাগলেন। ৩৫

নববৃন্দা। ললিতার সে দশার কথা তুমি কোথায় শুনলে ? ৩৬

শ্রীরাধা। স্বর্গারোহণ সময়ে খেচরগণের নিকট হতে। ৩৭

নববৃন্দা। তুমি কি আজ নিশীথ সময়ে স্বপ্নে ললিতাকে সম্বোধন করে কিছু বলেছিলে ? ৩৮

শ্রীরাধা। সে কিরূপ। ৩৯

নববৃন্দা। "শফল্কতনয় অক্রূরের হৃদয়স্থিত আশালতা ফলবতী হল, হাধিক্! দেখ ঐ মুরান্তক মুরারি রথে আরোহন করলেন" হে সুন্দরি। স্বপ্নাবস্থায় উচ্চারিত তোমার এই করুণ বিলাপ শুনে বোধ হল—যামিনীও তুষারপতন ছলে ক্রন্দন করছে। ৪০

শ্রীরাধা--(সব্যথং সংস্কৃতেন)—

চিরাদদ্য স্বপ্নে মম বিবিধযত্নাদুপগতে
প্রপেদে গোবিন্দঃ সখি নয়নয়োরঙ্গনভুবম্।
গৃহীত্বা হা হন্ত ত্বরিতমথ তস্মিন্নপি রথং
কথং প্রত্যাসন্নঃ স খলু পরুষো রাজপুরুষঃ। ৪১।

(প্রবিশ্য) **বকুলা**—হলা ! নিম্মিদসেজ্জম্হি, তা উত্থেহি। ইতিস্রঃ পরিক্রামন্তি। ৪২।

নববৃন্দা—সসম্ভ্রমম্

ইতস্ত্বং মা যাসীঃ কথমপি নিবর্ত্তস্ব রভসা-
দশোকাখ্যঃ শাখী প্রিয়সখি পুরস্তে নিবসতি।
পদালম্ভাদম্ভোরুহমুখি তবাস্মিন্ কুসুমিতে।
হতাশানাং ভাবী কুলিশবদলীনাং কলকলঃ। ৪৩।

শ্রীরাধেতি। চিরাদিতি। তস্মিন্ সময়ে স অক্রূর। ৪১।

বকুলেতি। সখি, নির্ম্মিতশয্যাস্মি, তৎ উত্তিষ্ঠ। ৪২।

নববৃন্দেতি। রভসাৎ হঠাৎ। তস্মিন্ অশোকশখিনি॥ ৪৩।

শ্রীরাধা। (ব্যথার সঙ্গে সংস্কৃত ভাষায়) সখি! বহুকালের পর বিবিধ যত্নে আজ স্বপ্নে গোবিন্দ আমার নয়ন-দ্বয়ের অঙ্গনভূমিতে উপস্থিত হয়েছিলেন। কিন্তু হায় সেই স্বপ্ন কালেতেও কেন সেই নিষ্ঠুর রাজপুরুষ শীঘ্র রথ নিয়ে এসে উপস্থিত হলেন? ৪১

বকুলার প্রবেশ

বকুলা। সখি শয্যা রচনা করেছি। অতএব উঠ। এই বলে তিনজনের ভ্রমণ। ৪২

নববৃন্দা। (সসম্ভ্রমে) প্রিয়সখি! কোনক্রমে এদিকে যেওনা। ফিরে এসো। তোমার সম্মুখে অশোকতরু বর্ত্তমান। হে পদ্মমুখি! যদি তোমার পাদস্পর্শে এই তরু হঠাৎ কুসুমিত হয় তবে হতাশ ভ্রমরগণের কলকলধ্বনি তোমার নিকট বজ্রসদৃশ হয়ে উঠবে। ৪৩

শ্রীরাধা। (ফিরে এসে লজ্জা সহকারে সংস্কৃত ভাষায়) সখি। আমার এই বন্ধন কষ্টদায়ক হলেও আশার সঞ্চার করছে। সেইজন্য বাধা দিচ্ছে, তা না হলে কংসারি শ্রীকৃষ্ণের দর্শন মঙ্গল হতে বঞ্চিত হয়ে এই অধন্য হতভাগ্যময় জীবনের উপর প্রীতি রেখে বেঁচে থাকতে পারতাম না। নিশ্চয় সুখেই প্রাণ ত্যাগ করতে পারতাম। ৪৪

শ্রীরাধা (নিবৃত্য সলজ্জং সংস্কৃতেন)—

কংসারেরবলোকমঙ্গলবিনাভাবাদধন্যেঽধুনা
বিভ্রাণা হতজীবিতে প্রণয়িতাং নাহং সখি প্রাণিমি।
ক্রূরৈয়ং ন বিরোধিনী যদি ভবেদাশাময়ী শৃঙ্খলা
প্রাণানাং ধ্রুবমর্ব্বুদান্যপি ততস্ত্যক্তুং সুখেনোৎসহে। ৪৪।

বকুলা—ইঅং পুরদো সেজ্জা। ৪৫।

শ্রীরাধা (শয্যামধিশয্য স্বগতম্)—এত্থ বুন্দাঅণে দুল্লহং মে পরাণধারণং, তা কংপি উবাঅং করিস্সং।(প্রকাশম্) ণঅবুন্দে! ণিচ্চকম্মং বিণা খিন্নম্হি। ৪৬।

নববৃন্দা—সখি! কিন্তে নিত্যকর্ম্ম। ৪৭।

শ্রীরাধা (সংস্কৃতেন)—

খেলন্মঞ্জুল-বেণুমণ্ডিতমুখী সাচি-ভ্রমল্লোচনা
মুগ্ধে মূর্দ্ধি শিখণ্ডিনী ধৃতবপুর্ভঙ্গীত্রয়াঙ্গীকৃতিঃ।
কৈশোরে কৃতসঙ্গতিঃ সুরমুনেরারাধ্যতে শাসনা-
দস্মাভিঃ পিতুরালয়ে জলধর-শ্যামদ্যুতির্দেবতা। ৪৮।

শ্রীরাধেতি॥ কংসারেরিতি। জীবিতে প্রণয়িতাং প্রীতিং দধানা নাধুনাহং প্রাণিমি, যদি আশাময়ী শৃঙ্খলা বিরোধিনী ন ভবেদিত্যন্বেয়ম্। সুখে নোৎসহে সমর্থাস্মি। ৪৪।

বকুলেতি। ইয়ং পুরতঃ শয্যা। ৪৫।

শ্রীরাধেতি। শয্যামধিশয্য শয্যায়াং শয়নং কৃত্বেত্যর্থঃ। অত্র বৃন্দাবনে দুর্লভং মে প্রাণধারণং, তৎ কমপি উপায়ং করিষ্যামি। নববৃন্দে! নিত্যকর্ম্ম বিনা খিন্নাস্মি। ৪৬।

শ্রীরাধেতি। সুরমুনেঃ নারদস্য। ৪৮।

বকুলা। এই যে সম্মুখে শয্যা। ৪৫

শ্রীরাধা। (শয্যায় শয়ন করে মনে মনে) এই বৃন্দাবনে আমার জীবন ধারণই যে দুঃসাধ্য, সুতরাং কি উপায় করব? (প্রকাশ্যে) নববৃন্দে! নিত্য কর্ম্ম করতে না পারাতে দুঃখ লাগছে। ৪৬

নববৃন্দা। তোমার সে নিত্যকর্ম্ম কি? ৪৭

শ্রীরাধা। (সংস্কৃত ভাষায়) মুগ্ধে! তবে বলি শোন। বেণুক্রীড়ায় যাঁহার বদন সুশোভিত, যাঁহার চটুল নয়ন অপাঙ্গ ভঙ্গীতে বক্র, যাঁহার মস্তকে ময়ূরপুচ্ছের চূড়া, যাঁহার শরীর ত্রিভঙ্গ এবং যিনি কৈশোর বয়সে অবস্থিত, সেই জলধর শ্যামকান্তি দেবতাকে আমরা দেবর্ষি নারদের উপদেশে পিত্রালয়ে আরাধনা করতাম। ৪৮

নববৃন্দা (স্বগতম্)--বিজ্ঞাতমস্যাঃ কৃষ্ণাকৃতিবীক্ষণায় পাটষম্, তদস্য বৃন্দাবনালঙ্কারায় মহেন্দ্রশিল্পিনা কল্পিতাং মহেন্দ্রনীলময়ীং মুকুন্দমূর্ত্তিমস্যাঃ সমক্ষয়ামি। (প্রকাশম্) সখি! ত্বদিষ্টদেবমাবি র্ভাবয়িতুমসৌ প্রযামি। (ইতি নিষ্ক্রান্তা)। ৪৯।

শ্রীরাধা (পুরো দৃষ্ট্বা সংস্কৃতেন)—

রাসাত্তিরোহিততনুর্নিশি যস্য পুষ্পৈ,-শ্চূড়াং চকার চিকুরে মম পিঞ্ছচূড়ঃ।
কূলে কলিন্দদুহিতুধৃতকন্দলোঽয়ং ; দন্দহীতি স মুহুনবকর্ণিকারঃ। ৫০।

(প্রবিশ্য) নববৃন্দা—সখি! তূর্ণমাগত্য পশ্য দৈবতম্। ৫১।

শ্রীরাধা—ণঅবুন্দে! আহরোহি কংপি সেবোবহারম্। ৫২।

নববৃন্দা—বকুলে! বাসন্তীগৃহাদানয় দেব্যা দত্তং দিব্যমাল্যাম্বরম্। ৫৩।

(বকুলা নিষ্ক্রান্তা।)। ৫৪।

নববৃন্দেতি। মহেন্দ্রশিল্পিনা বিশ্বকর্ম্মণা। সমক্ষয়ামি সাক্ষাৎ করোমি। ৪৯।

শ্রীরাধেতি। রাসাদিতি। ধৃতকন্দলোঽয়ং ধৃতাঙ্কুরোঽয়ম্। নবকর্ণিকারঃ পুষ্পবৃক্ষবিশেষঃ। ৫০।

শ্রীরাধেতি। নববৃন্দে! আহর কমপি সেবোপহারম্। ৫২।

নববৃন্দা (মনে মনে) এঁর কৃষ্ণের আকৃতি দেখবার জন্য ব্যগ্রতা বুঝতে পারলাম। সেই জন্য আজ বৃন্দাবন শোভিত করবার জন্য মহেন্দ্র শিল্পী বিশ্বকর্ম্মা যে ইন্দ্রনীলমণিময়ী শ্রীকৃষ্ণমূর্ত্তি নির্ম্মাণ করেছিলেন তাহাই এঁকে দেখাই। (প্রকাশ্যে) সখি! এখনিই তোমার ইষ্টদেবকে আনবার জন্য আমি যাচ্ছি। (এই বলে প্রস্থান) ৪৯

শ্রীরাধা। (সম্মুখের দিকে তাকিয়ে সংস্কৃত ভাষায়) পিঞ্ছচূড় শ্রীকৃষ্ণ রাত্রিকালে রাস হতে অন্তর্হিত হয়ে যে পুষ্পে আমার কেশে চূড়া রচনা করেছিলেন সেই নবকর্ণিকার পুষ্প যমুনাকুলে অঙ্কুরিত হয়ে বারম্বার আমাকে দগ্ধ করতে লাগল। ৫০

নববৃন্দার প্রবেশ

নববৃন্দা। সখি! শীঘ্র এসে দেবদর্শন কর। ৫১

শ্রীরাধা। নববৃন্দে! দেব সেবার জন্য কিছু উপযুক্ত উপহার নিয়ে এস। ৫২

নববৃন্দা। বকুলে দেবী যা দিয়েছিলেন সেই দিব্য মাল্য ও বস্ত্র বাসন্তীগৃহ থেকে নিয়ে এসো। ৫৩

বকুলা চলে গেল। ৫৪

নববৃন্দা (সস্মিতম্)—সখি রাধে !

যৈঃ পুষ্পাবলিগন্ধধূপবলিভির্দ্দামোদরঃ সেব্যতে
কুর্ব্বদ্ভিঃ স্তুতিপূর্ব্বমুত্তমনতীস্তে তাবদন্যে জনাঃ।
সেবা কোকিলকণ্ঠি গোকুলভুবাং যুষ্মাদৃশীনাং হরৌ
বক্রালোক-কলা-করম্বিত-পরীরম্ভাদি-লীলাময়ী ॥

(ইতি পরিক্রম্য) পশ্য, সোঽয়মুপকণ্ঠে সমুৎকণ্ঠিতস্তিষ্ঠতে তুভ্যমভীষ্টদেবঃ। ৫৫।

শ্রীরাধা (বিদূরাদেব বিলোক্য সোৎকণ্ঠং সংস্কৃতেন)—

অজনি সফলঃ সোঽয়ং ভূয়ান্ কলেবরধারণে
সহচরি পরিক্লেশো যোঽভূন্ময়া কিল সেবিতঃ।
অহহ যদিমাঃ শ্যামশ্যামাঃ পুরো মম বল্লবী-
কুল-কুমুদিনীবন্ধোস্তাস্তাঃ স্ফুরন্তি মরীচয়ঃ। ৫৬।

(ইতি পরিক্রম্য পিণ্ডিকামাসাদয়ন্তী সগদ্গদম্)

নববৃন্দেতি। যৈঃ পুষ্পাদিভির্দামোদরঃ সেব্যতে তেঽন্যে যুষ্মদ্ভিন্না ভবন্তি।
যুষ্মাদৃশীণাং গোকুলভুবাং হরৌ সেবা বক্রালোকাদিজনিতা ভবতীত্যর্থঃ।
তুভ্যমিতি ত্বাং প্রসাদয়িতুমিত্যর্থঃ। ৫৫।

শ্রীরাধেতি। অজনীতি। শ্যাম-শ্যামা শ্যামতোঽপি শ্যামাঃ। ৫৬।

নববৃন্দা। (মৃদু হেসে) সখি রাধে! যাঁরা পুষ্পাবলি, গন্ধ ধূপ দিয়ে দামোদর সেবা করেন এবং স্তবস্তুতি করে প্রণাম করেন তাঁরা আলাদা মানুষ। কিন্তু হে কোকিলকণ্ঠি! তোমাদের মত গোকুলসুন্দরীগণের পক্ষে শ্রীকৃষ্ণের প্রতি বক্রদৃষ্টির কলা কৌশলে এবং আলিঙ্গনাদি লীলায় সেবাসম্পাদনই প্রশস্ত। (এই বলে ভ্রমণ করতে করতে) এই দেখ, তোমার অভীষ্টদেব তোমাকে প্রসন্ন করবার জন্য সমুৎকণ্ঠিত হয়ে তোমার নিকট অবস্থান করছেন। ৫৫

শ্রীরাধা। (দূর থেকে দেখতে পেয়ে উৎকণ্ঠার সঙ্গে সংস্কৃত ভাষায়) হায় যদি বল্লবীকুলরূপ কুমুদিনীগণের বন্ধু সেই শ্রীকৃষ্ণচন্দ্রের অতিশয় শ্যামবর্ণ কান্তিনিচয় আমার সম্মুখে স্ফুরিত হয়, হে সহচরি। তবেই বুঝবো যে, শরীর ধারণের জন্য পূর্ব্বে যে গুরুতর ক্লেশ অনুভব করেছিলাম এখন সেই ক্লেশ আমার সফল হলো। ৫৬

দগ্ধং হন্ত দধানয়া বপুরিদং যস্যাবলোকাশয়া
সোঢ়া মর্ম্মবিপাটনে পটুরিয়ং পীড়াতিবৃষ্টির্ময়া।
কালিন্দীয়তটী-কুটীরকুহর ক্রীড়াভিসারব্রতী
সোহয়ং জীবিতবন্ধুরিন্দুবদনে ভূয়ঃ সমাসাদিতঃ ॥ ৫৭ ॥

(ইতি প্রেমাবেশেন সাক্ষাদিব কৃষ্ণং সম্ভাষয়ন্তী)

প্রেম্না ব্যক্তীকৃতমিহ তথা কোমলত্বং ত্বয়াগ্রে
যেন জ্ঞাতো নিখিলবিধিভির্ম্মামকীনস্ত্বমাসীঃ।
কাঠিন্যং তে বিদিতমধুনা তাদৃশং হন্ত যস্মাৎ
সম্ভাব্যোঽভূদয়মপি ন মে তারকত্বাভিমানঃ ॥ ৫৮ ॥

নববৃন্দা (স্বগতম্)—হন্ত ! কাপ্যনুরাগসাগরস্য সেয়মুত্তরঙ্গতা ॥ ৫৯ ॥

শ্রীরাধা (জনান্তিকং সংস্কৃতেন)—

ন ব্রূতে পরিহাসপেশলকলাসন্দর্ভগর্ভাং গিরং
দোঃস্তম্ভদ্বয়সংভ্রমান্ন চ পরীরম্ভায় সংবধ্যতে।
লীলাভঙ্গুরচিল্লিরেষ ললিতোল্লাসি-স্মিতস্ফোদিমা
ধূর্ত্তানাং সখি শেখরঃ কুটিলয়া দৃষ্ট্যা পরং লোঢ়ি মাম্ ॥ ৬০ ।

(পিণ্ডিকাং বেদিকাম্) দগ্ধমিতি। মর্ম্মণো দ্বিধাকরণে। ৫৭।

প্রেম্নেতি। যেন কোমলত্বেন ময়া জ্ঞাতঃ। নিখিলবিধিভিঃ সমগ্রচেষ্টিতৈঃ, যস্মাৎ কাঠিন্যাৎ। ৫৮।

নববৃন্দেতি। হন্তেতি। পুনঃ পুনরাবৃত্তিঃ। ৫৯।

শ্রীরাধেতি। ন ব্রূতে ইতি দোস্তম্ভয় সম্ভ্রমানিত দ্বিতীয়া সম্বধ্যতে ইত্যস্য কর্ম্ম। ললিতোল্লাসি স্মিতখোদিনা স্মিতলেশো যস্য সঃ। পরং লেঢ়ি সাদরমবলোকতে। ৬০।

(এই বলে ভ্রমণ করতে করতে বেদীর নিকট গমন করে গদ্‌গদকণ্ঠে) হায় ! যাঁর দর্শনের আশায় এই দগ্ধ দেহ ধারণ করে মর্ম্মবিদারণপটু পীড়ারূপা অতিবৃষ্টি সহ্য করেছি, হে চন্দ্রমুখি ! যমুনাতটবর্ত্তী কুঞ্জকুটীর মধ্যে ক্রীড়াভিসারশীল সেই প্রাণবন্ধুকে সত্য সত্যই পুনরায় প্রাপ্ত হলাম। ৫৭

(এই বলে প্রেমাবেশে সাক্ষাৎ শ্রীকৃষ্ণকে সম্ভাষণ করে বলিলেন) তুমি আগে প্রেমবশে এমন কোমলতা প্রকাশ করেছিলে। সেইসব চেষ্টা দ্বারা আমি বুঝেছিলাম, 'তুমি আমার'। কিন্তু হায় এখন তোমার যেরূপ কাঠিন্য জানা গেল তাতে আর আমি যে তোমার এই অভিমানও আর সম্ভব বলে মনে হচ্চে না। ৫৮

নববৃন্দা। (মনে মনে) হায় ! অনুরাগের সাগরে এই তরঙ্গ কত উচ্চ ! ৫৯

শ্রীরাধা। (আড়ালে সংস্কৃত ভাষায়) সখি ! এই ধূর্ত্ত শিরোমণি স্নিগ্ধ পরিহাস কলাগর্ভ মধুর বাক্যও আর বলছে না, এবং আলিঙ্গণের জন্য ব্যগ্র হয়ে বাহুদ্বয়ও আর বিস্তার করছে না। কেবল লীলা ভঙ্গিমায় মনোহর ও উল্লাসজনক মৃদু হাস্যের লেশের সঙ্গে কুটিল দৃষ্টিতে আমার দিকে সাদরে চেয়ে আছে। ৬০

নববৃন্দা—হলা ! নাগর-ধূর্ত্ত-ধুরীণানাং নিগূঢ়েয়ং নর্ম্মচাতুরী ; তদেনং তঞ্চ দৃগঞ্চলেন সন্তর্জ্জয়ন্তী বক্রোক্তিভিরুপালভেথাঃ ॥ ৬১

শ্রীরাধা (সাচি সমীক্ষ্য সংস্কৃতেন) —

চিরাসঙ্গান্মন্যে কুলিসসুহৃদঃ কৌস্তুভমণে
রিতঃ সংক্রান্তস্তে ম্রদিমপরিপন্থী হৃদিগুণঃ।
ত্বমেতাভিঃ কষ্টাবলিভিরবলীঢেঽপি কুরুষে
জনেঽস্মিন্নীশানঃ কথমিতরথা বঞ্চনমিদম্ ॥

(ইত্যপবার্য্য) হলা ! পেখক, অজুত্তং অজুত্তং, জং ণীলুপ্পল-কোমলোবি। বনমালী কক্কসং বংসিঅং চেচঅ চুম্বদি ; তা ইদো ণং আঅড্‌ঢিত গেণহিসসং ॥ ৬২ ॥

নববৃন্দা (স্বগতম্)—শ্রেয়সী ন খলু বংশিকাকৃষ্টিঃ, তদেনামপদেশাদুপদিশামি। (প্রকাশং সনর্ম্ম স্মিত্বা) ত্বমেতস্মিন্নীলোপলময়তয়া বক্তুমুচিতে, মুধা মুগ্ধে নীলোৎপলমৃদুলতামর্পয়সি কিম্ ?
মদুক্তৌ বিস্রম্ভং যদি ভজসি নাম্ভোজবদনে ততো বক্ষঃপীঠে ঘটয় সখি বিস্তারিণি কুচম্ ॥ ৬৩ ॥

শ্রীরাধেতি। অহং মন্যে কৌস্তুভমণেশ্চিরাসঙ্গাত্তে হৃদি ম্রদিমপরিপন্থী মার্দববিরোধী গুণঃ সংক্রান্তঃ সঞ্চারিতঃ ইতরথা ত্বমিদং বঞ্চনং কথমস্মিন্ জনে কুরুষ ইত্যন্বয়ঃ।

সখি! পশ্য অযুক্তং অযুক্তং, যং নীলোৎপলকোমলোঽপি বনমালী কর্কশাং বংশিকামেব চুম্বতি, তদিতঃ কৃষ্ণাৎ এনাম্ আকৃষ্য গ্রহীষ্যামি। ৬২।

নববৃন্দেতি। ত্বমিতি। তস্মিন্ বনমালিনি। ৬৩।

নববৃন্দা। সখি ! ধূর্ত্ত নাগর শিরোমণিগণের এইটাই নিগূঢ়া পরিহাসচাতুরী, সুতরাং তুমি একে-কুটিল কটাক্ষ দ্বারা সম্যক্‌রূপে তর্জন করে বক্রোক্তি দ্বারা তিরস্কার কর। ৬১

শ্রীরাধা। (বক্রভাবে তাকিয়ে) মনে হয়—বজ্রের সুহৃদ কৌস্তুভমণির সংসর্গে চিরকাল থেকে কোমলতার প্রতিকূল গুণ (কঠোরতা) তোমার হৃদয়ে সক্রান্ত হয়েছে। তা না হলে এরূপ কষ্টরাশির মধ্যে নিপতিত এই মানুষটীর কষ্টের লাঘব করতে সমর্থ হয়েও তাকে বঞ্চিত করতে না। (এই বলে কানে কানে) সখি ! অন্যায় দেখ, অন্যায় দেখ, কারণ, বনমালী নীলোৎপলের মত কোমল হয়েও এই কঠিন বংশিকাকে চুম্বন করছেন। সেইজন্য এই বংশিকাকে শ্রীকৃষ্ণের নিকট হতে আকর্ষণ করে লই। ৬২

নববৃন্দা। (মনে মনে) বংশিকা আকর্ষণ কিছুতেই মঙ্গলজনক হবে না। সুতরাং এঁকে ছলনা করে অন্যপ্রকার উপদেশ দিই। (প্রকাশ্যে পরিহাস করতে করতে মৃদু হেসে) মুগ্ধে ! যাঁকে নীলপ্রস্তরময় বলা উচিত তুমি তাঁকে নীল উৎপলের মত কোমল বলছ কেন ? হে সখি পদ্মাননে ! যদি আমার কথায় বিশ্বাস না হয় তবে এঁর সুবিস্তৃত বক্ষোদেশে নিজের বক্ষোজ ঘর্ষণ কর। ৬৩

শ্রীরাধা (বক্ষসি পাণিমর্পয়ন্তী সব্যথম্)—কধং এসা সচ্চং জেব্ব ! নীলমণি-পড়িমা (বিমৃশ্য) হদ্ধী হদ্ধী ! গাঢ়ুক্কণ্ঠাএ সব্বং বিস্সুমরিঅ পড়িমং চ্চেঅ পচ্চক্খং মাহবং মণ্ণেমি ॥ ৬৪ ॥

(প্রবিশ্য) বকুলা—গেণ্হ গেণ্হ ইমাইং মালম্বর-বিলেবণাইং ॥ ৬৫ ॥

(রাধা গৃহীত্বা প্রতিমামলঞ্চিকীর্ষতি ।) ॥ ৬৬ ॥

নববৃন্দা—

প্রণয়িণং সময়া সময়ে গতা, বহসি কান্তিধুরাং মধুরাং মুদা ।
ন কিল কোকিলসংঙ্গতিমন্তরা, স্ফুরতি সম্পদলং সখি ! মাধবী ॥ ৬৭ ॥

শ্রীরাধেতি । কথমেষা সত্যমেব নীলমণিপ্রতিমা । হা ধিক্ হা ধিক্ ! গাঢ়োৎকণ্ঠয়া সর্ব্বং বিস্মৃত্য প্রতিমামেব প্রত্যক্ষং মাধবং মন্যে । ৬৪ ।

বকুলেতি । গৃহাণ ইমানি মাল্যাম্বরবিলেপনানি ॥ ৬৫ ।

শ্রীরাধেতি । অলঙ্কর্ত্তুমিচ্ছতি । ৬৬ ।

নববৃন্দেতি । সময়ে নিকটে, প্রণয়িনং সময়া প্রণয়িনো নিকটে । কোকিলসঙ্গতিং বিনা যথা বাসন্তীসম্পৎ ন স্ফুরতি, তথা প্রনয়িনং বিনা তৎকান্তিধুরাং ন বহসীত্যর্থো ব্যঙ্গঃ । ৬৭ ।

শ্রীরাধা । (প্রতিমার বক্ষোদেশে হস্তার্পণ করে ব্যথা অনুভব করে) একি ! এ যে সত্যই নীলমণির প্রতিমা । (বিচার পূর্ব্বক) ধিক আমাকে, গাঢ় উৎকণ্ঠা বশতঃ সমস্ত বিস্মৃত হয়ে প্রতিমাকেই সাক্ষাৎ মাধব বলে মনে করেছি ॥ ৬৪ ॥

(বকুলার প্রবেশ)

বকুলা । এই মালা, বস্ত্র ও চন্দনাদি বিলেপন গ্রহণ কর ॥ ৬৫ ॥

শ্রীরাধা । (গ্রহণ করে প্রতিমাকে অলঙ্কৃত করতে ইচ্ছা করলেন) ॥ ৬৬ ॥

নববৃন্দা । সখি যথাসময়ে প্রণয়ী জনের নিকট গমন করে তুমি হর্ষভরে মধুর শোভার আতিশয্য ধারণ করেছ, কোকিলের সঙ্গ বিনা বসন্তের শ্রী সম্পূর্ণরূপে প্রকাশ পায় না ॥ ৬৭ ॥

(প্রবিশ্য) মাধবী—সচ্চাএ পউত্তিং বিণ্ণাদুং ভট্টিদারিআএ পেসিদম্হি, তা অগ্গদো পপ্ফুরন্তং ণঅবুন্দাঅণং পবেসিস্সং। (ইতি পরিক্রম্য) হন্ত! ণূণং বুন্দাঅণং পইট্ঠো ভট্টা, জং ইমাইং সঙ্খচক্কাদি লক্খিদাইং পআইং লক্খীঅন্তি; তা পথ্দং ণিব্বাহিঅ ভট্টিদারিঅং আণিস্সং ॥ ৬৮ ॥

(রাধা সাস্রকম্পং কৃষ্ণাকৃতিং মণ্ডয়তি।) ॥ ৬৯ ॥

মাধবী—এসা পড়িদা তস্স ণীলুপ্পলমালা দীসদি। (ইতি করেণ স্রজমাদায় সত্বরমুচ্চৈঃ) সহি বউলে! কুদোসি? ৭০

নববৃন্দা (সসম্ভ্রমম্)—সত্যে! সন্নিহিতাসৌ মাধবী, তদিতস্তূর্ণং প্রয়াণমুচিতম্ ॥ ৭১ ॥

শ্রীরাধা—ণ মে দংসণে তিণ্হা পূরিদা, তা পুণো ঝত্তি বাহুড়িস্সম্হ। (ইতি ত্রিস্রঃ পরিক্রমন্তি।) ॥ ৭২ ॥

মাধবীতি। সত্যায়াঃ প্রবৃত্তিং বিজ্ঞাতুং ভত্তৃদারিকয়া প্রেরিতাস্মি, তদগ্রতঃ প্রস্ফুরন্তং নববৃন্দাবনং প্রবেক্ষ্যামি। হন্ত! নূনং বৃন্দাবনং প্রবিষ্টো ভর্ত্তা, যৎ ইমানি শঙ্খচক্রাদিলক্ষিতানি পদানি লক্ষ্যন্তে, তৎ প্রস্তুতং নির্ব্বাহ্য ভত্তৃদারিকামানয়িষ্যামি। ৬৮।

মাধবীতি। এষা পতিতা তস্য নীলোৎপলমালা দৃশ্যতে। সখি বকুলে! কুতো গতাসি। ৭০।

শ্রীরাধেতি। ন মে দর্শনে তৃষ্ণা পূরিতা, পুনঃ ঝটিতি ব্যাবর্ত্তয়িষ্যামঃ। ৭২।

(মাধবীর প্রবেশ)

মাধবী। রাজকন্যা আমাকে সত্যভামার বৃত্তান্ত জানিবার জন্য প্রেরণ করেছেন, অতএব অগ্রে প্রস্ফুরিত এই নববৃন্দাবনে প্রবেশ করি। (এই বলে ভ্রমণ করে) হায়! নিশ্চয়ই ভর্ত্তা বৃন্দাবনে প্রবেশ করেছেন, যেহেতু এই যে শঙ্খ চক্রাদি অঙ্কিত পদচিহ্ন দেখা যাচ্ছে, অতএব উপস্থিত বিষয় সম্পন্ন করে ভর্ত্তৃদারিকাকে আনয়ন করব ॥ ৬৮ ॥

শ্রীরাধা। (অশ্রু ও কম্পের সহিত শ্রীকৃষ্ণমূর্ত্তিকে অলঙ্কৃত করতে লাগলেন) ॥ ৬৯ ॥

মাধবী। এই যে নীলোৎপল মালা পড়ে রয়েছে দেখছি। (হস্তদ্বারা মালা ধরে উচ্চৈস্বরে) সখি বকুলে! তুমি কোথায় ॥ ৭০ ॥

নববৃন্দা। (ব্যস্ত হয়ে) সত্যে, ঐ যে মাধবী নিকটে আসিল, অতএব এই স্থান হতে শীঘ্র গমন করা উচিত ॥ ৭১ ॥

শ্রীরাধা। আমার দর্শনের তৃষ্ণা পূর্ণ হয় নাই, অতএব শীঘ্রই এ স্থানে ফিরে আসতে হবে। (এই বলে তিন জনে যেতে লাগলেন ॥ ৭২ ॥

মাধবী (বিলোক্য)—কধং ইধ জেব্ব সচ্চা ? (ইত্যুপসৃত্য) সহি ! মাহবীপুপ্‌ফাইং আহরিদুং আঅদম্‌হি ॥ ৭৩ ॥

শ্রীরাধা (সৌরভ্যমাঘ্রায় স্বগতম্)—কুদো এদং আঅম্‌হিঅং সোরহং চিত্তং মে বিলোলেদি ?

(ইতি মাধবীকরে মাল্যং দৃষ্ট্বা অপবার্য্য সংস্কৃতেন)

ইতো মাল্যাদিন্দীবর-বিরচিতাদেষ বিজয়ী
বিসর্পত্যাভীরীকুলকুমুদবন্ধোঃ পরিমলঃ।
মম ক্ষোভানুগ্রান্ সপদি বহিরন্তঃ প্রণয়িনো
বলাদন্যো গন্ধঃ কথমিব বিধাতুং প্রভবতি ? ৭৪

মাধবী (সবিস্ময়ং সংস্কৃতেন)—

সুরভিমনুভবন্ত্যাঃ শ্যামলাম্ভোজমালাং, ভজতি তব কিমেতৎ কম্পসম্পত্তিমঙ্গম্ ?
বপুরপি পরিখিন্নাকারমহ্নায় কিংবা, কলয়তি পরিফুল্লামালি রোমাঞ্চপালিম্ ? ৭৫

শ্রীরাধা (স্বগতম্)—সম্বরণিজ্জো এসো অত্থো। (প্রকাশম্) মাহবি !

মাধবীতি। কথং ইহৈব সত্যা। সখি ! মাধবীপুষ্পাণি আহর্ত্তুমাগতাস্মি। ৭৩।

শ্রীরাধেতি। (সৌরভ্যং মাধবীহস্তগতশ্রীকৃষ্ণনির্ম্মাল্যস্য সৌগন্ধম্) কুত এতদাকস্মিকং সৌরভ্যং চিত্তং মে বিলোভয়তি ? ইত ইতি। অন্যো গন্ধঃ মম ক্ষোভান্ বিধাতুং কথমিব প্রভবতি ইত্যন্বয়ঃ। ৭৪।

মাধবীতি। সুরভিং গন্ধবতীং শ্যামলাম্ভোজমালামনুভবন্ত্যাস্তবাঙ্গং কিং কম্পসম্পত্তিং ভজতি, তব বপুরপি কিংবা রোমাঞ্চপালিং কলয়তীত্যন্বয়ঃ। ৭৫।

মাধবী। (দেখতে পেয়ে) এ কি। এখানেই যে সত্যা। (নিকটে গমন পূর্ব্বক) সখি। মাধবীপুষ্প আহরণ করতে এসেছি ॥ ৭৩ ॥

শ্রীরাধা। (সৌরভ আঘ্রাণ করে মনে মনে) অকস্মাৎ কোথা হতে এই সৌরভ এসে আমার চিত্তকে বিমুগ্ধ করতে লাগল ? (এই বলে মাধবীর হাতে মাল্য দর্শন করে সংস্কৃত ভাষায় নববৃন্দার কানে কানে) এই নীলোৎপলে রচিত মাল্য হতে গোপাঙ্গনাকুলরূপ কুমুদিনী সমুহের বন্ধু শ্রীকৃষ্ণের সর্ব্ববিজয়ী গন্ধ বিস্তৃত হচ্ছে, তা না হলে আমার বাহির ও অন্তরের উগ্র ক্ষোভ বলপূর্ব্বক বিধান করতে অন্য গন্ধ কিরূপ সমর্থ হবে ? ॥ ৭৪ ॥

মাধবী। (বিস্মিত হয়ে সংস্কৃত ভাষায়) সখি ! নীলোৎপলের মালার সুগন্ধ আঘ্রাণ করে তোমার অঙ্গ এমন কাঁপছে কেন ? আর কেনই বা তোমার শরীর ক্ষীণ আকার পরিত্যাগ করে প্রফুল্ল হয়ে রোমাঞ্চিত হয়ে উঠছে ॥ ৭৫ ॥

ইন্দীবর-মালং পেক্খিঅ কালিঅদহে দিট্ঠং দাণিং তুঅঙ্গাঅলিং সুমরন্তী ভীদম্হি ॥ ৭৬ ॥

নববৃন্দা (স্বগতম্)—সাধু সমাধানমিদম্ ॥ ৭৭ ॥

শ্রীরাধা (স্বগতম্)—ফুড়ং তাএ চ্চেঅ মুত্তীএ ণিম্মল-মালা এসা ॥ ৭৮ ॥

মাধবী—সহি সচ্চে। মাহবীমণ্ডবং গদুঅ পুপ্ফাইং অবচিণিসসং ॥ ৭৯ ॥

সর্ব্বাঃ—ইদো ইদো, পিঅসহি ! (ইতি নিষ্ক্রান্তাঃ) ॥ ৮০ ॥

শ্রীরাধেতি। সম্বরণীয় এষোঽর্থঃ। মাধবি! ইন্দিবরমালাং প্রেক্ষ্য কালিয়হ্রদে পূর্ব্বং দৃষ্টাং ইদানীং ভুজঙ্গাবলিং স্মরন্তী ভীতাস্মি। ৭৬।

শ্রীরাধেতি। স্ফুটং তস্যা এব মূর্ত্ত্যা নির্ম্মাল্যমালা এষা। ৭৮।

মাধবীতি। সখি সত্যে! মাধবীমণ্ডপং গত্বা পুষ্পাণ্যবচেষ্যামি। ৭৯।

সর্ব্বা ইতি। ইত ইতঃ প্রিয়সখি। ৮০।

শ্রীরাধা। (মনে মনে) এ বিষয় ত সম্বরণ করা উচিত। (প্রকাশ্যে) মাধবি। এখন ইন্দীবর মাল্য দেখে কালীদহে যে ভুজঙ্গাবলী দেখেছিলাম তাদের কথা মনে হওয়াতে ভীত হয়ে পড়েছি ॥ ৭৬ ॥

নববৃন্দা। (মনে মনে) উপযুক্ত মীমাংসাই হয়েছে বটে ॥ ৭৭ ॥

শ্রীরাধা। (মনে মনে) নিশ্চয়ই এটী সেই প্রতিমার নির্মাল্য মালা ॥ ৭৮ ॥

মাধবী। সখি সত্যে! মাধবীমণ্ডপে গিয়ে পুষ্প চয়ন করতে হবে ॥ ৭৯ ॥

সকলে। প্রিয় সখি। এই দিকে এই দিকে (এই বলে সকলের প্রস্থান) ॥ ৮০ ॥

(ততঃ প্রবিশতি মধুমঙ্গলেনানুগম্যমানঃ কৃষ্ণঃ।)

শ্রীকৃষ্ণঃ (সোদ্বেগম্)—

ক্ষণাদেব ক্ষুণ্ণা ভবতি বনমালা মলয়জ-
দ্রবালেপঃ শুষ্যন্নিপততি রজঃসঞ্চয়নিভঃ।
বিসর্পদ্ভির্জ্বালৈরুরসি রবিকান্তাকৃতিরসৌ
মমান্তঃসন্তাপং কলয়তি পরং কৌস্তুভমণিঃ॥

(ইতি সব্যতঃ প্রেক্ষ্য) প্রিয়বয়স্য! কিয়দ্দূরে সা বৃন্দাটবী ? ॥ ৮১ ॥

মধুমঙ্গলঃ (সংস্কৃতেন)—

স্ফুটচ্চটুল-চম্পকপ্রকর-রোচিরুল্লাসিনী
মদোত্তরল-কোকিলাবলি-কলস্বরালাপিনী।
মরালগতিশালিনী কলয় কৃষ্ণ সারাধিকা (ইত্যর্দ্ধোক্তে) ॥ ৮২ ॥

শ্রীকৃষ্ণ ইতি। ক্ষুণ্ণা চুর্ণিতা, কলয়তি করোতি। ৮১।

মধুমঙ্গল ইতি। "পুরঃ স্ফুরতি বল্লভা তব মুকুন্দ! বৃন্দাটবীতি" পদ্য-শেষে বক্তব্যে স্ফুটদিত্যাদিপাদত্রয়ং শ্রুত্বা শ্রীকৃষ্ণ আহ ক্বাসাবিতি। স্ফুটন্তো যে চটুলাশ্চম্পকাস্তেষাং প্রকরস্য সমূহস্য যদ্রোচিঃ রোচিঃ শোচিরুতে ক্লীবে ইতি কোষাৎ, তেন উল্লাসো বিদ্যতে যস্যাঃ সা। পক্ষে স্ফুটচ্চটুলচম্পকপ্রকরবদ্‌যদ্রোচিস্তেনোল্লাসিনী। মদেনোত্তরলা যে কোকিলাস্তেষামাবলিস্তস্যাঃ কলস্বরালাপো বিদ্যতে যস্যাঃ সা।

পক্ষে মদোত্তরলকোকিলাবলিবৎ কলস্বরমালপিতুং শীলং যস্যাঃ সা। মরালানাং গতিভিঃ শালিনী শোভমানা।

পক্ষে মরালানাং গতিরিব যা গতিস্তয়া শালিনী। কৃষ্ণসারা মৃগাস্তৈরধিকা, পক্ষে হে কৃষ্ণ! কলয় সা রাধিকা। ৮২।

(অনন্তর মধুমঙ্গলের সহিত শ্রীকৃষ্ণের প্রবেশ)

শ্রীকৃষ্ণ। (উদ্বেগের সঙ্গে) ক্ষণকালের মধ্যে বনমালা চূর্ণ হয়ে পড়ছে। চন্দনলেপ শুষ্ক হয়ে ধূলিরাশির মত পড়ে যাচ্ছে। পরন্তু সূর্য্যকান্ত সদৃশ এই কৌস্তুভমণি প্রসরণশীল কিরণাবলীর দ্বারা আমার বক্ষ দেশে অবস্থান করে যারপর নাই আমার অঙ্গ সন্তাপ বর্দ্ধন করছে (এই বলে বামদিকে তাকিয়ে) প্রিয় বয়স্য সে বৃন্দাবন কত দূরে ? ॥ ৮১ ॥

মধুমঙ্গল। (সংস্কৃত ভাষায়) (বৃন্দাবন পক্ষে) হে কৃষ্ণ প্রস্ফুটিত চম্পক পুষ্প সমূহের কান্তির দ্বারা শোভিতা, মদমত্তকোকিলশ্রেণীর কলস্বরের আলাপের দ্বারা পরিপূর্ণা, মরালগণের গতির দ্বারা শোভমানা, কৃষ্ণসার মৃগসমূহে পরিপূর্ণা সেই বৃন্দাবনানীকে দর্শন কর।

(শ্রীরাধিকার পক্ষে) যাঁহার কান্তি প্রস্ফুটিত চম্পকাবলীর ন্যায় আনন্দ দায়িনী, যিনি মদমত্ত কোকিল শ্রেণীর ন্যায় সুস্বরে আলাপকারিণী, যিনি রাজ হংসের ন্যায় গতিশালিনী সেই রাধিকাকে দর্শন কর ॥ ৮২ ॥

শ্রীকৃষ্ণঃ (সসম্ভ্রমৌৎসুক্যম্)—সখে ! ক্বাসৌ ক্বাসৌ ? ॥ ৮৩ ॥

মধুমঙ্গলঃ (অঙ্গুল্যাগ্রে দর্শয়ন্)—

পুরঃ স্ফুরতি বল্লভা তব ॥ ৮৪ ॥

শ্রীকৃষ্ণঃ (সবৈয়গ্র্যম্)—বয়স্য ! নাহং পশ্যামি ; তদাশু মে দর্শয়, ক্ব সা মে রাধিকা ? ॥ ৮৫ ॥

মধুমঙ্গলঃ—…মুকুন্দ বৃন্দটাবী ॥ ৮৬ ॥

শ্রীকৃষ্ণঃ (পরামৃশ্য নিশ্বসন্)—কথং নামধেয়বর্ণানামাকর্ণনাদেব সর্ব্বানুসন্ধানবিধুরোঽস্মি !

(ইতি পরিক্রম্য)

সর্ব্বাঙ্গীণামকুরুত মুহুঃ সা মমাকল্পলক্ষ্মীং
পুষ্পৈর্যস্যাঃ পরিমলভরোদ্গারিভির্গৌরগাত্রী ।
অগ্রে সেয়ং কুসুমধনুষঃ পশ্য ভল্লায়মানা
মামুৎফুল্লা প্রহরতি রুবদ্ভৃঙ্গমল্লাদ্য মল্লী ॥

(পরিক্রম্য) মিহিরদুহিতুস্তীরোপান্তে স্ফুরন্তি নিরন্তরা
ব্রততিনিকরৈরেতাস্তাস্তা মহীরুহরাজয়ঃ ।
কিশলয়কুলৈর্যাসাং নব্যৈরলভ্যত রাধিকা-
শ্রুতিপরিসরে তাড়ঙ্কশ্রী-বিড়ম্বন-চাতুরী ॥ ৮৭ ॥

মধুমঙ্গল ইতি। কৃষ্ণ! সা রাধিকেত্যন্তেন প্রিয়া বৃন্দাটবী বর্ণিতা ময়া, ন রাধিকা বর্ণিতা অন্যথা মম ক্লিষ্টঃ। ৮৬।

শ্রীকৃষ্ণ ইতি। সর্ব্বাঙ্গীনামিতি। সর্ব্বাঙ্গীনাং সর্ব্বাঙ্গব্যাপিনীম্। সা রাধিকা আকল্পলক্ষ্মীং বেশশ্রিয়ং। আকল্পবেশৌ ইত্যমরঃ। যস্যা মল্লিকায়াঃ। কন্দর্পস্য ভল্লং ভালা ইতি প্রসিদ্ধং যদস্ত্রং তদ্বদাচরন্তী রুবন্তো ভৃঙ্গা মল্লা ইব যস্যাঃ সা। ঋক্ষাচ্ছ ভল্ল ভালুকা ইত্যমরঃ।

মিহিরেতি। নিরন্তরা নিবিড়া। রাজয়ঃ পঙ্‌ক্তয়ঃ। কিশলয়কর্ত্তৃভিঃ। ৮৭।

(এই পর্য্যন্ত বলিলে শ্রীরাধিকা পক্ষের অর্থই শ্রীকৃষ্ণের শ্রীরাধিকাবিরহ তপ্ত হৃদয়ে স্ফুরিত হওয়ায়)

শ্রীকৃষ্ণ। (ব্যস্ত হয়ে ঔৎসুক্যের সঙ্গে) সখে! কোথায় তিনি, কোথায় তিনি ? ॥ ৮৩ ॥

মধুমঙ্গল। (অঙ্গুলী দিয়ে দেখিয়ে) সম্মুখে যে তোমার সেই প্রিয়া ॥ ৮৪ ॥

শ্রীকৃষ্ণ। (ব্যগ্রভাবে) বয়স্য! কই, আমি তা দেখতে পাচ্চি না, আমার সে রাধিকা কোথায় ? তাঁকে শীঘ্র আমায় দেখাও ॥ ৮৫ ॥

মধুমঙ্গল। হে মুকুন্দ! আমি বৃন্দাবনের কথা বলছি ॥ ৮৬ ॥

শ্রীকৃষ্ণ। (বিচার করে দীর্ঘনিঃশ্বাস পরিত্যাগ করলেন) নামের বর্ণগুলি শ্রবণ করেই আমি সব কথা বুঝতে ভ্রান্ত হয়েছিলাম। (এই বলে এগিয়ে গিয়ে) গৌরাঙ্গী শ্রীরাধা যে মল্লিকার সৌরভ বিস্তারী পুষ্পাবলির দ্বারা পুনঃ পুনঃ আমার সর্ব্বাঙ্গীন বেশ রচনা করতেন, সম্মুখে সেই সুশোভান্বিতা মল্লিকা কামদেবের ভল্লনামক অস্ত্রে পরিণত হয়ে এবং গুঞ্জনরত ভ্রমরাবলী মল্লে পরিণত হয়ে

মধুমঙ্গলঃ (সবিস্ময়ম্)—বঅস্স ! এত্থ জোব্বণে বি বসন্তস্স কীস তল্লক্খণং ণত্থি ? ॥ ৮৮ ॥

শ্রীকৃষ্ণঃ। সখে ! সত্যমাত্থ, তথা হি—

আতন্বন্তি পিকাস্তথা মধুলিহো বাচংযমানাং ব্রতং
মাকন্দেষু দরোদ্গতা অপি জড়ীভাবং ভজন্ত্যঙ্কুরাঃ।
অর্দ্ধোদ্গীর্ণমুখাপ্যশোকনিকরে বিষ্কম্ভতে মঞ্জরী
কালিন্দীতটসীম্নি হন্ত কিমিয়ং সুপ্তা মধুশ্রীরভূৎ ॥ ৮৯ ॥

মধুমঙ্গল। পেক্খ, এসা কাএ বি বিরহিণীএ বরারবিন্দ-বিরইদা সেজ্জা ॥ ৯০ ॥

শ্রীকৃষ্ণ। নূনমস্যাঃ প্রাণরক্ষণায় সখ্যা বিষ্টম্ভিতেয়ং বসন্তলক্ষ্মীঃ (ইত্যালোক্য সাতঙ্কম্।)

শূন্যক্রোড়া নিবিড়কমলৈঃ কল্পিতা তল্পবেদী-
নেদীয়স্যাস্তনুলহরিভিঃ শীলিতা হেলিপুত্র্যাঃ।
অঙ্গজ্বালাপরিচয়মিলন্মর্ম্মুরা মর্ম্মদুঃখ-
ব্যাখ্যাপঞ্জী মম ধিয়মিয়ং ধূম্রয়ন্তী ধুনোতি ॥ ৯১ ॥

মধুমঙ্গল ইতি। বয়স্য ! অত্র যৌবনে বসন্তস্য কস্মাৎ তল্লক্ষণং নাস্তি ? ৮৮।

শ্রীকৃষ্ণ ইতি। আতন্বন্তীতি। মধুলিহঃ ভ্রমরাঃ। বাচংযমানাং মুনীনাং ব্রতং মৌনম্। মাকন্দেষু আম্রেষু অঙ্কুরা ঈষদুদ্ভূতা অপি জড়ীভাবং ক্ষুদ্রত্বং ভজন্তীত্যর্থঃ। অর্দ্ধোদ্গীর্ণমুদিতং মুখং যস্যাঃ সা অর্দ্ধোদ্গীর্ণমুখা, বিষ্কম্ভতে স্তব্ধা ভবতি। এতেন চিহ্নেন মধুশ্রীঃ সুপ্তা ইবেতি ভাবঃ। ৮৯।

মধুমঙ্গল ইতি। পশ্য, এষা কস্যা অপি বিরহিণ্যা বরারবিন্দ-বিরচিতা শয্যা। ৯০।

শ্রীকৃষ্ণ ইতি। বিষ্টম্ভিতা অপ্রকাশিতা। শূন্যেতি। নেদীয়স্যা অতিনিকটবর্ত্তিন্যা যমুনায়াঃ সূক্ষ্মতরঙ্গৈঃ। অঙ্গজ্বালা পরিচয়েন মিলন্মর্ম্মুরো ধর্ম্মো যস্যাঃ সা। মর্ম্মদুঃখস্য ব্যাখ্যা ব্যক্তীভাবস্তস্য পঞ্জী সূচিকা। ধূম্রাং কুর্ব্বন্তী ধুনোতি কম্পয়তি। ৯১।

আমাকে প্রহার করছে। (প্রদক্ষিণ করে) যমুনা-তটের নিকটে লতা-সমূহে পরিবেষ্টিত হয়ে ঘনসন্নিবিষ্ট এই যে বৃক্ষরাজি বিরাজ করছে এদের নব নব কোমল কিশলয় সমূহ শ্রীরাধিকার কর্ণমূলে তাড়ঙ্ক শোভার অনুকরণ চাতুর্য্য লাভ করেছে ॥ ৮৭।

মধুমঙ্গল। (সবিস্ময়ে) বয়স্য ! বসন্তের এই যৌবন কালে কেন তার তেমন লক্ষণ দেখা যায় না ॥ ৮৮ ॥

শ্রীকৃষ্ণ। সখে ! ঠিক বলেছ।

কারণ, কোকিল ও ভ্রমরকুল মুনিব্রত অবলম্বন করেছে—রসাল (আম্রবৃক্ষ) বৃক্ষ অঙ্কুর উদ্গত হলেও তার জড়তা এসেছে—অশোকতরুতে মঞ্জরী আধফোটা হয়েও স্তব্ধ হয়ে রয়েছে। হায়, হায়,—মনে হচ্ছে কালিন্দীতটের সীমায় এসে বসন্ত লক্ষ্মী যেন নিদ্রিতা হয়ে পড়েছেন ॥ ৮৯ ॥

মধুমঙ্গল। দেখ, দেখ—এ কোন বিরহিণীর কমলদলবিরচিত শয্যা। ॥ ৯০ ॥

শ্রীকৃষ্ণ। নিশ্চয় মনে হয়—শ্রীরাধাকে বাঁচাবার জন্য বসন্তলক্ষ্মীকে স্তব্ধ করে রাখা হয়েছে।

(এই বলে ভাল করে দেখে আতঙ্কের সঙ্গে)

আহা ! এই শয্যার মাঝে মাঝে ঘনভাবে ছাওয়া কমলদল শোভা পাচ্ছে—অতি নিকটে

মধুমঙ্গল। এদং অগ্‌গদো নিউঞ্জসলিঅং সলাহেহি ॥ ৯২ ॥

শ্রীকৃষ্ণ। (পরিক্রম্য সোদ্‌গ্রীবং পশ্যন্ সাশ্চর্য্যম্ ।) কথমারণ্যবেশধারিণী হরিণীয়ং মদঙ্গপ্রতিমা ? (ইতি সন্নিধায়) নূনমেতয়া শিল্পাচার্য্যকলাকৌশলবিবর্ত্তনেন ভবিতব্যম্ ॥ ৯৩ ॥

মধুমঙ্গল। (সকৌতুকম্) হী হী! এসো জেব্ব অপ্পণো পিঅবঅস্সো মএ চিরাদো লদ্ধো ; তুমং ক্খু রাইন্দো, ণমে বম্হণবড়ুঅস্স অহিরূবো। (ইতি নিরীক্ষ্য পিঅবঅস্স ! পেক্খ, কাএ বি অনুরাইণীত্র সেবা কিদত্থি ! ॥ ৯৪ ॥

শ্রীকৃষ্ণ। সখে! সাধু লক্ষিতম্।

অসৌ ব্যস্তন্যস্তা বিশদয়তি মালা বিবশতা
বিভক্তেয়ং চর্চ্চা নয়নজলবৃষ্টিং কথয়তি।
করোৎকম্পং তস্যা বদতি তিলকং কুঞ্চিতমিদং
কৃশাঙ্গ্যাঃ প্রেমাণং বরিবসিতমেব প্রথয়তি ॥ ৯৫ ॥

মধুমঙ্গল ইতি। এতাং অগ্রতো নিকুঞ্জশালিকাং শ্লাঘয়। ৯২।

শ্রীকৃষ্ণ ইতি। প্রতিময়া বিশ্বকর্ম্মণঃ কলাকৌশলস্য বিবর্ত্তনেন বিবর্ত্তরূপয়া ভবিতব্যম্। ৯৩।

মধুমঙ্গল ইতি। আশ্চর্য্যং! এষ এবাত্মনঃ প্রিয়বয়স্যঃ ময়া চিরাল্লব্ধঃ। ত্বং খলু রাজেন্দ্রো, ন মে ব্রাহ্মণবটুকস্যাভিরূপো যোগ্য ইত্যর্থঃ। প্রিয়বয়স্য! পশ্য, কয়াপি অনুরাগিণ্যা সেবা কৃতাস্তি। ৯৪।

শ্রীকৃষ্ণ ইতি। অস্তব্যস্তো ন্যাসো যস্যাঃ সা। ইয়ং বিভক্তা অঙ্গুল্যাত্যঙ্কিতা চর্চ্চা, বরিবসিতঃ সেবনং বরিবস্যা তু শুশ্রূষা পরিচর্য্যাপ্যুপাসনমিত্যমরঃ। ৯৫।

শ্রীযমুনার তরঙ্গমালায় সিক্ত হয়ে রয়েছে—তাই এই শয্যা যেন অঙ্গজ্বালা বাড়িয়ে দিয়ে মর্ম্মবেদনা প্রকাশ করে সূচিকার মত বিদ্ধ করছে। যাই হোক্—এই শয্যা আমার বুদ্ধিকে বিভ্রান্ত করছে ॥৯১॥

মধুমঙ্গল। সামনে দেখা যাচ্ছে যে নিকুঞ্জগৃহ তাকে প্রশংসা কর ॥ ৯২ ॥

শ্রীকৃষ্ণ। (ফিরে এসে উদ্‌গ্রীব হয়ে দেখে আশ্চর্য্যের সঙ্গে) একি! বন্যবেশ ধারণ করে আমার হৃদয়মোহিনী প্রতিমা !

(এই বলে নিকটে গিয়ে)

নিশ্চয় মনে হচ্ছে এই প্রতিমা বিশ্বকর্মার অপূর্ব্ব শিল্প কৌশলে প্রস্তুত হয়েছে ॥ ৯৩ ॥

মধুমঙ্গল। (কৌতুকের সঙ্গে) কি আশ্চর্য্য! আমি বহুদিন পরে আপনার প্রিয়বয়স্যকে পেলাম। তুমি তো রাজেন্দ্র—আমার মত ব্রাহ্মণবালক নও।

(এই বলে দেখে)

প্রিয়বয়স্য! দেখ, কোন অনুরাগিণী এই প্রতিমার সেবা করেছে ॥ ৯৪ ॥

শ্রীকৃষ্ণ। সখে !হ্যাঁ। ঠিক দেখেছ—প্রতিমাতে মালাগাছিটি বড়ই ব্যস্ততায় অর্পণ করা হয়েছে—তাতে বুঝা যাচ্ছে কৃশাঙ্গী বিবশা হয়েছেন। এই চন্দনচর্চ্চা প্রতিমার অঙ্গে ইতস্ততঃ বিক্ষিপ্ত হওয়ায় বুঝা যাচ্ছে তাঁর নয়নের অশ্রুর বন্যা নেমেছে। প্রতিমার তিলকের বক্রভাব দেখে বুঝা গেল তাঁর হাত কেঁপে গেছে। যাই হোক্ এই সেবাতে তাঁর প্রেমই পরিস্ফুট হয়েছে ॥ ৯৫ ॥

(নেপথ্যে) ইদো ইদো, পিঅসহি ! ॥ ৯৬ ॥

শ্রীকৃষ্ণঃ—সখে ! নূনং প্রত্যাসীদন্তি মূর্ত্তেরুপাসিকাস্তরুণ্যঃ, তদেষা মদর্চ্চা কুঞ্জান্তরে নিবেশ্যতাম্, ময়াস্যাঃ সুষ্ঠু বেশমাধুরীমুরীকৃত্য বিম্বোষ্ঠীনাং ভাবনিষ্ঠাং নিষ্টঙ্কয়িষ্যতা বেদীয়মধিষ্ঠেয়া। (ইত্যুভৌ তথা কুরুতঃ।) ॥ ৯৭ ॥

(ততঃ প্রবিশতি সখিভ্যামনুগম্যমানা শ্রীরাধা।) ॥ ৯৮ ॥

শ্রীরাধা—(পুরোঽবলোক্য সরোমাঞ্চম্) অম্মহে ! পড়িমাএ মাহুরীভরসাহুদা, জং সচ্চং চ্চেঅ মাহবদংসণচমক্কারং উপ্পাদেদি। ॥ ৯৯ ॥

বকুলা—(জনান্তিকম্)—ণঅবুন্দে ! পেক্খ পড়িমাএ সুন্দেরম্। ॥ ১০০ ॥

নববৃন্দা—(সস্মিতম্)—মুগ্ধে ! নূনং সত্যভামাপ্রেমোন্মাদস্ত্বয্যপি সঞ্চক্রাম, যা হরিমেব প্রতিমাং প্রত্যেষি। ॥ ১০১ ॥

(নেপথ্যে বকুলাহ, ইতঃ ইতঃ প্রিয়সখি !)। ৯৬।

শ্রীকৃষ্ণ ইতি। প্রত্যাসীদন্তি পরাবর্ত্তন্তে।

(ইত্যুভাবিতি। মধুমঙ্গলস্তাং গৃহীত্বা কুঞ্জান্তরে স্থিতবান্। শ্রীকৃষ্ণস্তদ্বেশমাধুরীঃ স্বীকৃত্য বেদ্যাং স্থিতবানিত্যর্থঃ। ৯৭।

শ্রীরাধেতি। আশ্চর্য্যম্ ! প্রতিমায়া মাধুরীভরসাধুতা, যৎ সত্যমেব মাধবদর্শনচমৎকারমুৎপাদয়তি। ৯৯।

বকুলেতি। নববৃন্দে ! পশ্য প্রতিমায়াঃ সৌন্দর্য্যম্। ১০০।

নববৃন্দেতি। সঞ্চক্রাম সংক্রান্তবানাবিষ্ট ইত্যর্থঃ, যা ত্বং বকুলা। ১০১।

(নেপথ্যে বকুলা বললেন প্রিয়সখি ! এই দিকে এই দিকে।) ॥ ৯৬ ॥

শ্রীকৃষ্ণ। সখে ! মনে হচ্ছে নিশ্চয়ই—প্রতিমার যাঁরা সেবা করেছেন তাঁরা সবাই কাছে আসছেন—তাই আমার এই প্রতিমাকে নিয়ে অন্য কুঞ্জে রেখে এস—আর আমি এই প্রতিমার মত বেশ ধারণ করে বেদীতে আরোহণ করে সুন্দরী তরুণীদের ভাবনিষ্ঠার পরাকাষ্ঠা দর্শন করি ॥ ৯৭ ॥

এই বলে দুইজনে তাই করলেন অর্থাৎ মধুমঙ্গল প্রতিমা নিয়ে অন্য জায়গায় রাখলেন আর শ্রীকৃষ্ণও প্রতিমার মাধুরী ধারণ করে বেদীর ওপর অধিষ্ঠিত হলেন ॥ ৯৭ ॥

(তারপর সখী দুজনের সঙ্গে অনুগতা হয়ে শ্রীরাধা প্রবেশ করলেন।) ॥ ৯৮ ॥

শ্রীরাধা। (সামনে দেখে রোমাঞ্চের সঙ্গে)

আহা ! প্রতিমার কি অপূর্ব্ব মাধুর্য্যরাশি ! মনে হচ্ছে যেন সত্য সত্যই মাধব দর্শন করছি ॥ ৯৯ ॥

বকুলা। (হাতের আড়াল দিয়ে) নববৃন্দে ! দেখ, দেখ—প্রতিমার সৌন্দর্য্য দেখ ॥ ১০০ ॥

নববৃন্দা। (হাসতে হাসতে) ওগো মুগ্ধে ! এযে দেখছি—সত্যভামার প্রেমোন্মাদ তোমাতেও সংক্রামিত হল—তুমি যে সাক্ষাৎ হরিকে প্রতিমা বলে মনে করছ ॥ ১০১ ॥

শ্রীকৃষ্ণঃ—(সবিস্ময়ানন্দম্) হন্ত ! কেয়ং চিত্তাকর্ষিণী কল্পলতিকা ? (ইতি সৌৎসুক্যম্)

হৃদয়ান্তর-স্ফুরদমন্দ-বেদনা,-ভর-বাবদূক-বদনাম্বুজদ্যুতিঃ ।
নয়নান্ত-তাণ্ডবিত-নীলকুন্তলা, সুদতী মদক্ষি-পদবীং প্রপদ্যতে ॥

(পুনর্নিভাল্য সচমৎকারম্) হন্ত, হন্ত ! কথং সৈবেয়ং মে প্রাণবল্লভা রাধা ! (ইত্যশ্রুধারামাবারয়ন্ সবিমর্শম্)—

অকল্পি সুরশিল্পিনা পরিকলয্য মায়াময়ী
সুখায় মম রাধিকা ধ্রুবমমন্দবৃন্দাবনে ।
ভবেদিহ কুশস্থলীনগরনীতিভির্দুর্গমে
মমান্তরবরোধনে ক্ব নু তদীয়সম্ভাবনা ? ॥ ১০২ ॥

শ্রীকৃষ্ণ ইতি । হৃদয়ান্তরে স্ফুরন্ অমন্দো যো বেদনাভরস্তং ব্যক্তিবদনাম্বুজদ্যুতির্যস্যাঃ সা । সুদতী শোভনা দন্তা যস্যাঃ সা ।

অকল্পি ইতি । সুরশিল্পিনা বিশ্বকর্ম্মণা । পরিকলয্য বিচার্য্য । মায়াময়ী মায়াকৃতা, তৎপ্রকৃতবচনে ময়ট্ । মায়া তু দুর্ঘটঘটনাকারিণী শক্তিঃ । সম্ভাবনা স্থিতিঃ । ১০২ ।

শ্রীকৃষ্ণ । (বিস্ময় ও আনন্দের সঙ্গে) কি আশ্চর্য্য ! এই কল্পলতিকা কে ? ইনি যে আমার মন প্রাণ হরণ করতে লাগলেন ।

(এই বলে ঔৎসুক্যের সঙ্গে)

আহা ! যাঁর মুখ পদ্মের কান্তি অন্তরের গূঢ়তম বেদনাকেই প্রকাশ করছে আর যাঁর নীলরংএর কুন্তল নয়ন কোণে নৃত্য করছে—সেই শোভনদশনা আজ আমার নয়ন পথে উপস্থিত হলেন ।

(পুনর্ব্বার দেখে আশ্চর্য্যান্বিত হয়ে)

হায়, হায় ? ইনিই কি আমার সেই প্রাণপ্রিয়া রাধা !

(এই বলে অশ্রুধারা সংবরণ করে দুঃখভরে বিবেচনা করে)

আমার মনে হচ্ছে নিশ্চয়ই বিশ্বকর্মা বিচার করে এই সুমধুর বৃন্দাবনে আমারই সুখের জন্য মায়াময়ী শ্রীরাধা নির্মাণ করেছেন । তা না হলে দুর্গবেষ্টিত দ্বারকানগরীতে আমার অন্তঃপুরের মাঝে শ্রীরাধার আসা কি সম্ভব ? ॥ ১০২ ॥

শ্রীরাধা—(শ্রীকৃষ্ণমুখেন্দুমবলোক্য) হন্ত, হন্ত ! ণিব্ভরুক্কণ্ঠিদাএ মম মুদ্ধত্তণং, জং গোইন্দস্স পড়িমং জেব্ব গোইন্দং মণ্ণেমি। (ইতি সাশ্রুধারমঞ্জলিং বদ্ধা) অই পড়িবিম্ব ! অবি কিং তুম্হ বিম্বস্স অম্বুরুহলোঅণস্স কল্লাণং ? ॥ ১০৩ ॥

শ্রীকৃষ্ণঃ—(সোল্লাসং) অয়ি মায়াযন্ত্রময়ি রাধিকে ! সত্যমিদানীমেব কৃষ্ণঃ ক্ষেমী, যদিয়ং সর্ব্বমুদ্রয়া তাং লোকোত্তরামনুকুর্ব্বতী ত্বমস্য ক্ষেমং পৃচ্ছসি। ॥ ১০৪ ॥

শ্রীরাধা—(সচমৎকারম্)—সাহু ণঅবুন্দে ! সাহু সাহু ! জাএ সিপ্পকলাকুসলাএ নিম্মিদা পড়িমাবি এদং কিংপি মহুরং বাহরেদি। ॥ ১০৫ ॥

শ্রীকৃষ্ণঃ—অহো ! গন্ধর্ব্বপুরানুকারিণোঽপি মায়াগন্ধর্ব্বনাট্যস্য কাপি চির-চমৎকারকারিতা, যদত্র মমাপ্যবাধিতেব রাধা প্রতিভাসতে। ॥ ১০৬ ॥

শ্রীরাধেতি। হন্ত, হন্ত ! নির্ভরোৎকণ্ঠিতায়া মম মুগ্ধত্বং, যৎ গোবিন্দস্য প্রতিমামেব গোবিন্দং মন্যে। অয়ি প্রতিবিম্ব ! অপি কিং তব বিম্বস্য কৃষ্ণস্যেত্যর্থঃ কল্যাণম্। ১০৩।

শ্রীকৃষ্ণ ইতি। সর্ব্বমুদ্রয়া সর্ব্বভঙ্গ্যা বা কাপি লাবণ্যাদিরূপয়েত্যর্থঃ, তাং ঊর্দ্ধলোকগতাং রাধাম্। ১০৪।

শ্রীরাধেতি। সাধু নববৃন্দে ! সাধু, সাধু, যয়া শিল্পকলা-কুশলয়া নির্ম্মিতা প্রতিমাপি এতৎ কিমপি মধুরং ব্যাহরতি কথয়তি। ১০৫।

শ্রীকৃষ্ণ ইতি। গন্ধর্ব্বা অত্র শৈলূষাস্তেষাং পুরমনুকর্ত্তুং শীলমস্য বিশ্বকর্মণোঽপি মায়য়া প্রতারণশক্ত্যা যদ্‌গন্ধর্ব্বনাট্যং লোকভ্রামকচরিতং তস্য কাপি গন্ধর্ব্বচমৎকারকারিতা ; যস্মাদ্‌গন্ধর্ব্বনাট্যাৎ ময়াপ্যবাধিতেব রাধা প্রতিভাসতে স্ফুরতি, অবাধিতেব অর্থাৎ সা ইব। প্রকৃতিং স্বভাবম্। ১০৬।

শ্রীরাধা। (শ্রীকৃষ্ণের মুখচন্দ্র দেখে) হায়, হায়—অত্যন্ত উৎকণ্ঠা বশে আমার একি মোহ—কারণ, গোবিন্দের প্রতিমাকেই আমি গোবিন্দ বলে মনে করছি।

(এই বলে অশ্রু বিসর্জন করতে করতে হাত জোড় করে)

ওগো প্রতিবিম্ব ! তোমার বিম্ব পদ্মলোচনের কুশল তো ? ॥ ১০৩ ॥

শ্রীকৃষ্ণ। (আনন্দভরে) অয়ি মায়াময়ি রাধিকে ! সত্যসত্যই এখন কৃষ্ণের পরম কল্যাণ, কারণ, তুমি সর্ব্বতোভাবে শ্রীরাধার অনুকরণ করে তার কল্যাণ জিজ্ঞাসা করছ ॥ ১০৪ ॥

শ্রীরাধা। (চমৎকৃত হয়ে) ভাল ভাল নববৃন্দে ! তোমার মত শিল্পবিদ্যা কুশলার দ্বারা নির্মিতা প্রতিমাও এমন মধুর বাক্য বলছে ॥ ১০৫ ॥

শ্রীকৃষ্ণ। আহা ! বিশ্বকর্মার মায়া দ্বারা গন্ধর্ব্বনাট্যের কি চমৎকারিতা ! যার দ্বারা আমার সেই শ্রীরাধার-মত এই শ্রীরাধা স্ফুর্ত্তি পাচ্ছন ॥ ১০৬ ॥

শ্রীরাধা—(সানন্দাদ্ভুতং সংস্কৃতেন)

বরো ধিন্বন্ ঘ্রাণং পরিমিলতি সোঽয়ং পরিমলো
ঘনশ্যামা সেয়ং দ্যুতিবিততিরাকর্ষতি দৃশৌ।
স্বরঃ সোঽয়ং ধীরস্তরলয়তি কর্ণৌ মম বলা-
দহো গোবিন্দস্য প্রকৃতিমুপলব্ধা প্রতিকৃতিঃ ॥

(ইতি কাকুং কুর্ব্বতী) অই কণ্হপড়িমে! এসা চাডুকোডিহিং ভিক্খেদি রাহী, এব্বং চ্চেঅ জঙ্গমীভবিঅ চিরং সুহাবেহি সন্তাবজজ্জরং দীণাএ লোঅণং। ॥ ১০৭ ॥

শ্রীকৃষ্ণঃ—হন্ত বৃন্দারকবর্দ্ধকে! দিষ্ট্যা সংবর্দ্ধিতোঽস্মি। (ইতি বাষ্পধারাং বিতনোতি।) ॥ ১০৮ ॥

নববৃন্দা—সখি! চেলাঞ্চলেনাপসার্য্যতাং প্রিয়মুখাম্ভোজাদ্ বাষ্পাম্বুধারা। ॥ ১০৯ ॥

(শ্রীরাধা সাপত্রপং তথা করোতি।) ॥ ১১০ ॥

শ্রীরাধেতি। অয়ি কৃষ্ণপ্রতিমে! এষা চাটুকোটিভির্ভিক্ষ্যতে রাধা, এবমেব জঙ্গমীভূয় চিরং সুখাপয় সন্তাপজর্জ্জরং দীনায়া লোচনম্। ১০৭।

শ্রীকৃষ্ণ ইতি। বিশ্বকর্মাণং মনসি প্রত্যক্ষীকৃত্যাহ, বৃন্দারকবর্দ্ধকে! হে বিশ্বকর্মন্! তক্ষা তু বর্দ্ধকিস্ত্বষ্টা রথকারশ্চ কাষ্ঠতট্ ইত্যমরঃ। ১০৮।

শ্রীরাধেতি। (তথা করোতি, প্রিয়বাষ্পাম্বুধারামপসারয়তি।)। ১১০।

শ্রীরাধা। (আনন্দ ও আশ্চর্য্যের সঙ্গে সংস্কৃত ভাষায়)

অহো! গোবিন্দের অঙ্গগন্ধ যেমন নাসিকাকে উন্মত্ত করে মাতিয়ে তোলে এঁরও তো সেই সৌরভ দেখতে পাচ্ছি—তাঁর ঘন শ্যামল কান্তি যেমন নয়ন আকর্ষণ করত এঁরও নবনীরদ কান্তি তেমনই দেখছি এবং তাঁর যেমন মৃদুস্বর কাণদুটিকে চঞ্চল করত এঁর স্বরও তেমনি কর্ণরসায়ন। যাই হোক্—এই প্রতিমূর্ত্তি কেমন করে গোবিন্দের স্বভাব পেল?

(এইভাবে খেদ প্রকাশ করে।)

অয়ি কৃষ্ণপ্রতিমে! এই রাধা অসংখ্য চাটুকারে ভিক্ষা করছে—তুমি সচেতন হয়ে এই দুঃখিনীর সন্তপ্ত নয়ন দুটিকে আনন্দদান কর ॥ ১০৭ ॥

শ্রীকৃষ্ণ। কি আশ্চর্য্য! দেবশিল্পিন্—ভাগ্যক্রমে আমি সম্বর্দ্ধিত হলাম।

(এই বলে অশ্রুবিসর্জ্জন করতে লাগলেন।) ॥ ১০৮ ॥

নববৃন্দা। সখি! আঁচল দিয়ে প্রিয়তমের মুখপদ্ম হতে নয়ন জলধারা মুছিয়ে দাও ॥ ১০৯ ॥

শ্রীরাধা। (সলজ্জভাবে কান্তের মুখপদ্ম মুছিয়ে দিলেন।) ॥ ১১০ ॥

নববৃন্দা—(স্বগতম্) কথমসৌ মাধবো রাধিকাঙ্গস্পর্শসৌখ্যেন স্তিমিতাক্ষো ভবন্ পৃষ্ঠাশ্রিতকদম্ব-স্তম্ভমালম্বতে ! ॥ ১১১ ॥

শ্রীরাধা—হদ্ধী হদ্ধী ! সাহাবিঅং ধম্মং গদা পড়িমা। (ইতি মূর্চ্ছতি) ॥ ১১২ ॥

(নেপথ্যে সঙ্কুলধ্বনিঃ) ॥ ১১৩ ॥

বকুলা—(সাবেগম্) ণঅবুন্দে ! কধং এসো সসঙ্কং বিক্কোসন্তাণং কলাবিণং কলাবো বিদ্দবদি ? ॥ ১১৪ ॥

নববৃন্দা—নূনং বিদর্ভনন্দিনী বৃন্দাবনং প্রপেদে, তদীয়পরীবারাণাং মঞ্জীরশিঞ্জিতেন শঙ্কিতমরাল-কুলোৎকর্ষাঃ কলাপিনঃ পলায়ন্তে, তদিতস্তূর্ণং ত্বয়া সত্যাপসার্য্যতাম্। ॥ ১১৫ ॥

বকুলা—সাহু মন্তেসি। (ইতি মূর্চ্ছিতামেব রাধামঙ্কীকৃত্য নিষ্ক্রান্তা) ॥ ১১৬ ॥

নববৃন্দেতি। স্তিমিতাক্ষঃ। স্তম্ভং জড়ীভাবং। ১১১।

শ্রীরাধেতি। হা ধিক্ হা ধিক্! স্বাভাবিকং ধর্মং গতা প্রতিমা। ১১২।

(নেপথ্যে ময়ূরাণাং মিশ্রিতো ধ্বনিঃ।) । ১১৩।

বকুলেতি। নববৃন্দে! কথমেব সশঙ্কং বিক্রোশতাং কলাপিনাং ময়ূরাণাং কলাপঃ সমূহঃ বিদ্রবতি। ১১৪।

নববৃন্দেতি। সশঙ্কিতো মরালকুলস্যোৎকর্ষো যৈঃ, অপসার্য্যতাং স্থানান্তরম্ নীয়তাম্। ১১৫।

বকুলেতি। সাধু মন্ত্রয়সি। ১১৬।

নববৃন্দা। (মনে মনে) শ্রীকৃষ্ণ শ্রীরাধার অঙ্গস্পর্শ পেয়ে সুখ অনুভব করে সজলনয়নে পিছনের কদম গাছটিকে অবলম্বন করছেন কেন ? ॥ ১১১ ॥

শ্রীরাধা। হায়, হায়! প্রতিমা যে স্বাভাবিক হয়ে উঠল দেখছি!

(এই বলে মূর্চ্ছিত হয়ে পড়লেন।) ॥ ১১২ ॥

(নেপথ্যে ময়ূরের ধ্বনি।) ॥ ১১৩ ॥

বকুলা। (সবেগে ছুটে এসে) নববৃন্দে! এই ময়ূরেরা ভয় পেয়ে—শব্দ করতে করতে পালিয়ে যাচ্ছে কেন ? ॥ ১১৪ ॥

নববৃন্দা। আমার মনে হচ্ছে নিশ্চয়ই বিদর্ভরাজকন্যা বৃন্দাবনে প্রবেশ করেছেন—তাই তাঁর পরিজনগণের নূপুরধ্বনিতে হংসকুলের ধ্বনি মনে করে এবং তার উৎকর্ষ ভেবে ময়ূরেরা ভয় পেয়ে পালিয়ে যাচ্ছে—তুমি তাই এখান থেকে তাড়াতাড়ি সত্যভামাকে নিয়ে যাও ॥ ১১৫ ॥

বকুলা। ভাল যুক্তি করেছ।

(এই বলে মূর্চ্ছিতা শ্রীরাধাকে নিয়ে প্রস্থান।) ॥ ১১৬ ॥

মধুমঙ্গলঃ—(নিকুঞ্জান্নিঃসৃত্য)—অচ্চরিঅং অচ্চরিঅং ! ভো পিঅবঅস্স ! সচ্চং চ্চেঅ পড়িমারূবোসি । ॥ ১১৭ ॥

শ্রীকৃষ্ণঃ—(পুরো দৃষ্টিং প্রক্ষিপন্) হন্ত হন্ত ! কথং লীনা বভূব সত্যস্বাষ্ট্রী শিল্পমায়া ? (ইতি চমৎকারমভিনীয়) নববৃন্দে ! ভূয়োঽপি কিমিয়ং প্রস্তোতুং শক্যতে জগদ্বিস্মাপিনী কাপি মায়া ? ॥ ১১৮ ॥

নববৃন্দা—অথকিম্ । ॥ ১১৯ ॥

শ্রীকৃষ্ণঃ—(সোৎকণ্ঠম্)—সখি ! তূর্ণমুপনীয়তাম্ । ॥ ১২০ ॥

নববৃন্দা—দেব ! যতোঽহং বিদ্রবন্তী চক্রবাকীব বিভেমি, সেয়ং সন্নিকৃষ্টা দেবী চন্দ্রিকা (ইতি নিষ্ক্রান্তা ।) ॥ ১২১ ॥

মধুমঙ্গল ইতি । আশ্চর্যং আশ্চর্য্যম্ । ভো প্রিয়বয়স্য ! সত্যমেব প্রতিমারূপোঽসি । ১১৭ ।
শ্রীকৃষ্ণ ইতি । ত্বাষ্ট্রী ত্বষ্টুর্বিশ্বকর্মণ ইয়ং শিল্পমায়া শিল্পেণ চাতুর্য্যেণ মায়াময়ত্বান্মায়া রাধেত্যর্থঃ
নববৃন্দে ! প্রস্তোতুং সাক্ষাৎকর্ত্তুম্ । ১১৮ ।
নববৃন্দেতি । যতোঽহং বিদ্রবন্তী সেয়ং দেবী চন্দ্রিকেত্যন্বয়ঃ । ১২১ ।

মধুমঙ্গল । (নিকুঞ্জ থেকে বার হয়ে) আশ্চর্য্য, আশ্চর্য্য । হে প্রিয়বয়স্য ! সত্যি সত্যি যে তুমি প্রতিমার মত হলে ॥ ১১৭ ॥

শ্রীকৃষ্ণ । (সামনের দিকে চেয়ে) হায়, হায় ! বিশ্বকর্মার শিল্পমায়া লুকিয়ে পড়ল কেন ?

(এই বলে বিস্ময় প্রকাশ করে ।)

নববৃন্দে ! পুনরায় কি এই রকম অসাধারণ জগৎমুগ্ধকারিণী মায়া তৈরী করতে পারবে ? ॥ ১১৮ ॥

নববৃন্দা । হ্যাঁ—তা পারি বইকি ॥ ১১৯ ॥

শ্রীকৃষ্ণ । (উৎকণ্ঠার সঙ্গে) সখি ! তাড়াতাড়ি নিয়ে এস ॥ ১২০ ॥

নববৃন্দা । দেব ! যাঁর কাছ থেকে আমি চক্রবাকীর মত ভীতা হয়ে পলায়ন করছি ঐ দেখুন সেই দেবী চন্দ্রাবলী কাছে এসে উপস্থিত হলেন ।

(এই বলে প্রস্থান ।) ॥ ১২১ ॥

(ততঃ প্রবিশতি সহপরিজনা চন্দ্রাবলী।) ॥ ১২২ ॥

চন্দ্রাবলী- হলা মাহবি! বিরহিণীএ বহিণীএ রাহিএ সোআণলো অজ্জবি মে ণ ণিব্বাদি। ॥ ১২৩ ॥

মাধবী – ভট্টিদারিএ! পইদিসিণিদ্ধাসি, কধং ণিব্বাদু? ॥ ১২৪ ॥

চন্দ্রাবলী—সহি! অজ্জ অজ্জউত্তেণ 'হা রাহি হা রাহি' ত্তি সব্বং চ্চেঅ রত্তিং সিবিণাইদং। ॥ ১২৫ ॥

মাধবী—ণূণং সিবিণদংসণবিক্খোহিদং অত্তাণঅং বিণোদেদুং এসো বুন্দাঅণং পইট্ঠো। ॥ ১২৬ ॥

চন্দ্রাবলী—সচ্চং ভণাসি। ॥ ১২৭ ॥

মাধবী—পেক্খ, ভট্টিদারিএ! অগ্গদো ণিউঞ্জে ভট্টা। ॥ ১২৮ ॥

চন্দ্রাবলী—(সাচি সমীক্ষ্য) হলা! জং বুন্দাঅণেবি এসো উপ্ফুল্লাআরো বিলোঈঅদি, তা তক্কেমি, অউরুব্বং কিংপি রসন্তরং লদ্ধো। ॥ ১২৯ ॥

মাধবী—(নিভাল্য) ভট্টিদারিএ! ফুডং সঙ্গদা সা হারিণী সচ্চভামা। ॥ ১৩০ ॥

চন্দ্রাবলীতি। সখি মাধবি! ভগিন্যা রাধায়াঃ শোকানলোঽদ্যাপি মে ন নির্ব্বাতি। ১২৩।

মাধবীতি। ভর্ত্তৃদারিকে! প্রকৃতিস্নিগ্ধাসি, কথং নির্ব্বাতু। ১২৪।

চন্দ্রাবলীতি। সখি! অদ্য আর্য্যপুত্রেণ হা রাধা হা রাধা ইতি সর্ব্বামেব রাত্রিং স্বপ্নায়িতম্। ১২৫।

মাধবীতি। নূনং স্বপ্নদর্শনবিক্ষোভিতমাত্মানং বিনোদয়িতুং এষ বৃন্দাবনং প্রবিষ্টঃ। ১২৬।

চন্দ্রাবলীতি। সত্যং ভণসি। ১২৭।

মাধবীতি। পশ্য ভর্ত্তৃদারিকে! অগ্রতো নিকুঞ্জভর্ত্তা। ১২৮।

চন্দ্রাবলীতি। সখি! বৃন্দাবনেঽপি এষ উৎফুল্লাকারো বিলোক্যতে, তৎ তর্কয়ামি অপূর্ব্বং কিমপি রসান্তরং লব্ধম্। ১২৯।

মাধবীতি। ভর্ত্তৃদারিকে! স্ফুটং সঙ্গতা সেতি পদদ্বয়ম্। সঙ্গতা সা লব্ধা সেতি পদৈক্যং বা। রাজেন্দ্রেণ সঙ্গতেত্যর্থঃ। হারিণী হারযুক্তা মনোহারিণী বা। অসাধারণীতি বাস্তবার্থঃ। ১৩০।

(অনন্তর সপরিকরে চন্দ্রাবলীর প্রবেশ।) ॥ ১২২ ॥

চন্দ্রাবলী। সখি মাধবি! আজও আমার ভগিনী শ্রীরাধার শোকানল নির্ব্বাপিত হল না ॥১২৩॥

মাধবী। রাজকুমারি! তুমি বড় কোমলস্বভাবা—তুমি কেমন করে নির্ব্বাপন করবে ॥ ১২৪ ॥

চন্দ্রাবলী। সখি! আজ আর্য্যপুত্র হা রাধা হা রাধা বলে সমস্ত রাত্রি স্বপ্ন দেখেছেন ॥ ১২৫ ॥

মাধবী। নিশ্চয় মনে হচ্ছে স্বপ্নবিক্ষুব্ধ নিজের চিত্তকে আনন্দ দেবার জন্য বৃন্দাবনে প্রবেশ করছেন ॥ ১২৬ ॥

চন্দ্রাবলী। ঠিক বলেছ ॥ ১২৭ ॥

মাধবী। রাজকন্যে! ঐ দেখ, সামনে নিকুঞ্জপতি রয়েছেন ॥ ১২৮ ॥

চন্দ্রাবলী। (বক্রিম দৃষ্টিতে দেখে) সখি! বৃন্দাবনে যখন শ্রীকৃষ্ণকে আনন্দিত অবস্থায় দেখছি তখন মনে হয় ইনি কোন অপূর্ব্ব রসাস্বাদন পেয়েছেন ॥ ১২৯ ॥

মাধবী। রাজকন্যে! নিশ্চয়ই সেই অতুলনীয়া সত্যভামা রাজেন্দ্রের সঙ্গে মিলিতা হয়েছেন ॥ ১৩০ ॥

চন্দ্রাবলী—সহি ! সচ্চং সচ্চং, জং ইমস্স অঙ্গে সো জেব্ব মএ পেসিদো দিব্ব-পরিচ্ছও ; তা গচ্ছুঅ তত্তং জাণিস্সং। (ইত্যুপসৃত্য) জঅতু জঅতু অজ্জউত্তো। ॥ ১৩১ ॥

শ্রীকৃষ্ণঃ—(সাবহিত্থম্) প্রিয়ে ! দিষ্ট্যাদ্য সময়ে বৃন্দাবনমুপলব্ধাসি। ॥ ১৩২ ॥

চন্দ্রাবলী—(কৃষ্ণং পশ্যন্তী সাশ্চর্য্যমপবার্য্য সংস্কৃতেন)—

স্ফুরতি মধুরিমোর্ম্মিঃ স্ফারমারণ্যবেশং, কমপি জগদপূর্ব্বং বিভ্রতো মাধবস্য।
কলয়তি সখি তৃপ্তিং নেদমীর্ষ্যাভুজঙ্গী, কবলিতমপি যত্র প্রেক্ষ্যমাণে মনো মে !
(ইতি স্মিতং কৃত্বা) দেঅ ! ণবীণপণইণী-সঙ্গমমহূসবেণ দিট্ঠিআ পপ্ফুরসি। ॥ ১৩৩ ॥

চন্দ্রাবলীতি। সখি ! সত্যং সত্যং, যদস্য অঙ্গে স এব ময়া প্রেষিতো দিব্যঃ পরিচ্ছদঃ, তদ্গত্বা তত্ত্বং জ্ঞাস্যামি। জয়তু জয়তু আর্য্যপুত্রঃ ! ১৩১।

চন্দ্রাবলীতি। স্ফুরতীতি। যত্র মধুরিমোর্ম্মৌ প্রেক্ষ্যমাণে সতি মে মন ঈর্ষাভুজঙ্গীকবলিতমপি তৃপ্তিং ন কলয়তি ন প্রাপ্নোতীত্যন্বয়ঃ ॥ দেব ! নবীনপ্রণয়িনীসঙ্গমমহোৎসবেন দিষ্ট্যা প্রস্ফুরয়সি। ১৩৩।

চন্দ্রাবলী। সখি ! হ্যাঁ ঠিক বলেছ। কারণ আমি যে দিব্য পোষাক পাঠিয়েছিলাম সেইটিই এঁর অঙ্গে দেখতে পাচ্ছি—যাই, কাছে গিয়ে সব খবর জিজ্ঞাসা করি।

(এই বলে কাছে গিয়ে)

আর্য্যপুত্রের জয় হোক্ জয় হোক্ ॥ ১৩১ ॥

শ্রীকৃষ্ণ। (ভাব গোপন করে) প্রিয়ে বড়ই সৌভাগ্যের বিষয় আজ ঠিক সময়ে বৃন্দাবনে এসে উপস্থিত হয়েছ ॥ ১৩২ ॥

চন্দ্রাবলী। (শ্রীকৃষ্ণকে দেখে বিস্মিত হয়ে কাণে সংস্কৃতভাষায়)

সখি ! জগতের মধ্যে অতি অপূর্ব্ব বিস্তীর্ণ বন্যবেশধারী মাধবের মাধুর্য্যরাশি বিরাজ করছে কিন্তু ঐ মাধুর্য্যতরঙ্গ নয়নে দর্শন করলেও ঈর্ষা ভুজঙ্গ আমার যে মনকে কবলিত করেছে—সেই মন আমার কোন রকমেই তৃপ্তি লাভ করতে পারছে না।

(এই বলে হেসে)

দেব ! বড়ই সৌভাগ্যের বিষয় আপনি নূতন প্রিয়ার সঙ্গে পরমানন্দে বিরাজ করছেন ॥ ১৩৩ ॥

শ্রীকৃষ্ণঃ—(বিহস্য)—প্রিয়ে ! প্রাচীনপ্রণয়িনীতি ভণ্যতাম্ । ১৩৪ ।

চন্দ্রাবলী—(সশঙ্কম্) কা খু পাঈণ-পণইণী ? । ১৩৫ ।

শ্রীকৃষ্ণঃ—প্রিয়ে ! মা কুরু শঙ্কাম্ ; বৃন্দাটবী-লতালিরেব, নাপরা । ১৩৬ ।

মাধবী—সচ্চং ভণাদি ভট্টা, জং বুন্দাঅণকপ্পলদাএ উবণীদা এসা মালা । ১৩৭ ।

শ্রীকৃষ্ণঃ—মাধবি ! মা মুধা শঙ্কা-কলঙ্কেন কিলাঙ্কয় বিশুদ্ধাং চন্দ্রাবলীম্, যদিয়ং মালা মধুমঙ্গল-কলাকৌশল-সাক্ষাৎকৃতিঃ । ১৩৮ ।

চন্দ্রাবলী—(সাকূত-স্মিতম্) অজ্জ মহুমঙ্গল ! এদং কোসুম্ভং অম্বরং বি তুম্হ কলাকোসলম্ । ১৩৯ ।

শ্রীকৃষ্ণঃ—(স্বগতম্) নূনং দেব্যা দৃষ্টপূর্ব্বোঽয়ং পরিচ্ছদঃ । (প্রকাশম্) দেবি ! বনদেব্যা মমেদমুপহারীকৃতম্ । ১৪০ ।

শ্রীকৃষ্ণ ইতি । চন্দ্রাবল্যাং শ্রীসত্যভামাং বিভাব্য নবীনপ্রণয়িনীত্যুক্তং শ্রীকৃষ্ণেন তু বৃন্দাটবীলতালিং বিভাব্য প্রাচীনপ্রণয়িনীতি ভণ্যতাম্ । ১৩৪ ।

চন্দ্রাবলীতি । কা খলু প্রাচীনপ্রণয়িনী । ১৩৫ ।

মাধবীতি । সত্যং ভণতি ভর্ত্তা । যৎ বৃন্দাবন-কল্পলতয়া উপনীতা এষা মালা । ১৩৭ ।

শ্রীকৃষ্ণ ইতি । মধুমঙ্গলস্য যৎ কৌশলং, তেন সাক্ষাৎ ক্রিয়তে যা সা কর্মণি ক্তিঃ । ১৩৮ ।

চন্দ্রাবলীতি । আর্য্য মধুমঙ্গল ! এতৎ কৌসুম্ভং অম্বরমপি তব কলাকৌশলং আয়ুর্ঘৃতমিতিবৎ কার্য্যকারণয়োরভেদঃ । ১৩৯ ।

শ্রীকৃষ্ণ ইতি । বনদেব্যা নববৃন্দয়া, পক্ষে বনস্য দেব্যা । ১৪০ ।

শ্রীকৃষ্ণ । (হেসে) প্রিয়ে ! পুরাণ প্রণয়িনী এই কথাই বল । ১৩৪ ।

চন্দ্রাবলী । (শঙ্কার সঙ্গে) পুরাণ প্রণয়িনী কে ? । ১৩৫ ।

শ্রীকৃষ্ণ । প্রিয়ে ! অন্য রকম কিছু মনে কর না—এরা বৃন্দাবনের লতাশ্রেণী ছাড়া অন্য আর কেউ নয় । ১৩৬ ।

মাধবী । ভর্ত্তা ঠিক কথাই বলেছেন—কারণ বৃন্দাবনের কল্পলতা এই মালা দিয়েছে । ১৩৭ ।

শ্রীকৃষ্ণ । মাধবি । শুদ্ধা চন্দ্রাবলীকে মিছামিছি কলঙ্ক লিপ্তা কর না কেননা এই মধুমঙ্গলের কৌশলে দেখাশুনা হয়েছে । ১৩৮ ।

চন্দ্রাবলী । (অভিলাষের সঙ্গে হেসে) আর্য্য মধুমঙ্গল ! এই কৌসুম্ভ বস্ত্র কি তোমার কলাকৌশল ? । ১৩৯ ।

শ্রীকৃষ্ণ । (মনে মনে) নিশ্চয় মনে হচ্ছে, দেবী এই পরিচ্ছদ পূর্ব্বে দেখেছেন ।

(প্রকাশ্যে)

দেবি ! বনদেবী আমাকে এটি উপহার দিয়েছেন । ১৪০ ।

মাধবী—দেঅ ! অণুজাণীহি, এসা ঘরদেঈ ঘরং গচ্ছদু। ১৪১।

শ্রীকৃষ্ণঃ—দেবি ! নেমাং শ্রদ্ধেহি মাধবীয়ামলীকবাচম্। ১৪২।

চন্দ্রাবলী—মাহবি ! সহীএ সরস্সঈএ গহিদপক্খম্হি সংবুত্তা ১৪৩।

শ্রীকৃষ্ণঃ—(স্বগতম্) কথং স্বগিরৈব নিগৃহীতোঽস্মি দেব্যা ? ১৪৪।

চন্দ্রাবলী—কণহ ! (ইত্যর্দ্ধোক্তে সলজ্জম্) অজ্জউত্ত। ১৪৫।

শ্রীকৃষ্ণঃ—(সানন্দস্মিতম্) প্রিয়ে ! দিষ্ট্যা সুধাধারাং পায়িতোঽস্মি ; তদলং আর্য্যপুত্রেতি কৃপাম্বুনা। ১৪৬।

চন্দ্রাবলী—অজ্জউত্ত ! ণ কৃখু অহং অণহিণ্ণা জং তুহ্ম সোক্খহেতুএণ কেলিপবন্ধেণ খিজ্জিস্সং। ১৪৭।

শ্রীকৃষ্ণঃ— ত্বদঙ্গসঙ্গতৈরেভিস্তপ্তোঽস্মি মিহিরাতপৈঃ।
বিন্দন্তী চন্দনচ্ছায়াং মাং দেবি শিশিরীকুরু ॥ ৩৭। ১৪৮।

মাধবীতি। দেব ! অনুজানীহি এষা গৃহদেবী গৃহং গচ্ছতু। ১৪১।

শ্রীকৃষ্ণ ইতি। মাধবীয়ামিতি মাধব্যা ইয়মিতি নিরুক্তির্মাধবস্যেয়মিতি বোধয়তি। ১৪২।

চন্দ্রাবলীতি। সখ্যাঃ সরস্বত্যা গৃহীতপক্ষাস্মি সংবৃত্তা। ১৪৩।

শ্রীকৃষ্ণ ইতি। স্বগিরা মাধবীয়ামিত্যাকারয়া। ১৪৪।

চন্দ্রাবলীতি। কৃষ্ণ ! (ইত্যর্দ্ধোক্তে) আর্য্যপুত্র আর্য্যপুত্র ! ১৪৫।

চন্দ্রাবলীতি। আর্য্যপুত্র ! ন খলু অহং অনভিজ্ঞা, যৎ তব সৌখ্যহেতুনা কেলিপ্রবন্ধেন খেদিষ্যে। ১৪৭।

শ্রীকৃষ্ণ ইতি। রৌদ্রস্থিতাং চন্দ্রাবলীং প্রতি শ্রীকৃষ্ণবাক্যম্। ১৪৮।

মাধবী। দেব ! আদেশ করুন, এই গৃহদেবী গৃহে গমণ করুন। ১৪১।

শ্রীকৃষ্ণ। দেবি ! মাধবীর মিথ্যাকথায় বিশ্বাস কর না। ১৪২।

চন্দ্রাবলী। মাধবি ! সখী সরস্বতী আমার পক্ষ অবলম্বন করেছেন--অর্থাৎ মাধবী শব্দের দুটি অর্থ—মাধবী সখী এবং তার সম্বন্ধে বাণী, আর অন্যপক্ষে মাধব ও তার সম্বন্ধে বাণী। ১৪৩।

শ্রীকৃষ্ণ। (মনে মনে) আমি নিজের কথাতেই দেবীর দ্বারা নিগৃহীত হলাম। ১৪৪।

চন্দ্রাবলী। কৃষ্ণ ! (এই আধখানা বলবার পরেই লজ্জা প্রকাশ করে) আর্য্যপুত্র ! আর্য্যপুত্র !। ১৪৫।

শ্রীকৃষ্ণ। (সানন্দে হেসে) প্রিয়ে ! আজ আমার বড়ই সৌভাগ্য—তুমি আমাকে অমৃত-ধারায় তৃপ্ত করলে—আর্য্যপুত্র সম্বোধন করে আর কূপোদক পান করিও না। ১৪৬।

চন্দ্রাবলী। আর্য্যপুত্র ! আমি তেমন মূর্খ নই যে আপনার সুখের জন্য কেলিপ্রবন্ধে অর্থাৎ বিলাসবিষয়ে দুঃখ করব ?। ১৪৭।

শ্রীকৃষ্ণ। রৌদ্রতপ্তা চন্দ্রাবলীকে বললেন—দেবি, তোমার অঙ্গে সূর্য্যের তাপ লাগছে—তাতে আমি সন্তপ্ত হচ্ছি—তুমি তাড়াতাড়ি চন্দনতরুর ছায়ায় গিয়ে আমাকে শীতল কর। ১৪৮।

মাধবী—দেঅ ! কঠোরপ্পা এসা ভট্টিদারিআ সুট্ঠু তাবং সোঢুং পারেদি, জং তুম্হ পচ্চক্খং চ্চেঅ চন্দভাআমন্দিরে জলন্তং জলণকুণ্ডং জলকেলিকুণ্ডং বিণ্ণাদবদী। ১৪৯।

শ্রীকৃষ্ণঃ—(স্বগতম্) মাধবি ! সাধু সাধু, যদত্র স্নেহাতিরেকং সূচয়ন্তী সময়ে সখ্যসেবাং বিতনোষি। ১৫০।

চন্দ্রাবলী—অজ্জউত্ত ! অত্তণো হিঅঅঙ্গমেণ পণইণা জণেণ সমং সচ্ছন্দং বিহরেহি, এসাহং অন্তেউরে পবিসামি।

(ইতি সপরিবারা নিষ্ক্রান্তা) ১৫১

শ্রীকৃষ্ণঃ—সখে ! সুষ্ঠু কষ্টমাপতিতম্, যদত্র দেবী রুষ্টা। ১৫২।

মধুমঙ্গলঃ—মা এব্বং ভণ, জং দেঈত্র রোসস্স পদং কিংপি ণ লক্খিদং। ১৫৩।

মাধবীতি। দেব! কঠোরাত্মা এষা ভর্তৃদারিকা সুষ্ঠুতাপং সোঢুং পারয়তি, যৎ তব প্রত্যক্ষমেব চন্দ্রভাগামন্দিরে জ্বলন্তং জ্বলনকুণ্ডং জলকেলিকুণ্ডং বিজ্ঞাতবতী। ১৪৯।

শ্রীকৃষ্ণ ইতি। অত্র দেব্যাম্। ১৫০।

চন্দ্রাবলীতি। আর্য্যপুত্র! আত্মনো হৃদয়ঙ্গমেন প্রণয়িনা জনেন সমং স্বচ্ছন্দং বিহর, এষা অহং অন্তঃপুরে প্রবিশামি। ১৫১।

মধুমঙ্গল ইতি। মা এবং ভণ, যৎ দেব্যাঃ রোষস্য পদং কিমপি ন লক্ষিতম্। ১৫৩।

মাধবী। দেব! এই রাজকুমারীর হৃদয় অতি কঠোর তাই অত্যন্ত তাপও ইনি সহ্য করতে পারেন। কারণ আপনি তো নিজেই দেখেছেন-কুণ্ডিননগরে চন্দ্রভাগার মন্দিরে জ্বলন্ত অগ্নিকুণ্ডকে ইনি জলকেলিকুণ্ড বলে মনে করেছিলেন। ১৪৯।

শ্রীকৃষ্ণ। (মনে মনে) মাধবি ! সাধু সাধু ! কারণ তুমি স্নেহ প্রকাশ করে ঠিক সময়ে দেবীর সমীর সেবা কাজ করেছ। ১৫০।

চন্দ্রাবলী। আর্য্যপুত্র! আপনি নিজের প্রাণের প্রণয়িজনের সঙ্গে স্বচ্ছন্দে আনন্দে বিহার করুন—এই আমি অন্তঃপুরে যাচ্ছি।

(এই বলে পরিবারের সঙ্গে প্রস্থান)। ১৫১।

শ্রীকৃষ্ণ। সখে ! বিষম কষ্ট হয়েছে –কারণ আজ দেবী রুষ্টা হয়েছেন। ১৫২।

মধুমঙ্গল। এ কথা বলো না—দেবীর ক্রোধের তো কোন চিহ্নই প্রকাশ পাচ্ছে না। ১৫৩।

শ্রীকৃষ্ণঃ—সখে ! গূঢ়রোষা হি মনস্বিন্যঃ। তথা হি—

উদ্ধৃতা স্মিতকৌমুদী ন মধুরা বক্ত্রেন্দুবিম্বাত্তয়া
মৃদ্বীনাং ন নিরাকৃতা নিজগিরাং মাধুর্য্যলক্ষ্মীরপি।
কোষ্ণৈরস্য দুরাবরৈরিহ মনোগূঢ়ব্যথাশংসিভিঃ
শ্বাসৈরেব দরোদ্ধুতস্তনপটৈস্তস্যা রুষঃ কীর্ত্তিতাঃ॥

তদদ্য দেবীপ্রসাদনমেব নিজাভীষ্টসাধনম্। (ইতি নিষ্ক্রান্তৌ।)। ১৫৪।

(ইতি নিষ্ক্রান্তাঃ সর্ব্বে।) ১৫৫

ইতি শ্রীশ্রীললিতমাধবনাটকে নববৃন্দাবনসঙ্গমো
নাম সপ্তমোঽঙ্কঃ॥

—০—

শ্রীকৃষ্ণ ইতি। মনস্বিন্যঃ প্রশস্তমনসঃ। ১৫৪।

তথাহি। উদ্ধৃতা ন দূরীকৃতা। তয়া দেব্যা গূঢ়ং বক্তুমিচ্ছুভিঃ। ১৫৫।

ইতি শ্রীললিতমাধবনাটকে সপ্তমোঽঙ্কঃ॥

—০—

শ্রীকৃষ্ণ। সখে! বুদ্ধিমতী ধীরা নায়িকাদের ক্রোধ অত্যন্ত গোপনীয়—অর্থাৎ সেটি সহজে ধরা যায় না।

যথা—

সখে ! এখনও দেবীর বদনচন্দ্রমা থেকে মধুময় হাস্যচন্দ্রিমা দূর হয় নি, নিজের মৃদু বাক্যের মাধুর্য্য এতটুকু ম্লান হয় নি—আর অন্তরের গোপন ব্যথার ফলে যে বাইরে শ্বাস বইছে তার দ্বারা উচ্চ স্তনতটের কাঁচুলি একটু একটু কম্পিত হচ্ছে—এতে বুঝা যাচ্ছে তাঁর অন্তরে ক্রোধ আছে।

তাই আজ দেবীকে প্রসন্ন করাই আমার প্রধাণ কর্ত্তব্য।

(এই বলে দুজনের প্রস্থান)। ১৫৪।

(তারপর সকলের প্রস্থান)। ১৫৫।

ইতি শ্রীললিতমাধবনাটকে বঙ্গানুবাদে নববৃন্দাবন নাম সপ্তম অঙ্ক।

—০—

অষ্টমোঽঙ্কঃ

(ততঃ প্রবিশতি নববৃন্দয়ানুগম্যমানো বিশ্বকর্মা) ১

বিশ্বকর্মা— দ্বারাধিপায় কলিতাঞ্জলিভিঃ সুরেন্দ্রৈ
রন্তর্বিবিক্ষুভিরবাপ্তবহিঃপ্রকোষ্ঠা।
চিত্তং হরত্যবসরে প্রতিহার্য্যমাণ—
রাজীবসম্ভবহরাদ্য হরেঃ পুরীয়ম্ (১)

(পার্শ্বতো বিলোক্য) বৎসে! অপি নাম গতঃ পুরুষোত্তমে সত্যায়াঃ প্রতিমেতি বিচিত্রো ভ্রমঃ, তস্যাপি তস্যাং মদীয়মায়েতি ? (স্মিতং কৃত্বা) অথবা ভ্রম এব স ন ভবেৎ, যদ্বৈশ্লেষিকানুরাগামৃত-বিভ্রমোঽয়ম্। ২।

অষ্টমোঽঙ্কঃ

বিশ্বকর্মা ইতি। দ্বারাধিপায় দ্বারপালায়। অন্তর্বিবিক্ষুভিঃ অন্তঃপুরং প্রবেষ্টুমিচ্ছদ্ভিঃ। অবসরে প্রতিহার্য্যমাণৌ প্রতিহারেণ দ্বারিণা প্রবেশ্যমাণৌ ব্রহ্মা হরশ্চ যত্র সা। প্রতিহারো দ্বারপাল ইত্যমরঃ (১)

বৎসে! পুরুষোত্তমে কৃষ্ণে সত্যভামায়াঃ প্রতিমা হতি ভ্রমো গতঃ কিম্। অথবেতি। স ভ্রমঃ। বিশ্লেষো বিচ্ছেদঃ। বৈশ্লেষিকোঽনুরাগ এবামৃতং তস্য বিভ্রমো বিলাসঃ। ২।

অষ্টমোঽঙ্কঃ

(তারপর নববৃন্দার সঙ্গে অনুগম্যমান বিশ্বকর্মার প্রবেশ)। ১।

বিশ্বকর্মা। আহা! দেবরাজ ইন্দ্র প্রভৃতি দেবতা যাঁর অন্তঃপুরে প্রবেশ করবার ইচ্ছা করে দ্বারপালের কাছে করজোড়ে প্রার্থনা জানান কিন্তু তবু ভিতরে প্রবেশ করতে পারেন না—বাইরের প্রকোষ্ঠে অবস্থান করেন—ব্রহ্মা এবং শিবও অবসর বুঝে যেখানে প্রবেশ করেন—শ্রীহরির এই সেই দ্বারকাপুরীর শোভা আজ আমার চিত্ত আকর্ষণ করতে লাগল।

(পাশের দিকে তাকিয়ে)

বাছা! পুরুষোত্তম শ্রীকৃষ্ণে "সত্যভামার এই প্রতিমা" এই বলে যে ভুল হয়েছিল—সে খবর কি জান? এ আমারই মায়া।

(এই বলে হেসে)

অথবা এটি ভ্রম না হতেও পারে—কারণ ইহা বিরহরূপ অনুরাগামৃতের বিলাস স্বরূপ। ২।

নববৃন্দা—আর্য্য ! মন্ত্রিরাজেন কৌশলতঃ শ্রাবিতরহস্যয়োরেতয়োর্বিভ্রম এব সম্ভ্রমভূমানমবাপ, তেন চ রাধিকাসঙ্গমকামস্তামরসাক্ষঃ শুদ্ধান্তর্মণ্ডলে কুণ্ডিনেন্দ্রনন্দিনীং প্রসাদ্যানন্দয়ন্নব্রবীৎ,—'দেবি ! ত্রিলোকীকক্ষাসু কিং তবাভীষ্টম্, তদভিব্যজ্য নিজনিদেশভাজনং মন্যমানতয়ৈব পর্য্যাপ্ত সমস্তনিঃশ্রেয়সে প্রেয়সি বিধেহি প্রসাদমাধুরীম্।' ৩।

বিশ্বকর্মা—ততস্ততঃ ? ৪।

নববৃন্দা—ততশ্চ দেবীহৃদয়জ্ঞা মাধবী প্রাহ—'দেব ! তৎ কিং নাম ভুবনে, যদদ্ভুতং বস্তু মহাবরোধনে কিলাত্র নাস্তি ? কিন্তু গগনে গচ্ছতো মরালস্য চঞ্চুপুটাদিদমদৃষ্টচরমরবিন্দং বিভ্রষ্টম্, তদ্দামগুম্ফন কাময়মভুদ্ভর্ত্তৃদারিকা।' ইতি। ৫।

বিশ্বকর্মা—বৎসে ! আং জানে, সুরসৌগন্ধিকং নাম তৎ পঙ্কজমাহর্ত্তুং মন্মুখাদেব গৃহীতোদ্দেশঃ পুণ্ডরীকাক্ষঃ খাণ্ডবপ্রস্থং প্রতস্থে। ৬।

নববৃন্দা। মন্ত্রিরাজেন উদ্ধবেন। শ্রাবিতং রহস্যং যয়োস্তয়োঃ সত্যভামা-কৃষ্ণয়োঃ। সম্ভ্রম-ভূমানমৌৎসুক্যাতিশয়ং, তেন সম্ভ্রম-ভূম্না। শুদ্ধান্তর্মণ্ডলে অন্তঃপুরে॥ পর্য্যাপ্ত-সমস্তনিঃশ্রেয়সে পর্য্যাপ্তং সমস্তং নিঃশ্রেয়সং যেন তস্মিন্। ৩।

নববৃন্দেতি। প্রাকৃত্যোক্তং মাধবীবচনং সংস্কৃত্যাহ, দেব ! গুম্ফনকামা তেষাং সমূহমানয়েতি ভাবঃ। ৫।

নববৃন্দা। আর্য্য ! মন্ত্রিপ্রবর উদ্ধবের কৌশলে শ্রীকৃষ্ণ ও সত্যভামা এই দুইজনের রহস্য শ্রবণ করে বিলাস বিষয়ে ঔৎসুক্য জন্মেছে, যে ঔৎসুক্যবশে শ্রীরাধাসঙ্গমকামী কমলনয়ন শ্রীকৃষ্ণ রাজ-অন্তঃপুরে বিদর্ভরাজনন্দিনীকে প্রসন্না করে আনন্দের সঙ্গে বললেন—দেবি ! এই ত্রিভুবনে তোমার অভিলষিত বস্তু কি ? সেটি প্রকাশ করে নিজ আজ্ঞাবহ মনে করে যাতে সমস্ত কল্যাণ পর্যাপ্তরূপে আছে এমন প্রিয়জনে অনুগ্রহ প্রকাশ কর। ৩।

বিশ্বকর্মা। তারপর—তারপর ? ৪।

নববৃন্দা। তারপর দেবীর হৃদয়ের ভাব জেনে মাধবী বলেছিলেন—দেব ! ত্রিজগতে এমন কি আশ্চর্য্য বস্তু আছে যে যা এই রাজঅন্তঃপুরে নেই—কিন্তু আকাশচারী হাঁসের চঞ্চুপুট থেকে এই একটি অপূর্ব্ব কমল পড়ে গেছে—রাজকন্যা সেই পদ্মগুলি দিয়ে মালা গাঁথতে ইচ্ছা করেছেন—তাই তারজন্য বহু পদ্ম এনে দিন। ৫।

বিশ্বকর্মা। বাছা, মনে পড়েছে বটে—আমি তো তা জানি—আমার কাছে সংবাদ পেয়েই দেবগন্ধি এই পদ্ম আহরণের জন্য শ্রীকৃষ্ণ খাণ্ডব প্রস্থে গিয়েছিলেন। ৬।

নববৃন্দা—তৎ পঙ্কজবৃন্দমাহৃত্য মধুমঙ্গলহস্তেন মাধব্যামাধায় চ মাধবশ্ছদ্মনা দেবীমনুজ্ঞাপয়িতুং সংপ্রত্যবরোধং সাধয়তি। ৭।

বিশ্বকর্মা—ত্বং কুত্র সাধয়সি ? ৮।

নববৃন্দা—ভবতাং সকাশে। ৯।

বিশ্বকর্মা—কিমিতি ? ১০।

নববৃন্দা—ভবদদ্ভুতবিদ্যাবিদগ্ধতাপ্রসিদ্ধিমবধার্য্য সৌভাগ্যসুখসদ্‌গুণাধায়কং সুরনায়কপুরেঽপ্যনির্ম্মিত-পূর্ব্বমপূর্ব্বনেপথ্যসাধনং প্রসাধনং দেব্যা যদভ্যর্থিতম্, তন্নিরবাহি কিমার্য্যেণ ? ১১।

বিশ্বকর্মা—ন কেবলং দেব্যা এব নির্ব্বাহিতম্ কিন্তু সত্যায়াশ্চ। ১২।

নববৃন্দা—আর্য্য ! দুর্ম্মনায়িষ্যতে দেবী। ১৩।

নববৃন্দেতি। আধায় সমর্প্য। ৭।

নববৃন্দেতি। অবধার্য্য শ্রুত্বা। ১১।

নববৃন্দেতি। প্রসাধনং ভূষণং। ১১।

নববৃন্দা। মাধব ঐ পদ্ম আহরণ করে মধুমঙ্গলের হাত দিয়ে মাধবীকে সমর্পণ করে ছল করে দেবীর আদেশ নেবার জন্য এখন অন্তঃপুরে যাচ্ছেন। ৭।

বিশ্বকর্মা। তুমি কোথায় যাচ্ছ ?। ৮।

নববৃন্দা। আপনার কাছে। ৯।

বিশ্বকর্মা। কেন ?। ১০।

নববৃন্দা। আপনার অপূর্ব্ব বিদ্যাবত্তার খ্যাতি শুনে ইন্দ্রপুরীতেও যা এতদিন তৈরী হতে কেউ দেখেনি এমন সৌভাগ্যসুখ ও সদ্‌গুণের অদ্ভুত নিদর্শনস্বরূপ তাঁর বেশের যোগ্য অলঙ্কার যা দেবী প্রার্থনা করেছেন, আপনি কি তা নির্ব্বাহ করেছেন ?। ১১।

বিশ্বকর্মা। শুধু যে দেবীর জন্যই তৈরী হয়েছে তা নয়—কিন্তু সত্যভামার জন্যও তৈরী করেছি। ১২।

নববৃন্দা। আর্য্য। এ কথা শুনলে দেবীর মন খারাপ হবে। ১৩।

বিশ্বকর্মা—পুত্রি ! শঙ্কাং মা কুরু, তন্ময়া দেব্যামাবেদিতমস্তি।

তথাহি— দেবি নপ্ত্রীভবেদ্ভামা ভানুসম্বন্ধতো মম।
তদর্থমপি তেনাহং রচয়িষ্যামি মণ্ডনম্॥ (২)

তদেহি, তৎ করণ্ডিকাযুগং ভবত্যামর্পয়ামি।

(ইতি নিষ্ক্রান্তৌ।) ১৩

বিষ্কম্ভকঃ

(ততঃ প্রবিশতি কৃষ্ণঃ)

শ্রীকৃষ্ণঃ—(সহর্ষম্)

চর্চ্চাং সিঞ্চতি শোষয়ত্যপি মিথো বিস্পর্দ্ধয়েবাসকৃ—
ন্নেত্রদ্বন্দ্বমুরশ্চ যদ্বিরহতো বাষ্পায়মাণং মম।
হন্ত স্বপ্নশতেঽপি দুর্লভতরপ্রেক্ষোৎসবা প্রেয়সী—
প্রাপ্যোৎসঙ্গমতর্কিতং মম কথং সা রাধিকা বর্ত্ততে ?

(পুরো বিলোক্য) কুণ্ডিনেন্দ্রনন্দিনী-মণিমন্দিরালিন্দমিয়মলংকুর্ব্বতী বিরাজতে। ১৫।

তৎ করণ্ডিকাযুগং পেটিকাদ্বয়ম্। ১৪।

শ্রীকৃষ্ণ ইতি। যস্যা বিরহান্মম নেত্রদ্বন্দ্বমুরশ্চ বাষ্পায়মানং সৎ মিথঃ স্পর্দ্ধয়েব চর্চ্চাং চন্দনাদিচর্চ্চাং সিঞ্চতি শোষয়তি। অপি চার্থে, সা রাধিকাঽতর্কিতং মমোৎসঙ্গং প্রাপ্য কথং বর্তত ইত্যন্বয়ঃ। বাষ্পমুদ্বমতি বাষ্পায়মানম্। অশ্রু উষ্মা চ বাষ্পং স্যাদিতি কোষঃ। ১৫।

বিশ্বকর্মা। পুত্রি ! এতে কিছু শঙ্কা করো না—আমি এ কথা দেবীকে আগেই নিবেদন করেছি।

যথা

দেবি ! সূর্য্যদেবের সঙ্গে সম্বন্ধ থাকায় সত্যভামা আমার নাত্‌নী হয়, তাই তার জন্যও আমি অলঙ্কার তৈরী করব।

অতএব এস—সেই পেটিকা দুটি তোমার হাতে অর্পণ করব।

(এই বলে উভয়ের প্রস্থান)। ১৪।

বিষ্কম্ভক অর্থাৎ ভূত ও ভবিষ্যৎ কাজের সূচনা।

(তারপর শ্রীকৃষ্ণের প্রবেশ)

শ্রীকৃষ্ণ। (আনন্দের সঙ্গে)

যার বিরহে নয়নযুগল অশ্রুপূর্ণ হয়ে বক্ষের চন্দনের অনুলেপন সিক্ত করে দেয়—তার ওপর আবার বক্ষস্থল বিরহতাপে উষ্ণ হয়ে সেই অলেনুপনকে শুকিয়ে ফেলে, হায়, হায় ! শত শত স্বপ্নেও যাঁর দর্শন পাওয়া যায় না—সেই পরমপ্রিয়া শ্রীরাধা কি আমার ক্রোড়ে অবস্থিত থাকবেন ?

(সামনের দিকে তাকিয়ে)

এই যে কুণ্ডিনরাজনন্দিনী চন্দ্রাবলী মণিমন্দিরের দ্বারে শোভা পাচ্ছেন। ১৫।

(ততঃ প্রবিশতি মাধব্যোপাস্যমানা চন্দ্রাবলী।)

চন্দ্রাবলী—হলা মাহবি! এসো উবসপ্পদি অজ্জউত্তো, তা উবণেহি তং সুরসোঅন্ধিঅ-মালিঅং। ১৬।

শ্রীকৃষ্ণঃ—(উপসৃত্য) ত্বং পক্ষপাতবৈচিত্র্যাদেকাপ্যাক্রম্য সর্ব্বতঃ।
দেবি মচ্চিত্ত-কাসারে রাজহংসীব রাজসি। ১৭।

চন্দ্রাবলী—(সাকূতম্) মাহবি! জুত্তং বি ভণিদং সুণিঅ কিংত্তি কিদস্মিদাসি ?। ১৮।

মাধবী—ভট্টিদারিএ! কাসারে পসারিদ-ণিঅব্বদং বগীং সুমরিঅ হসামি। ১৯।

চন্দ্রাবলীতি। সখি মাধবি! এস উপসর্পতি আর্য্যপুত্রঃ, তৎ উপনয়তাং সুরসৌগন্ধিকমালিকাম্। ১৬।

শ্রীকৃষ্ণ ইতি। পক্ষপাতস্য সাহায্যস্য বৈচিত্র্যাৎ। পক্ষে পক্ষাণাং গরুতাং পাতবৈচিত্র্যাৎ। আক্রম্য ব্যাপ্য। কাসারে সরসি। কাসারঃ সরসী সর ইত্যমরঃ। ১৭।

চন্দ্রাবলীতি। মাধবি! যুক্তমপি ভণিতং শ্রুত্বা কিমিতি কৃত-স্মিতাস্মি। ১৮।

মাধবীতি। ভর্ত্তৃদারিকে! কাসারে প্রসারিত-নিজব্রতাং বকীং স্মৃত্বা হসামি। ১৯।

(তারপর মাধবী দ্বারা উপাস্যমানা চন্দ্রাবলীর প্রবেশ।)

চন্দ্রাবলী। সখি মাধবি! এই দেখ—আর্য্যপুত্র আসছেন, সুগন্ধি পুষ্পের মালা নিয়ে এস। ১৬।

শ্রীকৃষ্ণ। (কাছে গিয়ে)

দেবি! তুমি বিচিত্র পক্ষপাত করে আমাকে সব দিক দিয়ে আক্রমণ করেছ আর আমার চিত্ত সরোবরে রাজহংসীর মত বিরাজ করছ। ১৭।

চন্দ্রাবলী। (সতৃষ্ণ) মাধবি! যুক্তিপূর্ণ কথা শুনে হাসছ কেন ?। ১৮।

মাধবী। রাজকুমারি! সরোবরের মধ্যে নিজ ব্রত বিস্তার করে আছে এমন যে বকী তাকে মনে করে হাসছি। ১৯।

শ্রীকৃষ্ণঃ—হন্ত ! কলিকণ্ডূলতুণ্ডমাত্রসর্ব্বস্বে তমোময়ি মাধবিকে ! বিরম্যতাম্ ; ত্বয়োপরঞ্জয়িতুমশক্যেয়ং চন্দ্রাবলী। (ইতি দেবীং পশ্যন্)

অপি নোচ্ছ্বসিতুং ক্ষমতে, ক্ষণমপ্যন্যত্র মন্মনঃ ক্বাপি।
ত্বয়ি রতিধুরাং যদুচ্চৈর্বহতে গৌরববতীং গৌরি॥ ২০।

মাধবী—ভট্টিদারিএ ! সহত্থেণ তুএ গন্থিদা এসা সুরসোঅন্ধিঅমালা। ২১।

চন্দ্রাবলী—(মালামাদায়) অজ্জউত্ত ! এসা কোত্থুহস্স সহবাসিণী হোদু। (ইতি বক্ষসি বিন্যস্যতি।)। ২২।

শ্রীকৃষ্ণঃ— সুন্দরাঙ্গি ভবদীয়-মন্দিরে, নেদুরে মদুরসি স্রজং বিনা।
তথ্যমেব ভবিতুং ন কল্পতে, কৌস্তুভেন সহবাসিনী পরা। ২৩।

শ্রীকৃষ্ণ ইতি। হন্ত ! কলিনা কলহেন কুণ্ডলং কণ্ডূতিযুক্তং তুণ্ডমাত্রং সর্ব্বস্বং, যস্যাস্তস্যাঃ সম্বোধনং, তমোময়ি ক্রোধরূপে ! পক্ষে রাহুরূপে ! তমস্তু রাহুঃ স্বর্ভানুঃ সৈংহিকেয়ো বিধুন্তুদ ইতি কোষঃ। উপরঞ্জিতুং বিকৃতিকর্ত্তুম্। উপরাগো গ্রহো রাহুগ্রহণে চন্দ্রসূর্য্যয়োঃ।

উচ্ছ্বসিতুং শ্বাসমপি গ্রহীতুম্। ২০।

মাধবীতি। ভর্ত্তৃদারিকে ! স্বহস্তেন ত্বয়া গ্রথিতা এষা সুরসৌগন্ধিকমালা। ২১।

চন্দ্রাবলীতি। আর্য্যপুত্র ! এষা কৌস্তুভস্য সহবাসিনী ভবতু। ২২।

শ্রীকৃষ্ণ ইতি। ভবদীয়মন্দিরে ভবত্যা নিবাসস্থানে মদুরসি স্রজং বিনা পরা কৌস্তুভেন সহবাসিনী ভবিতুং ন কল্পতে ইত্যন্বয়ঃ। ২৩।

শ্রীকৃষ্ণ। ওগো ক্রোধময়ি মাধবিকে ! তোমার কলহপ্রিয়তায় বদনমাত্রই সর্ব্বস্ব অতএব থাম, থাম—তুমি কখনও চন্দ্রাবলীর স্বভাব পরিবর্ত্তন করতে পারবে না।

এই বলে দেবীর দিকে তাকিয়ে)

গৌরি ! আমার মন কিন্তু মুহূর্ত্তকালের জন্যও তোমাকে ছেড়ে অন্য কোথাও থাকতে পারে না—কেবল তোমাতেই তার রতি আর তোমাকেই গুরু বুদ্ধি করেছে। ২০।

মাধবী। রাজকন্যে ! তুমি নিজের হাতে এই দেবগন্ধি মালা গেঁথেছ। ২১।

চন্দ্রাবলী। (মালা গ্রহণ করে) আর্য্যপুত্র ! এই মালাগাছটি কৌস্তুভ মণির সঙ্গলাভ করুক।

(এই বলে শ্রীকৃষ্ণের বক্ষে সমর্পণ করলেন।) ২২

শ্রীকৃষ্ণ। ওগো সুন্দরি ! তোমায় বাসস্থান আমার এই সুশীতল বক্ষঃ মালা ছাড়া সত্যিসত্যি অন্য কোন কিছুর সঙ্গ করেনি। ২৩।

(চন্দ্রাবলী সলজ্জং নম্রীভবতি ।) । ২৪ ।

শ্রীকৃষ্ণঃ—(পাণিমভিমৃশ্য সাদরম্)—

তপস্বিনীং ধ্যানপরাং সমীক্ষিতুং, কৃতব্রতঃ সাম্প্রতমস্মি কামপি ।
অহ্নায় তত্রানুমতিপ্রদানতঃ, সত্যান্বিতং কুঙ্কুমগৌরি মাং কুরু । ২৫ ।

চন্দ্রাবলী—জধাহিরোঅদি অজ্জউত্তস্স । ২৬ ।

শ্রীকৃষ্ণঃ—(স্বগতম্) নিরাতঙ্কোঽস্মি, তন্নববৃন্দাবনং প্রযামি । (ইতি নিষ্ক্রান্তঃ) । ২৭ ।

(প্রবিশ্য) নববৃন্দা—দেবি ! তদিদং মণ্ডনকরণ্ডিকয়োর্যুগ্মম্, এতয়োঃ প্রথমং প্রথিতেন দেব্যাশ্চিহ্নেনানুগতম্, দ্বিতীয়ন্তু সভ্যতামায়াঃ । ২৭ ক ।

মাধবী—(স্বগতম্) অত্তণো ণত্তিণীকিদে ণিচ্চিদং সব্বুত্তমং কিদং হুবিস্সদি ; তা পরিবট্টং কহুঅ ভট্টিদারিঅং দুদিএণ অলংকরিস্সং । (প্রকাশম্) নঅবুন্দে ! হুবে চ্চেঅ মম সমপ্পেহি ; অহং কির সচ্চাএ পেসইস্সং । ২৮ ।

শ্রীকৃষ্ণ ইতি । (অভিমৃশ্য স্পৃষ্ট্বা)

হে কুঙ্কুমগৌরি ! কামপি তপস্বিনীং যোগিনীম্ । পক্ষে, সন্তাপবতীম্ । ধ্যানপরাং সমাধিনিষ্ঠাম্ । পক্ষে, ধ্যানমেব পরমাভীষ্টসাধনং যস্যাস্তাম্ । সত্যান্বিতং তথ্যান্বিতম্ । পক্ষে, সত্যায়ান্বিতম্ । ২৪-২৫ ।

চন্দ্রাবলীতি । যথাভিরোচতে আর্য্যপুত্রায় । ২৬ ।

মাধবীতি । আত্মনো নপ্তৃকৃতে নিশ্চিতং সর্ব্বোত্তমং কৃতং ভবিষ্যতি, তৎ পরিবর্ত্তিতং কৃত্বা ভর্ত্তৃদারিকাং দ্বিতীয়েনালঙ্করিষ্যামি ।

নববৃন্দে ! দ্বয়মেব মহ্যং সমর্পয়, অহং কিল সত্যায়ৈ প্রেষয়িষ্যামি । । ২৭-২৭ক-২৮ ।

চন্দ্রাবলী । (লজ্জায় বদন অবনত করলেন ।) । ২৪ ।

শ্রীকৃষ্ণ । (হাত ধরে আদর করে)

ওগো কুঙ্কুম-গৌরি ! এখন আমি কোন একজন ধ্যানপরা তপস্বিনী রমণীকে দর্শন করবার জন্য ব্রত ধারণ করেছি অতএব আমাকে শীঘ্র এ বিষয়ে অনুমতি দাও যাতে আমি আশ্বস্ত হতে পারি । ২৫ ।

চন্দ্রাবলী । আর্য্যপুত্র ! আপনার যা ইচ্ছা তাই করুন । ২৬ ।

শ্রীকৃষ্ণ । (মনে মনে) যাই হোক, পরম আশ্বস্ত হলাম—এখন তবে বৃন্দাবনে যাই ।

(এই বলে প্রস্থান) । ২৭ ।

(নববৃন্দার প্রবেশ)

নববৃন্দা । দেবি ! এই দুটি সেই অলঙ্কারের বাক্স—এর মধ্যে প্রথমটি আপনার নামে চিহ্নিত করা আছে আর দ্বিতীয়টি সত্যভামার । ২৭ ক ।

(নববৃন্দা তথা করোতি।)। ২৯।

চন্দ্রাবলী—ণহাদুং ঘরদীহিঅং গমিস্সং। (ইতি সপরিজনা নিষ্ক্রান্তা।) ৩০।

নববৃন্দা—বৃন্দাটবীমভিষেচয়িতুং সাম্প্রতমৃতুরাজো ময়া দত্তশুভমুহূর্ত্তোঽস্তি ; ততস্তত্র গচ্ছামি।

(ইতি পরিক্রামতি।) ৩১।

(নেপথ্যে) ক্রীড়োৎসবায় নিবিড়ে নবপুষ্পবপ্রে, সপ্রেয়সীং পদবিহারমিহার্পয়ন্তম্।
দেবং বিলোক্য যুগপন্নিজয়া সমৃদ্ধ্যা, সংবর্দ্ধিনোঽত্র কুতুকাদৃতবোঽবতেরুঃ। ৩২।

নববৃন্দেতি। (দ্বে মাধবী হস্তে সমর্পয়তীত্যর্থঃ।)। ২৯।
চন্দ্রাবলীতি। স্নাতুং গৃহদীর্ঘিকাং গমিষ্যামি। ৩০।
নববৃন্দেতি। ঋতুরাজো বসন্তঃ। দত্তঃ শুভো মুহূর্ত্তো যস্মৈ সঃ। ৩১।
(নেপথ্যে) পুষ্পাণাং বপ্রে কেদারে। বপ্রঃ পিতরি কেদারে ইতি কোষঃ। ৩২।

মাধবী। (মনে মনে) বিশ্বকর্মা আপনার নাতনীর জন্য যা তৈরী করেছেন তা নিশ্চয়ই খুব ভাল হবে—তবে বদল করে দ্বিতীয় বাক্সটি দিয়ে রাজকন্যাকে সাজিয়ে দেব।

(প্রকাশ্যে)

নববৃন্দে! দুটি বাক্সই আমাকে দাও—আমি নিশ্চয়ই সত্যার কাছে পাঠিয়ে দেব। ২৮।

নববৃন্দা। (তাই করলেন)। ২৯।

চন্দাবলী। স্নানের জন্য বাড়ীর মধ্যে দীঘিতে যাব।

(এই বলে পরিজনদের সঙ্গে প্রস্থান)। ৩০।

নববৃন্দা। বৃন্দাবনকে অভিষিক্ত করবার জন্য এখন আমি বসন্তকে ঠিক শুভ মুহূর্ত্তে সমর্পণ করেছি—তবে এখন সেইখানেই যাই।

(এই বলে যেতে লাগলেন)। ৩১।

(নেপথ্যে)

আনন্দ উৎসবের জন্য এই ঘনফুলে ছাওয়া বাগিচায় প্রিয়ার সামনে পাদস্পর্শকারী দেবতাকে দেখে সকল ঋতুই কৌতুক বশে একই সময়ে নিজ সম্পদে পূর্ণ হয়ে একসঙ্গে নীচে নেমে এসেছে। ৩২।

নববৃন্দা--কথমসৌ জগন্মোহন-বন্যবেশঃ সুষ্ঠু নববৃন্দাটবীং কৃতার্থয়ন্ প্রসাধিতাং রাধিকামনুসর্পতি।

(পুনরবেক্ষ্য সবিস্ময়ম্)

আতন্বন্ কলকণ্ঠনাদমতুলস্তম্ভশ্রিয়োজ্জৃম্ভিতো
ভূয়িষ্ঠোচ্ছলিতাঙ্কুরঃ ফলিতবান্ স্বেদাম্বুমুক্তাফলৈঃ।
উদ্যদ্বাষ্পমরন্দভাগবিচলোঽপ্যুৎকম্পবান্ বিভ্রমৈ
রাধামাধবয়োর্বিরাজতি চিরাদুল্লাসকল্পদ্রুমঃ ॥ ৩৩।

(ততঃ প্রবিশতো যথানির্দ্দিষ্টৌ রাধামাধবৌ।) ৩৪

মাধবঃ—তবাত্র পরিমৃগ্যতা কিমপি লক্ষ্ম সাক্ষাদিয়ং
ময়া ত্বমুপসাদিতা নিখিললোকলক্ষ্মীরসি।
যথা জগতি চঞ্চতা চণকমুষ্টিসম্পত্তয়ে
জনেন পতিতা পুরঃ কনকবৃষ্টিরাসাদ্যতে ॥ ৩৫।

নববৃন্দেতি। আতন্বনিতি। কলো গদ্‌গদলক্ষণো যঃ কণ্ঠনাদস্তম্। পক্ষে কোকিলনাদম্। অতুল—ষা স্তম্ভশ্রীস্তয়া। স্তম্ভো হূণা জড়ীভাবাবিতি কোষঃ। অঙ্কুরো নবীনোদ্ভিৎ। অঙ্কুরোঽপি নবোদ্ভিদিত্যমরঃ। পক্ষে, রোমাঞ্চঃ। স্বেদাম্বুনি মুক্তাফলানীব। পক্ষে, স্বেদাম্বুনীব মুক্তাফলানি তৈঃ। বাষ্পমরন্দেতি পূর্ব্ববৎ। বিভ্রমৈর্বিলাসৈঃ। পক্ষে, বীণাং পক্ষিণাং ভ্রমৈঃ। ৩৩।

মাধব ইতি। উপসাদিতা প্রাপ্তা। চঞ্চতা ভ্রমতা। ৩৪-৩৫।

নববৃন্দা। এই জগন্মনমোহনিয়া বনসাজে সুসজ্জিত হয়ে নববৃন্দারণ্যকে কৃতার্থ করতে করতে আভরণে বিভূষিতা শ্রীরাধার কাছে যাচ্ছেন কেন ?

(পুনরায় দেখে বিস্মিত ভাবে।)

আহা! শ্রীরাধামাধবের ঘনীভূত প্রেমানন্দ যেন কল্পবৃক্ষের মত বিরাজ করছে। এতে গদগদ কণ্ঠস্বর পিককণ্ঠের মত শোনাচ্ছে—স্তম্ভভাব নিয়ত বৃদ্ধি পাচ্ছে, অঙ্কুরের মত রোমাঞ্চ উদ্‌গম হয়েছে —স্বেদবিন্দু মুক্তাফলের মত দেখাচ্ছে। উদ্‌গত বাষ্প মধুধারার মত হয়েছে। এটি স্থির বটে কিন্তু বিভ্রমের ফলে থরথর কাঁপছে। এই শ্রীরাধামাধবের ভাবোল্লাস শোভা চমৎকার। ৩৩।

(তারপর যথানির্দ্দিষ্ট স্থানে শ্রীরাধামাধবের প্রবেশ)। ৩৪।

মাধব। প্রিয়ে! এ জগতে কোন ব্যক্তি চানামুঠির আশায় ঘুরে ঘুরে যদি সুবর্ণবৃষ্টি পেয়ে যায় তাহলে তার যেমন অবস্থা হয়—আমার অবস্থাও তাই—আমি তোমার কোন চিহ্ন খুঁজে নেব এই আশায় বেড়িয়ে সাক্ষাৎ ত্রিভুবনের লক্ষীরূপা তোমাকে পেয়ে গেলাম। ৩৫।

নববৃন্দা—(রাধামবেক্ষ্য) হন্ত হন্ত !

আলোকে কমলেক্ষণস্য সজলাসারে দৃশৌ ন ক্ষমে
নাশ্লেষে কিল শক্তিভাগতিপৃথুস্তব্ধা ভুজাবল্লরী।
বাণী গদ্‌গদকুণ্ঠিতোত্তরবিধৌ নালং চিরোপস্থিতে
বৃত্তিঃ কাপি বভূব সঙ্গম-নয়ে বিঘ্নঃ কুরঙ্গীদৃশঃ ॥ ৩৬।

শ্রীকৃষ্ণঃ—(রাধামভিসৃত্য)—

স্বান্তং হন্ত মমান্তরীণ-বিরহজ্বালা-জটালং ক্ষণা-
দুৎকণ্ঠা-নিকুরম্বচুম্বিতমিদং কুম্ভস্তনি ক্ষুভ্যতি।
তেনান্তর্নববিভ্রমস্তবকিনীং দৃষ্টিং সুধাস্যন্দিনীং
ভ্রাম্যদ্ভঙ্গুরচিল্লিলাস্যলহরীসম্বাধমুত্তম্ভয় ॥ ৩৭।

শ্রীরাধা—(সত্রপম্) ণঅবুন্দে ! ণিচ্চিদং এসো বি সিবিণো জেব্ব, জং বারং বারং এব্বং সোক্খসাঅরে কৃখণং ণিমজ্জিঅ পুণো পুণো পবুদ্ধাএ কেণ্ডিঅং মএ মুক্তকণ্ঠং, ণ কৃখু ক্রন্দিদং অত্থি। ৩৮।

নববৃন্দেতি। আলোকে ইতি। ন ক্ষমে ন ভবতঃ। নালং ন সমর্থাঃ। সঙ্গমনয়ে সঙ্গমনীতৌ। ৩৬।

শ্রীকৃষ্ণ ইতি। স্বান্তমিতি। ইদং মম স্বান্তম্ অন্তরীণ-বিরহজ্বালাজটাযুক্তং সৎ ক্ষুভ্যতি। ভ্রাম্যন্তী ভঙ্গুরা যা চিল্লিভ্রূলতা তস্যা লাস্যলহরী নর্ত্তনপরম্পরা তয়া সম্বাধং সংযুক্তং যথা স্যাত্তথা দৃষ্টিমুত্তম্ভয়োত্থাপয়। ৩৭।

শ্রীরাধেতি। নববৃন্দে! নিশ্চিতং এষ স্বপ্ন এব, যৎ বারম্বারং সৌখ্যসাগরে ক্ষণং নিমজ্য পুনঃ পুনঃ প্রবুদ্ধয়া কিয়ৎ ময়া মুক্তকণ্ঠং, ন খলু ক্রন্দিতমস্তি। ৩৮।

নববৃন্দা। (শ্রীরাধাকে দর্শন করে) হায়, হায়! কমললোচন শ্রীকৃষ্ণের দর্শনের জন্য প্রবৃত্ত হলেও নয়নদুটি তো জলধারায় ভরে গেছে তাই কোনও রকমেই দেখতে পাচ্ছেন না—আলিঙ্গনের জন্য উৎসুক হয়েও বাহুলতা জড়ীভূত হওয়ায় তা আর সম্ভব হচ্ছে না—আর কণ্ঠ গদগদ হওয়ায় উত্তর দিতে পারছেন না—হায়,হায়—অনেকদিন পরে যদি বা মিলনকাল এল—সুন্দরী রাধিকার এ আবার কোন বিঘ্ন এসে উপস্থিত হল ? । ৩৬।

শ্রীকৃষ্ণ। (শ্রীরাধার নিকটে গিয়ে)

ওগো সুন্দরি! বিরহজ্বালায় আমার অন্তর জ্বলছে—আবার পরমুহূর্ত্তেই উৎকণ্ঠায় ভরে গিয়ে চিত্ত বিক্ষুব্ধ হচ্ছে—অতএব তোমার অন্তরের নব বিলাসপরায়ণা এবং সুধানিঃস্যন্দিনী দৃষ্টিকে ভ্রূভঙ্গি-বিলাসী করে আমার দিকে একবার তুলে ধর। ৩৭।

শ্রীরাধা। (লজ্জার সঙ্গে) নববৃন্দে! এ নিশ্চয়ই স্বপ্ন—কারণ বার বার এইরকম সৌখ্যসাগরে ক্ষণকাল ডুবে গিয়ে আবার চেতনতা লাভ করে কণ্ঠ উন্মুক্ত হয়েছিল—কিন্তু কাঁদতে পারি নি। ৩৮।

নববৃন্দা – প্রিয়সখি ! খেদনিদ্রাভরাৎ প্রবুদ্ধাসি, তদত্রাবধেহি,—

অচণ্ডকিরণদ্যুতিদ্রুতমৃগাঙ্ককান্তাচল-
স্খলত্তরলসারণীশতবিতীর্ণবৃক্ষোৎসবা ।
বিকস্বরসরোজিনীপরিমলান্ধভৃঙ্গাবলী-
সলীলবিরুতৈরিবাহ্বয়তি নব্যবৃন্দাটবী ॥ ৩৯

শ্রীকৃষ্ণঃ— নববৃন্দে ! সাধু সাধু, স্ফুটমভূতপূর্ব্বস্তোষিত-প্রাতিস্বিকপরিবারাণামৃতূনাং সন্নিপাতঃ কল্পিতঃ । ৪০ ।

নববৃন্দা— সখি রাধে ! পশ্য পশ্য,—

ধৃতনীলকণ্ঠতুষ্টিঃ, সুমনোদ্যোতেন তারকোল্লঙ্ঘী ।
স্ফুরিতঃ শৈলভুবোঽঙ্কে, পশ্য বিশাখায়তে শাখী ॥ ৪১ ।

নববৃন্দেতি । খেদ এষ নিদ্রাভরস্তস্মাৎ, অচণ্ডকিরণশ্চন্দ্রস্তস্য দ্যুত্যা দ্রুতো দ্রবীভূতো যো মৃগাঙ্ককান্তাচলঃ চন্দ্রকান্তমণি-পর্ব্বতস্তস্মাৎ স্খলন্ত্যঃ তরলো যাঃ সারণ্যঃ ক্ষুদ্র-কৃত্রিম-জলপ্রবাহাস্তাসাং শতেন বিতীর্ণো বৃক্ষেভ্য উৎসবো যস্যাং সা । বিকস্বরা যা সরোজিনী কমলিনী তস্যাঃ পরিমলেন সৌরভ্যেনান্ধা যা ভৃঙ্গাবলী তস্যাঃ সলীলানি যানি বিরুতানি তৈঃ । অর্থাদ্ যুষ্মানাহ্বয়তি । ৩৯ ।

শ্রীকৃষ্ণ ইতি । তোষিতাঃ প্রাতিস্বিকাঃ স্বীয়াঃ স্বীয়াঃ পরিবারা যৈস্তেষাম্ । সন্নিপাতো মিশ্রীভাবঃ সন্নিপাতস্তু সঙ্কুল ইত্যমরঃ । ৪০ ।

নববৃন্দেতি । নীলকণ্ঠঃ হরৌ ময়ূরশ্চ । সুমনঃ পুষ্পং সুষ্ঠু মনশ্চ । তারকা নক্ষত্রং তারকোঽসুরশ্চ । শৈলভুবো পর্ব্বতভূমিঃ পার্ব্বতী চ ॥ বিশাখঃ কার্ত্তিক ইবাচরতি বিশাখায়তে শাখী মহীরুহঃ বিশাখঃ শিখিবাহন ইত্যমরঃ । ৪১ ।

নববৃন্দা । সই ! দুঃখের নিশি প্রভাত হয়েছে—বিষাদ নিদ্রা থেকে জেগে উঠেছ—ভাল করে মনঃসংযোগ কর ।

এই নববৃন্দাবনভূমিতে চাঁদের কিরণস্পর্শে চন্দ্রকান্তমণির পর্ব্বত গলিত হয়ে ছোট ছোট শত শত কৃত্রিম নদীপ্রবাহের সৃষ্টি হয়েছে । সেই স্রোতস্বিনীর জলসেচনে তরুরাজির পরমানন্দ হয়েছে প্রস্ফুটিত কমলের সৌগন্ধ্যে মাতাল ভ্রমরের দল আকুল আহ্বানে তোমাদেরই অভিনন্দন জানাচ্ছে । ৩৯ ।

শ্রীকৃষ্ণ । নববৃন্দে ! সত্যি সত্যি তোমার প্রশংসা না করে পারি না—যে সব ঋতু নিজ নিজ পরিবারবর্গকে সন্তুষ্ট করেছে—তাদের সকলকে তো তুমিই একত্র যোজনা করেছ । ৪০ ।

নববৃন্দা । সখি রাধে, দেখ, দেখ—

গিরিরাজ গোবর্দ্ধনের ওপরে এই শাখাহীন বৃক্ষ নীলকণ্ঠ ময়ূরের মত শোভা পাচ্ছে—আর তার বিকসিত কুসুমরাজি যেন আকাশের তারকাবলীকেও সৌন্দর্য্যে পরাজিত করেছে । একবার ওদিকে চেয়ে দেখ । ৪১ ।

শ্রীরাধা—(সৌৎসুক্যমাত্মগতম্) হা ! কহিং বিসাহা মে পিঅসহী ? ৪২ ।

শ্রীকৃষ্ণঃ—(স্বগতম্) নূনং নববৃন্দাগিরা স্মারিত-বিশাখাসখ্যেয়ং দুর্ম্মনায়তে ; ততস্তাং বর্ণয়ামি । (প্রকাশম্) প্রিয়ে ! ক্ষণমদ্ভুতমাকর্ণ্যতাম্, সাম্প্রতমহং সুরসৌগন্ধিকমাহরিষ্যন্ পাণ্ডবেন সহ খাণ্ডবাটবীং প্রাবিশম্ । তত্র মৃগানাহিণ্ডতো গাণ্ডীবিনঃ শ্যেনাভ্যাং নিগৃহীতয়োঃ পক্ষিণোরেকঃ প্রাহ,—'হা সখে কীর ! রাধিকায়াঃ কন্দসত্রে ন ময়া পুনরাস্বাদনীয়ানি নবীন-কলানিধি-সপিণ্ডানি বিসকাণ্ডানি ।' শুকঃ প্রাহ,—'হন্ত সখে মরাল ! রাধিকায়াঃ ফলসত্রে রঙ্গায় মে বক্রাঙ্গারকবিড়ম্বিনী নাগরঙ্গাণি ন ভাবীনি ।' ৪৩ ।

শ্রীরাধা—(সাদ্ভুতম্)—তদো তদো ? ৪৪ ।

শ্রীরাধেতি । হা ! কুত্র বিশাখা মে প্রিয়সখী ? ৪২ ।

শ্রীকৃষ্ণ ইতি । তস্যা বৃত্তং কথয়ামীত্যর্থঃ ॥

তত্রেতি । আহিণ্ডতঃ অন্বিষ্যতঃ । গাণ্ডীবিনঃ অর্জ্জুনস্য । কন্দস্য সত্রং সদা দানস্থানং তস্মিন্ । সত্রমাচ্ছাদনে যজ্ঞে সদা দানে ধনেঽপি চেত্যমরঃ ।

নবীনা যে কলানিধয়শ্চন্দ্রমসস্তেষাং সপিণ্ডানি সদৃশানি । সপিণ্ডস্তু সনাভয় ইতি কোষঃ । সপিণ্ডানি সদৃশানি বিসকাণ্ডানি মৃণালকাণ্ডানি ॥

শুক ইতি । হে সখে মরাল ! (রাজহংস !) বক্রাঙ্গারকো বক্রীভূতমঙ্গলগ্রহস্তস্য বিড়ম্বীনি । বক্রাবস্থায়াং মঙ্গলস্য স্থূলত্ব-রক্তত্বয়োঃ প্রসিদ্ধত্বাৎ । নাগরঙ্গাণি নারঙ্গ ইতি নীচোক্তিঃ ? ৪৩ ।

শ্রীরাধা । ততঃ ততঃ । ৪৪ ।

শ্রীরাধা । (ঔৎসুক্যের সঙ্গে মনে মনে) হায়, হায়—কোথায়—আমার প্রিয়সখী বিশাখা কোথায় ? । ৪২ ।

শ্রীকৃষ্ণ । (মনে মনে) নিশ্চয়ই নববৃন্দার কথা শুনে বিশাখা সখীকে শ্রীরাধার মনে পড়েছে তাতেই তিনি বিষণ্ণা হয়েছেন । যাই হোক্—এখন বিশাখার কথাই বলি ।

(প্রকাশ্যে)

প্রিয়ে ! একটা অদ্ভুত কথা একটুখানি শোন—কয়েকদিন আগে আমি দেবসুরভি কুসুম আহরণের জন্য অর্জ্জুনের সঙ্গে খাণ্ডববনে গিয়েছিলাম । সেখানে গাণ্ডীবী অর্জ্জুন মৃগ অন্বেষণ করছিলেন হঠাৎ দুটি বাজপাখী এসে দুটি পাখীকে আক্রমণ করায় ঐ পাখী দুটির মধ্যে একটি বলল—সখে কীর ! (শুকপাখী) শ্রীরাধার কন্দযজ্ঞে আমি আর নূতন চাঁদের মত মৃণালখণ্ড ভোজন করতে পারলাম না ।

এই কথা শুনে শুক বলল—হায় সখে রাজহাঁস ! শ্রীরাধার ফলযজ্ঞে বক্রঅবস্থায় মঙ্গলগ্রহের যে রক্তিমাভা তার চেয়েও বেশী লাল রংএর নাগরঙ্গ ফল আর দেখতে পাব না । ৪৩ ।

শ্রীরাধা । (আশ্চর্য্যের সঙ্গে) তারপর তারপর ? ৪৪ ।

শ্রীকৃষ্ণঃ—ততস্তদাকর্ণনাদুৎসুকেন ময়া পক্ষিণৌ বিমোক্ষ্য পর্য্যটতা কাচিৎ প্রশান্তাকৃতি-র্জরতী দৃষ্টা পৃষ্টা চ,—'হন্ত! কা ত্বমসি?' ইতি। তয়োক্তম্—'পতত্রিভ্যঃ সত্রীকৃতেয়ং যা তপঃপ্রভাবা দাবির্ভূতেন সুগন্ধিনা সুরসৌগন্ধিকবৃন্দেন পূর্ণা দীর্ঘিকা, সুধামৃষ্টেন সুষ্ঠু ফলমণ্ডলেন বাটিকা চ, তয়োঃ পালিকাস্মি পুলিন্দী।' ততশ্চাহমপৃচ্ছম্,—'কেন সত্রং কৃতমিদম্?' সা প্রাহ,—কয়াচিত্তপোধনয়া, যা খলু সমাপিতোদবাসব্রতা রাধাভীষ্টসাধনং নাম বন্যব্রতমারব্ধবতী।' ৪৫।

শ্রীরাধা—তদো তদো? ৪৬।

শ্রীকৃষ্ণঃ—ততশ্চ তয়োদ্দিষ্টং গিরিগহ্বরং জিহানস্য—

শবলরুচিনা সংবীতাঙ্গী মহীরুহচর্মণা
মলিনিততনুর্ধূলীজালৈর্জটালশিরোরুহা।
কমলমণিভিঃ কপ্তাং মালামুদীর্য্য করাম্বুজে।
মম নয়নয়োঃ কাচিদ্বীথীমবাপ তপস্বিনী॥ ৪৭।

শ্রীকৃষ্ণ ইতি। বিমোক্ষ্য শ্যেনাভ্যাং মোচয়িত্বা।

অসত্রং সত্রং ক্রিয়তে যা সা সত্রীকৃতা। ৪৫।

শ্রীরাধেতি। ততস্ততঃ। ৪৬।

শ্রীকৃষ্ণ ইতি। তয়া বৃদ্ধয়োদ্দিষ্টঃ দর্শিতং জিহানস্য গচ্ছতো মম,—শবলং মলদূষিতমিত্যমরাৎ। শবলা রুচির্যস্য তেন মহীরুহচর্মণা বল্কলেন। জটালা জটাযুক্তাঃ কেশাঃ যস্যাঃ। কমলমণিভিঃ পদ্মরাগমণিভিঃ উদীর্য্য ধৃত্বা বীথীং পদ্ধতিম্। ৪৭।

শ্রীকৃষ্ণ। তারপর আমি তাদের সেই কথা শুনে উৎসুক হয়ে ঐ পাখীদুটিকে মুক্ত করে দিয়েছিলাম। তারপর বনভূমিতে ভ্রমণ করতে করতে এক সৌম্যমূর্ত্তি বৃদ্ধাকে দেখতে পেয়ে জিজ্ঞাসা করলাম—হায়, তুমি কে?

তার উত্তরে বৃদ্ধা বলল—দেবসুরভিকুসুমে পূর্ণা এই দীঘি আর অমৃত ফলে পূর্ণ এই বাগিচা—পাখীদের যজ্ঞস্থানের মত হয়েছে—তপস্যার প্রভাবে—আমি এই দুটিকে পালন করি। জাতিতে আমি পুলিন্দে। তারপর আমি তাকে জিজ্ঞাসা করলাম এই যজ্ঞ কে করেছে? তার উত্তরে সে বলল—কোন তপস্বিনী জলমধ্যে বাস করার ব্রত সমাপন করে শ্রীরাধার অভীষ্টসাধন নামে বন্যব্রত আরম্ভ করেছেন। ৪৫।

শ্রীরাধা। তারপর, তারপর? ৪৬।

শ্রীকৃষ্ণ। তারপর বৃদ্ধাকে জিজ্ঞাসা করলাম—সে তপস্বিনী কোথায়? তাতে সেই বৃদ্ধা আমাকে গিরিগুহা দেখিয়ে দিলে আমি সেখানে গিয়ে দেখলাম মলিন গাছের বল্কল পরিধানে, ধূলি-ধূসরিত দেহ, জটাযুক্ত কেশ এমন এক তপস্বিনী পদ্মরাগমণি দিয়ে তৈরী এক মালা হাতে ধারণ করে আমার চোখের সামনে এসে উপস্থিত হলেন। ৪৭।